Left-wing literature included, among other things, two poems: W. H. Auden's *Spain* (Faber, 1s.) and George Barker's *Calamiterror* (Faber, 5s.; the rather lurid title refers to recent events in Spain); two novels: E. A. Hibbitt's *The Brittlesnaps* (Duckworth, 7s. 6d.) and C. Day Lewis' *Starting Point* (Cape, 7s. 6d.); a collection of short stories: Walter Greenwood's *The Cleft Stick* (Blount); and a manifesto: *The Mind in Chains: Socialism and Cultural Evolution*, ed. Day Lewis (Muller, 5s.).

Among Indian excursions into English Literature may be mentioned R. K. Narayan's *The Bachelor of Arts* (Nelson, 7s. 6d.) and Mulk Raj Anand's *Two Leaves and a Bud* (Wishart, 7s. 6d.).

T. N. S.

[We regret the delay in the publication of the two following book-lists dealing with the year 1936, which were due to appear in earlier issues of the Magazine:—

POPULAR SCIENCE

Reports on Progress in Physics, Vol. II (edited by A. Ferguson), (The Physical Society, London, 1936, 21/-); *The Extra Pharmacopœia*, by W. Martindale, 21st edition, 1936, Vol. I, 27/6 (The Pharmaceutical Press, London): "the book contains an amazing quantity of information and is remarkably up-to-date. Every medical man and every pharmacist should possess this work"; *The World of Science*, by F. S. Taylor (Wm. Heinemann, Ltd., 1936, 8/6): an ambitious book on general science which may be profitably consulted; *The March of Chemistry*, by A. F. Collins (J. B. Lippincott Co., London, 1936; 12/6) [A companion volume of the author's *The New World of Science*]. This book deals with the most recent developments in theoretical and applied chemistry in a popular and superficial manner. It is written in a style which will make an appeal to junior students of science and the lay public alike. It can be recommended as a readable book giving an account of recent outstanding discoveries in chemistry]; *Recollection and Reflections*, by Sir J. J. Thomson (G. Bell & Sons, Ltd., London, 1936; 18/-): a delightful book, admirably written—"it is impossible to close the book without an increased sense of admiration for a great genius, of affection for a wise and kindly personality." *Science in Daily Life*, by G. H. Traftan and V. C. Smith (J. B. Lippincott Co., Philadelphia, 1936; 8/6): a book on general science specially written for boys and girls of American schools: contains excellent diagrams and photographs illustrating the increasing use of science in every-day problems of life may be consulted with profit by all junior students of science and those who want to increase their general knowledge; *A Hundred Years of Medicine*, by W. E. B. Lloyd (Gerald Duckworth & Co., Ltd., 1936; 15/1); *Next Hundred Years: the Unfinished Business of Science*, by C. C. Furnas (Cassell & Co., Ltd., London, 1936; 8/6); *A Short History of the Future*, by J. Langdon Davies (G. Routledge & Son, Ltd., 1936; 10/6); *The Scientist in Action*, by W. H. George (Williams & Norgate, London; 10/6); *Foundations of Physics*, by R. B. Lindsay and H. Margenau (J. Wiley & Sons, N. Y., 1936, 22/6): "it is sufficient to say that we know of no book of its kind that we can recommend with less reservation than this"; *Chemical Discovery and Invention in the Twentieth Century*, by Sir W. A. Tilden, revised by S. Glasstone, 6th edition (new), (G. Routledge & Sons, 1936; 15/-): may be consulted by I.Sc. and B.Sc. students with profit; *Rockets Through Space or the Dawn of Interplanetary Travel*, by P. E. Cleator (G. Allen & Unwin, Ltd., 1936; 7/6); *Science Master's Book*, Series II, Part II, edited by G. H. J. Adlam (John Murray, 1936; 7/6); *Mathematics for the Millions*, by L. Hogben (G. Allen & Unwin, Ltd., 1936; 12/6); *You and the Universe*, by Paul Karlson, translated by B. Miall (George Allen & Unwin, Ltd., 1936; 12/6): an excellent book. *Soviet Science*, by J. G. Growther (Kegan Paul, Trench, Trunber

& Co., Ltd., 1936; 12/6): an excellent account of the scientific achievements of the Soviet. *Science Fights Death*, by D. S. Murray (C. & A. Walts & Co., Ltd., 1936; 2/6): "This little book seems to supply a real want. It is full of the most elementary yet essential facts; it should be found in every home and school room"; *Preparation of Scientific and Technical Papers*, by S. F. Trelease and E. S. Yule, 3rd edition, 1936 (The Williams & Wilkins Co., Baltimore; 7/-); *An Elementary Survey of Modern Physics*, by G. F. Hull (Macmillan, 1936; 20/-): a good popular book; *British Masters of Medicine*, edited by Sir D'Arcy Power (Bailliere, Tindall & Cox.; 7/6); *Cosmic Rays* (Hailey Lecture), by P. M. S. Blackett (Oxford University Press, 1936; 2/-); *The Development of Modern Medicine*, by R. H. Shryock (Humphry Milford, Oxford, 1936; 18/-); *The Teaching of General Science*, Science Master's Association (London, John Murray, 1936; 2/6); *Cosmic Rays Thus Far*, by H. B. Leman (London: Wm. Heinemann, 1936; 7/6); *The Renaissance of Physics*, by K. K. Darrow (The Macmillan Co., N. Y., 1936; \$3.00): a sound outline of physics without the use of any mathematics whatsoever; *Practical Everyday Chemistry*, by Bennett (E. & F. N. Spen, Ltd., London, 1936; 10/-); *Unified Physics*, by G. L. Fletcher and others (McGraw Hill Book Co., Inc., New York, 1936; 11/1); *Everyday Science*, by A. W. Haslett (G. Bell & Sons, Ltd., London, 1936; 7/6); *Medicine and Mankind*, by I. Goldstar (Editor), (D. Appleton-Century Co., N. Y., 1936; 8/6); *Chats on Science*, by E. E. Slosson (D. Appleton-Century Co., Inc., N. Y., 1936; \$2.00); *The Nature of the Physical Theory*, by P. W. Bridgman (Princeton University Press, 1936; 9/-); *Out of the Night: A Biologist's View of the Future*, by H. J. Muller (London: Victor Gollancz, Ltd., 1936; 4/6); "a most entertaining book"; *Glances at Industrial Research*, by E. B. Weidlein and W. A. Hamor (Reinhold Publishing Corporation, N. Y., 1936; 13/6).

N. G. C.

CHEMISTRY

Recent Advances in Physical Chemistry, by S. Glasstone, third edition, 1936 (London: J. & A. Churchill, Ltd., 15/-); *Recent Advances in General Chemistry*, by S. Glasstone (London: J. & A. Churchill, Ltd., 1936; 15/-): taken together these two volumes give excellent informative and well-balanced reviews of modern work in physical chemistry: should be owned and read by all advanced students of physical chemistry; *Inorganic Chemistry: A Survey of Modern Developments*, by Sir Gilbert T. Morgan and F. H. Burstall (Cambridge: W. Heffer & Sons, Ltd., 1936; 15/-): contains an admirable account of isotopes of hydrogen and heavy water; transmutation of the elements, natural and artificial; co-ordination compounds in nature, and in arts and industries; corrosion of metals; intermetallic compounds; and organic derivatives of metals and metalloids (to choose a few chapters at random), besides other interesting matter: can be recommended with confidence to all advanced students in physical and inorganic chemistry as a lucid, well-written, and up-to-date account of of recent progress in chemistry; *Annual Reports on the Progress of Chemistry*, Vol. XXXII (1935), (The Chemical Society, London, 1936; 10/6): contains excellent reviews on the progress in different branches of chemistry; may be recommended as a valuable book of reference; *Catalytic Reactions at High Pressures and Temperatures*, by V. N. Ipatieff (The Macmillan & Co., N. Y., 1936; 30/-): the book will be eagerly read and consulted by all those interested

in this field; *The B. D. H. Book of Reagents for Spot Tests and Delicate Analysis*, Fifth and Enlarged Edition (London: British Drug Houses, Ltd., 1936; 2/6): a book to be possessed and read by all those who are interested in spot tests; *Semi-Micro Qualitative Analysis*, by C. J. Engelder, T. H. Dunkelberger, W. J. Schiller (New York: John Wiley & Sons, 1936; 13/6): "the work provides an excellent introduction to drop-systems of detection and will be found useful both to students and to the more advanced worker"; *Semi-micro Methods for the Elementary Analysis of Organic Compounds*, by E. Sucharda and B. Bobranski, authorised translation by G. W. Ferguson (A. Gallenkamp and Co., Ltd., 1936; 6/-): "this monograph has been excellently translated from the original German version, and, although small, it contains adequate details of the procedures employed": can be recommended to all those interested in semi-micro-methods; *A Text-book of Inorganic Chemistry*, edited by J. Newton Friend; *Vol 6, Part 5: Antimony and Bismuth*, by W. E. Thornecroft (London: Clarke's Griffin & Co., Ltd., 1936; 18/-): "the sixth volume of Dr. Friend's well-known text-book dealing with antimony and bismuth maintains the high standard of the series"; *Organic Chemistry for Medical Students*, Second Edition, 1936, by G. Barger (Gurney & Jackson, London; 10/6); *Prelude to Chemistry: an Outline of Alchemy, its Literature, and Relationships*, by J. Read (G. Bell & Sons, Ltd., 1936; 12/6): "Prof. Read has put together a series of chapters on the history and meaning of alchemy which are equally fascinating and scholarly If the reader can find nothing of interest in these he must be dull indeed"; *The Arvanatic Diazo-Compounds and Their Technical Applications*, by K. H. Saunders (E. Arnold, 1936; 12/6): "this book may be recommended with confidence as the most up-to-date monograph on the diazo-reaction in the English language"; *Colloid Symposium* 1936, edited by H. B. Weiser (Williams & Wilkins); *The Phenomena of Polymonomisation and Condensation*: a general discussion held by the Faraday Society, September, 1936 (London: Gurney & Jackson, 1936; 22/6): provides an excellent account on the subject; *Disperse Systems in Gases: Dust, Smoke and Fog*: a general discussion held by Faraday Society, April, 1936 (Gurney & Jackson, London, 1936; 12/6): should prove an invaluable work of reference in this field; *An Introduction to Nuclear Physics*, by N. Feather (Cambridge University Press, 1936; 10/6): gives an admirable summary of the subject which should be read by all advanced students; *The New Chemistry*, by E. N. da C. Andrade (G. Bell & Sons, Ltd., 1936; 3/6): gives an excellent survey on the recent work on artificial disintegration and transmutation of elements: warmly recommended to every student of chemistry who wants a clear and well-informed account of recent work on atomic transmutations; *Principles of Biochemistry*, by A. P. Mathews (William Wood & Co., Baltimore, 1936! \$4.50): "the text is written in a flowing and very readable style—he (the author) tells the story with an infectious enthusiasm It is an admirable and accurate text-book of physiological chemistry It is a book specifically directed at the human organism and as such ranks with the best in that field"; *Quantitative Analyse*, by O. Brunch (Verlag von Theodor Steinkopff, 1936; R.M.9); *Magnetochemie*, by W. Klemm (Leipzig: Akademische Verlagsgesellschaft, M.D.H., 1936; R.M. 18/-); *Annual Review of Biochemistry*, Vol. V, edited by J. H. Luck. (Annual Review of Biochemistry, Ltd., Stanford University P. O., California, 1936; \$5.00); *Reforms, Cosmetics and Soaps* with special reference to Synthetics, Vol. I, 4th edition, by W. A. Poucher (Chapman & Hall, Ltd. London, 1936; 25/-); *Tungsten*, by C. J.

Smithells (Chapman & Hall, Ltd., London, 1936; 25/-); *Industrial Chemical Calculations*, by O. A. Houghen and K. M. Watson, second edition, 1936 (J. Wiley & Sons, N. Y., 22/6): "The title on the cover of this excellent book is a very modest one, and gives little indication of the wealth of information and instruction to be found within. The objective of the book is the development of precise and logical methods by which complex industrial chemical problems may be solved from fundamental scientific principles. Its study is intended not to replace but to supplement a course in physical chemistry and to prepare the student for advanced courses in chemical engineering. The price should place this book within the reach of every industrial chemist who feels the need of a more exact and quantitative approach to his problems"; *Organic Syntheses*, Vol. XVI, edited by J. R. Johnson (J. Wiley & Sons, Ltd., N. Y., 1936; 8/6); *Les Atomes*, by J. Perrin (Paris: Littrarie Félix Alean, 1936; Fr. 15); *Differential Equations in Applied Chemistry*, by F. L. Hitchcock and C. S. Robinson (Chapman & Hall, 1936; 7/6); *Coal: Its constitution and uses*, by W. A. Bone and G. Himes (Longmans, Green & Co., 1936; 25/-); *The Essentials of Chemical Physiology*, by W. D. Halliburton, J. A. Hewitt and W. Robson, 13th edition, 1936 (Longmans, Green & Co., 9/-); *Statistical Mechanics*, by R. H. Fowler, second edition, 1936 (Cambridge University Press, 50/-); *Applied Chemistry for Engineers*, by A. F. Ward (Longmans, Green & Co., 1936; 5/-); *Elements of Chemical Engineering*, by W. L. Badger and W. L. McCabe (McGraw Hill, 1936; 30/-); *Cyanidation and Concentration of Gold and Silver Ores*, by J. V. N. Dorr (McGraw Hill, 1936; 30/-); *Flame*, by O. C. de Ellis and W. A. Kirkby (Methuen & Co., London, 1936; 3/-); *Distillation*, by J. Reilly (Methuen & Co., Ltd., 1936; 3/6): these two monographs are suitable for the use of advanced students and may be safely recommended to them; *Colorimetric Methods of Analysis, including some Turbidimetric and Nephelometric Methods*, Vol. I: *Inorganic*, by F. D. Snell and C. T. Snell, second edition, 1936 (Chapman & Hall, Ltd., London; 45/-); *The Chemistry of Milk*, by W. L. Davies (Chapman & Hall, Ltd., London, 1936; 25/-); *Laboratory Experiments in Physiological Chemistry*, by A. K. Anderson (J. Wiley & Sons, N. Y., 1936; 7/6); *Beilstein's Handbuch der Organischen Chemie Vierte Auflage*, Band 23-25 (Julius Springer, 1936; R.M. 173); *Über Katalyse und Katalysatoren in Chemie und Biologie*, by von A. Mittach (Julius Springer, 1936; R.M. 3.60); *Melin's Handbuch der Anorganischen Chemie*, Achte völlig neu bearbeitete Auflage. Herausgegeben von der Deutschen Chemischen Gesellschaft; *System Number 23: Ammonium* (R.M. 44.25); *System Number 36: Gallium* (R.M. 13.87); *System Number 37 Indium* (R.M. 15.75); *System Nummer 59, Eisen Tiel D.: Magnetische und electrische Eigenschaften der legierten Werkstoffe* (R.M. 57.75) (Berlin: Verlag Chemie G.m.b.h., 1936); *Recent Advances in Organic Chemistry*, Vol. 2, by A. W. Stewart with Part 2, by H. Graham, latest edition, 1936 (Longmans, Green & Co., 21/-).

N. G. C.





প্রাচীন ভারতে ললিতকলা

অধ্যাপক শ্রীঅশোকনাথ শাস্ত্রী

‘চতুষষ্টি ললিতকলা’ প্রাচীন ভারতের একটি বিশিষ্ট সম্পদ। হিন্দুগণের বিষ্ণুপুরাণ, শ্রীমদ্ভাগবতপুরাণ, বিষ্ণুধর্মোত্তরপুরাণ, হরিবংশ, শৈবতন্ত্র, শিল্পশাস্ত্র, বাৎস্যায়নের কামসূত্র প্রভৃতি নানা গ্রন্থে এই সকল ললিতকলার এক বা একাধিক প্রকার-ভেদ লইয়া অল্পবিস্তর আলোচনা করা হইয়াছে। শ্রীমদ্ভাগবতের দশম স্কন্ধে দেখা যায় যে, শ্রীকৃষ্ণ ও বলরাম প্রতিদিন একটি করিয়া চৌষটি দিনে চৌষটি কলা শিক্ষা করিয়াছিলেন। আবার বৌদ্ধগণের প্রাচীন ধর্মগ্রন্থ ‘ললিতবিস্তরে’ উল্লিখিত আছে যে, বোধিসত্ত্ব বহু যত্নে শিল্পকলাগুলি শিখিয়াছিলেন। জৈনদিগের ‘উত্তরাধ্যায়ন-সূত্রে’ও দৃষ্ট হয় যে, সুপ্রসিদ্ধ জৈন তীর্থঙ্কর মহাবীর বাহান্তরটি ললিতকলা আয়ত্ত করিতে পারিয়াছিলেন। ইহা হইতে বুঝা যায় যে, প্রাচীন যুগে ললিতকলা শিক্ষার একটি অপরিহার্য অঙ্গ ছিল, ও উহাতে পারদর্শিতা লাভ করা বিশেষ গৌরবের কার্য বলিয়া গণ্য হইত।

যদিও সাধারণতঃ ললিতকলার সজ্জা চৌষটি বলিয়াই কথিত হইয়া থাকে, তথাপি ললিতকলার প্রকারভেদ আরও অনেক অধিক। চৌষটি ললিতকলাকে নানা ভাগে বিভক্ত করিয়া ৫১৮ টি অন্তরকলার সৃষ্টি হইয়াছে। আর এই চতুষষ্টি মূল ললিতকলা ব্যতীত কামসূত্রে আরও চতুষষ্টি প্রকার কামকলার উল্লেখ পাওয়া যায়। সেগুলির নাম দেওয়া হইয়াছে “পাঞ্চালিকী”।

চতুষষ্টি ললিতকলার মধ্যে প্রথম ও প্রধান হইতেছে ‘গীত’; দ্বিতীয় ‘বাত’ ও তৃতীয় ‘নৃত্য’ কলা। এই গীত, বাদ্য ও নৃত্যকে একসঙ্গে ‘সঙ্গীত’ নাম দেওয়া হইয়া থাকে। তবে পরস্পর সংবদ্ধ এই তিনটি কলার মধ্যে গানের প্রাধান্য বলিয়া উহাকেই সাধারণতঃ ‘সঙ্গীত’ নামে অভিহিত করা হয়।

ইহার পর চতুর্থ ‘নাট্য’-কলা ও পঞ্চম ‘আলেখ্য’ বা চিত্রকলা। এই পাঁচটি কলার আলোচনায় প্রাচীন ভারত উন্নতির পথে কতদূর অগ্রসর হইয়াছিল, তাহার পরিচয় এই সংক্ষিপ্ত প্রবন্ধে দেওয়া সম্ভব নহে। বরং এই পাঁচটি কলা সর্বদেশে ও সর্বকালে সর্বজন-বিদিত বলিয়া বর্তমানে উহাদিগের প্রসঙ্গে বিশেষ কিছু না বলাই বোধ হয় শোভন হইবে।

(৬) তাহার পর বিশেষকক্ষেত্র—অলকা-তিলকা-কাটা। ব্যাপক-ভাবে এ কলাটির নাম পত্রচ্ছদা, পত্রলেখা, পত্রভঙ্গ, পত্রমঞ্জরী, পত্ররচনা ইত্যাদি।

ভূজপত্র, স্বর্ণরৌপ্যের পাতলা পাত বা ঐ জাতীয় বস্তু নানা প্রকার লতাপাতা প্রভৃতির আকারে কাটিয়া কপালে ও কপোলে আঁটিয়া দেওয়া হইত। আবার গোরোচনা, কস্তুরী, কুঙ্কুম, অগুরু, চন্দন প্রভৃতি দিয়াও চিত্র-বিচিত্র করায় মুখমণ্ডলের শোভা বৃদ্ধি পাইত। একালের টিপ-পর্যা, উল্কি-পর্যা বা 'ক'নে-চন্দন' পরান এই কলাটিরই অন্তর্গত বলিয়া ধরা যাইতে পারে।

(৭) **তণ্ডুলকুসুমবলিবিহার**—এই একটি কলার মধ্যে ছোট ছোট তিনটি কলা স্থান পাইয়াছে :—(ক) **তণ্ডুলবিহার**—দেবমন্দির বা প্রাসাদের মণিময় কুটুমের (মেকের) উপর আস্ত চাল সাজাইয়া বৃক্ষ, পদ্ম, পশু, পক্ষী প্রভৃতি নানারূপ আকৃতি (figure) রচনা; অথবা—চাঁল, ডাল, প্রভৃতি ভোজ্য দ্রব্য নৈবেদ্যের মত নানা আকারে সাজাইবার কৌশল। (খ) **কুসুমবিহার**—ফুলের মালা গাঁথা, ফুলের গহনা, ফুলের সাজ প্রভৃতি রচনা, ফুলের তোড়া বাঁধা, পূজার জন্ত পুষ্পপাত্রে ফুল সাজান, উৎসব উপলক্ষে মন্দির-প্রাসাদ প্রভৃতি ফুল দিয়ে সাজান, ইত্যাদি।

(গ) **বলিবিহার**—নৈবেদ্য প্রভৃতি নানা প্রকার উপহার (বলি) স্নকৌশলে সাজান, নৈবেদ্যের মত করিয়া ভাত, ডাল প্রভৃতি খাণ্ডদ্রব্য সূদৃশভাবে সাজাইয়া পরিবেষণ।

মতান্তরে—এই কলাটির মধ্যে দুইটি ছোট কলা ঢুকান আছে :—(ক) **তণ্ডুল-বলিবিহার**—আস্ত চাল দিয়া নানা figure রচনা; অথবা—চাল গুঁড়াইয়া রঙীন ফুলের রসে রঙ করিয়া তাহার সাহায্যে নানারূপ মণ্ডল আলিম্পন (আলপনা) প্রভৃতি দিবার কৌশল। (খ) **কুসুমবলিবিহার**—বিনা হত্যায় ফুলের হার প্রভৃতি গাঁথা।

(৮) **পুষ্পাস্তর**—নানা রঙের ফুল সাজাইয়া শয্যা রচনা। দূর হইতে সহসা দেখিলে মনে হইবে যেন একখানি বিচিত্র বর্ণের গালিচা পাতা রহিয়াছে। অথবা—ফুলবাগানের ফুলগাছগুলিতে কেয়ারী করিবার কৌশল।

(৯) **দশনবসনাঙ্গরাগ**—ইহার মধ্যেও তিনটি ছোট কলা আছে—(ক) **দশনরাগ**—দাঁতে রঙ ধরান; এ যুগের 'দাঁতে মিশি' দেওয়ার সঙ্গে ইহার তুলনা চলে। (খ) **বসনরাগ**—কাপড় ছোপান, বা পাড় তৈয়ারী করা (dyeing)। (গ) **অঙ্গরাগ**—ইহার অধিক পরিচয় দেওয়া নিম্নরূপে। শুধু এইটুকু বলিয়া রাখা ভাল যে, সেকালেও 'লোঙ্ক-রেণু' মুখে মাখিবার পাউডরের কাজ করিত, এ যুগের সাবানের বদলে গায়ে মাখা হইত 'ফেনক', এমন কি লিপষ্টকের মত 'লাক্ষারস' ও 'সিক্খকণ্টিকা' (মোমের গুলি) অধরোষ্ঠ রঞ্জিত করিত।

(১০) **মণিভূমিকাকর্ষ**—মণিময় কুটুম বা মেঝে তৈয়ারীর কৌশল। মণির প্রস্তরের উপর বিচিত্রবর্ণের মণি বসান হইলে উহাতে মেঝের সৌন্দর্য বাড়িত ; আর মেঝেটি গ্রীষ্মকালে শীতল ও শীতকালে উষ্ণ হইত।

(১১) **শয্যারচনা**—দেশ-কাল-পাত্র-ভেদে নানা প্রকারে বিছানা পাতিবার কায়দা। এই শয্যারচনার কৌশল ভালরূপে আয়ত্ত না হইলে নিদারুণ অনিদ্রা রোগ অবশ্যসম্ভাবী। শীত-গ্রীষ্মাদি কালভেদে, অমুরাগী বিরাগী ও উদাসীন পাত্রভেদে শয্যারচনার বর্ণনা প্রাচীন গ্রন্থে বহু দৃষ্ট হয়।

(১২) **উদকবাদ্য**—জলের উপর হস্তের আঘাত করিয়া মৃদঙ্গাদির বোলের মত আওয়াজ বাহির করার কৌশল ; অথবা—নানা আকারের জলপাত্র জলে পূর্ণ করিয়া তাহাতে কৌশলে আঘাতপূর্বক নানারূপ স্রব বাহির করার কৌশল। এই কলাটির বর্ণনা পড়িলে ‘জলতরঙ্গ’ আবিষ্কারের রুতিত্ব আর ফ্রাঙ্কলিন্ নামক বিদেশীয় সঙ্গীতবিদকে দেওয়া চলে না।

(১৩) **উদকাঘাত**—কেবল ছইটি হাতের দ্বারা পিচ্কারী দিবার মত করিয়া দূরে জলধারা দেওয়া। কাহারও কাহারও মতে—নানা কৌশলে পিচ্কারী দেওয়া বা ফোয়ারা তৈয়ারী করা এই কলার অন্তর্ভুক্ত। কেহ কেহ বা (শ্রীধরস্বামী) উদকবাদ্য ও উদকাঘাতকে একই কলা বলিয়াছেন।

(১৪) **চিত্রযোগ**—নানারূপ ঔষধ-করণ ; যথা—পরকে জন্ম বা গুণ-গান (বশীকরণ) করিবার জন্ত ‘ঔষধ করা’, কাল চুলকে সাদা ও সাদা চুলকে কাল করা (কলপ), তামাকে সোনা বা সোনালী রঙ করা, অদৃশ্য হইয়া যাওয়া ইত্যাদি। রাসায়নিক দ্রব্যের (chemicals) সাহায্যে যে সকল ম্যাজিক বা ভেল্কি দেখান যায়, সে সবই ইহার মধ্যে পড়ে।

(১৫) **মাল্যগ্রন্থনবিকল্প**—মালা গাঁথিবার কৌশল।

(১৬) **শেখরকাপীড়যোজন**—ইহাও এক প্রকার মালা গাঁথার রীতি। তবে—মাল্যগ্রন্থন কলাটিতে শুধু মালা গাঁথিলেই নিষ্কৃতি ; কিন্তু এটিতে মালা গাঁথিয়া সাজাইবার কৌশল পর্য্যন্ত জানা চাই। শেখরক—মাথার পিছনদিকে (শিখাস্থানে) অর্থাৎ ঘাড়ের কাছে যে মালা ঝুম্কার মত ছলিয়া থাকে ; অথবা—মাথায় পরিবার নানারূপ ফুলের গহনা। আপীড়—মাথার চারিদিকে পরিবার জন্ত গোলাকার মালা (chaplet), ফুলের টায়রা বা মুকুট।

(১৭) **নেপথ্যপ্রয়োগ**—নেপথ্য অর্থে অঙ্গসজ্জা ; মাল্য, আভরণ ও বসনাদি সকলই নেপথ্যের অন্তর্ভুক্ত। নাট্যশাস্ত্রে এই নেপথ্যবিধানের বিস্তৃত বিবরণ আছে। ‘নেপথ্য’ শব্দের অর্থ সাজসজ্জা বলিয়াই বর্তমানের রঙ্গালয়ে ‘নেপথ্য’ বলিতে ‘সাজঘর’ বুঝায়। মতান্তরে—রঙ্গমঞ্চনির্মাণও ইহার অন্তর্গত।

(১৮) **কর্ণপত্রভঙ্গ**—হস্তিদন্ত, শঙ্খ, তালপত্র প্রভৃতি দ্বারা নানাপ্রকার কর্ণভরণ রচনা। মতান্তরে—চন্দনাদি দ্বারা ললাটে আকর্ণ চিত্ররচনা। কিন্তু উহা বিশেষকক্ষেত্রে অত্যন্ত হইয়া পড়ে।

(১৯) **গন্ধযুক্তি**—গন্ধদ্রব্য তৈয়ারী করা। বরাহমিহিরের বৃহৎসংহিতায় (৭৭ অধ্যায়) দৃষ্ট হয় যে, পূর্বে এদেশে ১৭৪৭২০ প্রকার গন্ধদ্রব্য প্রস্তুত হইত।

(২০) **ভূষণযোজন**—ভূষণ দুই প্রকারঃ—(ক) সূত্রপ্রথিত—যেমন, মণি-মুক্তার হার; ও (খ) বাহা সূতায় গাঁথা যায় না—যেমন, স্বর্ণ রৌপ্যের অলঙ্কার, বাহা ধাতু গলাইয়া নিষ্পিত হয়।

(২১) **ব্রহ্মজ্ঞান**—ভানুমতীর খেল, বা ভোজবাজি। মন্ত্র-তন্ত্র বা হিণ্ডু টিস্‌ম্ মেসমেরিস্‌ম্ প্রভৃতির সাহায্যে যে সকল অলৌকিক অসম্ভব ধরণের বাহু দেখান হয়। সাধারণতঃ বিংশতিপ্রকার মন্ত্রের উল্লেখ শাস্ত্রে দৃষ্ট হয়।

(২২) **কৌচুমারযোগ**—কুচুমার (কুচুমার) একজন অতি প্রাচীন ঋষি—কামশাস্ত্রের একদেবী আচার্য্য। তিনি দ্রব্যগুণের সাহায্যে স্তম্ভকে কুংসিত, কুংসিতকে স্তম্ভর, চির-যৌবন-রক্ষা, সৌভাগ্যবুদ্ধি প্রভৃতি করিবার কৌশল বলিয়া গিয়াছেন। তাঁহার উপদেশ কামশাস্ত্রের ঔপনিষদিক অধিকরণে সংগৃহীত হইয়াছে।

(২৩) **হস্তনাঘব**—হাতসাফাই-এর সাহায্যে নানারূপ ভেল্কি দেখান। অথবা—চটপট করিয়া হাত ঢালাইয়া কাজ করার কৌশল।

(২৪) **বিচিত্র শাকযুষভক্ষ্যাবিকারক্রিয়া বা চিত্রশাকাপূপ-ভক্ষ্যাবিকারক্রিয়া**—অর্থাৎ রন্ধন-কলা। খাবার চার রকমের—(ক) ভোজ্য বা চোষ্য—ভাত, তরকারি। ব্যঞ্জনের প্রধান শাক; শাক দশ প্রকার—মূল (মূলা, কচু প্রভৃতি), পাতা (ন'টে, পুঁই ইত্যাদি), কঁোড় (কচি বাঁশের কঁোড়), আগা (বেতের আগা), ফল (বেগুন, পটল, লাউ, কুমড়া ইত্যাদি), গুঁড়ি বা ডাঁটা (ডেঙ্গে ডাঁটা), অঙ্কুর (কচি কচি শাকের চারা), ছাল বা খোসা (কুমড়া, আলুর খোসা), ফুল (মোচা, সজিনা, কুমড়া ইত্যাদির ফুল), ও কাঁটা (কাঁটা-ন'টে)। (খ) ভক্ষ্য বা চর্ব্য—মোয়া, পিঠে, লাড়ু, রুটি, লুচি ইত্যাদি। (গ) পেয়—দুই প্রকার—(১) রাঁধা বা যুষ; যুষ দুই প্রকার,—ঝোল (মুগের, মাছের বা মাংসের) ও কাথ (কবিরাজী পাঁচন)। (২) কাঁচা পেয় (সরবৎ প্রভৃতি)। (ঘ) লেছ—চাটনি।

(২৫) **পানকরসরাগাসব-যোজন**—পেয় দুই প্রকার—রাঁধা ও কাঁচা। কাঁচা পেয় দুই প্রকার—(ক) মিশ্রিত ও (খ) অমিশ্রিত। মিশ্রিত পেয় দুই প্রকার—(১) জলে গোলা (জাবিত) বা 'পানক' অর্থাৎ সরবৎ; (২) বাহা

জলে গোলা নয় (অদ্রাবিত) বা 'রস' অর্থাৎ সিকার মত পদার্থ। অদ্রাবক ঔষধের সহিত ফলের রস মিশাইয়া ইহা তৈয়ারী হয়। অমিশ্রিত পেয় বলিতে বুঝায় 'আসব'। কোনও খাদ্যদ্রব্য অন্ন পচাইয়া লইয়া পরে উহা হইতে যে তরল পানীয় চুয়াইয়া বাহির করা হয় তাহাই আসব। রাগ—যাহা আহারের রুচি ফিরাইয়া আনে; 'লেহ' পদার্থ ইহারই অন্তর্ভুক্ত। রাগ তিন প্রকার—(১) লেহ—যেমন, চাটনি, (২) শক্ত বা গুঁড়া—যেমন, গোটা, (৩) দ্রব—যেমন অম্বল (ইহা লেহেরই একটু পাতলা সংস্করণ)।

অনেকে (যশোধরেন্দ্র প্রভৃতি) ২৪ ও ২৫ নং কলাকে একই 'আস্বাত্তকলা'র অন্তর্ভুক্ত করিয়াছেন। তন্মধ্যে শাক-যুষ প্রভৃতি ভক্ষ্য প্রস্তুত করা পাকসাপেক্ষ, আর পানক-রস প্রভৃতি যোজন পাকনিরপেক্ষ।

(২৬) সূচীবান কৰ্ম—বান-বাঁধন বা সেলাই। সূচীবান তিন প্রকার—(ক) সীবন বা কাটা কাপড়ের কাজ, কঞ্চক (হাতাওয়ালা জামা) প্রভৃতি তৈয়ারী করা; (খ) উতন—'রিপু' করা; (গ) বিরচন—লেপ-কাঁথা প্রভৃতি তৈয়ারী করা, রঙ-বেরঙের ফুল তোলা, উল-কার্পেট বোনা, নানারূপ স্থচের কাজ ইত্যাদি।

(২৭) সূত্রজ্ঞীড়া—সূতা দিয়া নানারূপ ভেল্কি দেখান। সূতা বা সরু দড়ির সাহায্যে নানাপ্রকার দেবদেবী প্রভৃতির মূর্তির শূন্তে আবির্ভাব-তিরোভাব, পুতুলনাচ, দড়ির উপর চলা-ফেরা, দড়ির বাঁধন খুলিবার কৌশল প্রভৃতি।

(২৮) বীণাডমরুকবাছ—শুধু মুখের ভিতর হইতে বীণা, ডমরু প্রভৃতি বাতায়ন্ত্রের ধ্বনি বাহির করা। Ventriloquism-এর একাংশ ইহারই মধ্যে পড়ে। সত্যকার বীণা-ডমরু প্রভৃতি বাজাইবার কৌশল বাতুকতার অন্তর্ভুক্ত।

(২৯) প্রহেলিকা—হৈয়ালি। ইহা দুই প্রকারঃ—(ক) স্বরচিত ও (খ) পরের উদ্ভাবিত।

(৩০) প্রতিমালা বা অন্ত্যাক্ষরিকা—ছড়া-কাটাকাটি, বা তরজা। প্রথমে কেহ একটি শ্লোক বলিলেন; সেই শ্লোকের শেষ অক্ষর লইয়া তাঁহার বিপরীত শ্লোক রচনা করিতে হইবে—এইভাবে চলিতে চলিতে যে পক্ষ প্রথম নিবৃত্ত হইবেন, তাঁহা-দিগের পরাজয়। শ্লোক স্বরচিত অথবা প্রাচীনকবি-নির্মিতও হইতে পারে। মতান্তরে—ইহার অর্থ মূর্তিগঠন (ভাস্কর্য) বা বস্তুর অনুকরণ।

(৩১) দুর্বাচকযোগ—এমন সব কথা ব্যবহার করা, যাহার উচ্চারণ ও অর্থবোধ—উভয়ই কঠিন। ['বাশ্চারেড্ ধ্বজধক'—বার্—বারি। চার—চরণশীল। বাশ্চার—জলচর। দ্বেট—শ্রেষ্ঠ। বাশ্চারেট্—জলচরশ্রেষ্ঠ মকর। বাশ্চারেড্ ধ্বজ—মকরধ্বজ মদন। বাশ্চারেড্ ধ্বজধক—মদনভক্ষ্যকারী মহাদেব।]

(৩২) **পুস্তকবাচন**—পুস্তক পাঠ। আবৃত্তি, ভাগবতপুরাণাদি পাঠ, কথকতা প্রভৃতি ইহার অন্তর্ভুক্ত।

(৩৩) **নাট্যকাথ্যায়িকাদর্শন**—যাঁহারা নাট্যকলাকে পৃথক ধরেন নাই, তাঁহারা বলেন যে নাট্যকলা এই কলাটিরই অন্তর্গত। আখ্যায়িকা—ইতিহাসমূলক গল্পকাব্য (যেমন বাণভট্টের ‘হর্ষচরিত’)। নাট্যরচনা সর্বশুদ্ধ—২৮ বা ৩০ প্রকার (নাট্যাশাস্ত্রাদি দ্রষ্টব্য)। যাঁহারা নাট্যকলাকে পৃথক করিয়া ধরেন, তাঁহাদিগের মতে—এই কলাটির সাহায্যে নাটক-আখ্যায়িকার গল্প অস্ত্রের নিকট বর্ণনা করা হয়। কেহ কেহ বা বলেন, ইহার বিষয় নাটক-আখ্যায়িকার সমালোচনা। মতান্তরে—ইহার বিষয় হইতেছে “জীবন্ত ছবি” (life-picture) দেখান—জীবন্ত মানুষকে নিশ্চল প্রতীমূর্তির মত করিয়া দেখাইবার কৌশল। অন্য মতে—ইহার অর্থ “নৃত্যভিনয়” (pantomime বা tableau) আবার কেহ কেহ অনুমান করেন—ইহাতে “ছায়া-নাট্যের” ইঙ্গিত পাওয়া যায়। রঙ্গমঞ্চের সম্মুখে একখানি পরিষ্কার খেতবস্ত্র টাঙাইয়া পশ্চাৎ হইতে আলোকের সাহায্যে উহার উপর ছায়াসম্পাত করিয়া নাট্যকীয় ঘটনাগুলি প্রদর্শন করাই ছায়ানাট্যের কার্য। স্মৃতি কবি প্রণীত “দুতান্দদ” মধ্যযুগের ছায়ানাট্যের অত্যন্ত বিশিষ্ট দৃষ্টান্ত। পক্ষান্তরে একদল বলেন যে, পটের উপর অথবা ভিত্তিগায়ে (দেওয়ালের গায়ে) নাটক-আখ্যায়িকার গল্পভাগ বিচিত্রবর্ণের চিত্রের সাহায্যে ফুটাইয়া তোলাই এই কলাটির বিষয়। অজন্টা প্রভৃতি গিরিগুহাতে প্রাচীন যুগের এরূপ রঙীন ছবির (fresco) বহু সুন্দর নিদর্শন আজিও প্রায় অক্ষুণ্ণভাবে রক্ষিত আছে।

(৩৪) **কাব্যসমস্ত্রাপূরণ**—কেহ শ্লোকের একটি চরণ বলিলে তাহার সহিত খাপ খাওয়াইয়া শ্লোকটি পূর্ণ করা। একটি বাঙলা দৃষ্টান্ত দিতেছি। নবদ্বীপের স্বনামধন্য মহারাজ কৃষ্ণচন্দ্রের প্রপৌত্র গিরিশচন্দ্রের সময়ে সুবিখ্যাত রসসাগর মহাশয়ের সমস্ত্রাপূরণ একটা বিশেষ উপভোগ্য বস্তু ছিল। মহারাজ একদিন সমস্ত্রা দিলেন—

“বেতো রুগী কেঁদে বলে কোন্ দিন বা ভাল!

অমাবস্তা গেল আবার পূর্ণিমা আসিল ॥”

(৩৫) **পট্টিকাবেত্রবানবিকল্প**—পট্টিকা=পেটিকা; বেত্র=বেত; বান=বাঁধন। বেতের ছাল দিয়া পেটী বাঁধান (basket-weaving)। বস্ত্র পাঠ ধরিয়াছেন, “পট্টিকাচিত্রবানবিকল্প” (অর্থ—নানারূপ মেড়ার লড়াই। কিন্তু এরূপ অর্থের সম্ভব করা সম্ভব নহে।)

(৩৬) **তকু কন্ম**—ইহার দুই প্রকার অর্থ হয়—(১) টেকো বা চরকা দিয়া হুতা-কাটা; (২) কুম্বযন্ত্রে কোন খাতুদ্রব্য কৌদা, পালিশ করা; অথবা

কাঠ কুঁদিয়া নানারূপ খেলনা তৈয়ারী করা। পাঠান্তর—তর্ককর্ম অর্থাৎ বিচার—বাদানুবাদ করা। তক্ষকর্ম (পাঠান্তর) সম্বন্ধে নহে, কারণ ৩৭ নং কলায় তক্ষকর্ম বিহিত।

(৩৭) তক্ষণ বা বর্দ্ধকিকর্ম—ছুতারের শিল্পকাজ।

(৩৮) বাস্তববিদ্যা—স্থাপত্যশিল্প (Architecture)। এ সম্বন্ধে প্রাচীন পুরাণাদি, মানসার, ময়মত, শিল্পশাস্ত্র প্রভৃতি গ্রন্থে দ্রষ্টব্য। বাস্তববিদ্যায় যে প্রাচীন ভারত কতদূর উন্নতি করিয়াছিল, তাহার জাজ্ঞ্যমান নিদর্শন ভারতের সর্বত্রই আজিও বিরাজমান। এ বিষয়ে সামান্য পরিচয়ও এ ক্ষুদ্র প্রবন্ধে দেওয়া অসম্ভব।

(৩৯) রূপ্যরত্নপরিষ্কা—জহুরি ও সেকরার কাজ। রূপ্য—টাকশালের ছাপমারা মুদ্রা (coin)।

(৪০) ধাতুবাদ—মৃত্তিকা, ধাতু, প্রস্তর, রত্ন প্রভৃতির কাটান, পালিশ, গালান, ঢালাই, নিশান, শোধান প্রভৃতির কৌশল। যশোধর ইহার পর্যায়ে ধরিয়াছেন—“ক্ষেত্রবাদ”।

(৪১) মণিরাগাকরজ্ঞান—ইহার দুইটি মধ্যে ছোট কলা আছে—(ক) মণিরাগ বা মণিরঞ্জিত করিবার কৌশল; (খ) আকরজ্ঞান বা খনিবিদ্যা (Mining)। (শ্রীধর, বল্লভ, শুকদেব প্রভৃতি ভাগবতের টীকাকারগণ দুইটি কলাকে পৃথক্ করিয়া ধরিয়াছেন।)

(৪২) বৃক্ষায়ুর্বেদযোগ—নামান্তর ‘বানস্পত্যবিদ্যা’ (Horticulture)। বাগান তৈয়ারীর কৌশল। নানারূপ নূতন নূতন ফলফুল সৃষ্টি, বৃক্ষ-চিকিৎসা প্রভৃতি ইহার অন্তর্গত।

(৪৩) মেঘকুক্কটলাবকযুদ্ধবিধি—(ক) মেঘযুদ্ধ—মেড়ার লড়াই; (খ) কুক্কটযুদ্ধ—মোরগের লড়াই; (গ) লাবকযুদ্ধ—লাওয়া পাখীর লড়াই। এই সব লড়াইএর ফলাফল লইয়া জুয়াখেলা ইহার আনুষঙ্গিক।

(৪৪) শুকসারিকাপ্রলাপন—শুক-সারী পড়ান। একালে যেমন শিক্ষিত পারাবতকে পত্রবাহী দূতরূপে যুদ্ধকালে ব্যবহার করা হয় (Pigeon-post—“কবুতরের ডাক”), সেকালেও তেমনই শুক-সারীর মুখে সংবাদ প্রেরণ করা হইত। পায়রা পড়িতে পারে না বলিয়াই উহার গলায় বা পায়ে পত্র বাঁধিয়া দিতে হয়; কিন্তু শুক-সারী প্রভৃতি যে সকল পাখী পড়িতে পারে, তাহাদিগকে পড়াইয়া ছাড়িয়া দিলেই যথাস্থানে সংবাদটি দিয়া আসে। সেকালের প্রেমিক-প্রেমিকাগণ প্রণয়দূতরূপেও এই সকল পক্ষীর বিশেষ ব্যবহার করিতেন।

(৪৫) উৎসাদনে-সংবাহনে-কেশমর্দনে কৌশল—(ক) উৎসাদন—পা’ দিয়া মাড়াইয়া গা’-টেপা। (খ) সংবাহন—তুই হাত দিয়া গা’ হাত-

পা' টেপা (kneading, massage)। (গ) কেশমর্দন—মাথায় তেল মাখাইয়া দেওয়া অর্থাৎ (shampooing)। নানারূপ কেশসজ্জা, বেণীবন্ধন ও কবরীরচনা প্রভৃতিও ইহার অন্তর্গত।

(৪৬) অক্ষরমুষ্টি কাকথন—অক্ষর লুকান। সাক্ষেতিক অক্ষর বিজ্ঞাস (code)। সাধারণের অজ্ঞাত সাক্ষেতিক শব্দ ব্যবহার (watchword)। সট্‌ছাও, টেলিগ্রাফ, মোসাঁ প্রভৃতি সন্ধেত এই জাতীয়। 'মুষ্টিকা'—মুঠার ভিতর যেমন জিনিষ লুকান যায়, সেইভাবে শব্দ বা অক্ষর গোপন। ইহা দুই প্রকার—(ক) 'সাতাসা'—যাহাতে কিছু আভাস দেওয়া হয় (অর্থাৎ ঠারে-ঠোরে কথা বলা)। ইহার অপর নাম 'অক্ষরমুদ্রা' (আচার্য্য রবিশঙ্করের "চন্দ্রপ্রভা-বিজয়" কাব্য দ্রষ্টব্য)। [যথা—“মেবমিকসিংকতুব্বধমকুম্মী”=মেব ব্ধ মিথুন কর্কট সিংহ কত্তা তুলা বৃশ্চিক ধনুঃ মকর কুম্ভ মীন—এই দ্বাদশ রাশির নাম।] (খ) 'নিরাসা'—যাহাতে কোন আভাস দেওয়া হয় না। নামান্তর 'ভূতমুদ্রা'। ইহাতে অঙ্গুলিগুলি ব্যঞ্জনবর্ণ ও অঙ্গুলির পর্ব্বাঙ্গুলি স্বরবর্ণ-রূপে কল্পিত হয়। এই ভূতমুদ্রা সপ্তবিধ—মুষ্টি, কিশলয়, ছটা, ত্রিপতা-কিকা, পতাকা, অঙ্কুশমুদ্রা প্রভৃতি। মূক-বধিরগণ ও মহাজনব্যবসায়ীরা সাধারণতঃ এই সকল সন্ধেতের সাহায্যে মনোগত ভাব ইষ্টজনের নিকট প্রকাশ করিয়া থাকেন। মতান্তরে—ইহার অর্থ অন্তরূপ। অক্ষর-কথন—পরের লিখিত অক্ষর না দেখিয়া আন্দাজে বলা। মুষ্টিকা-কথন—মুষ্টি মধ্যে লুকায়িত দ্রব্য আন্দাজে বলা—অনেকটা ছেলেদের টোকা-ফোকা খেলার মত।

(৪৭) শ্লেচ্ছিতবিকল্প—শ্লেচ্ছ ভাষায় কথা কহার নাম “শ্লেচ্ছিত” নহে। আধ্যভাষার পদমধ্যস্থ বর্ণগুলিকে উল্টা-পাল্টা করিয়া সাজাইবার ফলে যে অপরূপ শব্দাবলীর সৃষ্টি হয়, তাহার অর্থবোধ হওয়াই কঠিন—ইহারই নাম “শ্লেচ্ছিত”। কোটিলীয়, মূলদেবীয় প্রভৃতি শ্লেচ্ছিতের নানা প্রকার ভেদ।

[কোটিলীয় মতে—

খ=অ, গ=আ, ঘ=ই, ঙ=ঈ। ছ=উ, জ=ঊ, ঝ=ঞ, ঞ=ঠ। ঠ=২, ড=৩, ঢ=এ, ণ=ঐ। থ=ও, দ=ঔ, ধ=ং, ন=ঃ। ফ=ং, ব=শ, ভ=ষ, ম=স। য=ই ঈ, ব=উ ঊ, র=ঋ ঌ, ল=২, ৩। ক, চ, ট, ত, প, হ, ক্ষ—এ বর্ণগুলির পরিবর্তন নাই। প্রয়োগস্থলে প্রথমবর্ণ টিও অপরিবর্তনীয়; যথা—মগ=মা।

মূলদেবীয় মতে—অ ও ক, খ ও গ, ঘ ও ঙ, চ ও ট, ত ও প, ষ ও শ এর পরস্পর বিনিময়। অবশিষ্ট অক্ষরগুলি স্থির; যথা—যঞ=শক্র।] এই সকল গুঢ় ভাবের লেখার নাম “গুঢ়লেখ্য”। মহাভারতে এই শ্লেচ্ছিতের স্থানর উদাহরণ আছে। দুর্যোধন যখন পঞ্চপাণ্ডবে জতুগৃহে দণ্ড করিবার উদ্দেশ্যে বারণাবত গ্রামে পাঠাইতে-

ছিলেন, তখন বিহ্বল এই স্নেহিত সাহায্যে যুধিষ্ঠিরকে সাবধান করিয়া দিয়াছিলেন। বিহ্বলের বাক্য একমাত্র যুধিষ্ঠির ব্যতীত তাঁহার শত্রু-মিত্র কেহই বুঝিতে পারেন নাই। বর্তমান যুগেও ব্যবসায়ী ও চোরদিগের মধ্যে এই প্রকার গুটুভাষার প্রচলন খুব বেশী। ছেলেরাও অনেক সময় ক্রীড়াচ্ছলে এইরূপ গুটুভাষা প্রয়োগ করে [যথা—চি আ মি চি জা চি নি চি না=“চি” বাদ দিয়া—আমি জানি না।] পাঠান্তর—মেচ্ছিতকলিকল্প (ক) স্নেহিতকল্প ও কলিকল্প—যাহাতে শত্রু স্নেহভাবাপন্ন হইয়া কলি (কলহ) করে, তাহার কৌশল।

(৪৮) দেশভাষা বিজ্ঞান—নানা দেশের ভাষা জানা।

(৪৯) পুষ্পশকটিকা—ফুলের গাড়ী, পাল্‌কী প্রভৃতি নির্মাণ।

মতান্তরে—ইহা এক প্রকার জ্যোতিষগণনার অঙ্গ। একটি পুষ্পের নাম বলিলে উহা শ্রবণে ভাবী শুভাশুভ নির্ধারণ।

(৫০) নিমিত্তজ্ঞান—নিমিত্তদর্শনে ভাবী শুভাশুভ গণনা। হাঁচি, টিক্-টিকি, শাকুনবিজ্ঞা, স্বরোদয়, রমণপাঞ্চি প্রভৃতি ফলিত জ্যোতিষের কয়েকটি ক্ষুদ্র ক্ষুদ্র অঙ্গ এই কলাটির অন্তর্গত। পাঠান্তর—নিশ্চিতিজ্ঞান, নিশ্চিতিজ্ঞান। কেহ কেহ দুইটি কলাকে একত্র করিয়া “পুষ্পশকটিকা-নিশ্চিতিজ্ঞান” “পুষ্পশকটিকা-হেতুবোধ” ইত্যাদি নানারূপ পাঠ করিয়াছেন।

(৫১) যন্ত্রমাতৃকা—যন্ত্র দুই প্রকার—(ক) সজীব—রথ, যান, ঘানি প্রভৃতি যাহা পশুচালিত; (খ) নির্জীব—শ্রোতঃ, বাতাস, বা বিজ্ঞাতের বলে চালিত হয়। মতান্তরে—সজীবমূর্তি নির্মাণ-কৌশল। যন্ত্রবলে এই সকল প্রতিমা হাত-পা নাড়িত, এমন কি পূর্ব হইতে শিখান কথাও কহিতে পারিত। মঃ মঃ ৬হরপ্রসাদ শাস্ত্রীর ‘বেণের মেয়ে’ দ্রষ্টব্য।

(৫২) ধারণমাতৃকা—ধারণ-স্মরণ। কোনও রচনা একবার শ্রবণ অথবা পাঠ করিলে দীর্ঘ দিন উহা স্মরণে রাখিবার কৌশল। এই কলাটির আলোচনায় শ্রুতিধর পর্য্যন্ত হওয়া যায়। মতান্তরে—সংক্ষেপার্থক কবিতা রচনা। মতান্তরে—যন্ত্রমাতৃকা ও ধারণ-মাতৃকা একই কলা।

(৫৩) সংপাঠ্য—ক্রীড়াচ্ছলে অথবা বাজি রাখিয়া অথবা তর্কের খাতিরে একত্র মিলিত হইয়া পুস্তক পাঠ। কাহারও হয়ত একখানি গ্রন্থ কণ্ঠস্থ আছে; তিনি তাহার আবৃত্তি করিতে আরম্ভ করিলেন। আর একজন ব্যক্তির উহা মুখস্থ নাই; তথাপি তিনি উপস্থিত-বুদ্ধিবলে উহা সঙ্গ সঙ্গ আওড়াইতে লাগিলেন। ইহাতে দ্বিতীয় ব্যক্তির বিশেষরূপ প্রতিভার পরিচয় পাওয়া যায়। মতান্তরে—গ্রন্থ না দেখিয়া কে কতদূর মুখস্থ বলিতে পারে, তাহা স্থির করিবার পুস্তক-আবৃত্তি-প্রতিযোগিতা

এই কলাটির বিষয়। পাঠান্তর ‘সংপাট্য’। বস্তুত্ব অর্থ করিয়াছেন—যে সকল দ্রব্য অনায়াসে কর্তন বা ছিদ্র করা যায় না (যেমন হীরক), তাহা কাটিবার বা ছিদ্র করিবার কৌশল।

(৫৪) **মানসী**—পরের মনোভাব নহিয়া শ্লোকরচনা। হৃদয়ত ভাব (ইঙ্গিত) অনুমান করিতে হইলে বহিরাকারের বৈশিষ্ট্য সম্বন্ধে বহু অভিজ্ঞতার প্রয়োজন। মানসী দুই প্রকার—(ক) **দৃশ্যবিস্ময়া**—পদ্মাদি পুষ্প, লতা, বৃক্ষ, পশু, পক্ষী প্রভৃতি অঙ্কনপূর্বক তাহাতে অনুস্মার বিসর্গ প্রভৃতি যোগ করিয়া শ্লোকরচনা করা হয়। যিনি কলাবিদ, তিনি উহার মাত্রা, সন্ধি, সংযোগ, ছন্দোবিত্তাস প্রভৃতির প্রতি লক্ষ্য রাখিয়া সাধারণ লিখিত কবিতা পাঠের মত অনায়াসে উহা পড়িতে পারেন। সঙ্কেত দর্শনে কবিতা রচনার নাম দৃশ্যবিস্ময়া মানসী। (খ) **অদৃশ্যবিস্ময়া**—এই সঙ্কেতগুলি স্বচক্ষে না দেখিয়াও অপরের মুখ হইতে একবার মাত্র শুনিয়া নহিয়া সঙ্গে সঙ্গে কবিতার আকারে পড়িবার কৌশল। নামান্তর—“**আকাশমানসী**”। মানসিক সমস্তাপূরণ। মতান্তরে—দুই দল কবির মধ্যে কবিতার লড়াই; ইহার আধুনিক দৃষ্টান্ত—কবিগান, পাঁচালী, তরঙ্গা, হাফ-আখড়াই ইত্যাদি।

(৫৫) **কাব্যক্রিয়া**—ইহার বিশেষ পরিচয় নিম্নয়োজন। শ্রীধর, বস্তুত্ব, শুকদেব প্রভৃতি “মানসী কাব্যক্রিয়া” একটি কলা বলিয়া ধরিয়াছেন। শ্রীধর-মতে—এস্থলে ‘**ক্রিয়াকল্প**’ নামে একটি পৃথক্ কলার উল্লেখ আছে (৫৮ নং ‘ক্রিয়াকল্প’ দ্রষ্টব্য); উহার অর্থ—একই কার্য্য বিবিধ উপায়ে সম্পাদনের কৌশল।

(৫৬) **অভিধানকোষ**—অভিধান=নাম; কোষ=সমূহ, সংগ্রহ; অতএব, অভিধানকোষ=নামমালা (lexicon)। বস্তুত্ব অতরূপ অর্থ করিয়াছেন—এক ব্যক্তি কোনও ভাষায় কথা কহিল; একবার মাত্র শুনিয়া সেই ভাষায় সেই ভাবে সেই কথার পুনরাবৃত্তি যিনি করিতে পারেন, তিনি এই কলায় অভিজ্ঞ, অর্থাৎ—এক কথার প্রতিধ্বনি।

(৫৭) **ছন্দোজ্ঞান**—ইহারও বিশেষ পরিচয়ের প্রয়োজন নাই। কিন্তু বস্তুত্ব ইহার অতরূপ অর্থ করিয়াছেন। তাঁহার মতে ইহার নাম ‘ছন্দজ্ঞান’। অকারান্ত ‘ছন্দ’ শব্দের অর্থ ‘অভিপ্রায়’। কোন লোককে দেখিবামাত্র তাঁহার মনোভাব (ছন্দ) বুঝিবার কৌশল এই কলার অন্তর্গত।

(৫৮) **ক্রিয়াকল্প**—কাব্যরচনার জ্ঞান। ৫৫ নং কলার (কাব্যক্রিয়ার) সহিত পুনরুক্তির সম্ভাবনা নাই। কাব্যক্রিয়া—কাব্যরচনার অভ্যাস (practice); আর ক্রিয়াকল্প—কিভাবে নির্দোষ কাব্যরচনা করিতে হয়, তদ্বিষয়ক পরোক্ষজ্ঞান (theoretical knowledge)—অর্থাৎ অলঙ্কারশাস্ত্রের জ্ঞান। কাব্যক্রিয়ায়

কবিরই মুখ্য অধিকার; কিন্তু ক্রিয়াকল্পে কবি ব্যতীত অধ্যাপক বা সমালোচকেরও মুখ্য অধিকার থাকিতে পারে। যশোধর-মতে—অভিধানকোষ, ছন্দোজ্ঞান ও ক্রিয়াকল্প—এ তিনটিই কাব্যক্রিয়ার অঙ্গ। বল্লভ-ধৃত পাঠান্তর—ক্রিয়াবিকল্প, অর্থ করিয়াছেন—বস্ত্তসমূহ নির্মাণের পূর্বসিদ্ধ প্রক্রিয়া পরিত্যাগপূর্বক নব নব পদ্ধতিতে উহাদিগের নির্মাণকৌশল। মতান্তরে—শব্দরূপ ও ধাতুরূপ (নামধাতুপারায়ণ) ইহার অন্তর্গত।

(৫৯) **ছলিতকশোগ**—পরবঞ্চনার নিমিত্ত নানাপ্রকার রূপসজ্জা। আধুনিক সময়ের “বহরুপী” সাজ। শুনা যায় যে, এই কলার সাহায্যেই শূর্ণপথা শ্রীরামচন্দ্রকে, রাবণ সীতাদেবীকে ও ভীম কীচককে প্রতারিত করিতে পারিয়াছিলেন।

(৬০) **বস্ত্রগোপন**—এই কলাটিও তিন প্রকার—(ক) একরূপভাবে কাপড় পরিতে হয় যে, উহা গাত্র হইতে তিলমাত্র সরিয়া যাইবে না; (খ) ছিন্ন বস্ত্রকে অচ্ছিন্ন বস্ত্রের মত করিয়া পরিধান করার কৌশল; (গ) খুব বড় কাপড়কে ছোট ও আঁট করিয়া পরা। মতান্তরে—সূতার কাপড়কে বিচ্ছাদের কৌশলে রেশমী কাপড়ের মত করিয়া দেখান।

(৬১) **দ্যুতবিশেষ**—নানারূপ জুয়াখেলা। দ্যুত মোটামুটি দুই প্রকার—(ক) সজীব ও (খ) নির্জীব পদার্থ লইয়া ক্রীড়া। যশোধর ‘মুষ্টিফুল্লক’ প্রভৃতি দ্যুতবিশেষ, ও ‘প্রাপ্তি’ প্রভৃতি উহাদিগের পঞ্চদশ অঙ্গের নামোল্লেখ করিয়াছেন। বর্তমানে এসকলের স্বরূপ নির্ধারণ করা অসম্ভব।

(৬২) **আকর্ষকক্রীড়া**—বর্তমানের পাশা খেলা। পাশা যদিও দ্যুতের অন্তর্গত, তথাপি দ্যুতসমূহের মধ্যে শ্রেষ্ঠ বলিয়া উহার পৃথক্ নির্দেশ করা হইয়াছে। কেহ কেহ দাবা খেলাকেও এই কলার অন্তর্ভুক্ত বলিয়া মনে করেন। অপরে বলেন, দূরের জিনিষ কাছে টানিয়া আনিয়া খেলা (যেমন, এ কালের পোলো, গল্ফ বা বিলিয়ার্ড)।

(৬৩) **বালক্রীড়নক**—ছেলেদের খেলা। এই সব খেলার উপকরণ বা খেলনা তৈয়ারীর পদ্ধতিও এই কলাটির অন্তর্গত।

(৬৪) **টেনয়িকী**—বিনয় প্রভৃতি সদাচার শিক্ষা (সহবৎ শেখা)। বিনয় = ইন্দ্রিয়জয়। কেবল মনুষ্য ব্যতীত হস্তী, অশ্ব, গো, মহিষ, কুকুর প্রভৃতি পশু বশ করার কৌশলও এই কলার অন্তর্গত।

(৬৫) **টৈজয়িকী**—ইহার ফল বিজয়লাভ। কলাটি দুই প্রকার—(ক) দৈবী (তন্ত্র-মন্ত্রাদি-সাধ্য; যেমন—অপরাজিতা-প্রয়োগ, বগলামুখী-প্রয়োগ প্রভৃতি); (খ) মানুষী—শারীরিক শক্তি বা অস্ত্রাদি সাহায্যে ইহা সিদ্ধ হয়।

(৬৬) **বৈয়ামিকী**—ব্যায়ামশিক্ষা। এই কলাটিও দুই প্রকার—(ক) আন্তর (indoor) ও বাহ্য (outdoor)। শ্রীধর পাঠান্তর ধরিয়াছেন—‘বৈয়ামিকী’ ও ‘বৈতানকী’; কিন্তু কোনরূপ পরিচয় প্রদান করেন নাই।

সনাতন গোস্বামী তাঁহার “বৃহদৈষ্যবতোষণী” টীকায় বলিয়াছেন যে—ইহা ছাড়া আরও কয়েকটি কলা আছে, সেগুলি অনেকটা ছোট ছোট “বিভূতি” বা “সিদ্ধাই”—এর মত। তীক্ষ্ণ বুদ্ধিমান সাধক ব্যক্তি এরূপ কলা এক একদিনে এক একটি শিখিতে পারেন। তিনি এ জাতীয় তিনটি মাত্র কলার নাম করিয়াছেন—

(১) **পরচিত্ততত্ত্বতা**—পরের মনের ভাব বুঝিতে পারা (বর্তমান কালের Thought-reading)।

(২) **দূরশ্রবণদর্শনচিন্তা**—বহু দূরের শব্দ শ্রবণ, পরোক্ষ বস্তু প্রত্যক্ষরূপে দর্শন, দূরস্থ লোকের চিন্তা বুঝিতে পারা—এই কলার বিষয়। আধুনিক যুগের Clair-audience, Clairvoyance, Telepathy প্রভৃতি বিচার সহিত তুলনীয়।

(৩) **রত্নামৃতবিশেষনির্মাণ**—(ক) কৃত্রিম রত্ন-স্বর্ণাদি নির্মাণের কৌশল; (খ) জীবন-যৌবন চিরস্থায়ী করিবার জন্ত অমৃত বা রসায়ন প্রস্তুত করিবার পদ্ধতি। মধ্যযুগে যে Alchemy-র চর্চা হইত, ও Elixir of Life আবিষ্কারের জন্ত একশ্রেণীর গবেষকবৃন্দ তাহাদিগের জীবন উৎসর্গ করিয়াছিলেন, সে তরঙ্গ যে ভারতবর্ষের উপরেও যথেষ্ট প্রভাব বিস্তার করিয়াছিল—এই কলাটি তাহার প্রকৃষ্ট পরিচয় দিয়া থাকে।

বল্লভ আরও চারিটি কলার উল্লেখ করিয়াছেন—

(১) **কামাদিসাস্ত্রন**—রিপুজয়। ইহার বিশেষ পরিচয় নিম্নয়োজন।

(২) **তদ্বদ্বোধ**—ইহারও পরিচয় দিবার প্রয়োজন নাই।

(৩) **শত্রুমিত্রকরণ**—শত্রুকে মিত্র ও মিত্রকে শত্রু করিবার নানারূপ উপায়।

(৪) **সকল বস্তুর অন্তর্যাকরণ**—সকল বস্তুর স্বাভাবিক রূপটির পরিবর্তন সাধন।

ইহাই হইল প্রচলিত ললিতকলাগুলির সংক্ষিপ্ত পরিচয়।

শেষের কবিতায় অমিত ও লাবণ্য

শ্রীডালিমকুমার গুহ

৪র্থ বর্ষ বিজ্ঞান

রবীন্দ্রনাথের শেষের কবিতা একটা অপূর্ণ সৃষ্টি, এর সঙ্গে তাঁর আগেকার লেখা উপন্যাসগুলির তুলনা করা চলে না। তাঁর গোরা, চোখের বালি, যোগাযোগ, চতুরঙ্গ—গ্লটের বৈচিত্র্য, সমাজ-সংস্কারের ইচ্ছিতে, ভাব ও ভাষার গান্ধীর্থে অনবত্ত, কিন্তু শেষের কবিতা সম্পূর্ণ অল্প ধরণের সৃষ্টি,—রবীন্দ্র-সাহিত্যের ক্রম-পর্যায়ে এ একটা অভিনব পরিকল্পনা! এখানে রবীন্দ্রনাথের হাতে তাঁর ভাষা গেছে সম্পূর্ণরূপে বদলে, ঘটনা বস্তুর বিচ্ছিন্নতা, জটিল মানব-চরিত্রের হৃদয় বিশ্লেষণে, একটা intellectual ও একই সময়ে emotional বিষয়ের মনোজ্ঞ রূপায়নে রবীন্দ্রনাথ এখানে নিজেকেও ছাড়িয়ে গিয়েছেন। তাঁর পঙ্ক-কেশের অন্তরালে যে একটি স্পর্শ-কাতর চির-তরুণ নুকিয়ে আছে, এই বইয়ে তার আমরা পরিচয় পাই, বুঝতে পারি, আমাদের এই তরুণ পৃথিবীকে তিনি শুধু সমালোচকের দৃষ্টিতে দেখেন নাই, এর নূতন সমস্তা, নূতন আশা-আকাঙ্ক্ষা তাঁর কবি-চিন্তকেও উদ্বেল করে তুলেছে।

শেষের কবিতাকে কেহ বলেছেন একটা খণ্ডকাব্য (lyric) কেহ বা রূপক। এ সমালোচকদের কষ্ট-কল্পনা মাত্র। কারণ ভাষা ও ভাবের ঠাইলে মাঝে মাঝে এই বইটি কবিতার পর্যায়ের পড়লেও, এর একটি বিশিষ্ট সাহিত্য-রূপ আছে, উপন্যাসের উপাদান আছে এতে যথেষ্ট। যে সমস্তা রবীন্দ্রনাথ এতে তুলেছেন ও সমাধান করবার প্রয়াস পেয়েছেন, তা তেমন স্থূল, ইন্দ্রিয়গ্রাহ্য না হ'লেও সমস্তা বটে,—বুদ্ধিবৃত্তি (intellect) ও ভাবুকতার (emotion) যে দ্বন্দ্ব তা বিধবা-বিবাহ, নীলকর-দমন প্রভৃতি সমস্তার মত সর্বসাধারণের কাছে স্বতঃ-উজ্জ্বল না হ'লেও বর্তমানে চিন্তাশীল সম্প্রদায়ের এটা জীবন-মরণ সমস্তা হয়ে দাঁড়িয়েছে। এ দিক হতে এই উপন্যাসকে একটি বিশেষ কাল ও বিশেষ সমাজের চিত্র বলা চলে,—কিন্তু সুকৌশল বলার ভঙ্গী, ভাব ও ভাষার মাধুর্য, সর্বোপরি এর বিস্তৃতি ও মানবতার উপাদান (human elements) একে সর্বকালের সর্বদেশের করে তুলেছে। শেষের কবিতা কবিতা হয়ে উঠতে বাধ্য, কারণ এর যা বিষয়-বস্তু তা সাদা গদ্যে নীরস হয়ে উঠবে,—কারণ সাধারণ গদ্যে লাবণ্যকে বুঝতে পারা গেলেও, তাতে অমিতর সচঞ্চল কবি-মনের নাগাল পাওয়া যাবে না।

শেষের কবিতার একজন সমালোচক ঠিকই বলেছেন, “শেষের কবিতা শুনেছি শুধু কান দিয়ে নয়, বুদ্ধি দিয়ে নয়, সমগ্র হৃদয়ের বেদনা-আবেগ দিয়ে।”

ইংরাজীতে যাকে বলে pen-portrait, রবীন্দ্রনাথ তাতে যথেষ্ট দক্ষতা দেখিয়েছেন ষোঁগমায়া, কেটা মিত্রির, নরেন মিত্রির, সিসি লিসি প্রভৃতির চরিত্র অঙ্কণে। কিন্তু যে ছুটি চরিত্র-অঙ্কণে রবীন্দ্রনাথের কীর্তি অমর হয়ে থাকবে তা অমিত ও লাণঘের। শেষের কবিতা প্রকৃতপক্ষে এদেরই চরিত্র-লিপি—এদের দ্বিধা-দ্বন্দ্ব-সমস্যা, এদের শিক্ষা ও সংস্কৃতি নিয়েই শেষের কবিতার সৃষ্টি। শেষের কবিতাকে এই দুইটি চরিত্রের রূপায়ন বললেও চলে।

অমিত-চরিত্রের স্বার্থ বিশ্লেষণ করতে হলে গোড়ার দিককার কথাগুলি ভাল করে বুঝতে হবে। মনে হয় গোড়ায় রবীন্দ্রনাথ অমিতকে সদ্য বিলেত-ফেরৎ ব্যারিষ্টারদের টাইপ করে রাখতে চেয়েছিলেন, কিন্তু পরে দেখতে পেলেন যে তার ভিতর এত ওরিজিনালিটি, এত বিচিত্র সম্ভাবনা, এত প্রতিভা যে তাকে দিয়ে বিক্রপের কাজ চালানো উচিত হবে না,—নরেন মিত্রিরই সে জন্ম যথেষ্ট। “অমিতের সম্বন্ধে প্রধানতম কথা হচ্ছে যে সে অত্যন্ত রকম ওরিজিনাল, ব্যক্তি-স্বাতন্ত্র্যকে সে এত শ্রদ্ধার চোখে দেখে যে, তা অনেক সময় নিছক পাগলামী, eccentricity-র পর্যায়ে পড়ে। নামজাদা লেখকদের নগণ্য করতে সে একটুও দমে না, আবার অতি অজানা লেখকদের উচ্ছ্বসিত প্রশংসা করতেও অদ্বিতীয়। কারণ, “যাঁরা নামজাদা তাঁরা ওর কার কাছে বড়ো বেশী সরকারী, বর্ধমানের ওয়েটিং-রুমের মতো, আর যাদেরকে ও নিজে আবিষ্কার করেছে তাদের উপর ওর খাস-দখল, যেন স্পেশাল ট্রেনের সেলুন কামরা।” তার নেশাই হলো ঠাইলে। অমিত বলে, “ফ্যাশানটা হ’লো মুখোস, ঠাইলটা হ’লো মুখশ্রী।”

কেবল সাহিত্য-বিচারে নয়, বেশ-ভূষায় আচার ব্যবহারেও অমিত তার স্বাতন্ত্র্য অক্ষুণ্ণ রেখে চলে। “দেশী কাপড় প্রায়ই পরে, কেননা ওর দলের লোক সেটা পরে না। ধূতি সাদা থানের, সস্ত্র কোঁচানো, কেননা ওর বয়সে এ রকম ধূতি চলতি নয়।” ওর লম্বা আস্তিন ওয়ালা পাঞ্জাবী, বুনাবনী ছিটের ছোট থলি, কটকি জুতো—সব মিলে ওকে করেছে রীতিমত ডিস্টিঙ্গুইশ্‌ড্। অন্তরে ও বাইরে এই স্বগভীর স্বাতন্ত্র্যবোধই অমিতের প্রধানতম বিশেষত্ব।

দ্বিতীয়তঃ অমিত কবি। সাংসারিক সুখ-দুঃখ ও প্রয়োজন তার কাছে অতি তুচ্ছ, তার মন এত উচু সুরে বাঁধা যে, জীবনের স্থূল দিকটার প্রতি তার নজরই পড়ে না। কবি রবীন্দ্রনাথের যে বাণী,

আমি চঞ্চল হে, স্বপ্নের পিয়াসী—

তা অমিতের কবি-মনেরও বাণী। তার মন প্রজাপতির পাখার মত নিত্য-চঞ্চল; নারীর প্রেম, আদর্শের প্রলোভন কিছুই তাকে ভোলাতে পারে না। তার স্বপ্ন-জগত গভীর নির্লিপ্ততার স্রুষ্টি আবারও ঘেরা, স্থূল জগতের প্রবেশ সেখানে নিষিদ্ধ। এইজন্য নির্বিশেষভাবে মেয়েদের প্রতি অমিতের ঔদাসীন্ম নেই, বিশেষভাবে কারো প্রতি আসক্তিও দেখা যায় না, অথচ সাধারণভাবে কোনখানে মধুর রসের অভাব ঘটে না। এক কথায় বলতে গেলে মেয়েদের সম্বন্ধে ওর আগ্রহ নেই, উৎসাহ আছে। সেইজন্যই গঙ্গার ধারে অস্পষ্ট চন্দ্রালোকে, এক স্নন্দর মুহূর্তে লিলি গাঙ্গুলীকে ওর বলা সম্ভব, “গঙ্গার ওপারে ঐ নতুন চাঁদ, আর এপারে তুমি আর আমি, এমন সমাবেশটি অনন্তকালের মধ্যে আর কোনদিন হবে না।” লিলি গাঙ্গুলী জানতো যে এই কথাগুলি বতখানি সত্য তা কেবল কথা বলার এই স্নন্দর ষ্টাইলটুকুর মধ্যে, এ শুধু ওর কবি-মনের উচ্ছ্বাস, এর পিছনে কোন গুরুত্ব, কোন মধুর ভাবের প্রেরণা নাই। অক্সফোর্ডে এক জ্যোৎস্না-বিমুক্ত যামিনীতে যেদিন অমিত কেতকীর হাতে আংটি পরিয়ে বলেছিল,

Tender is the night

And haply the queen moon is on her throne—

সেদিন সে কল্পনা করতে পারে নাই যে তার এই স্নন্দর-করে-বলা আন্তরিকতা-হীন শুধু এই মুখের কথাতেই কেতকী তার সমগ্র সত্তাকে উৎসর্গ করেছে। এজন্য অমিতকে দোষী করা বৃথা,—কারণ এ তার নির্লিপ্ত কবিমনেরই একটা বিকাশ, এ তার স্রুগভীর স্বাতন্ত্র্যবোধের একটা ধর্ম। অমিতের এই অতি ভাবুকতা (emotionalism) লাবণ্যের নিকট প্রথম বাধা পেল।

অমিত ও লাবণ্য এই দু’টি চরিত্র এত স্বভাব-বিরোধী যে এইজন্যই বোধ হয় তারা পরস্পরকে এত গভীরভাবে আকর্ষণ করতে পেরেছিলো। অমিত কবি, লাবণ্য দার্শনিক; অমিত যা হাঁকা করে তুলতে চায়, লাবণ্য তা গভীরভাবে তলিয়ে দেখে; অমিতের কবি-মন যেখানে যা কিছু সত্য ও স্নন্দর তাকে শুধু স্পর্শ করে যেতে চায়, কিন্তু লাবণ্য তাকে বিচার বুদ্ধি দিয়ে যাচাই করে, খাঁটি হ’লে জীবনের আদর্শ করে নেয়। অমিতে আছে বস্তুর উচ্ছ্বাস, লাবণ্যে সমুদ্রের সমাহিতি। অমিতের যে জগৎ তা শুধু কল্পনার, স্বপ্নের, কিন্তু লাবণ্যের জগৎ রক্ত-মাংসের জগৎ, কঠিন বাস্তবের সাংসারিক সুখ-দুঃখের প্রাত্যহিক জগৎ। কিন্তু এক জায়গায় অমিত ও লাবণ্যের আশ্চর্য মিল, সে তাদের স্বাতন্ত্র্যবোধের স্রুতী তীক্ষ্ণতায়। এ দুইয়ের উৎস কিন্তু আলাদা। অমিতের স্বাতন্ত্র্যবোধ অনেকটা তার স্বার্থপর নির্লিপ্ততা ও অনেকটা তার নিষ্ক্রিয় স্বপ্নায়তার জন্য; কিন্তু লাবণ্যের স্বাতন্ত্র্যবোধ তার শিক্ষা-দীক্ষা, তার বুদ্ধিবৃত্তির

ফল। অনেক পড়ে, অনেক ভেবে তার মন হয়ে গিয়েছিলো স্থল্ল, আপনাতে আপনি পরিপূর্ণ।

লাবণ্য ইউনিভার্সিটির অত্যুজ্জ্বল হীরক বললেও চলে। কিন্তু সে শুধু বই পড়ে নি, সে সঙ্গে সত্যিকারের শিক্ষাও পেয়েছে। অমিত তার বোনকে বলেছিলো, “কমলহীরের পাথরটাকেই বলে বিদ্যে, আর ওর থেকে যে আলো ঠিকরে পড়ে তাকেই বলে কালচার। পাথরের ভার আছে, আলোর আছে দীপ্তি।” লাবণ্যের ভার ও দীপ্তি দুই-ই ছিল।

জ্ঞানচর্চার ফাঁকে একদা লাবণ্যের জীবনে রোমান্সের স্বপ্নপাত হয়েছিল। শোভনলালের একনিষ্ঠ প্রেম তাকে মুগ্ধ করেছিলো, তাকে মালা দেবে বলে বুঝি লাবণ্য নিজের অগোচরেই অপেক্ষা করছিলো, কিন্তু মুখচোরা শোভন তো তাকে তেমন করে ডাক দিলে না। তারপর শোভনলালের বাপের কাছ থেকে কতগুলি মিথ্যা কটু ইঙ্গিত শুনে তার মন গেলো বিমুগ্ধ হয়ে। তার স্নাতীক্স আত্মসম্মানবোধ সেদিন তাকে রুচ করে তুলেছিলো, শোভনলালের নীরব-প্রেমকে সেদিন সে কঠিন আঘাত দিল। যা ফুটে উঠতে পারতো হৃদয়ের একটি ফুল হয়ে, তাকে কুঁড়ি অবস্থাতেই সে নিঃশব্দভাবে ছিঁড়ে ফেললো।

অমিতের সঙ্গে দেখা হবার আগে লাবণ্যকে আমরা দেখতে পাই শুধু একটি বিদূষী নারীরূপে, বড় বড় বইয়ের তথ্য তখন তার মনকে আচ্ছন্ন করে আছে। সহসা একদিন ভাগ্য-বিধাতা বক্র হাসি হাসলেন, একটা প্রায়-ট্রাজেডি গোছের ঘটনার অমিতের সঙ্গে হ’লো তার প্রথম পরিচয়,—সেদিন হ’তে অমিতের ও লাবণ্যের সম্পূর্ণ নূতন জীবন শুরু।

লাবণ্য স্বভাবতঃ বুদ্ধিজীবী; সে হয়তো এই আকস্মিক পরিচয়ে কোন গুরুত্ব দিত না, যদি না অমিতের নূতন প্রেমের স্নগভীর উন্মাদনা, তার বিপুল উচ্ছ্বাস তার নিজের মনেও সংক্রামিত হয়ে উঠতো। আমাদের সবাকার জীবনে এমন দুই একটি মুহূর্ত আসে যখন বুঝতে পারি সে ক্ষণে আমাদের সমস্ত জীবন ওলট-পালট হয়ে গেল। তেমনি স্তূহলভ অবসরে অমিত লাবণ্যকে দেখে বুঝতে পারলো যে, এরই জন্ম সে সারাজীবন প্রতীক্ষা করেছিলো,—তার সমস্ত অন্তরাগ্না প্রতিধ্বনি করে উঠলো, “পেয়েছি।” নিবারণ চক্রবর্তীর খাতায় লেখা হলো,

পথ বেঁধে দিলো বন্ধনহীন গ্রন্থী

আমরা দুজনে চলতি হাওয়ার পন্থী।

লাবণ্যকে সে জানালে, “নতুন অমিত রায় কি যে কাণ্ড করে বসবে, পুরাণে অমিত রায়ের তার কিছু-জানা নেই।”

এর পরে অমিত আবিষ্কার করলে যে, এতদিন সে লাবণ্যের অপেক্ষায় ছিল। লাবণ্যকে বিয়ে না করলে তার চলছে না। কিন্তু বাধা আসলো লাবণ্যের পক্ষ থেকে, কারণ লাবণ্য অমিতের মনের আসল রূপটি দেখতে পেয়েছিলো। সে বুঝতে পেরেছিলো অমিত একটি কাল্পনিক লাবণ্যকে দাঁড় করিয়ে তাকেই প্রেম-নিবেদন করে যাচ্ছে। এ লাবণ্য সম্পূর্ণ তার নিজের সৃষ্টি। আসল লাবণ্য, রক্ত-মাংসের লাবণ্যের সঙ্গে তার কোন সংযোগ নাই। অমিতের ভালবাসার স্পর্শে লাবণ্যের প্রেমিক মনটিও জেগে উঠেছে, কিন্তু সে তো শুধু এই intellectual friendshipএ তৃপ্ত নয়। সে যে নারী, শুধু সৃষ্টি করেই সে সন্তুষ্ট নয়, সে যে ভালবাসতে চায়, সেবা করতে চায়।

মেয়েরা যখন ভালবাসে, তখন সমস্ত হৃদয় দিয়ে সমস্ত সন্তা দিয়ে বাসে। তাদের ভালবাসায় যেমন কোন ফাঁক থাকে না, তেমনি কোন অস্পষ্ট কুহেলিও থাকে না। প্রেমাস্পদকে ঘিরে তাদের যে কল্পনা তা কখনও বাস্তবকে অতিক্রম করে না, তাদের অন্তরের ক্ষুধা প্রধানতঃ বাস্তব-বিলাসী। পুরুষ যেখানে রঙ্গীন অবাস্তবের স্বপ্ন থাকে, একটা অসম্ভব কল্পনায় আনন্দ পায়, মেয়েরা সেখানে ভবিষ্যতের ঘরকন্নার কথা চিন্তা করে, সব ক'টি অন্তরিক্রিয়ের পরিতৃপ্তি চায়। ওয়েলস্ তাঁর *The World of William Clissold*-এ এ কথাই উল্লেখ করেছেন, “A woman must see and touch, women are more immediate. What they want is a tangible reality.” পুরুষের বহুধা কর্মক্ষেত্রে প্রেম কোন বিপ্লব বাধিয়ে তোলে না, কিন্তু মেয়েদের কাছে প্রেমাস্পদই সর্বস্ব। রোমা রৌলা “জাঁ খুস্তোকে”ও ঠিক এমনি ধারা নারী-চরিত্র বিশ্লেষণ করেছেন, সেখানে Madame Arnaud নায়ককে বলছে, “It is difficult to be a woman, much more difficult than to be a man. You men can be absorbed in an intellectual passion or some outside activity. A healthy woman cannot do that without suffering for it. We have several souls. You men have but one, a more vigorous soul, which is often brutal and even monstrous.”

অমিতের জীবন-দেবতা চাইত শুধু জগতের আনন্দ-সভায় যোগ দিয়ে মধু আহরণ করতে, একটা কবি-মূলত প্রেমের স্বপ্নে মেতে থাকতে, ঘর পাতবার যোগ্য মানুষ সে নয়। লাবণ্যের নিকট অমিতের অন্তরের সত্যিকার রূপটি উদ্ভাসিত হয়ে উঠেছিলো, সে বুঝতে পেরেছিলো অমিতকে বিয়ে করলে শুধু তার প্রেমের অপমান করা হবে। সে বুঝতে পেরেছিলো যে, অদূর ভবিষ্যতে সে যখন আর phantom of delight হ'য়ে থাকবে না, যখন তাদের মধ্যে অস্পষ্ট অপরিচয়ের মাধুর্যটুকু লুপ্ত হয়ে যাবে,

সেদিন লাবণ্যের সত্যিকার রূপটি অমিতের কবি-মনকে পীড়া দেবে,—বাধ্য হয়ে হয় তাকে বিদ্রোহ করতে হবে, নয়তো ভাগ্যের সাথে আপোষ করে ছোট হয়ে থাকতে হবে। তার প্রেমাস্পদ তার জন্ত ছোট হয়ে থাকবে, এ চিন্তা পর্যন্ত লাবণ্যের কাছে অসহ্য। তার প্রেমে কোন অস্পষ্ট কুহেলি নাই, সে বুঝতে পেরেছে, “উনি (অমিত) আমাকে চান না। যে-আমি সাধারণ মানুষ, ঘরের মেয়ে, তাকে উনি দেখতে পেয়েছেন বলে মনেই করিনে। আমি যেই গুঁর মনকে স্পর্শ করেছি, অমনি ওঁর মন অবিরাম ও অজস্র কথা কয়ে উঠেছে। সেই কথা দিয়ে উনি কেবলি আমাকে গড়ে তুলছেন। ওঁর মন যদি ক্লান্ত হয়, কথা যদি ফুরায়, তবে সেই নিঃশব্দের মধ্যে ধরা পড়বে এই নিতান্ত সাধারণ মেয়ে, যে-মেয়ে ওঁর সৃষ্টি নয়। বিয়ে করলে মানুষকে মেনে নিতে হয়, তখন আর গড়ে নেবার ফাঁক পাওয়া যায় না।” অমিতের মনের আসল চেহারাটা লাবণ্য দর্পণের মতো স্পষ্ট দেখতে পেয়েছিলো, এই জন্তই লাবণ্য অমিতকে বিয়ে করতে নারাজ। তাই বলে সে অমিতের প্রেমকে অসম্মান করেনি। লাবণ্য উপলব্ধি করতে পেরেছে অমিতের প্রেমের গভীরতা, অমিতের প্রেমের সোনার কাঠি তার মনের ঘুমন্ত রাজকুমারীকে জাগিয়েছে। নিজের অন্তরের সম্পদ দেখে সে নিজেই বিস্মিত হয়েছে। সে বুঝতে পেরেছে, সে একটা তার বিশেষ রূপ,—একটা বিশেষ জগতে সে সত্য হয়ে দেখা দিয়েছে। তাই যতদিন পারা যায় অমিতের কথার সঙ্গে, গুঁর মনের খেলার সঙ্গে স্বপ্ন হয়ে থাকবে,—কিন্তু তাকে বিয়ে করে চিরকালের জন্ত একটা স্বর্গকে ধূলিসাৎ করতে তার মন সায় দেয় নাই।

লাবণ্য জানতো যে তাদের মধ্যে স্বভাবগত, রুচিগত, চরিত্রগত যে ভুলজ্বা ব্যবধান তাকে জোর করে লঙ্ঘন করতে গেলে শুধু জট পাকিয়ে উঠবে। সেই জন্তই অমিত যখন বিয়ের কথা তুলেছে, সে ভয় পেয়েছে, স্পষ্টই বলেছে, “তুমি তো সংসার ফাঁদবার মানুষ নও, তুমি রুচির তৃষ্ণা মেটাবার জন্ত ফেরো; সাহিত্যে সাহিত্যে তাই তোমার বিহার, আমার কাছে সেই জন্তই তুমি এসেছো।……মিতা, তুমি যা আছ ঠিক তাই থাকো, তোমার রুচিতে আমাকে যতটুকু ভাল লাগে ততটুকুই লাগুক, কিন্তু একটুও তুমি দায়িত্ব নিয়ো না, তাতেই আমি খুসী থাকবো।”

লাবণ্যের মন টলাবার জন্ত অমিতের সাধনা সূর্য হল। অমিতের এই যে কৃচ্ছ্র-সাধনা একে আটপেঁচের ভাব-বিলাস বলা যেতে পারে, বাস্তবতাকে পাবার জন্তে উম্মার যে তপস্বী তার সঙ্গে নিজের এই অভিনব তপস্বীকে তুলনা দিয়ে অমিত আত্মপ্রসাদ পেলে, রোমান্টিক বলে এই পথ বেছে নিলে, কিন্তু সত্যিকারের সাধনা একে বলা চলে না। তা হলেও এটা আত্ম-বঞ্চনা নয়, খেয়ালী মনের একটা অভিব্যক্তি মাত্র; অমিত

মনে-প্রাণে বিশ্বাস করেছিলো এই পথে লাবণ্যের চিত্ত জয় করা যাবে। শেষে লাবণ্যের মন যে টললো তা তার এই নিছক পাগলামীতে নয়। বর্ষণ-মুখর যে দিনে, বিরহী বৈষ্ণব কবির একতারার বৃকে বেজে উঠেছিলো বিশ্বের ব্যাকুল প্রতীক্ষার সুর,

হরি বিনে কৈসে গোঁয়ারি দিন রাত্তির।

তেমনি এক আকুল-করাদিনে লাবণ্যের মন অশান্ত হয়ে উঠলো, সে ভাবলো,— যাক সব বাধা ভেঙ্গে, সব দ্বিধা উড়ে, অমিতের দুই হাত আজ চেপে ধ'রে ব'লে উঠি— আমি তোমার। তারপর যোগমায়া যখন অমিতের রুদ্ধ-সাধনায় বিচলিত হয়ে, তার এই দুঃখ দূর করবার জন্তে লাবণ্যকে সনির্বন্ধ অহুরোধ—শুধু অহুরোধ নয় আদেশ করলেন, তখন আর কোন দ্বিধা রইলো না, লাবণ্য অমিতকে জানালো, আমি তোমার।

কিন্তু লাবণ্য বৃষ্টিতে পারলো ক্ষণিকের উন্মাদনায় যে জিনিষটা সে বিলিয়ে দিল বলে মনে করল, তা দেওয়া অত সহজ নয়। এই মধুর দিনগুলিতেও সে শুষ্ক কামার শব্দ শুনতে পেতো, বৃষ্টিতে, এই ঋতু ছেলেখেলা একে জীবনে চিরন্তন করে নেওয়া চলে না, একে সত্য বলে মনে নিলে জীবনটা ব্যর্থ হয়ে যাবে। তাই অমিত যখন ভবিষ্যতের রঙ্গীন করনায় বিভোর, তখনো লাবণ্যের মুখ থেকে বেরিয়ে পড়ছে বিদায়ের বাণী,

তোমারে দিইনি স্বথ, মুক্তির নৈবেদ্য গেল রাধি,
রজনীর শুভ্র অবসানে।.....

.....শুধু সে মুক্তির ডালাখানি
ভরিয়া দিলান আজি আমার মহৎ মৃত্যু আনি।”

এই সময়টাতে লাবণ্যের মনে একটা আশ্চর্য্য পরিবর্তন চলেছে। অমিতের প্রেম তার বই-ঠাসাই-করা মনেও বসন্ত এনেছে। আজকের নব-জাগ্রত লাবণ্য কৈশোরের লাবণ্যকে নূতন চোখে দেখতে আরম্ভ করেছে, শোভনের একনিষ্ঠ প্রেমকে সে আজ সম্মান করতে শিখেছে। সে যখন জানলো যে তারি জন্ত শোভন আজ পথে পথে ঘুরছে, সেদিন তার চোখ বেয়ে অশ্রু ঝরলো, সে বুঝলো লাবণ্যকে শোভনেরই বেশী প্রয়োজন। অমিত ও শোভনের মধ্যে তুলনা করে লাবণ্য বৃষ্টিতে পেরেছে যে, অমিতের প্রেম তাকে বৃহত্তর জগতের সন্ধান দেবে, কিন্তু সে জগৎ ধরা-ছোঁয়ার বাইরে, তা তাকে তৃপ্তি দেবে না। কিন্তু শোভনলালের একনিষ্ঠ নীরব প্রেমই তার কাছে অধিকতর কাজক্ষণীয় কারণ এতে লাবণ্য নিজকে প্রকাশ করতে পারবে, একটা জীবনকে পূর্ণ করে তুলতে পারবে।

শেষে সিসি রায় ও কেটি মিত্রের আবির্ভাব তাকে এই দ্বিধা-দ্বন্দ্বের হাত থেকে মুক্তি দিলে। লাবণ্য আজ স্পষ্ট দেখতে পেলো, সে যা আশঙ্কা করেছিলো

তা কত সত্য। শুধু স্বভাবগত ও রুচিগত পার্থক্য নয়, অমিত ও তার মধ্যে সমাজগত এমন একটা ভুলজ্ঞা ব্যবধান আছে, যাকে জোর করে অস্বীকার করলে পরিণামে দুঃখই পেতে হবে, তাদের দুজনার জীবনই ট্রাজেডি হয়ে দাঁড়াবে। আরও বুঝতে পারলো, কেতকীই অমিতের ষোণ্য পাত্রী। লাভণ্যের শিক্ষা-দীক্ষা, স্নাতীক স্নাতক্যবোধের কাছে অমিতের স্রষ্টা মন বারে বারে আঘাত পাবে, কিন্তু কেতকীর কাছ থেকে তেমন কোন বাধার আশঙ্কা নাই। কেতকীকে অমিত ইচ্ছামত স্বপ্ন করে তুলতে পারবে, তাদের যে মিলন তাই হবে চিরস্থায়ী। লাভণ্যের নিজের স্থান শোভনলালের পাশে, যে নীরব পূজারী প্রেমের দেউলে অনির্বাক্য দীপশিখা জ্বলে রেখেছে, তাকে আশ্রয় করেই তার নারী-চিত্তের কামনা সার্থক হয়ে উঠবে।

তার পরের ইতিহাস অত্যন্ত ছোট। অমিত যখন বুঝলো যে লাভণ্যের প্রতি তার প্রেম ও কেতকীর প্রতি তার ভালবাসা এই দুইয়ের রং আলাদা, প্রথমটি তাকে দিতে পারে আকাশে ওড়বার একটা নৈর্ব্যক্তিক আনন্দ, কিন্তু শেষেরটি বেশী আকাজক্ষিত, কারণ তাতে নীড় বাঁধবার, স্থিতি করবার প্রেরণা আছে, সেদিন সে কেতকীকে বিয়ে করলো। লাভণ্য শত হ'লেও মেয়ে, সঙ্কেচ তার অমিতের চেয়ে অনেক বেশী। যখন সে জানলে যে অমিতের বিয়ে হয়ে গেছে, তখন তার মনেও আর কোন দ্বিধা রইলো না—অলীক স্বর্গের কল্পনা ছেড়ে মর্ত্যের ভালবাসাকেই গ্রহণ করলো।

শেষের কবিতায় রবীন্দ্রনাথের যা কিছু বলবার ছিল তা লাভণ্যের শেষ কবিতাটিতেই ভারী স্মরণ করে বলা হয়েছে। যেখানটায় লাভণ্য অমিতের কাছ থেকে শেষ বিদায় নিচ্ছে, সেখানটায় তাদের চরিত্রগত বৈশিষ্ট্যটুকু কি স্মরণভাবেই না ফুটে উঠেছে সেই লাইন ক'টি উদ্ধৃত করে আমিও আপনাদের কাছ থেকে বিদায় নেব।

লাভণ্য বলছে,—

তোমার হয়নি কোন ক্ষতি।
মর্ত্যের মুক্তিকা মোর, তাই দিয়ে অমৃত মুরতি
যদি সৃষ্টি ক'রে থাকো, তাহারি আরতি
হোক তব সন্ধ্যাবেলা,
পূজার সে খেলা
ব্যাঘাত পাবে না মোর প্রত্যহর স্নান স্পর্শ লেগে;
তুহার্ত্ত আবেগ-বেগে
ভ্রষ্ট নাহি হবে তাঁর কোনো ফুল নৈবেদ্যের ধালে।

বিতর্কিকা

কপালকুণ্ডলা *

বঙ্কিম সাহিত্য সম্বন্ধে যে যথেষ্ট আলোচনা হয় নি এ কথা বললে এখন বোধ হয় দুঃসাহসিকতা করা হবে না। বঙ্কিম সম্বন্ধে আলোচনার যে অভাব আছে তা হয় তো নয়—কিন্তু বঙ্কিমচন্দ্র সম্বন্ধে আমাদের বিশেষ একটা দুর্বলতা স্পষ্ট। সেই স্বদেশিকতার আদি যুগে বন্দেমাতারম্ মন্ত্রের স্বাধি বঙ্কিম বহুসময়ে আমাদের মনে এমন প্রভাব বিস্তার করেছেন যার ফলে স্বদেশপ্রেমের চশমাখোলা দৃষ্টি হয় তো তাঁর সাহিত্যের উপরে যথেষ্ট ভাবে পড়বার অবসর পায় নি। আবার এই স্বদেশপ্রেমের গাণ্ডী কাটিয়ে উঠলেও গত মহাসমরের পর সাহিত্যালোচনা সম্বন্ধে যে বিশেষ দৃষ্টিভঙ্গী ক্রমশঃ পরিস্ফুট হয়ে উঠেছে সেই বিশেষ দৃষ্টিভঙ্গীতে বঙ্কিমের উপযুক্ত সমালোচনা হয়েছে বলে আমার জানা নেই। আমরা আশা করি এ পত্রিকার এ বিষয়ে চেষ্টা ছরুহ হবে না।

বঙ্কিমচন্দ্রের কপালকুণ্ডলা নিয়ে আলোচনা আরম্ভ করা অসঙ্গত হবে না, কারণ বহুদিক দিয়ে কপালকুণ্ডলা আমাদের বক্তব্য বিষয়কে ফুটিয়ে তোলে। বাংলা উপন্যাস যার হাতে রূপগ্রহণ করেছিলো সেই অমর লেখকের লেখনীপ্রসূত হলেও এই কথাটাই আমার মনে হয় যে, উপন্যাস হিসেবে কপালকুণ্ডলা সার্থক নয়। বঙ্কিমের বহুযুগীন প্রতিভার অঙ্কুরোদগম হলেও এখানে যে তার বিস্তৃতি হয় নি সে বিষয়ে সন্দেহের অবকাশ নেই, এমন কি কয়েকটা দিকে এর অসঙ্গতি এর উপন্যাসের রূপকে ব্যর্থ করবার চেষ্টা করেছে।

প্রথমতঃ কপালকুণ্ডলার ভাষা। উপন্যাসিকের কাছ হতে আমরা সাধারণতঃ সেই ভাষা আশা করি যে ভাষা পাঠক ও লেখকের মধ্যে নৈকট্য স্থাপন করে, যে ভাষার সহজে গল্প জমাবার শক্তি আছে। কপালকুণ্ডলার ভাষা সমাজের শৃঙ্খলে নিষ্পেষিত—তার সহজ গতিশক্তি রুদ্ধ হয়ে গেছে। অবশ্য একথা আমার বক্তব্য নয় যে, সমাসবহুল সংস্কৃতগন্ধী ভাষা উপন্যাসে অচল; কিন্তু বঙ্কিমের ব্যাকরণ বহির্ভূত স্বকপোলকল্পিত সমাস ও সন্ধির অলঙ্কারে ভাষা জর্জরিত হয়ে উঠেছে—সেই অলঙ্কারের বর্মে আমাদের

* বাংলাভাষাতে আলোচনা সাহিত্যে যথেষ্ট দৈখ্য রহিয়াছে। সেইজন্য আমাদের পত্রিকায় বাহাতে নিম্নমিতভাবে বাংলা সমালোচনা* হয় তাহার চেষ্টা করা হইবে। কিন্তু এই সমালোচনা বাহাতে সাধারণ ভাবে না হইয়া কোন বিশেষ বিষয়ের কোন বিশেষ সমস্তা লইয়া হয়—সে বিষয়ে চেষ্টা হইবে—কারণ তাহাতেই বথার্থ সমালোচনা সম্ভব—সম্পাদক।

বুদ্ধিবৃত্তি যা খেয়ে ফিরে যায়—ভিতরে রসগ্রহণের সামর্থ্য থাকে না। উদাহরণস্বরূপ বলা যেতে পারে—

অধোভাগমণ্ডনকারী বুফাদির মধ্যে ঝাঁট, বনঝাউ এবং বনপুপই অধিক.....এইরূপ অগ্রস্বকর স্থানে নবকুমার সঙ্গিগণ কর্তৃক পরিত্যক্ত হইয়াছিলেন।

এমত নহে যে একেবারে বায়ু বহিতেছিল না;—মধুমাসের দেহ স্নিগ্ধকর বায়ু.....তাহাতে কেবলমাত্র বৃক্ষের সর্বপ্রাণভাগাঙ্গ পত্রগুলি হেলিতেছিল.....কেবলমাত্র নীলাধরসংকারী ক্ষুদ্র খেতাবুদগুলি ধীরে ধীরে চলিতেছিল।

বায়ু মাত্র নাই—হুতরাং তাঁহারা তরঙ্গান্দোলনকম্প কিছুমাত্র জানিতে পারিলেন না—তথায় সকলেই মুহূর্ত্ত নিকট নিশ্চিত করিলেন।

পাণিনির দৃষ্টপা্য সূত্রমালার ব্যবহারে এখানে উপন্যাসের ভাষা যে সজীব হয়ে ওঠে নি সে কথাই পুনরুক্তি নিশ্চয়োজন। বঙ্কিমচন্দ্র তাঁর নিজের উপন্যাসেই দেখিয়েছেন যে সংস্কৃতগন্ধী ভাষাতে উপন্যাস জমাবার অস্ববিধা নেই। স্থানাতাব বশতঃ আমাদের উদ্ধার করা সম্ভব নয় কিন্তু দেবীচৌধুরাণী বা চন্দ্রশেখরের অংশবিশেষ এর প্রকৃষ্ট প্রমাণ।

দ্বিতীয়তঃ বঙ্কিমের ভাষার অনাবশ্যক উচ্ছ্বাস তাঁর উপন্যাসের গতিকে এবং রূপকে ব্যাহত করেছে। নবকুমারের সঙ্গে কপালকুণ্ডলার প্রথম দর্শনের সময়ে বঙ্কিমের “অপূর্ব মূর্ত্তি—সেই গম্ভীরনাদী বারিধিতীরে, সৈকতভূমে অস্পষ্ট সন্ধ্যালোকে দাঁড়াইয়া অপূর্ব রমণীমূর্ত্তি” ইত্যাদি রূপবর্ণন আমাদের হৃদয় সৌন্দর্য্য বোধকে পীড়া দেয়। কপালকুণ্ডলার রূপবর্ণনায় লেখকের অনর্গল ওকালতিতে কপালকুণ্ডলার রূপের জ্যোতি ততোটা ফোটেনি। যা ঘটেনি, তা নিয়ে কল্পনারিলাসে কোনো লাভ নেই কিন্তু তবু মনে হয় যে, বঙ্কিমচন্দ্র যদি তাঁর উপন্যাসের মধ্যে ভাষার এই উচ্ছ্বাসকে সংযত করে নিপুণ হস্তে কয়েকটি তুলিকার টানে একটা মনোজ্ঞ রেখাচিত্র দিতেন, তবে তাঁর উপন্যাসের সার্থকতা হয়তো কমতো না।

এ ছাড়াও ভাষার দিক দিয়ে তাঁর উপন্যাসের সার্থকতা বিচারে আমার আর একটা আপত্তি রয়েছে। পরবর্ত্তী কালে বঙ্কিমের মধ্যে এ ত্রুটির অভাব, কিন্তু কপালকুণ্ডলার মধ্যে স্থানে স্থানে বঙ্কিমের অনাবশ্যক মন্তব্য এবং ক্ষীণ রসিকতার চেষ্টা সবসময়ে উপন্যাসের দিক হতে শোভনতার পর্যায়ে স্থান পায় না! উদাহরণ স্বরূপ বলা যেতে পারে—

যদি এই রমণী নির্দোষসৌন্দর্য্যবিশিষ্টা হইতেন, তবে বলিতাম, পুরুষ পাঠক! ইনি আপনার গৃহিণীর স্থায় হৃন্দরী। আর হৃন্দরী পাঠকারিণি! ইনি আপনার দর্পণস্থ ছায়ার স্থায় রূপবতী।

লুৎফুন্নিসা হোমকারীর নিকটে গিয়া বসিলেন.....এক্ষণে তিনি তথায় বসিয়া থাকুন, পাঠক মহাশয় বহুকাল কপালকুণ্ডলার কোন সংবাদ পান নাই, হুতরাং কপালকুণ্ডলার সংবাদ আবশ্যক হইয়াছে।

ভাষাগত বিচারে কপালকুণ্ডলার উপন্যাসত্র কোথায় ক্ষুণ্ণ হয়েছে, সে বিষয়ে আর বিস্তার নিশ্চয়োজন, কিন্তু আরও একটা বিষয় এই সঙ্গে আলোচনা করা অপ্ৰাসঙ্গিক

হবে না। বঙ্কিমচন্দ্র কপালকুণ্ডলার মধ্যে যে প্রশ্ন তুলেছেন, তার উত্তর কপালকুণ্ডলার মধ্যে খুঁজে পাওয়া যায় না, সে সমস্যার উদ্ভব হয়েছে তার সমাধান হয় নি। অবশ্য উত্থাপিত সমস্তার সমাধানই যে উপন্যাসের একমাত্র লক্ষণ এ কথা নিঃসংশয়ে স্বীকার্য নয় কিন্তু কপালকুণ্ডলার মধ্যে যে সমস্তা উঠেছে তার মধ্যে একটা অসঙ্গতি স্পষ্ট। এ উপন্যাসের সমস্তা প্রকৃতির সঙ্গে সমাজের বিরোধের সমস্তা। এখানকার প্রশ্ন প্রকৃতির কোলে পালিত কোন মানুষের সামাজিক জীবনে স্বেচ্ছাবে চলা সম্ভব কি না। বঙ্কিমের নিজের কথায়—

যদি শিশুকাল হইতে বোলবৎসর পর্যন্ত কোনও স্ত্রীলোক সমুদ্রতীরে বন মধ্যে কাপালিক দ্বারা প্রতিপালিত হয়, কখনও কাপালিক ভিন্ন অন্য কাহারও মুখ না দেখিতে পায়, কেবল বনে বনে সমুদ্রতীরে বেড়ায়, পরে সেই স্ত্রীলোকটীকে যদি কেহ বিবাহ করিয়া সমাজে লইয়া আসে, সমাজসংসর্গে তাহার কতদূর পরিবর্তন হইতে পারে ও তাহার উপর কাপালিকের প্রভাব কি একেবারে অন্তহিত হইবে?

উপন্যাসের উপজীব্য বিষয় হিসেবে এ সমস্তায় আপত্তি হওয়া উচিত নয়, কারণ এই একটা চিরন্তন সমস্তা যুগে যুগে লেখকদের দৃষ্টি আকর্ষণ করে এসেছে। কিন্তু একটু লক্ষ্য করলে দেখা যাবে যে, কপালকুণ্ডলার মধ্যে বঙ্কিম মৌখিক এই সমস্তা তুলেও, বস্তুতঃ এ সমস্তা তোলেন নি। তাঁর নিজের অজ্ঞাতসারেই তিনি তাঁর প্রশ্ন হতে দূরে গিয়ে পড়েছেন। কপালকুণ্ডলার চরিত্রের মধ্যেই একথার প্রমাণ পাওয়া দুলভ হবে না।

বঙ্কিম কপালকুণ্ডলাকে শিশুকাল হতে বনচারিণী করে এঁকেছেন, কাপালিক ও অধিকারী ছাড়া অন্য কোন পুরুষ সংস্পর্শে সে এসেছে এমন আভাস বঙ্কিম কোথাও দেন নি। কিন্তু যখন তার প্রথম নবকুমারের সঙ্গে সাক্ষাৎ তখন তার মনে কোন বিস্ময়ের উদয় হয় নি—তার ‘দৃষ্টিতে সে লক্ষণ (চমকিতের লক্ষণ) কিছুমাত্র নাই, কিন্তু তাহাতে বিশেষ উদ্বেগ প্রকাশ পাইতেছিল।’ যে বালিকা জন্মাবধি বনচারিণী ও কাপালিক প্রতিপালিতা, তার পক্ষে প্রথম পুরুষদর্শনে ঐ ব্যবহারের স্বাভাবিকতা বিদগ্ধদের বিচার্য। আবার যে কপালকুণ্ডলা কাপালিককে পিতার মতো জ্ঞান করে, যে কপালকুণ্ডলা কাপালিক ছাড়া অন্য কোন আশ্রয়ের সন্ধান জানে না, সেই কপালকুণ্ডলার পক্ষে কাপালিকের সঙ্গে লুকোচুরির স্বাভাবিকতাও বিচারের বিষয়। কপালকুণ্ডলা ঠিক সময়ে খড়া লুকাইয়া রাখে, সে কাপালিকের বিরুদ্ধে নবকুমারের জীবন বাঁচায়। এই যে ছলাকলা, নির্জন সমুদ্রতীরে বদ্ধিত একমাত্র আশ্রয় স্থান কাপালিকের বিরুদ্ধে এই যে চাতুরী এ কি বনবিহারিণী কপালকুণ্ডলার চেয়ে সমাজচারিণী চতুরিকা কপালকুণ্ডলার পক্ষে বেশী শোভন নয়?

কোন কোন সমালোচক বলতে চেয়েছেন যে, নবকুমারের আকর্ষণে তার এ পরিবর্তন। কিন্তু তার যে এ পরিবর্তন হয় নি তার প্রমাণ শ্রীমানন্দরীর কথায়— ‘তুই আর কতদিন যোগিনী রহিবি?’ এবং এইখানে উপন্যাস হিসাবে কপালকুণ্ডলার

অসার্কতা। বন্ধি যে সমস্তা তুলেছেন সেটা বনবালার সমস্তা, কিন্তু কপালকুণ্ডলার যে ব্যবহার তার মধ্যে বনবালার আংশিক অন্তর্দান হয়েছে— একথা অস্বীকার করা যায় না। বিবাহ সম্বন্ধে কপালকুণ্ডলার মতামতে কথাটা আরও সুস্পষ্ট হবে। অধিকারীর মুখে বিবাহের কথা শুনিয়া কপালকুণ্ডলার উক্তি—‘বি-বা-হ!বিবাহের নাম ত তোমাদিগের মুখে শুনিয়া থাকি—কিন্তু কাহাকে বলে সবিশেষ জানি না।’—বনবালার পক্ষে স্বাভাবিক। কিন্তু সেই সঙ্গেই কপালকুণ্ডলার প্রশ্ন—‘যখন তোমার শিষ্য আসিয়াছিল, তখন তুমি কহিয়াছিলে যে, যুবতীর এরূপ যুবাশ্রমের সহিত যাওয়া অসুচিত; এখন যাইতে বল কেন?’—ইহার মধ্যে আমরা যে জ্ঞানের পরিচয় পাই, তার সঙ্গে পূর্ব উক্তির অজ্ঞতার নির্বিরোধ সামঞ্জস্য বোধ হয় সম্ভব নয়।

নানা দিক্ দিয়ে বিচার করে দেখলে মনে হয় যে, সমস্ত উপন্যাসটির মধ্যে এই বাচনিক ও বাস্তবিক সমস্তার পার্থক্যের ফলে এর উপন্যাসের রূপ ক্ষুণ্ণ হয়েছে—সমস্তা দানা বাঁধে নি। ফলে উপন্যাসের মধ্যে যে দ্বন্দ্ব, তা সজীব বিকাশশীল চরিত্রের দ্বন্দ্ব ততোটা নয় যতোটা মানবমূর্ত্তির মধ্য দিয়া মতবাদের দ্বন্দ্ব। আমার মনে হয়, মেঘদূতে যেমন পূর্বমেঘ থেকে উত্তরমেঘে যাত্রা আছে, বন্ধিমের মধ্যেও তেমনি একটা বনপর্ব হতে সমাজপর্বের যাত্রা অনায়াস লক্ষ্য। এবং এ কথাটা বলা বোধ হয় অত্যাঁহ হবে না যে, বন্ধিমের এই আরণ্যক পর্ব হতে সমাজপর্বের যাত্রার সময়েই কপালকুণ্ডলা রচিত হয়েছিল। তাঁর মনে উভয়ের যে দ্বন্দ্ব সেইটাই কপালকুণ্ডলার মধ্যে রূপ পরিগ্রহ করতে চেয়েছে কিন্তু তা জীবন্ত হয়ে ওঠে নি। কপালকুণ্ডলার চরিত্র অঙ্কণে বন্ধিম কপালকুণ্ডলার যে রূপ পরিকল্পনা করে সমস্তা তুলেছেন, কিছু দূর গিয়ে দেখি, নিজের অজ্ঞাতসারেই কপালকুণ্ডলার সে মূর্ত্তি কল্পনা তিনি বিস্মৃত হয়েছেন। তাই শ্রীযুক্ত অক্ষয়চন্দ্র সরকার এবং ললিতকুমার বন্দ্যোপাধ্যায় মহাশয়ের কথায় ‘কেবল মাত্র কপালকুণ্ডলা লিখিলেই কপালকুণ্ডলাকার কবি বলিয়া পরিচিত হইতেন’। কিন্তু কপালকুণ্ডলা উপন্যাস হিসেবে কতোটা সার্থক এ বিষয়ে আলোচনার অবকাশ এখনো শেষ হয় নি বলেই আমার বিশ্বাস।

শ্রীবিমলচন্দ্র সিংহ

বাংলা ভাষায় উৎকৃষ্ট সমালোচনার অভাব আছে, এ বিষয়ে আমি শ্রীযুক্ত বিমলচন্দ্র সিংহের সঙ্গে এক মত। বাংলা ভাষায় সমালোচনার ঐতিহ্য নেই, কারণ বাংলা গল্পের অতীত স্বল্প—তথা ভারতীয় গল্পের অতীত গরীবান বলা যায় না। যুরোপে গল্পের অতীত পণ্ডের অতীতের মতই স্বদূর আর সমৃদ্ধ, শুধু ইংরাজিতে কেন, অত্যাঁহ যে কোনও অর্ধাটীন ভাষায় প্লেটোর আবির্ভাব ভবিষ্যতের কথা। সমালোচনা—সাহিত্য সমালোচনা—

আমরা Ion প্রভৃতিতে সমৃদ্ধ অবস্থাতেই পাই। বাংলায় সমালোচনা সাহিত্য কবে সমৃদ্ধ, সংবদ্ধ, সুরচির্ণ হবে, কবে হবে পত্তাংশ বা গত্তাংশ উদ্ধৃত ক'রে তলায় তার গঞ্জে মর্ষজ্ঞাপন প্রভৃতি দায়সারা বইয়ের পাতা ভরানোর অবসান, যা দেখে' এবং পড়ে' সলোমনের কথা মনে পড়ে—আত্মার নিগ্রহ!

রবীন্দ্রনাথ বা শরৎচন্দ্র সম্বন্ধে যদিই বা কিছু সমালোচনা হয়ে থাকে, বঙ্কিমচন্দ্রের সম্বন্ধে প্রায় কিছুই হয়নি; তার কারণ বোধ হয় রবীন্দ্রনাথ বা শরৎচন্দ্রের 'পরে কালির আঁচড়' বুলিয়ে সকলেই আধুনিকমত্ততার আগ্রহে সমুৎসুক। অথচ বঙ্কিমচন্দ্রের কাছে ছুঁজেনেই অল্প-বিস্তর ঋণী, আধুনিক লেখকগণ মাইকেল এবং দীনবন্ধুর কাছে। যদি মনোনিবেশ করা যায় তাহলে দেখা যাবে হয়ত, রবীন্দ্রনাথের অনেক চরিত্র বঙ্কিমচন্দ্রের পাতায় তাদের শৈশব খুঁজে পাবে, শরৎচন্দ্রের কোন কোন চরিত্রে ফুটে উঠেছে বঙ্কিমের পাতায় চিত্রিত তাদের বাল্যের প্রতি সাড়ম্বর বিদ্রোহ। বিমলার চরিত্র অনেকখানি কাঠিষ্ঠ পেয়েছে উত্তরাধিকারসূত্রে কপালকুণ্ডলার কাছে। বঙ্কিমচন্দ্রের ছুটি মহৎ দান—বাংলা ভাষা আর চরিত্র চিত্রণ, যদিও তিনি সর্বাগ্রে ছিলেন—বাকে ইংরাজিতে বলা যায়—pompous। শ্রীযুক্ত বিমলচন্দ্র সিংহ তাঁর সে ছুটি মহৎ দানকেও আজ খাচাই করে নিতে চান, নিক্ষেপ করেছেন তাঁর কুটিল দৃষ্টি।

বাংলা ভাষা নিয়ে তিনি আপত্তি সূর্য করেছেন। বাংলা গল্পের ইতিহাসে দেখা যায় বঙ্কিমের আগে গল্প খারাপ ছিল না, হুগ ও স্কট এ বিশেষ দেওয়া তাদের অস্ত্রায় হবে না। চরম প্রশ্ন এইরকম হতে পারে—গঞ্জে উপন্যাস লেখা যায় কিনা, তাতে গল্পের মানহানি হয় কিনা, গল্পের ধর্মচ্যুতি হয় কিনা। কারণ গল্পের প্রতিষ্ঠা হচ্ছে প্রজ্ঞায়, অথও যুক্তির উন্মোচনেই তার মর্যাদা, হৃদয়বৃত্তিকে বিচার করে তার শ্রেণীধর্ম নিরূপণই তার পেশা। কোনদিন হয়ত শেষে উপন্যাসকে গল্পের মধ্যে খুঁজতে হবে তার কৈবল্য। কালীপ্রসন্ন সিংহ মহাশয় মহাভারতকে গঞ্জে ভেঙ্গেছেন, তবে কথা ভাঙ্গতে সাহস করেননি, তাঁর স্বরচিত ব্যঙ্গচিত্রে এ প্রথার অনুমোদন তিনি করেননি। শ্রীযুক্ত বিমলচন্দ্র সিংহ আপত্তি তুলতে পারেন বঙ্কিমচন্দ্র গ্রীসীয় ছঃশাসন প্রক্রাণিসের মত কালীপ্রসন্নের ভাষায় উপন্যাস চালাতে চেষ্টা করেছেন। তাঁর উদ্ধৃত নমুনা এবং স্থানে অস্থানে অনেক প্রকৃতি বর্ণনার সঙ্গে কালীপ্রসন্ন রূত অনুবাদের এই অংশটি মেলান যেতে পারে।

বৈশম্পায়ন কহিলেন, মহারাজ! গ্রীষ্মাবসানে স্বথময় বর্ষাকাল সমুপস্থিত হইল। শ্রামল জলদজাল নভস্থল ও দিগ্ভাঙল আচ্ছন্ন করিয়া গভীর গর্জনপূর্বক নিরবচ্ছিন্ন মুখলধারে বারিবর্ষণ করিতে লাগিল। বিভাকরের প্রভামণ্ডল একবারে তিরোহিত হইল ও সৌদামিনীর প্রভাশ্রেণী সতত ক্ষুরিত হইতে লাগিল। তৎকালে বোধ হইল যেন, ঘনমণ্ডলী বর্ষাকালে পটমণ্ডপস্বরূপ হইয়াছে।

নবীন তৃণসমাচ্ছন্ন অবনী বর্ধানীরে অভিষিক্ত হইয়া শান্ত ও মানবগণের একান্ত রমনীয় হইল।
 তীরবেগবতী ক্ষুদ্রসলিলা শ্রোতবতী সকল কলরবে বাণধারার স্থায় প্রবাহিত হইয়া তীরস্থ নবস্থলী
 সকল পরিশোভিত করিল।

(বনপর্ব, ১৮তম অধ্যায় ; অনুবাদ ১৭৮৮)

বঙ্কিমচন্দ্র ইচ্ছাশক্তিপ্রয়োগের মহিমা দেখিয়েছেন সন্দেহ নেই, তিনি grand style-এ সিদ্ধহস্ত হবার জন্তে ছিলেন উত্তমশীল, সেইজন্তে তাঁর কথার মোহ তাঁর অনুভূতির প্রাথমিক উপেক্ষা করে এগিয়ে গিয়েছে দ্রুতচালে, তাঁর ভাষার প্রতি মমতা তাঁর অনুভূতির স্বল্পতার কাছে মাথা নত করেনি। ভাষার যথার্থ সমৃদ্ধি ও প্রসাদ অনুভূতির (জাতিগত ও ব্যক্তিগত) বৃদ্ধি ও প্রাথমিক সূচনা করে, ভাষার সমৃদ্ধি ঘটলে বুঝতে হবে জাতির মনের শক্তি বেড়েছে। প্রশ্ন আসে, বঙ্কিমচন্দ্রে আমরা মনের, অনুভূতির, বিচারশক্তির বৃদ্ধি দেখতে পাই কি? পাই বই কি, প্রমাণ প্রাগবঙ্কিম সাহিত্যের নিরাভরণ হাত্তকর অসমৃদ্ধি—আধুনিক কবি যদি নিজের সাহিত্যের ঐতিহ্য খুঁজতে যান তাহলে একশ' বছর পর্যন্ত পেছিয়ে হতাশ হবেন। ইংরাজ কবি চসারে খোঁজেন তাঁর ধ্রুপদ, ফ্রান্সের কবি শাঁজ ছ রোলঁয়; আধুনিক বাঙ্গালী কবির তাইত করতে হয় এত পরিশ্রম, তাঁকে তাঁর পূর্বপুরুষেরা সাহায্য করতে অক্ষম। বঙ্কিম আজ হয়ত কোন কোন সমাজে ব্রাত্য, তাঁর অনেক গলদ ধরা পড়েছে, কিন্তু তিনি একটা ভাষাকে দাঁড় করিয়ে দিয়ে গিয়েছিলেন—যার রূপের চরম পরিণতি, এক হিসাবে, কপালকুণ্ডলার সাগরগন্তীর ভাষায়। সেই ভাষা ভেঙ্গে ভেঙে তাতে নানারকম জিনিষ মিশিয়ে, দাঁড়িয়েছে আধুনিক বাংলা গদ্য। যারা গদ্য লেখেন তাঁরা বঙ্কিমকে স্মরণ না করলে অকৃতজ্ঞ হবেন।

বঙ্কিমের ভাষাকে 'ব্যাকরণবহির্ভূত স্বকপোলকল্পিত সমাস ও সন্ধির অলঙ্কারে জর্জরিত' বলা দুঃসাহসের পরিচয় বলে মনে হয়। কারণ মহাপ্রভু চৈতন্যমূলত অলঙ্কারশাস্ত্রে ব্যুৎপত্তি না থাকলে বঙ্কিমচন্দ্রের গদ্যে ব্যাকরণ-অসম্মত সমাস বার করা শক্ত, বর্তমান লেখকের পক্ষে অসাধ্য, কারণ ব্যাকরণে বাঙ্গালী লেখক ও পাঠক অধুনা সমান অজ্ঞ বললে অত্যাুক্তি হবে না। বঙ্কিমের বিরুদ্ধে নাগিশ বোধ হয় অত্যা গঠন করতে হবে—তা বোধ হয় এই যেখানে তাঁর অনুভূতি অতি ক্ষীণ, তাঁর পর্যবেক্ষণ শক্তি নিঃশেষপ্রায় সেখানে তিনি কথার মোহে গলা কাঁপিয়ে পার হতে চান, তার ফলে অনেক ক্ষেত্রে যাকে বলা যায় ফাঁপা তাই হয়েছে। তিনি সর্বত্র ভাষাকেই প্রধান করেছেন বললে অত্যাুক্তি হবে না, তার মানে এ হয় না যে সর্বত্র তিনি ওস্তাদ কারিগর conscientious artist, তাহলে বাগ্‌বিস্তারের বিড়ম্বনা কম'ত। মতিবিবির বর্ণনা এখনও পর্যন্ত grand style-এ শ্রেষ্ঠ বর্ণনা। কিন্তু পাঠক ছুঁখিত হয় যখন দেখে

এই বাগবিত্তারে অনবরতই মগ্ন যাচ্ছে হারিয়ে, grand style-এর জীর্ণতার ফাঁকে ফাঁকে সাহিত্যরথীর সদন্ত আত্মবোধনা। বিমলবাবু যে সব নমুনা দিয়েছেন তার চাইতে ভাল নমুনা হত যদি তিনি বঙ্কিমচন্দ্রের দার্শনিক মাথানাড়াগুলি তুলতেন, তাহলে পাঠক তখনই সেগুলি চিনতে পেরে বলে উঠতেন—লোকটা কি pompous! “Verbal bombast” বোধ হয় বঙ্কিমচন্দ্রের লেখায় পুরোপুরি প্রযোজ্য। এবং এইখানেই বঙ্কিমচন্দ্রের সংস্কৃতির অভাব লক্ষিত হয়।

বঙ্কিমী-যুগে প্রকৃত সাহিত্য কতখানি উপভোগ করা হত সে বিষয়ে সন্দেহের অবকাশ আছে। সাহিত্যের রুচি যে অনেকাংশে মার্জিত হয়েছে সে কথা বোঝা যায় তখনই যখন বঙ্কিমের কোন বইয়ের অধ্যায়শীর্ষে বিভিন্ন কবির লেখা থেকে উদ্ধৃতগুলি নজরে পড়ে। Quotation-গুলি এযুগে মার্জিত রুচির পরিচায়ক বলে মনে করা হয়না, তাদের কাব্যাংশ অত্যন্ত ক্ষীণ, তাদের মধ্যে একটা জিনিষ বিশেষভাবে লক্ষিত হয়। তাদের “নাটকীয়” সুর, উদ্ধৃত ভঙ্গী, অত্যন্ত মোটাছুরে মোটাধরণের কাব্য। “Ingratitude, thou marble-hearted fiend” প্রভৃতি কথা উদ্ধৃত হয়েছে, তার কারণ ঐগুলিকে ইংরাজি ভাষায় যাকে বলে, mouth বা rant করা যায়। এই সব quotation উদ্ধার করার মধ্যেও সন্ধানী পাঠক বঙ্কিমের রুচির ফাঁকা গর্জনে শুনতে পাবেন, যেন বঙ্কিমচন্দ্র স্পষ্ট বলছেন,—‘Nay, an thou’lt mouth, I’ll rant as well as thou।’ মিল্টনও তার কাব্যে grand style সমান তালে চালাতে পারেন নি, গল্পে, বিশেষ উপন্যাসে, grand style ফাঁকা গর্জনে পর্যাবসিত হবে আশ্চর্য্য কি। বিশেষতঃ যখন মাইকেল, দীনবন্ধু ছাড়া সে যুগে কেউ Shakespeare উপভোগ করতে সাহস করতেননা তখন শিষ্কার ভয়ে, যখন বঙ্কিম, Scott, Macaulay পেলে পারতপক্ষে শেলী বা কীটসের দিকে ঘেঁসতেন না, বোল, সতের শতকের ইংরাজ কবিদের সাক্ষাৎ পেলে তাদের নীতিকথা না শুনিয়ে ছাড়তেন না।

ভাষার অনাবশ্যক উচ্ছ্বাস বোধ করি হোমার এবং দান্তে ছাড়া এমন কবি নেই যিনি দেখান নি। এমন কি কবি দান্তের যৌবনের লেখাতে আড়ম্বরের অপ্রাচুর্য্য নেই। ত্রিযুক্ত বিমলচন্দ্র সিংহ কপালকুণ্ডলার বর্ণনায় আপত্তি তুলেছেন, আপত্তির সময়ে তাঁর হোমারের হেলেনের রূপ বর্ণনার কথা বোধ হয় মনে ছিল (ইলিয়ড, ৩য় পর্ক) কিন্তু রূপ বর্ণনায় হোমারও একবার মাত্রই অসম্ভব সংঘম দেখিয়েছেন, তাও তাঁর হেলেনের বর্ণনা উতিরিয়েছে, তার কারণ ২৫০০ বছর ধরে যুরোপের মন হেলেনকে কল্পনা করে এসেছে। আমাদের দেশজ মহাকাব্যে নারীর রূপবর্ণনা সমারোহের ব্যাপার। কুমার-সম্ভবে পার্শ্বতীর বর্ণনা কোন্ পাঠক ভুলতে পারবেন, আর মেঘদূতের পংক্তিগুলি যা

হাজার বছর ধরে ভারতীয় যুবা বৃদ্ধ মনে মনে আউড়ে' এসেছেন! রামায়ণের কথা ছেড়ে দিলেও মহাভারতের দ্রৌপদী বর্ণনা বিরাট রাস্তাী স্রুদেষ্ণার মুখে!—

হে ভাবিনি! তোমার গুল্ফ ভাগ অলুচ, উরুদ্বয় সংহত, নাভিপ্রদেশ অতি গম্ভীর, নাসিকা উন্নত, অপাঙ্গ, কর, চরণ, জিহ্বা ও অধর লোহিত বর্ণ, বাক্য হংসের স্থায় গদগদ, কেশকলাপ অতি মনোহর, অঙ্গ শ্রামলবর্ণ, নিতম্ব ও পয়োধর নিবিড়তম, পশ্চরাজি কুটিল, মধ্যভাগ ক্ষীণ, গ্রীবা কদুর স্থায়, শিরাসকল অদৃশ্য এবং মুখমণ্ডল পূর্ণচন্দ্রের স্থায় রমণীয়, তুমি কাশ্মীরি তুরঙ্গীর স্থায় এবং পদ্মপলাশলোচনা কমলার স্থায় গৌন্দর্য্য ধারণ করিয়াছ; হে ভদ্রে, তুমি কে!

বিমল বাবু যে অংশ উদ্ধৃত করেছেন অতালোকের মতে সে ছত্রগুলি অপূর্ণ হওয়া বিচিত্র নয়, কারণ তাঁরা এই যুক্তি দেবেন কপালকুণ্ডলার শত অসঙ্গতি সত্ত্বেও যে চিরস্থায়ী ছাপ থাকে তা ওই বর্ণনাটুকু “সেই গম্ভীরনাদী বারিধিতীরে, সৈকতভূমে অস্পষ্ট সন্ধ্যালোকে দাঁড়াইয়া অপূর্ণ রমণীমূর্ত্তি”। কপালকুণ্ডলা রহস্যময়ী, তার কারণ আমরা প্রথমেই রহস্যে প্রদোষাক্ষকারে তার পরিচয় পাই, সে অপরিচয়ের রহস্য আমাদের কাটে না।

সমালোচক আর ছুটি উদ্ধৃতি দিয়ে যে ক্রটীর ইঙ্গিত করেছেন তাকে খুব বেশী আমল দেয়া চলনা, কারণ এ ক্রটি গত শতকে ইংরাজ ঔপন্যাসিকের মধ্যে আখ্যার, এবং আঠারো শতকের উপন্যাসে রেওয়াজ হিসাবে পাই।

কিন্তু এহো বাহ। উপন্যাসের সমস্তার উপস্থিত হলে অন্ত অসঙ্গতি মনে থাকা সঙ্গত নয়।

সমালোচক বলেছেন, ‘উপন্যাসের উপজীব্য বিষয় হিসেবে সমস্তার আপত্তি হওয়া উচিত নয়, কারণ এই একটা চিরন্তন সমস্তা যুগে যুগে লেখকদের দৃষ্টি আকর্ষণ করে এসেছে’। কিন্তু, আশঙ্কা হয়, এই সমস্তার চিরন্তনতা নিয়ে অনেকে হয়ত প্রথমেই আপত্তি তুলে বসবেন। বঙ্কিমচন্দ্রের যে কথাগুলি প্রস্তাব হিসাবে সমালোচক উদ্ধৃত করেছেন সে সমস্তার মধ্যে চিরন্তনতা কোথায় তা খুঁজে পাওয়া কিছু মুষ্কিল। আরও বলেছেন, ‘এ উপন্যাসের সমস্তা প্রকৃতির সঙ্গে সমাজের বিরোধের সমস্তা—এখানকার প্রশ্ন প্রকৃতির কোলে পালিত কোন মানুষের সামাজিক জীবনে স্রষ্টৃত্বভারে চলা সম্ভব কি না’। কিন্তু অবধান করলে হয়ত প্রকাশ হবে যে, কপালকুণ্ডলার সমস্তা অতি সঙ্কীর্ণ, সীমাবদ্ধ, তার মধ্যে চিরন্তনতার স্থান অল্প, বিশেষ গম্ভীরবদ্ধ একটা পারিপার্শ্বিকের অবস্থানেই তার স্রষ্টি ও গতি। প্রকৃতির কোলে পালিত কোন মানুষ সহজে মেলে না; মিলিলেও তাকে সমাজে এনে তাহার আচার ব্যবহার পর্য্যবেক্ষণের মধ্যে চিরন্তনতার বীজ নেই। বিশেষ আবার, এইরূপ প্রকৃতিপালিতা কপালকুণ্ডলার লালন হয়েছে এক কাপালিকের অভিভাবকতায়। এইরূপ ঘটনা সমাবেশ চিরন্তন নয়। বিশেষতঃ কাপালিক এবং

অঘোরপন্থীগণ আমাদের সমাজে নগণ্য, দুইএর বিরোধ চিরন্তন নয়। বরং বলা যেতে পারে, এ্যাডগার রাইস্ বরোজ্‌এর উপক্লাসগুলি আরও মজার, যদিও তার মধ্যে সমস্তা নেই। সমরোত্তর মানুষের হিংস্রতা টারজানের বহুতার মধ্যে দিয়ে পাছে রক্তলোলুপতা ও বহুতার তৃপ্তি, সভ্যতা আপনাকে পতিত করে', সে সমস্তাকে সম্ভাব্যতা দেয়নি। কাপালিকের অঘোরপন্থা কপালকুণ্ডলার মনে বিশেষ কোন ছাপ রাখেনি, কাপালিকের কপালকুণ্ডলার প্রতি গৃঢ় অভিসন্ধিও সে বুঝতে পারেনি। পেরেছিলেন অধিকারী মহাশয়, তাই তিনি তাকে মনুষ্যসমাজে পার্থিব্যার জন্তে ব্যস্ত। কাপালিক সম্বন্ধে কপালকুণ্ডলার বিশেষ ঔৎসুক্য ছিল না, বস্তুতঃপক্ষে সে অধিকারীর কাছেই বেশী থেকেছে, সবচেয়ে সাহচর্য পেয়েছে বালিয়াড়ী আর বনের। অনেক মানুষকে সে কাপালিকের আহুতিস্বরূপ উৎসর্গীকৃত হতে দেখেছে, অকঠিন নারীহৃদয়ে তাতে করুণার সঞ্চার হওয়া অস্বাভাবিক নয়—এবং নবকুমার সম্বন্ধে কাপালিকের সঙ্গে লুকোচুরি ও চাতুরী অসম্ভব নয়। যারা এ বিষয়ে আপত্তি তোলেন তাঁরা প্রায়ই ভুলে যান যে কপালকুণ্ডলা প্রাপ্তবয়স্ক। এই স্বীকৃতির সঙ্গে সঙ্গে সমস্তার রূপ বদলে যায়, এবং বঙ্কিমচন্দ্রের সম্বন্ধে সমালোচনার আসর অস্ত্র ভাবে জমে।

শেষ পর্য্যন্ত বোধ হয় প্রথম দরের মহাকবি ও নিম্নস্তরের স্রষ্টার মধ্যে পার্থক্য সত্যবাদিতা নিয়ে। মহাকবিদের বোধ হয় সবচেয়ে বড় গুণ সত্যপ্রিয়তা ও সারল্য। মনের আধার স্বচ্ছ হতে স্বচ্ছতার করে' সৃষ্টির ক্ষীণতম আলোটুকু অবিকৃত অবস্থায় মনের পটে ফেলতে পারাই বোধ হয় কবির কৃতিত্ব ও তাঁর শ্রেণী নির্দেশের মাপকাঠি। নিম্নদরের কবিদের পক্ষে অতথানি সাধনার প্রয়োজনীয় শক্তির অকুলান ঘটে, তাই তাঁদের মানসপটে যে ছবি পড়ে তা তাঁদের সামাজিক নীতি দুর্নীতিমূলক চিন্তার কুয়াশায় বিকৃত হয়। কুয়াশা বললে তার কারণ, যে-আবরণ সামাজিক জীবের পক্ষে সুখকর, স্বাচ্ছন্দ্যদায়ক, কবির পক্ষে তা বোঝাস্বরূপ। কবি সবচেয়ে অকবি, বেমানান, অবাঞ্ছিত, উৎক্ষিপ্ত।

একথা বললে বোধ হয় হঠাৎ হবেন যে বঙ্কিমচন্দ্র শ্রেষ্ঠ কবিজনোচিত সত্যবাদিতা ও সারল্যের প্রতীক ছিলেন না। যে সারল্য ছিল অগাষ্টিনের, যে সারল্যের জোরে শত সহস্র ক্রটি বিচ্যুতি সত্ত্বেও লরেন্স চিরজ্যোতির্জ্ঞানদের শ্রেণীভুক্ত, যে সত্যবাদিতার আশ্রয়ে শেক্সপীয়ার বা কালিদাস মহাকবি সে সারল্য বা সত্যবাদিতা বঙ্কিমচন্দ্রের কোষ্ঠীতে ছিল না। বঙ্কিমচন্দ্রের বংশধর তাই শরৎচন্দ্র, রবীন্দ্রনাথ নন। কারণ রবীন্দ্রনাথের প্রতি চরিত্র তার মূল স্বধর্মের অপমান কখনো ঘটতে দেয়নি, নরনারীর স্বধর্ম হ'তে স্থলিত হয়নি। সেইজন্তেই দামিনী, চোখের বালি, বিমলা চিরন্তন; কপালকুণ্ডলা হয়ত শেষ পর্য্যন্ত দেবী চৌধুরাণীর মত ঘাটে বসে বাসনই

মাজতেন যদি না তাঁর মধ্যকার কাঠিন্য তাঁকে চিরন্তনতার মর্যাদা দিত। প্রকৃতপক্ষে কপালকুণ্ডলার আশৈশব নিঃসঙ্গতাই তাঁকে কাঠিন্যমণ্ডিত করেছে যার জোরে তিনি বঙ্কিমের অশ্রু সকল সৃষ্টি হতে বহু উর্দ্ধে স্থান পেয়েছেন। বঙ্কিমচন্দ্র তাকে সামাজিকতার স্তরে নামাতে অক্ষম হয়ে, নিজের অজ্ঞাতেই কপালকুণ্ডলাকে সম্মান দিয়েছেন। দেবী চৌধুরাণী গ্রন্থে বা চরিত্রে চিরন্তনতা নেই, চিরন্তনতা আছে কপালকুণ্ডলা চরিত্রে, গ্রন্থের সমস্তায় নেই।

সমস্তার আলোচনা অপ্রাসঙ্গিক হবে না। নির্জনে প্রতিপালিতা কস্তুর সংসারে প্রবেশ করার পর অসুবিধার কথাই যদি বঙ্কিমচন্দ্রের প্রস্তাব হয় তাহলে তিনি বিফল-মনোরথ হয়েছেন স্বীকার করতে হবে। ‘সমস্তা দানা বাঁধেনি’, তার কারণ সমস্তাই নেই, সমস্তা বক্তব্যরূপেই খাড়া করা হয়েছে, দ্বিতীয়তঃ কপালকুণ্ডলা কাহিনীটুকুও কঠোরভাবে লিখে একটা নাতিদীর্ঘ উপস্থাপন খাড়া করবার মত উপকরণ বঙ্কিমচন্দ্রের বোধ হয় ছিল না। বাধ্য হয়ে ফাঁক ভরাবার জন্তে মতিবিবি প্রভৃতির অবতারণা, যারা উপস্থাপনের আকৃতি বাড়িয়েছেন, উপন্যাসকে বর্ণনাধীন করে তোলেননি। শেষ-কালে, ঈর্ষা উদ্বেক করিয়ে নবকুমারকে ‘কারণ’ খাইয়ে তারশ্বরে চীৎকার করান দৌর্য্যল্যের পরিচয়, তাতে উপস্থাপনের গতির ভবিতব্যতা ফুটে ওঠেনা, অশ্লীলতা প্রকাশ পায়। শ্রীমামুন্দরীর অবতারণার *raison d’etre* বোঝা যায়, এবং সে অবতারণা সার্থক।

নরনারীর পরস্পরের প্রতি আকর্ষণ নিম্নস্তরের লেখকের কাছে যুগে যুগে অপমানিত হয়ে এসেছে। এ বিষয়ে আত্মপ্রতারণার (snobbery) অন্ত নেই। প্রথম শ্রেণীর লেখক ভিন্ন কখনও কোন লেখক এই আকর্ষণকে প্রকৃতপক্ষে মর্যাদা দেন নি। তাঁরা দূর হ’তে তারশ্বরে চীৎকার করে এর স্তুতি গেয়ে এসেছেন, কিন্তু সাহিত্য-সৃষ্টির সময়ে এই ফাঁকা আওয়াজের স্বরূপ ধরা পড়ে—কারণ সাহিত্য গায়ের রক্তকে কালী করেই সম্ভব, সেখানে রক্ত যদি খারাপ থাকে তাহলে ধরা পড়েই। এই আকর্ষণ সম্বন্ধে কোন আন্তরিক সন্দেহ নেই, প্রগাঢ় শ্রদ্ধা নেই, মনে মনে তাঁরা জানেন এটা নিতান্তই লজ্জাকর ব্যাপার স্তবরাং লুকোছাপাই ভাল, যত তাড়াতাড়ি লুকিয়ে সাধু সাজা যায়। সেক্সপীয়র যখন ফার্ডিনান্ড, মিরান্দার চিত্র আঁকেন তখন তিনি সত্যবাদিতা হতে বিচ্যুত হতে পারেন নি, নিম্নস্তরের শিল্পী গল্‌স্‌ওয়ার্দি যখন আইরিংয়ের ছবি আঁকেন, তখন হঠাৎ খুব ‘অধ্যাত্মিক’ হয়ে প্রচুর মিথ্যা কথা ইনিয়ে বিনিয়ে বলে মানবধর্মের অপমান করেন, অগত্যা তাঁকে লরেন্সের কথামত খেয়ে চেতনালাভ করতে হয়। ব্যাসদেব মহাভারতে এ বিষয়ে কখনও মিথ্যাভাষণ করেননি, যুরিপিডিস বা কালিদাসও নয়। বঙ্কিমচন্দ্র এ বিষয়ে কখনও সহজ, সত্যবাদী হতে পারেন নি, এ স্বীকৃতি বাহ্যিক। এ সম্বন্ধে আমাদের ‘হাজার বছরের হাতকড়া বাঁধা মনই দায়ী এটা ঠিক, সেইজন্মেই

চতুরঙ্গ, চোখের বালির জন্তে রবীন্দ্রনাথকে নির্বোধের দল কাদা ছুঁড়েছিল। সেই ভয়ে ‘চোখের বালি’র শেষ অধ্যায়গুলিতে রবীন্দ্রনাথকে হুইদিক বাঁচিয়ে চলতে হয়েছে। বঙ্কিমচন্দ্রের যুগে কপালকুণ্ডলার যে পরিণতি দেখান হয়েছে, তা ছাড়া অন্য কোন পরিণতি সম্ভব ছিল না, বিশেষতঃ বঙ্কিমচন্দ্র ছিলেন দেশের নেতা, তিনি শুধুমাত্র একনিষ্ঠ সাহিত্যসেবী ছিলেন না। সেই জন্তে দেবী চৌধুরাণী বাসন মেজেছেন, শেষ বয়সে, বিষবৃক্ষের ফল বিষময়, ক্লম্বকাস্তের উইলে রোহিণীর হত্যা। শরৎচন্দ্র এ বিষয়ে আপত্তি তুলেছেন, শরৎচন্দ্র সম্বন্ধে ঠিক এই বিষয়েই প্রচুর আপত্তি তোলা যায়, যেমন, রমা, সাবিত্রী প্রভৃতি, তবে শরৎচন্দ্রও সামাজিক মানুষ, সেইজন্তে কপালকুণ্ডলা ‘চিরকাল যোগিনী’ হইয়াই থাকিলেন, শ্যামসুন্দরীর সংস্পর্শেও। সারল্য, পবিত্রতা সম্বন্ধে দ্বিতীয়, তৃতীয় স্তরের সাহিত্যিকদের অদ্ভুত ধারণা। সৃষ্টির অনেক সত্য ভুলে কপালকুণ্ডলাকে ‘সরল’ থাকতে হবেই, এমনিই পণ।

তবুও বলতে হবে কপালকুণ্ডলা চরিত্র ব্যর্থ নয়, তার চারপাশে এমন একাটি নির্জনতা, নিঃসঙ্গতা ও কঠোরতার আভরণ আছে যা তাকে বিশিষ্ট করেছে তবে একথাও সন্দেহ সন্দেহ স্বীকার করতে হবে যে, উপন্যাসটি ব্যর্থতাহীন, তার জন্তে সমস্তার ভঙ্গুরতা দায়ী নয়, দায়ী নবকুমার, যিনি, বিদেশী ভাষায় neither fish nor flesh nor good red herring.

শ্রীঅশোক মিত্র

শ্রীমান বিমলচন্দ্র সিংহ কপালকুণ্ডলা সম্বন্ধে কয়েকটি আপত্তি তুলিয়াছেন। তাঁহার আপত্তিগুলি সংক্ষেপে এই :—(১) কপালকুণ্ডলার ভাষা সমাসবদ্ধ সংস্কৃত শব্দের বাহুল্যে ভারাক্রান্ত, (২) ভাষার উচ্ছ্বাসে উপন্যাসের গতি প্রতিহত হইয়াছে, (৩) অনাবশ্যক উক্তিভেদ ও রসিকতার শোভনতা নষ্ট হইয়াছে, (৪) যে সমস্তা লইয়া বঙ্কিমচন্দ্র এই উপন্যাস আরম্ভ করিয়াছিলেন তাহা তিনি ভুলিয়া গিয়াছেন ও (৫) কপালকুণ্ডলার কাব্যাবলীর মধ্যে অভাব আছে।

আমার ধারণা এই সকল আপত্তির কোনটাই গ্রাহ্য নহে।

বঙ্কিমের ভাষার সমাসবাহুল্য আছে ইহা অস্বীকার করা যায় না। কিন্তু মনে রাখিতে হইবে তিনি একশত বৎসর পূর্বে জন্মিয়াছিলেন এবং তাঁহার পূর্বেরকার সাহিত্যের ভাষা আরও বেশী সমাসবহুল। বাঙলা ভাষা যে আজ এত সরল ও সাবলীল হইয়াছে ইহা তাঁহারই কৃতিত্ব। তিনি ভাষার আড়ম্বর পরিত্যাগ করাইয়া তাকে সম্পদ দান করিয়াছেন। অবশ্য ইহা স্বীকার্য যে বাহার বিরুদ্ধে তিনি বিদ্রোহ করিয়াছেন তাহার প্রভাব হইতে তিনি সম্পূর্ণ মুক্ত হইতে পারেন নাই। কোন প্রাচীন লেখকের ভাষার বিবেচনা করিতে

হইলে তাঁহার সমকালীন লেখকদের রচনা স্মরণ রাখিতে হইবে এবং দেখিতে হইবে সেই গভীর মধ্যে থাকিয়াও তাঁহার রচনার শব্দসম্পদ ও ছন্দগৌরব আছে কিনা। নবকুমার, কপালকুণ্ডলা, মতিবিবি, মেহেরউল্লিসা, পেশমন প্রভৃতির আলাপের ভাষা আলোচনা করিলে দেখা যাইবে বঙ্কিমের শব্দচয়ন কিরূপ অভ্রান্ত ও তাহার গতি কিরূপ সাবলীল। বর্ণনা সম্পর্কেও এই কথা খাঁটে। দৃষ্টান্ত দিতে গেলে উপন্যাসের অর্দ্ধাংশ উদ্ধৃত করিতে হইবে।

উচ্ছ্বসিত বর্ণনায় উপন্যাসের গতি ব্যাহত হইয়াছে দেখাইতে যাইয়া বিমলচন্দ্র যে দৃষ্টান্ত দিয়াছেন তাহাই তাঁহার উক্তিকে খণ্ডিত করে। কপালকুণ্ডলা ও নবকুমারের মধ্যে যখন প্রথম সাক্ষাৎ হইল তখন তাহাদের বেশী কথা বলিবার অবকাশ নাই। সমুদ্রের বিশালতা, তাহার গভীর নিনাদ, কপালকুণ্ডলার বিস্ময়কর সৌন্দর্য, তাহার রহস্যময়, নীলাচঞ্চল গতি—ইহার মিলিয়া নবকুমারের মনে যে বিচিত্র ভাবের সঞ্চার করিয়াছে তাহার বর্ণনায় বর্ণসমৃদ্ধি ও অলঙ্কার প্রাচুর্য থাকিবেই। বর্ণনা এইখানে আখ্যানের স্থান গ্রহণ করিয়াছে। উপন্যাসে সচরাচর যে টেকনিক্ ব্যবহৃত হয় তাহা হইতে এই টেকনিক্ পৃথক্। এই বর্ণনা সৌন্দর্য্যবোধকে জাগ্রত করে ইহার বিশালতা ও অপূর্ণ সমন্বয়ের সাহায্যে; এইখানে যে রহস্য রহিয়াছে তাহার পক্ষে বিস্তৃত বর্ণনা হৃদয় ইঙ্গিত অপেক্ষা অধিকতর উপযোগী।

নায়িকার রূপবর্ণনা সম্পর্কে একটা কথা বলা প্রয়োজন। ইহার মধ্যে যে খানিকটা বাহুল্য আছে তাহা স্বীকার্য্য। উপন্যাসে নায়িকা নায়ককে মুগ্ধ করিয়াছে সাহস চকিত দৃষ্টিতে, ধীরে ধীরে বহুদিনের সংস্রবের ফলে নহে। স্মৃতিরাজ্য তিনি মনে করিয়াছেন যে অতর্কিত সম্মোহনকে বিশ্বাসযোগ্য করিতে হইলে নায়িকার রূপের বিস্তারিত বর্ণনার প্রয়োজন। যদিও বর্ণনা উপন্যাসের ঘটনা হইতে বিচ্ছিন্ন এবং ইহার আতিশয্য পীড়াদায়ক। তবু ইহা যে একটি বিশিষ্ট টেকনিকের অঙ্গ তাহা স্বীকার করিতে হইবে। মতিবিবির বর্ণনার প্রারম্ভে যে রসিকতা আছে তাহা অল্পপযোগী নহে। এই বর্ণনার পূর্বেই মতিবিবির যে কথোপকথন আছে তাহা লঘু চঞ্চলতায় ভরা এবং সেইখানে মতি নবকুমারকে বলিতেছে যে বাঙালীরা নিজেদের স্ত্রীকে খুব রূপসী মনে করে।

এখন কপালকুণ্ডলার সমস্তা। বঙ্কিম প্রচারধর্ম্মী উপন্যাস লিখিয়াছেন, কিন্তু এই বইটা সেই শ্রেণীর নহে। কপালকুণ্ডলার সমস্তা বিশেষভাবে তাহারই সমস্তা। অবশ্য ব্যক্তির সমস্তা হইতে সমষ্টির সমস্তা পৃথক্ করা যায়না; প্রচারধর্ম্মী সাহিত্যেও ছুই একটি নর-নারীর জীবনের কাহিনীর মধ্য দিয়াই সমস্তার আলোচনা হয়। কিন্তু ঐ জাতীয় উপন্যাস ও নাটকের রচনারীতি সাধারণ উপন্যাস ও নাটকের রচনারীতি হইতে ভিন্ন। প্রচারধর্ম্মী সাহিত্যে ছুইটি উপায় অবলম্বিত হইয়া থাকে। কোন কোন জায়গায় দেখি যে,

নায়ক নায়িকা গ্রন্থকারের বক্তব্য বিষয় সম্পর্কে সম্পূর্ণ সচেতন এবং গ্রন্থকারের মতবাদ তাহাদের অনুভূতিতে সজীব হইয়া উঠে। ‘দেবী চৌধুরাণী’ এই জাতীয় উপন্যাস। আবার অন্তর দেখিতে পাই যে, গ্রন্থকার প্রধান নায়ক নায়িকাকে খুব গোণ করিয়া তাহাদের ব্যক্তিগত জীবনের অন্তরালে যে গুরুতর সমস্যা রহিয়াছে তাহারই উপর আলোকপাত করেন। বর্তমান যুরোপের অধিকাংশ প্রচারমূলক উপন্যাস ও নাটক এই জাতীয়। ‘কপালকুণ্ডলা’র এই দুই রীতির কোনটাই অবলম্বিত হয় নাই। কপালকুণ্ডলার কাহিনী কয়েকট নর-নারীর কাহিনী। বঙ্কিম দুই এক জায়গায় সর্বসাধারণ-প্রবোজ্য দুই একটা কথা বলিলেও সম্পূর্ণ উপন্যাসস্থানির রূপ বদলাইয়া যায় নাই।

কপালকুণ্ডলার চরিত্রে যে অসঙ্গতির কথা বিমলচন্দ্র উল্লেখ করিয়াছেন তাহাও যুক্তিবিহীন। কপালকুণ্ডলা কাপালিক প্রতিপালিতা; সামাজিক রীতি নীতিতে অনভিজ্ঞ। কিন্তু সে নির্বোধ নহে; ইহার পূর্বেও সে নরহত্যা দেখিয়া থাকিবে, এবং নরহত্যায় খড়্গের প্রয়োজনীয়তাও সে জানে। অধিকারীকে সে চিনে ও বিশ্বাস করে। সে খড়্গ লুকাইয়া নবকুমারকে অধিকারীর বাড়ী লইয়া যাইবে—ইহার মধ্যে প্রকৃতি-পালিতা, সরলা অথচ বুদ্ধিমতী বালিকার পক্ষে অসম্ভব কি আছে বুঝিতে পারি না। যখন সে অধিকারীর বাড়ী পহুছিয়াছে এবং সেইখানে তাহার ও নবকুমারের লোকালয়ে পলায়নের প্রশ্ন উঠিয়াছে তখনই সে অধিকারীর উপর নিজেকে ছাড়িয়া দিয়াছে, কারণ লোকালয়ের রীতিনীতি সম্পর্কে তাহার ধারণা অতিশয় অস্পষ্ট। ইহাকে কি চতুরিকা বলা যায়?

শ্রীমান্ অশোক মিত্রের নিবন্ধ সম্পর্কে আমি মাত্র একটি কথা বলিব। তিনি বিমলচন্দ্রের আপত্তি খণ্ডন করিয়াছেন; এই বিষয়ে তাঁহার ও আমার মতে ঐক্য রহিয়াছে, যদিও আমাদের পথ বিভিন্ন। সর্বশেষে তিনি প্রথম ও দ্বিতীয় স্তরের লেখকের মধ্যে যে শ্রেণীবিভাগ করিয়াছেন তাহা আমি গ্রহণ করিতে পারিলাম না। তিনি বলেন, শ্রেষ্ঠ সাহিত্যের লক্ষণ সত্যবাদিতা (অথবা স্পষ্টবাদিতা)। তাঁহার মতে নরনারীর যৌন সম্বন্ধকে “প্রগাঢ় শ্রদ্ধা” দিয়া স্পষ্ট করিয়া বর্ণনা করা এই সত্যবাদিতার একটি নিদর্শন এবং এই স্পষ্ট ভাষণের মধ্যে “সামাজিক নীতি-দুর্নীতিমূলক চিন্তার কুয়াশা” থাকিলে চলিবে না। আমার বক্তব্য এই যে, যৌন প্রকৃতি যেমন সত্য ইহাকে সংযত করার প্রবৃত্তিও তেমনি সত্য। সামাজিক নীতি দুর্নীতি ইহাতে পারে কিন্তু তাহার ভিত্তি মানবমনের একটি প্রবৃত্তিতে। অতিসংযম হয়ত মিথ্যা কিন্তু অসংযমই একমাত্র সত্য নহে। তারপর সত্যের কোন স্থির মাপকাঠি আছে বলিয়া মনে হয় না। প্রত্যেক লেখকের শিক্ষা, অনুভূতি, পারিপার্শ্বিক অবস্থার উপর তাঁহার “সত্য” নির্ভর করে।

এই যে মিথ্যা সত্যানুসন্ধান ইহার অন্তরালে রহিয়াছে চিরন্তনের প্রতি মোহ। সাহিত্যে কি জিনিষ চিরকাল চলিবে তাহা লইয়া আমাদের জিজ্ঞাসার অবধি নাই। হিমালয় অনাদি নহে, দক্ষিণাপথও অনন্ত নহে, বৈজ্ঞানিকরা এইরূপ বলেন। অথচ আমাদের কোন্ লেখা নিরবধি কাল ব্যাপ্ত থাকিবে ইহা লইয়া আমরা অফুরন্ত আলোচনায় ব্যস্ত আছি। এই মোহ ও দম্ভ আজকালকার সাহিত্যিকদের গক্ষে সর্বাপেক্ষা অশোভন। আমরা প্রাচীন কালের সাহিত্যসমালোচনাকে অবজ্ঞা করি, তখনকার মাপকাঠিকে আমরা গ্রহণ করি না এবং যখন গ্রহণ করি তখনও বিজ্ঞ মূরবির মতই করি। অথচ অনন্ত ভবিষ্যৎকে আমরা বাঁধিয়া রাখিতে চাহি। যে পুত্র পিতার বিরুদ্ধে বিদ্রোহ করিয়াছে ভবিষ্যৎ বংশধরের প্রতি তাহার দৃষ্টিই সর্বাপেক্ষা কড়া।

শ্রীমুবোধচন্দ্র সেনগুপ্ত

রবীন্দ্র-সাহিত্যে পল্লীপ্রকৃতি

(৪)

অধ্যাপক শ্রীশিবপ্রসাদ ভট্টাচার্য্য, এম্-এ

বর্তমান যুগের নিত্য বিবদমান শক্তিপুঞ্জের সহিত প্রকৃতিকে আধার-আধেয়ভাবে পর্যবেক্ষণের ফলে ও আনুশঙ্গিকরূপে সত্য প্রতিদ্বন্দ্বী মানবের ঈর্ষাকলুষকষায়িত স্বরূপের বিকাশে আমরা প্রকৃতির, বহিঃপ্রকৃতির ও মানবপ্রকৃতির, প্রকৃত স্বরূপ ভুলিতে বসিয়াছি। সংসারের একরস কলহকোলাহলে আমাদের জীবনের যাহা সহজ নিজস্ব ধারা তাহার নিত্য সত্য শাস্ত সাধনার মূর্তিকে দূরে ফেলিয়া আমরা অস্থির বস্তুজগতের তথাকথিত দৃঢ়প্রতিষ্ঠিত কামনার বস্তুর পিছনে ছুটিতেছি কেবল অন্ধশক্তির প্রচণ্ড নীলার বশে—কবি তাঁহার তত্ত্বপূর্ণ প্রবন্ধাবলীতে এই কথা স্পষ্ট ইঙ্গিতে নির্দেশ করিয়াছেন। এইভাবে আমরা আমাদের আপনার, আপনার জাতির পরিচয় বিসর্জন দিতে বসিয়াছি। প্রাচীন পল্লীপ্রকৃতি আমাদের স্বরূপের চিরন্তন ধারাকে যেমন সজীব রাখিতে চেষ্টা করিয়াছিল, এমন আর কিছুই নহে।

মানুষের প্রকৃতির মধ্যে সবই যদি চিরন্তন হয়, কিছুই যদি তাহার নিজে গড়িয়া লইবার না থাকে, আপনার মধ্যে কোথাও যদি সে আপনার ইচ্ছা খাটাইবার জায়গা না পায় তবে তো সে মাটির ঢেলা। আবার যদি তাহার অতীতকালের কোনো একটা চিরন্তন ধারা না থাকে, তাহার সমস্তই যদি আকস্মিক হয়, কিংবা নিজের ইচ্ছা অনুসারেই আগাগোড়াই আপনাকে যদি তাহার রচনা করিতে হয় তবে সে একটা পাগলামি, একটা আকাশকুসুম

মানুষের এই প্রকৃতি অনুসারেই মানুষের পরিচয়।... (পরিচয়—আত্মপরিচয়, ৪৩ পৃঃ)

মানুষের চিত্তের অপরিবর্তনশীল স্বভাবের বিকাশ পল্লীর উজ্জল কোমল অঙ্কে কি ভাবে সাধিত হইয়াছিল তাহা ভারতের অপরূপ সভ্যতার ইতিহাসে স্বাতন্ত্র্যের অক্ষরে স্পষ্ট খোদিত দেখি। কবিকে ভারতের এই নিত্য-উদ্ভূত সত্য ক্রিয়াশীল স্পন্দনশক্তি কেমন বিস্ময়স্তমিত করিয়াছিল তাহার আলোচনা তাঁহার একাধিক প্রবন্ধে পাই :—

“কালের বেগবান প্রবাহে, পরিবর্তন কোলাহলের কেন্দ্রস্থলে প্রকৃতির সহস্র শক্তির রণ-রঙ্গভূমির মাঝখানে সংস্কৃত হয়ে খুব একটা শক্ত রকম শিক্ষা এবং সভ্যতা লাভ হয় সত্য বটে, কিন্তু নির্জনতা নিশ্চিন্ততা গভীরতার মধ্যে অবতরণ ক’রে যে কোন রহস্য ধরার দায় না তা কেমন ক’রে বলবো। এই মধ্যমান সংসার-সমুদ্রের মধ্যে সেই নিশ্চিন্ততার অবসর কোন জাতিই পায় নি; মনে হয় কেবল ভারতবর্ষই এককালে দেবক্ৰমে সমস্ত পৃথিবীর মধ্যে সেই বিচ্ছিন্নতা লাভ ক’রেছিল এবং অতলস্পর্শের মধ্যে অবগাহন ক’রেছিল। জগৎ যেমন অসীম, মানবের আত্মাও তেমনি অসীম, যারা সেই

অনাবিষ্কৃত অন্তর্দেহের পথ অনুসন্ধান ক'রেছিলেন, তাঁরা যে কোনো নূতন সত্য, কোন নূতন আনন্দ লাভ করেন নি তা নিতান্ত অবিধাসীর কথা।”... (স্বদেশ—নূতন ও পুরাতন, ৩—৪ পৃঃ)

এই আনন্দের সন্ধান তত্ত্বায়েবী ক্রান্তদর্শী স্ববিগণের দান—যাহা ভারতের পল্লীতে পল্লীতে জাতির যুগযুগান্তরাগত সম্পৎ বলিয়া আমরা শ্রাঘ্যের সহিত বরণ করিয়া লইয়াছিলাম এবং যাহার অবহেলায় আজ আমরা ‘অস্থির’ ‘অতিষ্ঠ’ হইয়া উঠিয়াছি।

ব্যক্তিগত জীবনের পূরষ্কার প্রলোভনের ভিতর কখন কখনও আমরা প্রবর্তার মত স্থির এই তত্ত্বকে উপহাস বা অবহেলা করিতে পারি, করিয়া থাকিও। কিন্তু নিরবচ্ছিন্ন অর্থনীতির হিসাব নিকাশই যে পরিপূর্ণভাবে আমাদের জীবন নহে, তাহা বুঝিতে বিলম্ব হয় না। অর্থনীতির স্বাভাবিক ওলটপালট সংসারের প্রকৃত স্বরূপকে, পারমার্থিক সত্যকে আমাদের হৃদয়ে দৃঢ়প্রাণিত করিয়া থাকে। আমাদের বস্তুতত্ত্ববহুল একরস দৈনিক জীবন আমাদের আত্মার অপরিতৃপ্ত ‘নিবিড় রসপিপাসা’কে অভিব্যক্ত করে—আর দৈনিক জীবনের যন্ত্রচালক বুদ্ধি বা মন তাহার ভিতরকার প্রাণশক্তি পায় ঐ আত্মা হইতে। প্রাসাদপরিপূর্ণ বিলাসলাভবহুল দগরীর অধিবাসীর পক্ষে এই চিন্তা ক্ষণিক ‘বিদ্রোহবিলাসের’ মত বোধ হইতে পারে; তথাপি বৈষম্য সাহিত্যে প্রসিদ্ধ ভক্তশিরোমণি সপ্তগ্রামের ধনীর ছলিল রঘুনাথ দাস একটা ‘ঘুণাক্ষর ছায়ের’ সৃষ্টি একথা সাহস করিয়া বলিতে পারি না। পল্লীর নিবিড়স্নিগ্ধ শান্ততায় এই চিন্তার প্রবাহ বাধা পায় না—সেখানকার সাধারণের ধারণা কবির ভাষায়—

তাতল সৈকতে বারিবিন্দু সম স্নতমিত রমণীসমাজে

তৌহে বিস'রি মন তাঁহে সম'পিছু অব মবু হব কোন কাজে' (১) ॥

ভক্ত কবির এই আত্মনিবেদনকে নিছক কল্পনার কুহক বলিয়া উড়াইতে পারি না। মর্ম্মজ্ঞ বৌদ্ধ কবি অশ্বঘোষের বিশ্লেষণপ্রণালীতে (২) ‘ক্লেশানুকূল বিষয়প্রপঞ্চ’ ও তাহার অনুধাবনায় প্রবৃত্ত ‘তীব্র ক্লেশরজঃ’ শুধু সম্পন্ন রাজকুমারের ভাগ্যেই স্নলভ, তাহা ত নহে। আমাদের অসহ উৎকট (aggressive) কর্ম্মজীবন আমাদের অন্তরের রস-পিপাসাকে কি পরিমাণে নিষ্পিষ্ট ও নিবারিত করে তাহা কবির অতুলনীয় ভাষায় বর্ণনা করা চলে :—

কাজের উত্তমকে অপরিমিত বাড়াইয়া তুলিয়া কাজগুলোকে প্রকাণ্ড করিয়া, কাজে কাজে লড়াই বাধাইয়া দিয়া যে অশান্তি ও অসন্তোষের বিষ উদ্ভাষিত হইয়া উঠে, আপাতত সে আলোচনা থাক। আমি কেবল ভাবিয়া দেখিতেছি এই সকল কৃষ্ণধূমধসিত দানবীয় কারখানাগুলার ভিতরে, বাহিরে, চারিদিকে মানুষগুলোকে যে ভাবে তাল পাকাইয়া থাকিতে হয়, তাহাতে তাহাদের নির্জনদের

(১) বিজ্ঞাপতি—পদাবলী।

(২) সৌন্দর্যনন্দ —পঞ্চম সর্গ।

সহজ অধিকার, একাকিত্বের আকটুকু থাকে না। না থাকে স্থানের অবকাশ, না থাকে কালের অবকাশ, না থাকে ধ্যানের অবকাশ। (১) এইরূপে নিজের সঙ্গ নিজের কাছে অত্যন্ত অনভ্যন্ত হইয়া পড়াতে...বলপূর্বক নিজের হাত হইতে নিষ্কৃতি পাইবার চেষ্টা ঘটে। নীরব থাকিবার, শুক থাকিবার, আনন্দে থাকিবার সাধ্য আর কাহারো থাকে না।...

যাহারা শ্রমজীবী তাহাদের এই দশা। যাহারা ভোগী তাহারা ভোগের নব নব উদ্ভেজনায় ক্রান্ত।...স্বর্ণাগতির মধ্যে দেহ কখনো নিজেকে এবং জগৎকে ঠিক ভাবে দেখিতে পায় না, সমস্তই অত্যন্ত আপ্সা দেখে। যদি এক মুহূর্তের জন্ত তাহার প্রমোদচক্র খামিয়া যায়, তবে সেই ক্ষণকালের জন্ত নিজের সহিত সাক্ষাৎকার, বৃহৎ জগতের সহিত মিলন লাভ, তাহার পক্ষে অত্যন্ত দুঃসহ বোধ হয়।... (স্বদেশ—নববর্ষ, ৩৭—৩৮ পৃঃ)

পল্লী এই পুরাতন অথচ চিরনবীন স্বভাব ও স্বারাজ্য সাধনার অকৃত্রিম ক্ষেত্র। উপাসনা, ধ্যান, ধারণা—যাহাতে মানবের উচ্চতম ও অনন্ততন্ত্র অধিকার,—যাহা তাহার অভ্যাসাত্মক শিক্ষা, ‘মহুয়াচর্চার’ সোপানরূপে অবিসংবাদিতাবে নিদ্রিষ্ট ভারতবাসীর পল্লীর আত্মীয়স্বজনপরিবেষ্টিত জীবনের মধ্য দিয়া, কোমল উদার হৃদয়বৃত্তির পরিপুষ্ট ও পরিপূর্তির সম্ভারে গৌরব প্রাপ্ত হয়,—তাহা ত হটকোলাহলের মধ্যে লভ্য নহে। বর্তমানযুগের যুগমানব রামকৃষ্ণ পরমহংস দেবের অননুভূতকরণীয় ভগবৎসাধনা, ‘নির্জনে, গোপনে, বনে, মনে, কোণে’ অভ্যাস করিবার বস্তু। পল্লীর পর্ণগৃহ দীনের সাধনার আশ্রম। অবকাশের অবসরে রামায়ণ মহাভারত পুরাণের কথা, কৃষ্ণ-কীর্তন, আনন্দ উৎসব, বারব্রত প্রভৃতি ‘সমাজের কলুষের ঘনবাপ্প’ হইতে মনকে অনেক পরিমাণে নিম্নল করিয়া রাখে বলিয়াই ত বহিরঙ্গভাবে উচ্চ আদর্শের প্রভাব এবং অন্তরঙ্গভাবে চিন্তা—বিশ্রাম—বৈরাগ্য এই ত্রিধারার অকপট সাধনা তাহাকে জীবনের শ্রেষ্ঠ কাম্য একতানতা বা একাগ্রতা বৃত্তিকে প্রকৃতিস্থ করিবার শক্তি দিয়া দত্ত করে। (২) আজ প্রায় অদ্বৈততান্দী পূর্বে বোলপুরে শান্তিনিকেতন-আশ্রমে পঠিত তাঁহার এক প্রবন্ধে পাই—

এখানে আশ্রমে নির্জন প্রকৃতির মধ্যে শুক হইয়া বসিলে অন্তরের মধ্যে স্পষ্ট উপলব্ধি হয় যে হওয়াটাই জগতের চরম আদর্শ, করাটা নহে। প্রকৃতিতে কর্ণের নীমা নাই, কিন্তু সেই কর্ণটাকে অন্তরালে রাখিয়া সে আপনাকে হওয়ার মধ্যে প্রকাশ করে।...স্বর্ণমান চক্রগুলিকে নিম্নে গোপন করিয়া

(১) ইহাই হইল আমাদের ‘Modern Times’।

(২) কবি উত্তরজীবনে ইউরোপে ও আমেরিকায় প্রাচ্য ও পাশ্চাত্য আদর্শের ভেদনির্দেশ প্রসঙ্গে এই কথাটাই হৃদয় করিয়া বুঝাইয়াছিলেন। Sadhana নাম দিয়া ইংরাজী ভাষার লেখা পুস্তকে ইহার পরিচয় মিলে। একজন সমালোচক এই গ্রন্থের আলোচনা প্রসঙ্গে বলেন :

“In all other works (of his) the lyric genius, the dramatic talent, the story-telling skill seem to be like so many prisms resolving the whole light of the poet’s soul into a beautiful symphony of colours, while in the Sadhana we have the white light in its calm noonday radiance.”

স্থিতিকেই গতির উর্দ্ধে রাখিয়া, প্রকৃতি আপনাকে নিত্যকাল প্রকাশমান রাখিয়াছে—উর্দ্ধাশ কর্ণের বেগে নিজেকে অস্পষ্ট এবং সঙ্কীর্ণমান কর্ণের স্তূপে নিজেকে আচ্ছন্ন করে নাই। এই কর্ণের চতুর্দিকে অবকাশ, এই চাঞ্চল্যকে ধ্রুব শান্তির দ্বারা মণ্ডিত করিয়া রাখা—প্রকৃতির চির নবীনতার ইহাই রহস্য। কেবল নবীনতা নহে, ইহাই তাহার বল.....

ভারতবর্ষ তাহার তপ্ততাম্র আকাশের নিকট, তাহার শুক্লধূসর প্রান্তরের নিকট, তাহার জলজটামণ্ডিত বিরাট মধ্যাহ্নের নিকট, তাহার নিকম্বকৃষ্ণ নিঃশব্দ রাত্রির নিকট হইতে এই উদার শাস্তি, এই বিশাল স্তব্ধতা আপনার অন্তঃকরণের মধ্যে লাভ করিয়াছে। ভারতবর্ষ কর্ণের ক্রীতদাস নহে। (স্বদেশ—নববর্ষ, ২৯—৩০ পৃঃ)

ভারতের সাধনার এই বৈশিষ্ট্য শাস্তি, স্তব্ধতা ও সমাধির আকর্ষণ বৈদিক যুগে কর্মকাণ্ডের যুগে—তাহার ‘সংসব’ প্রভৃতি যজ্ঞের সংজ্ঞার অন্তরালে শান্তির সূচনার ইঙ্গিত, বাচক প্রক্রিয়ায়, তাহার উপনিষদের তত্ত্বজ্ঞের সংসদে, তাহার ধর্মসংহিতার যুগে নদীতীরে, নির্জনে সন্ধ্যাবন্দনা বিধানের বিধিনিয়মে এবং পরবর্তী যুগে মূর্তি ও মন্দিরের মনোরম শাস্ত পরিবেশ পরিকল্পনায় চমৎকার আত্মপ্রকাশ করিয়াছে। ইহার অবশুস্তাবী পরিণামের কথা কবির ভাষায় ব্যক্ত করা যাউক।

...আমাদের প্রকৃতির নিভৃততম কক্ষে যে অমর ভারতবর্ষ বিরাজ করিতেছেন, আজি নববর্ষের দিনে তাহাকে প্রণাম করিয়া আসিলাম]...দেখিলাম তিনি ফললোলুপ কর্ণের অনন্ত তাড়না হইতে মুক্ত হইয়া শান্তির ধ্যানাসনে বিরাজমান, অবিরাম জনতার জড়পেঘন হইতে মুক্ত হইয়া আপন একাকিত্বের মধ্যে আসীন এবং প্রতিযোগিতার নিবিড় সংঘর্ষ ও ঈর্ষাকালিমা হইতে মুক্ত হইয়া তিনি আপন অবিচলিত মর্যাদার মধ্যে পরিবর্তিত (১)। এই যে কর্ণের বাসনা, জনসংঘের আঘাত ও জিগীষার উত্তেজনা হইতে মুক্তি ইহাই সমগ্র ভারতবর্ষকে ব্রহ্মের পথে ভ্রমহীন, শোকহীন, মৃত্যুহীন পরম মুক্তির পথে স্থাপিত করিয়াছে। (স্বদেশ—৪৩-৪৪ পৃঃ)

পল্লীর মুক্ত অবাধ গগন পবনে সাধনার অনুকূল অসীমের রসাস্বাদনের সহায়তা স্বীকার করিতে পারিলেও বলা চলে যে তাহার স্বরতর প্রসার, সমাজের খুঁটিনাটি, বিধি-নিষেধ, মানব সম্বন্ধের ধরাবাঁধা ভাব একটা বিরাট ব্যাপ্তিশীল অনুভূতির উদ্বোধনে পঙ্গু। যে পরিমাণে নগরী তাহার বিশাল পরিধি, বিপুল জনসংঘ লইয়া ‘বহুঐধেব কুটুম্বকম্’ ভাবের (cosmopolitanism) উদ্বেক করে, তাহা হইতে ইহা অনেক নিম্নস্তরের—এই যুক্তির মস্তিষ্কবৃত্তি ও কথঞ্চিৎ হৃদয়বৃত্তির দিক্ দিয়া সারবত্তা থাকিলেও অন্তরের অনুভূতি বা আধ্যাত্মিক চেতনার বিষয়ে তাহা প্রযোজ্য নহে। পল্লী ‘ঘর’ ‘বাহির’ নহে, পল্লী সমাজস্থিতির ‘দৃঢ় নিশ্চল কেন্দ্র’, কল্যাণের স্বপ্রতিষ্ঠ আয়তন, তাহা আকর্ষণ-বিকর্ষণের বিশাল পরিধিতে কক্ষত্রষ্ট আত্মঘাতী শক্তিপুঞ্জের অযত্নসংবদ্ধ সমবায় নহে। পল্লী স্বীয় মহিমায় স্বপ্রকাশ—

ভূমার সহিত সীমার সম্বন্ধবন্ধন ইহার অগুপ্তরমাণুতে অল্পস্থ্যত (১)। ইহার প্রকৃতি, ক্ষুদ্র পরিশুদ্ধ আসনে আসীন, তান্ত্রিক সাধকের উদ্ভুদ্ধ কুলকুণ্ডলিনী শক্তির লীলার সদৃশ লীলা ইহাতে প্রকট। এখানকার বন্ধন মুক্তির আশ্বাদ বহিয়া আনে। ‘ভারতবর্ষে ইতিহাসের ধারা’র বিশ্লেষণ প্রসঙ্গে রবীন্দ্রনাথ এই বন্ধনের সাহায্যে আত্মরক্ষণের স্বভাবসিদ্ধ প্রয়াসের সার্থকতা দৃষ্টান্ত দ্বারা প্রদর্শন করিয়াছেন।

তুয়ারাবৃত আলস গিরিমালার শিখরে যে ছঃসাহসিকেরা আরোহণ করিতে চেষ্টা করে, তাহারা আপনাকে দড়ি দিয়া বাঁধিয়া বাঁধিয়া অগ্রসর হয়—তাহারা চলিতে চলিতে আপনাকে বাঁধে, বাঁধিতে বাঁধিতে চলে—সেখানের চলিবার উপায় স্বভাবতঃই এই প্রণালী অবলম্বন করে, তাহা চালকদের কৌশল নহে। বন্দীশালায় যে বন্ধন স্থির করিয়া রাখে দুর্গম পথে সেই বন্ধনই গতির সহায়। ভারতবর্ষেও সমাজ কেবলি দড়িদড়া লইয়া আপনাকে বাঁধিতে বাঁধিতে চলিয়াছে কেননা নিজের পথে অগ্রসর হওয়া অপেক্ষা পিছলিয়া অস্ত্রের পথে নষ্ট হওয়ার আশঙ্কা তাহার সম্পূর্ণ ছিল। এইজন্যই ভারতবর্ষে স্বভাবের নিয়মে আত্মরক্ষণীশক্তি আত্মপ্রসারণীশক্তি অপেক্ষা বড় হইয়া উঠিয়াছে।

(পরিচয়—নূতন সংস্করণ, ২১ পৃঃ)

এই বন্ধনশৃঙ্খলা পল্লীজীবনকে ‘প্রাচীনালুপ্তিতার পথে আনিয়া থাকিবে। অতীতের সহিত অবিচ্ছেদ্য সম্বন্ধ বা কালের অনাদি অনন্ত দুর্কোষ সংহতির সূত্র (‘ঐক্যজাল’) পল্লীকে এক অবিচ্ছিন্ন ধারাবাহী জীবনপ্রবাহরূপে পরিণত করিতে সহায়তা করিয়াছে। ভগবান বিষ্ণুর বক্ষে ভৃগুশ্রুতির পদচিহ্নের মত, এই প্রাচীনালুপ্তিতার পরিচয়ে যাহারা দেশকালের বিপর্যয়গত রুচি ও রীতিতেই ক্ষুদ্র বোধ করেন, তাঁহাদের প্রতি কবি অল্প প্রসঙ্গে (২) যে কথা বলিয়াছেন তাহা প্রণিধানযোগ্য। এই সম্বন্ধস্থাপনে আমাদের ইষ্টাপত্তি ত নাই-ই, বরং সে বিষয়ে সচেতন ও জাগ্রত হওয়া সুবুদ্ধিতার পরিচায়ক।

(১) তত্ত্বদর্শী রবীন্দ্রনাথের বহুর রচনায় ও অভিভাষণে এই বিষয়ের উল্লেখ দেখা যায়। যেমন গতবর্ষের মাঘোৎসবোপলক্ষে শাস্তিনিকেতনে প্রদত্ত বক্তৃতার ইংরাজীরূপে (*A. B. Patrika*, Jan. 26th, 1937) পড়িতেছি :—

Cosmic spirit reveals itself in and through myriad expressions of Nature. Nature is eternally self-revealing . . . Like a *Sadhana* lost in his *Sadhana* regardless of what might happen in the outer court of life Nature expresses all around us most lavishly, extravagantly and unconsciously without caring for the appreciation or criticism of any outward agent. And it does so because the fountain spring of its origin is that eternal and therefore inexhaustible source of all creation. When man realises his kinship with this invisible source of universal life, he feels ashamed of his earthly existence.

(২) “অতীতকাল হইতে প্রবাহিত কোনো একটা নিত্য লক্ষণ কি আমার মধ্যে একেবারেই বর্তায় নাই? এরূপ কখনো সম্ভবই হইতে পারে না। অতীতকে লোপ করিয়া দিই এমন সাধাই আমার নাই; হুতরাং সেই অতীতের পরিচয় আমার ইচ্ছার উপর লেশমাত্র নির্ভর করিতেছে না। কথা এই, সেই আমার অতীতের পরিচয়ে আমি হয়তো গোরব বোধ করিতে না পারি। সেটা ছুঁথের বিষয়।” (পরিচয়, —নূতন সংস্করণ, ৪৫ পৃঃ)

আমাদের মধ্যে একটি ঐক্যজাল আছে। জানিয়া এবং না জানিয়াও তাহা আমাদের সকলকে বাঁধিয়াছে। আমাদের জানা ও স্বীকার করার উপরে তাহার সত্যতা নির্ভর করে না। কিন্তু তথাপি আমরা যদি তাহাকে জানি ও স্বীকার করি তবে তাহাতে আমাদেরও জোর বাড়ে তাহারও জোর বাড়ে। (পরিচয়—আত্মপরিচয়, ৬৬ পৃঃ)

পল্লীপ্রকৃতির এই স্বপ্রতিষ্ঠ স্বপরিমিত স্বপ্রকাশ মূর্তিই ভারতবর্ষে তাহাকে আবাসভূমি, শিক্ষায়তন, কর্মক্ষেত্র ও ধর্মক্ষেত্রে পরিণত করিয়াছিল। কর্মবলোদ্দীপ্ত পাশ্চাত্য মনীষিগণের নিকট পল্লীগ্রাম অবসরবিনোদন, শ্রান্তি ও ক্লান্তি দূর করিবার আশ্রয়। ভারতের যুগযুগান্তরের প্রথা পল্লীকে তাহার জাতীয় সম্পদের সাধনার ধনের প্রতীকরূপেই দেখিয়াছে। পল্লীর ভিতর দিয়াই দৈনিক জীবন ও শাস্ত্র জীবনের ঐকান্তিক যোগসাধনে সাধনার দ্বার উদ্ঘাটিত হইয়াছে। হিমালয়ের পাদমূলে পল্লীপ্রকৃতির ক্রোড়দেশে কবির পূজনীয় পিতৃদেব মহর্ষি দেবেন্দ্রনাথ যে প্রদীপ্ত পরমার্থের জ্যোতিতে উৎফুল্ল হইয়া উপনিষদের কবির ভাষায় আনন্দোল্লাস প্রকাশ করিয়াছিলেন, সেই তত্ত্বের জ্যোতিঃ সত্য শিব স্তম্বররূপে ভারতের ঋষির আশ্রমে, পবিত্র গুরুকুলে, উত্তরবর্তী যুগের নানা শিক্ষায়তনে জাতীয় চেতনাকে জাগ্রত রাখিয়া উদ্ভাসিত হইত। প্রকৃতি তাহার সমগ্র আত্মিক শক্তিসম্ভারে শিক্ষার্থীর কল্যাণ সাধনে ব্যাপৃত ছিলেন। বর্তমান যুগের কল্লিত বিধ্বিভালয়ে তাহার জ্ঞান-সম্ভার ও রুচিকর (aesthetic) পরিবেশের চিন্তা করা হয়—হয় না, বা অতি কচিং হয়, তাহার যাহা মানবের অবিদ্যার সম্পত্তি, তাহার আধ্যাত্মিক এষণার পরম পদ। সেদিনও একজন চিন্তাশীল পণ্ডিত (১) সমগ্র ভারতের শিক্ষাসম্মেলনের সভাপতিরূপে এই শোচনীয় ক্রটির উল্লেখ করিয়া শিক্ষাব্রতিগণকে এ বিষয়ে অবহিত হইতে অনুরোধ করিয়াছিলেন।

সরল, অনাড়ম্বর জীবনযাপনের সহিত আত্মার উৎকর্ষ ও বুদ্ধিবৃত্তির সংপথে চালনার একটা অপরিহার্য সম্বন্ধ আমাদের দেশে প্রাচীনযুগ হইতে স্বীকৃত হইয়া আসিতেছে। কালের পরিবর্তনে রুচির ও লক্ষ্যের অল্পবিস্তর পরিবর্তন সংসাধিত হইলেও এই বিষয়ে উচ্চ অঙ্গের মনীষিবৃন্দ প্রাচীন মতের পোষকতাই করিয়া থাকেন। কবি সেই আদর্শে তাঁহার মহানুভব পিতৃদেবের নির্দেশ ও উপদেশ মত বোলপুরে শান্তিনিকেতনের পরিকল্পনার যে ভিত্তিস্থাপন করেন, তাহা বর্তমানে অনেক দিক্ দিয়া প্রাচ্য ও প্রতীচ্য শিক্ষার্থীর এবং সূধীবৃন্দের অনুরোধের বস্তুতে পরিণত হইতে চলিয়াছে। ভাবের দৈন্ত, ভাষার দৈন্ত, প্রকাশের ভঙ্গীর দৈন্ত, এবং সর্বোপরি আদর্শের দ্বারা আত্মার দৈন্তকে

(১) Pandit Iqbal Narayan Gurtu, Vice-Chancellor, Allahabad University at Gwalior (Dec., 1936).—‘In the case of India the inhibitory pressure of alien standards has not allowed a sufficiently free scope for the expression of its deeper life.’

অপসারিত করিবার জন্ত কবিগুরুর প্রচেষ্টা রূপ ও মূর্তি পাইয়াছে এমন স্থলে যাহা বঙ্গজননীর কোমল বিমল নিসর্গস্বম্যার ও পল্লীশক্তির অধিষ্ঠান। সরল স্নন্দর নিস্তরক পল্লীপ্রকৃতির অকুণ্ঠিত দান হইতে যাহাতে শিক্ষার্থিগণ বঞ্চিত না হন, কবিগুরু সময়ে সময়ে তাঁহার আশা, আশ্বাস ও অনুপ্রেরণার বাণীতে তাহার ব্যবস্থা করেন। ‘শক্তির মধ্যে শান্তির সাধনা’ ইহাই হইল কবির ভাষায় জীবনের কাম্য (১)। তাঁহার একটি অভিভাষণে আমরা পাই :—

বিদেশের সংঘাতে ভারতবর্ষের এই প্রাচীন স্তম্ভতা ক্ষুণ্ণ হইয়াছে। তাহাতে যে আমাদের বলবৃদ্ধি হইতেছে একথা আমি মনে করি না।.....ইহাতে প্রতিদিন আমাদের নিষ্ঠা বিচলিত, আমাদের চরিত্র ভগ্ন বিকীর্ণ, আমাদের চিত্ত বিক্ষিপ্ত এবং আমাদের চেষ্টা ব্যর্থ হইতেছে।.....নিস্তরকতার এই শক্তি.....ভারতবর্ষের মধ্যে এখনও সঞ্চিত হইয়া আছে। আমরা নিজেই ইহাকে জানি। দারিদ্র্যের যে কঠিন বল, মৌনের যে স্তম্ভিত আবেগ, নিষ্ঠার যে কঠোর শাস্তি এবং বৈরাগ্যের যে উদার গাঙ্গীর্ষ্য তাহা আমরা কয়েকজন শিক্ষাচঞ্চল যুবক বিলাসে, অবিধাসে, অনাচারে, অনুকরণে এখনও ভারতবর্ষ হইতে দূর করিয়া দিতে পারি নাই।.....শাস্তির মর্দগত এই বিপুল শক্তিকে অনুভব করিতে হইবে, স্তম্ভতার আধারভূত এই প্রকাণ্ড কাঠিন্যকে জানিতে হইবে।..... (স্বদেশ—নূতন সংস্করণ, ৩১-৩২পৃঃ)।

‘শিক্ষার বাহন’ নামক প্রসিদ্ধ প্রবন্ধে তিনি বলিতেছেন :—

আড়িনায় মাদুর বিছাইয়া আমরা আসর জমাইতে পারি। কলাপাতায় আমাদের ধনীর যজ্ঞের ভোজও চলে। আমাদের দেশের নমস্ত ধারা তাঁদের অধিকাংশই খোড়ো ঘরে মানুষ—এ দেশে লক্ষ্মীর কাছ হইতে ধার না লইলে সরস্বতীর আসনের দাম কমবে একথা আমাদের কাছে চলিবে না।.....

গাছতলায় মাঠের মধ্যে আমার এক বিদ্যালয় আছে। সে বিদ্যালয়টি তপোবনের শকুন্তলারই মত —‘অনাত্রাতং পুষ্পং কিশলয়মলুনং কররুহৈঃ’...। মৈত্রেয়ী যেমন যাজ্ঞবল্ককে বলিয়াছিলেন—তিনি উপকরণ চান না, অমৃতকে চান—এই বিদ্যালয়ের হইয়া আমার সে কামনা ছিল।.....সতাকে গভীর করিয়া দেখিলে দেখা যায়, উপকরণের একটা সীমা আছে যেখানে অমৃতের সঙ্গে তার বিরোধ বাধে। মেদ যেখানে প্রচুর মজ্জা সেখানে দুর্বল।..... (শিক্ষার বাহন, ১১৩—১১৪ পৃঃ)।

ভারতের অন্তঃপ্রকৃতিতে সমাহিত এই শান্তরসপ্রধান (২) নিস্তরকতার অভ্যুদয় কশ্মে, জ্ঞানে, ভক্তিতে নব শক্তির যেদিন উদ্দীপনা করিবে, সেইদিন দেশের পক্ষে, এই পৃথিবীর পক্ষে স্মরণীয় দিন হইবে।

(১) কবির ‘ধর্ম’ গ্রন্থের কয়েকটি প্রবন্ধে বিশেষতঃ ‘ধর্মের সরল আদর্শ’ ‘সত্য শিবম্ অদ্বৈতম্’ প্রবন্ধদ্বয়ে এই কথার উপরেই জোর দেওয়া হইয়াছে।

(২) Why are we weigh'd upon with heaviness,
And utterly consumed with sharp distress,
While all things else have rest from weariness
There is no joy but calm.—Tennyson.

পল্লীপ্রকৃতির অন্তরের এই বাণী—ভারতীয় সাধনার মর্ম্মকথা—যাঁহাদের উপদেশে ও রচনায় জলদনির্ঘোষে প্রচারিত হইয়াছিল, যাঁহারা আচারে ও অন্তর্য্যানে, আপনাদের জীবনে ও সম্প্রদায় গঠনের দ্বারা এই বাণীকে নানান বাধা বিঘ্নের ভিতর দিয়া দেশবাসীর কর্ণে সর্ষদাই পৌছাইবার জন্ত যুগে যুগে অবতীর্ণ হইয়াছিলেন, কবিগুরু তাঁহার বিভিন্ন ছাত্রগণের প্রতি অভিভাষণে তাঁহাদের মহিমা কীর্ত্তন ও তাঁহাদের বাণীর প্রকৃত মূল্য যাচাই করিয়াছেন। ‘শান্তিনিকেতন’ নামক পুস্তিকাগুলির বিভিন্ন খণ্ডে, বিশেষতঃ একত্র সংগৃহীত ‘ভক্তবাণী’ গ্রন্থে ইঁহাদের উপদেশের সার সুললিত, অনেক ক্ষেত্রে আক্ষরিক অনুবাদের সাহায্যে প্রচারিত হইয়াছে। (১) পল্লীবাসীর শান্ত সমাহিত হৃদয়ের সরল স্বচ্ছ মর্ম্মকথা জগতের সাহিত্যেও কাব্যের রসগোরবে, উপলব্ধির অকৃত্রিমতায় ও ভাষার মোহনমধুর আকর্ষণে আর কোথায় ও এত চমৎকার প্রকাশ পাইয়াছে কিনা সন্দেহ। কবি এই ভক্তগণের বাণী সম্বন্ধে বলেন : (২)

এই সকল (সাধক কবির) কাব্যে যে রস এত নিবিড় হ’য়ে প্রকাশ পেয়েছে সে হ’চ্ছে ভগবানের প্রতি প্রেমের রস।.....যে ভগবানকে নিজের আত্মার মধ্যে ভক্ত সত্য করে দেখেছেন তিনি অহৈতুক আনন্দের ভগবান, তাঁকে নিয়েই গান গাওয়া যায়। সত্যের পূজা সৌন্দর্য্যে, বিশ্বের পূজা নারদের বাঁগায়।.....

প্রায় অর্দ্ধশতাব্দী পূর্বে তাঁহার কাব্যরচনায় ও সমালোচনার ভিতর দিয়া কবি যে বাঙ্গালার বৈষ্ণব কবিগণের ‘গীত-উৎসবে’ মাতোয়ারা হইয়াছিলেন, তাহারও মূল আধ্যাত্মিক আকর্ষণ, তাহার পতিতপাবনী ভক্তির অনাবিল ধারা।

কবির জীবনচরিতকারগণ তাঁহার আধ্যাত্মিক জন্মধারার (spiritual ancestry) আবিষ্কার প্রসঙ্গে বৈষ্ণব কবি, শিখ, সূফী, কবিরপন্থী প্রভৃতি ভক্তধর্ম্মের প্রচারকগণের নিকট তাঁহার স্বর্ণের কথা স্মরণ করাইয়া দেন। পল্লীপ্রধান ভারতের অন্তরের কাহিনী তাহার শান্তরসের নিস্তরঙ্গ স্তিমিত ভাবোচ্ছ্বাস তথাকথিত ঐতিহাসিকগণের তেমন দৃষ্টি আকর্ষণ করে নাই বলিয়া খেদ প্রকাশ করিয়া কবি তাঁহার ‘ভারতবর্ষের ইতিহাস’ প্রবন্ধে বলিতেছেন—

ভারতবর্ষের যে ইতিহাস আমরা পড়ি এবং মুখস্থ করিয়া পরীক্ষা দিই তাহা ভারতবর্ষের নিশীথ-কালের একটা দুঃস্বপ্ন কাহিনী মাত্র।.....কিন্তু এই রক্তবর্ণে রঞ্জিত পরিবর্তনান স্বপ্নদৃশ্যপটের দ্বারা ভারতবর্ষকে আচ্ছন্ন করিয়া দেখিলে যথার্থ ভারতবর্ষকে দেখা যায় না।.....ঝড়ের দিনে যে ঝড়ই

(১) কবির সম্ভাবনাগুণে সংবর্দ্ধিত ভক্তি, শ্রীতি ও শক্তির প্রচারক অধ্যাপক শ্রীযুক্ত ক্ষিত্তিমোহন সেন মহাশয় কবির অনুপ্রেরণাকে মূর্ত্তি দিয়াছেন। ভারতীয় সাধনার ক্রমপরিণতির সূত্র যাঁহারা লক্ষ্য করিতে প্রয়াসী, তাঁহারা তাঁহার ‘মধ্যযুগের সাধনার ধারা’ ও ‘দাদু’ গ্রন্থদ্বয় হইতে বিশেষ সাহায্য পাইবেন।

(২) শ্রীযুক্ত ক্ষিত্তিমোহন সেন মহাশয়ের ‘দাদু’ গ্রন্থের ভূমিকা—(৩ পৃঃ)।

সর্বপ্রধান ঘটনা তাহা তাহার গর্জন সত্ত্বেও স্বীকার করা যায় না,—সে দিনও সেই ধূলিসমাচ্ছন্ন আকাশের মধ্যে পল্লীর গৃহে গৃহে যে জন্মমৃত্যু স্তব্ধত্বের প্রবাহ চলিতে থাকে, তাহা ঢাকা পড়িলেও মানুষের পক্ষে তাহাই প্রধান। কিন্তু বিদেশী পণিকদের কাছে এই ঝড়টাই প্রধান, এই ধূলিজালই তাহার চক্ষে আর সমস্তই গ্রাস করে; কারণ সে ঘরের ভিতর নাই, সে ঘরের বাহিরে।……… কিন্তু বিদেশ যখন ছিল, দেশ তখনো ছিল, নহিলে এই সমস্ত উপদ্রবের মধ্যে কবীর, নানক, চৈতন্য, তুকারাম ইহাদিগকে জন্ম দিল কে? তখন যে কেবল দিল্লী এবং আগ্রা ছিল তাহা নহে—কাশী এবং নবদ্বীপও ছিল। তখন প্রকৃত ভারতবর্ষের মধ্যে যে জীবন স্রোত বহিতেছিল, যে চেষ্টার তরঙ্গ উঠিতেছিল, যে সামাজিক পরিবর্তন ঘটতেছিল তাহার বিবরণ ইতিহাসে পাওয়া যায় না। (স্বদেশ—নূতন সংস্করণ, ৪৭—৪৮ পৃঃ)

সহজ জীবনযাত্রাপ্রণালীতে অভ্যস্ত, সাধনার সহজ পথে চালিত “মরমী-দরদী” সাধকেরা ভারতের পল্লীতে যে জীবনের গৌরব প্রচার করিতেছিলেন তাহাই ভারতের যুগযুগান্তরের আদর্শ, মানুষের তাহাই প্রকৃত নিজস্ব।

ঐতিহাসিকের বস্তুতাত্ত্বিক দৃষ্টিতে ভারতীয়ের এই ‘পল্লীপ্রকৃতি’ এই নিতান্ত অসহনীয় একাকিত্ব (isolation) (১), এই আত্মতৃপ্ত ‘কূপমণ্ডকে’র ভাব সকল দোষের আঁকর বলিয়া গণিত হইয়া থাকে। প্রশ্ন হইবে, কেন্দ্রেই প্রধান করিয়া পরিধিকে সঙ্কুচিত করার অবিশৃঙ্খলতার কথা—আত্মপ্রসারণী শক্তির অপসারণে আত্মরক্ষণী শক্তির প্রয়োগে কৃষকের জীবনবৃত্তি—ইহা তাহা ব্যতীত আর কি? ঐতিহাসিকের নিপুণ দৃষ্টি দিয়া কবি তাহার একাধিক প্রবন্ধে এই দোষদৃষ্টির খণ্ডন করিতে প্রয়াসী হইয়াছেন।

……সর্বপ্রকার অদ্ভুত উচ্ছৃঙ্খলতার মধ্যে যখন কোন সঙ্গতির হ্রস্ব রহিল না, তখন সমাজের অন্তরস্থিত আর্ধ্যপ্রকৃতি অত্যন্ত পীড়িত হইয়া আপনাকে প্রকাশ করিবার জগ্ন নিজেই সমস্ত শক্তি প্রয়োগ করিল।……আমরা কী এবং কোন্ জিনিষটা আমাদের—চারিদিকের বিপুল বিলিষ্টতার ভিতর হইতে এইটাকে উদ্ধার করিবার একটা মহা যুগ আসিল। সেই যুগই ভারতবর্ষ আপনাকে ভারতবর্ষ বলিয়া সীমার্চিত করিয়া তুলিল। (ভারতবর্ষে ইতিহাসের ধারা, ২৫ পৃঃ)। যে আপনাকে পর করে সে পরকে আপনার করে না, যে আপনার ঘরকে অস্বীকার করে কখনই বিখ তাহার ঘরে আতিথ্য গ্রহণ করিতে আসে না। নিজের পদরক্ষার স্থানটুকুকে পরিত্যাগ করার দ্বারা ই যে চরাচরের বিরাট ক্ষেত্রকে অধিকার করা যায় এ কথা কখনই শ্রদ্ধেয় হইতে পারে না। (আত্মপরিচয়, ৬৯ পৃঃ)।

(১) আজি নববর্ষে এই শূন্য প্রান্তরের মধ্যে ভারতবর্ষের আর একটা ভাব আমরা হৃদয়ের মধ্যে গ্রহণ করিব। তাহা ভারতবর্ষের একাকিত্ব। এই একাকিত্বের অধিকার বৃহৎ অধিকার। ইহা উপার্জন করিতে হয়। ইহা লাভ করা, রক্ষা করা দুঃসহ। পিতামহগণ এই একাকিত্ব ভারতবর্ষকে দান করিয়া গেছেন। মহাভারত রামায়ণের দ্বারা ইহা আমাদের জাতীয় সম্পত্তি। এই একাকিত্বের সম্বন্ধে যাহার চিন্ত আকর্ষণ করে না সে ভারতবর্ষকে ঠিকমতো চিনিতে পারিবে না।……’(স্বদেশ—নূতন সংস্করণ, ৩৫ পৃঃ)।

কিন্তু বর্তমান যুগের জটিল জাগ্রত জীবনে ইহাই কি শেষ কথা? পল্লীপ্রকৃতির এই দারুণ নিষ্ক্রিয়তা এই শাস্ত্রসের স্তিমিততা কি সাংসারিক দুঃখতাপের বাহিরের বিপর্যয়—বিপ্লবের তর্কবিতর্কের আলোড়ন-বিলোড়নের উপযুক্ত প্রতিবেদক? এই কৌতুহলের প্রতিনিয়ুত্তি করিবার জন্য কবি তাঁহার স্বভাবসিদ্ধ সরস অথচ ওজস্বিনী ভঙ্গীতে যে তত্ত্বের আভাস দিয়া নিজের বক্তব্য বিবৃত করিয়াছেন তাহা উদ্ধৃত করিয়া আমরা এই প্রবন্ধের উপসংহার করিব (১) :—

“আজ আমরা যে কালের মধ্যে বাস করিতেছি সে-কালকে বাহির হইতে হৃষ্ট করিয়া দেখিতে পাই না, তবু অনুভব করিতেছি ভারতবর্ষ আপনার সত্যকে এককে সামঞ্জস্যকে ফিরাই পাইবার জন্য উত্তত হইয়া উঠিয়াছে। নদীতে বাঁধের উশর বাঁধ পড়িয়াছিল, কতকাল হইতে তাহাতে আর শ্রোত খেলিতেছিল না, আজ কোথায় তাহার প্রাচীর ভাঙিয়াছে—তাই আজ এই স্থির জলে আবার যেন মহাসমুদ্রের সংশ্রব পাইয়াছি, আবার যেন বিশ্বের জোয়ার ভাটায় আনাগোনা আরম্ভ হইয়াছে। এখন দেখা যাইতেছে আমাদের সমস্ত নব্য উদ্যোগ মজীব জংপিণ্ডচালিত রক্তশ্রোতের মতো একবার বিশ্বের দিকে ছুটিতেছে, একবার আপনার দিকে ফিরিতেছে, একবার সার্বজাতিকতা তাহাকে ঘরছাড়া করিতেছে, একবার স্বজাতিকতা তাহাকে ঘরে ফিরাইয়া আনিতেছে। একবার সে সর্ববিশ্বের প্রতি লোভ করিয়া নিজেকে ছাড়িতে চাহিতেছে, আবার সে দেখিতেছে নিজেকে ছাড়িয়া রিক্ত হইলে কেবল নিজত্বই হারানো হয়, সর্ববিশ্বকে পাওয়া যায় না। জীবনের কাজ আরম্ভ হইবার এই তো লক্ষণ। এমনি করিয়া দুই ধাক্কায় মধ্যে পড়িয়া মানবজাতির সত্য পথটি আমাদের জাতীয় জীবনে চিহ্নিত হইয়া যাইবে এবং এই কথা উপলব্ধি করিব যে স্বজাতির মধ্য দিয়াই সর্বজাতিকে ও সর্বজাতির মধ্য দিয়াই স্বজাতিকে সত্যরূপে পাওয়া যায়—এই কথা নিশ্চিতরূপেই বুঝিব যে আপনাকে ত্যাগ করিয়া পরকে চাহিতে বাওয়া যেমন নিষ্ফল ভিক্ষুতা, পরকে ত্যাগ করিয়া আপনাকে কুণ্ঠিত করিয়া রাখা তেমনি দারিদ্র্যের চরম ভ্রগতি।”

(১) ভারতবর্ষের ইতিহাস—

Editors and General Secretaries

PRESIDENCY COLLEGE MAGAZINE

Editors :

- 1914-15. PRAMATHA NATH BANERJEE, B. A.
- 1915-16. MOHIT KUMAR SEN GUPTA, B. A.
- 1916-17. MOHIT KUMAR SEN GUPTA, B. A.
- 1917-18. SAROJ KUMAR DAS, B. A.
- 1918-19. AMIYA KUMAR SEN, B. A.
- 1919-20. MAHMOOD HASSAN, B. A.
- 1920-21. PHIROZE E. DUSTOOR, B. A.
- 1921-22. SYAMA PRASAD MOOKERJEE, B. A.
- 1921-22. BRAJAKANTA GUHA, B. A.
- 1922-23. UMA PRASAD MOOKERJEE.
- 1923-24. SUBODH CHANDRA SEN GUPTA.
- 1924-25. SUBODH CHANDRA SEN GUPTA, B. A.
- 1925-26. ASIT KRISHNA MUKHERJEE, B. A.
- 1926-27. HUMAYUN Z. A. KABIR, B. A.
- 1927-28. HIRENDRA NATH MUKHERJEE, B. A.
- 1928-29. SUNIT KUMAR INDRA, B. A.
- 1929-30. TARAKNATH SEN, B. A.
- 1930-31. BHABATOSH DATTA, B. A.
- 1931-32. AJIT NATH ROY, B. A.
- 1932-33. SACHINDRA KUMAR MAJUMDAR, B. A.
- 1933-34. NIKHILNATH CHAKRAVARTY, B. A.
- 1934-35. ARDHENDU BAKSI, B. A.
- 1935-36. KALIDAS LAHIRI, B. A.
- 1936-37. ASOK MITRA, B. A.
- 1937-38. BIMAL CHANDRA SINHA, B. A.

General Secretaries :

- 1914-15. JOGESH CHANDRA CHAKRAVARTI, B. A.
- 1915-16. PRAFULLA KUMAR SIRCAR, B. A.
- 1916-17. PRAFULLA KUMAR SIRCAR, B. A.
- 1917-18. RAMA PRASAD MUKHOPADHYAY, B. A.
- 1918-19. MAHMOOD HASSAN, B. A.
- 1919-20. PARAN CHANDRA GANGOOI, B. A.
- 1920-21. SYAMA PRASAD MOOKERJEE.
- 1921-22. BIMAL KUMAR BHATTACHARYA.
- 1921-22. UMA PRASAD MOOKERJEE.
- 1922-23. AKSHAY KUMAR SIRCAR.
- 1923-24. BIMALA PRASAD MUKHERJEE.
- 1924-25. BIJOY LAL LAHIRI.
- 1926-27. LOKES CHANDRA GUHA ROY.
- 1927-28. SUNIT KUMAR INDRA.
- 1928-29. SYED MAHBUB MURSHED.
- 1929-30. AJIT NATH ROY.
- 1930-31. AJIT NATH ROY.
- 1931-32. NIRMAL KUMAR BHATTACHARJEE.
- 1932-33. NIRMAL KUMAR BHATTACHARJEE.
- 1933-34. GIRINDRA NATH CHAKRAVARTI.
- 1934-35. SUDHIR KUMAR GHOSH.
- 1935-36. PROVAT KUMAR SIRCAR.
- 1936-37. ARUN KUMAR CHANDRA.
- 1937-38. RAM CHANDRA MUKHERJEE.



জগদীশ-প্রশস্তি

(১)

যেদিন ধরণী ছিল ব্যথাহীন বাণীহীন মরু,
প্রাণের আনন্দ নিয়ে, শঙ্কা নিয়ে, দুঃখ নিয়ে, তরু
দেখা দিল দারুণ নির্জনে। কত যুগ যুগান্তরে
কান পেতে ছিল শুক্ক মানুষের পদশব্দ তরে
নিবিড় গহন তলে। যবে এল মানব অতিথি,
দিল তারে ফুল ফল, বিস্তারিয়া দিল ছায়াবীথি।
প্রাণের আদিম ভাষা গুঢ় ছিল তাহার অন্তরে
সম্পূর্ণ হয়নি ব্যক্ত আন্দোলনে, ইঙ্গিতে, মর্মরে।
তার দিন রজনীর জীবযাত্রা বিশ্বধরাতলে
চলেছিল নানাপথে শব্দহীন নিত্য কোলাহলে
সীমাহীন ভবিষ্যতে ; আলোকের আঘাতে অগুতে
প্রতিদিন উঠিয়াছে চঞ্চলিত অগুতে অগুতে
স্পন্দবেগে নিঃশব্দ ঝঙ্কার গীতি ; নীরব স্তবনে
সূর্য্যের বন্দনাগান গাহিয়াছে প্রভাত পবনে।
প্রাণের প্রথম বাণী এই মতো জাগে চারিভিতে
তৃণে তৃণে বনে বনে, তবু তাহা রয়েছে নিভৃতে,—
কাছে থেকে শুনি নাই ;—হে তপস্বী, তুমি একমনা
নিঃশব্দের বাক্য দিলে ; অরণ্যের অন্তর বেদনা
শুনেছ একান্তে বসি ; মুক্ত জীবনের যে ক্রন্দন
ধরণীর মাতৃবক্ষে নিরন্তর জাগাল স্পন্দন
অন্ধুরে অন্ধুরে উঠি, প্রসারিয়া শত ব্যগ্রশাখা,
পত্রে পত্রে চঞ্চলিয়া, শিকড়ে শিকড়ে আঁকাবাকা
জন্ম মরণের দ্বন্দ্ব, তাহার রহস্য তব কাছে
বিচিত্র অক্ষর রূপে সহসা প্রকাশ লভিয়াছে।

প্রাণের আগ্রহবর্তা নির্বাকের অন্তঃপুর হ'তে
 অন্ধকার পার করি' আনি দিলে দৃষ্টির আলোতে ।
 তোমার প্রতিভা-দীপ্ত চিত্তমাঝে কহে আজি কথা
 তরুর মর্মের সাথে মানব মর্মের আত্মীয়তা ;
 প্রাচীন আদিমতম সম্বন্ধের দেয় পরিচয় ।
 হে সাধকশ্রেষ্ঠ, তব দুঃসাধ্য সাধন লভে জয় ;
 সতর্ক দেবতা যেথা গুপ্তবাণী রেখেছেন ঢাকি',
 সেথা তুমি দীপ হস্তে অন্ধকারে পশিলে একাকী,
 জাগ্রত করিলে তারে । দেবতা আপন পরাভবে
 যেদিন প্রসন্ন হন, সেদিন উদার জয়রবে
 ধ্বনিত অমরাবতী আনন্দে রচিয়া দেয় বেদী
 বীর বিজয়ীর তরে, যশের পতাকা অভ্রভেদী
 মর্তের চূড়ায় উড়ে । মনে আছে একদা যেদিন
 আসন প্রচ্ছন্ন তব, অশ্রদ্ধার অন্ধকারে লীন,
 ঈর্ষা-কণ্টকিত পথে চলেছিলে ব্যথিত চরণে,
 ক্ষুদ্র শত্রুর সাথে প্রতিক্ষণে অকারণ রণে
 হয়েছ পীড়িত শ্রান্ত । সে দুঃখই তোমার পাথেয়,
 সে অগ্নি জ্বলেছে যাত্রাদীপ, অবজ্ঞা দিয়েছে শ্রেয়ঃ,
 পেয়েছ সম্মল তব আপনার গভীর অন্তরে ।
 তোমার খ্যাতির শঙ্খ আজি বাজে দিকে দিগন্তরে
 সমুদ্রের একূলে ওকূলে ; আপন দীপ্তিতে আজি
 বন্ধু, তুমি দীপ্যমান ; উজ্জ্বলি উঠিছে বাজি
 বিপুল কীর্তির মন্ত্র তোমার আপন কর্ম মাঝে ।
 জ্যোতিষ্ক সভার তলে যেথা তব আসন বিরাজে
 সেথায় সহস্র দীপ জ্বলে আজি দীপালি উৎসবে ।
 আমরা একটি দীপ তারি সাথে মিলাইব যবে
 চেয়ে দেখো তার পানে, এ দীপ বন্ধুর হাতে জ্বালা ;
 তোমার তপস্ব্যক্ষেত্র ছিল যবে নিভৃত নিরাল।

বাধায় বেষ্টিত রুদ্ধ, সেদিন সংশয় সন্ধ্যাকালে
কবি-হাতে বরমালা সে বন্ধু পরায়েছিল ভালে ;
অপেক্ষা করেনি সে তো জনতার সমর্থন তরে,
হৃদিনে জ্বলেছে দীপ রিক্ত তব অর্ঘ্যখালি পরে ।
আজি সহস্রের সাথে ঘোষিল সে, ধন্য ধন্য তুমি,
ধন্য তব বন্ধুজন, ধন্য তব পুণ্য জন্মভূমি ।

রবীন্দ্রনাথ ঠাকুর

১৯২৮ খৃষ্টাব্দে জগদীশচন্দ্রের
সপ্ততিতম বর্ষ পূর্ণ হওয়ার
জয়ন্তী উৎসব উপলক্ষে লিপিত ।

২

জ্ঞানের মণি-প্রদীপ নিয়ে ফিরিছ কে গো হৃগমে
হেরিছ এক প্রাণের লীলা জন্তু-জড়-জঙ্গমে ।
অন্ধকারে নিত্য নব পন্থা কর আবিষ্কার,
সত্য-পথ-যাত্রী ওগো তোমায় করি নমস্কার ।

দাস্য-কালি যাহার ভালে জন্ম তব সেই দেশে
বিশ্বেরও নমস্কার আজি প্রতিভা-বিভা-উন্মেষে ;
গরুড় তুমি গগনাক্রুত বিনতা-নীড়-সমুত্ত ।
দেবতা সম ললাটে তব স্মুরে কি আঁখি অন্ধুত !

দরদী তুমি দরদ দিয়ে বুঝেছ তৃণলতার প্রাণ,
খনির লোহা প্রাণীর লোহ পরশে তব স্পন্দমান ;
কুহকী তুমি, মায়াবী তুমি, একি গো তব ইন্দ্রজাল
হুকুমে তব নৃত্য করে বনের তরু বন্-চাঁড়াল !

মরমী তুমি চরম-খোঁজা মরম শুধু খুঁজেছ গো,
লজ্জাবতী লতার কি যে সরম তাহা বুঝেছ গো ;
অজানা রাজপুত্র সম জড়ের দেশে একলাটি
পশিয়া নৃপবালার ভালে ছোঁয়ালে এ কি হেমকাঠি ।

হিম যা ছিল তপ্ত হ'ল মেলিল অঁখি মুচ্ছিত
নূতন পরিচয়ের নব চন্দনেতে চর্চিত !
বনের পরী তুলিল হাই জাগিল হাওয়া নিশ্বাসে
জড়েরা বলে মনের কথা তোমার প্রতি বিশ্বাসে ।

দ্বন্দ্ব যত জনম-শোধ চুকিয়া গেল অকস্মাৎ !
চক্ষে হেরে নিখিল লোক জীবনে জড়ে নাই তফাৎ !
ভুবন-ভরি' বিরাজ করে অনন্ত অখণ্ড প্রাণ—
প্রাণেরি অচিন্ত্য লীলা জন্ত জড়ে স্পন্দমান !

জ্ঞানের মহাসিন্ধু তুমি মিলালে যত নদনদী,
বজ্রমণি ছিদ্র করে প্রতিভা তব, তীক্ষ্ণধী !
আনন্দেরি স্বর্গে তুমি জ্ঞানের সিঁড়ি নিত্য হে !
সত্য-মহাসমুদ্রেতে সঙ্গমেরি তীর্থ হে !

অগুর চেয়ে ক্ষুদ্র যিনি জনক মহাসমুদ্রের ,
করিলে জ্ঞানগম্য তাঁরে কি বিপ্লের কি শূদ্রের ;
দ্বন্দ্বহারি আনন্দের করিলে পথ পরিষ্কার
সত্য-পথ-যাত্রী ওগো তোমায় করি নমস্কার ।

সত্যেন্দ্রনাথ দত্ত

সাহিত্যিক জগদীশচন্দ্র

অধ্যাপক শ্রীচারুচন্দ্র ভট্টাচার্য, এম্-এ

জগদীশচন্দ্র বৈজ্ঞানিক হইলেও বিজ্ঞান ও সাহিত্যকে তিনি পৃথক করিয়া দেখিতে চাহিতেন না ; তাই ১৯১১ খ্রীষ্টাব্দে বঙ্গীয় সাহিত্য-সম্মেলনে যখন তাঁহাকে সভাপতিত্বে বরণ করা হয় তিনি সভাপতির আসন হইতে বলেন—

‘যদিও জীবনের অধিকাংশ কাল আমি বিজ্ঞানের অন্বেষণে ব্যাপন করিয়াছি, তথাপি সাহিত্য-সম্মিলন-সভার নিমন্ত্রণ গ্রহণ করিতে দ্বিধা বোধ করি নাই। কারণ আমি যাহা খুঁজিয়াছি, দেখিয়াছি, লাভ করিয়াছি তাহাকে দেশের অজ্ঞাত নানা লাভের সঙ্গে সাজাইয়া ধরিবার অপেক্ষা আর কি সুখ হইতে পারে ? আর এই সুযোগে আমাদের দেশের সমস্ত সত্য-সাক্ষকদের সহিত এক সভায় মিলিত হইবার অধিকার যদি লাভ করিয়া থাকি, তবে তাহা অপেক্ষা আনন্দ আমার আর কি হইতে পারে।’

‘জ্ঞান অন্বেষণে আমরা অজ্ঞাতসারে এক সর্বব্যাপী একতার দিকে অগ্রসর হইতেছি। সেই সঙ্গে সঙ্গে আমরা নিজেদের এক বৃহৎ পরিচয় জানিবার জন্ত উৎসুক হইয়াছি। আমরা কি চাহিতেছি, কি ভাবিতেছি, কি পরীক্ষা করিতেছি, তাহা একস্থানে দেখিলে আপনাকে প্রকৃতরূপে দেখিতে পাইব। সেইজন্ত আমাদের দেশে আজ যে কেহ গান করিতেছে, ধ্যান করিতেছে, অন্বেষণ করিতেছে, তাহাদের সকলকেই এই সাহিত্য-সম্মিলনে সমবেত করিবার আহ্বান প্রেরিত হইয়াছে।’

‘আমি তাঁহাকে স্নেহ ও সহযোগী বলিয়া স্নেহ করি এবং স্বদেশীয় বলিয়া গৌরব করিয়া থাকি, সেই আমাদের দেশমাতা আচার্য শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র একদিন এই সম্মিলন-সভার প্রধান আসন অলঙ্কৃত করিয়াছেন। তাঁহাকে সমাদর করিয়া সাহিত্য-সম্মিলন বেণুগের পূজা করিয়াছেন তাহা নহে, সাহিত্যের একটি উদার মূর্তি দেশের সম্মুখে প্রকাশ করিয়াছেন।’

১৮৯৪ খ্রীষ্টাব্দে যখন বৈজ্ঞানিক গবেষণায় জগদীশচন্দ্র সম্পূর্ণরূপে নিজেকে নিয়োজিত করিয়াছেন, সেই সময় শ্রীযুক্ত রামানন্দ চট্টোপাধ্যায় সম্পাদিত ‘দাসী’ নামক পত্রিকায় জগদীশচন্দ্রের প্রথম বাঙলা প্রবন্ধ ‘ভাগীরথীর উৎস সন্ধান’ প্রকাশিত হয়।

‘আমাদের বাড়ীর নিম্নেই গঙ্গা প্রবাহিত। বালাকাল হইতেই’ নদীর সহিত
আমার সখ্য জন্মিয়াছিল।’

* * * *

‘যখন অন্ধকার গাঢ়তর হইয়া আসিত, এবং বাহিরের কোলাহল একে একে
নীরব হইয়া যাইত তখন নদীর সেই কুলুকুলু ধ্বনির মধ্যে কত কথাই শুনিতে পাইতাম।
কখন মনে হইত, এই যে অজস্র জলধারা প্রতিদিন চলিয়া যাইতেছে ইহা তো কখনও
ফিরে না; তবে এই অনন্ত স্রোত কোথা হইতে আসিতেছে? ইহার কি শেষ নাই?
নদীকে জিজ্ঞাসা করিতাম, ‘তুমি কোথা হইতে আসিতেছ?’ নদী উত্তর করিত,
‘মহাদেবের জটা হইতে।’ তখন ভগীরথের গঙ্গা আনয়ন বৃত্তান্ত স্মৃতিপথে উদ্ভিত
হইত। তাহার পর বড় হইয়া নদীর উৎপত্তি সম্বন্ধে অনেক ব্যাখ্যা শুনিয়াছি;
কিন্তু যখনই শ্রান্ত মনে নদীতীরে বসিয়াছি তখনই সেই চিরাভ্যস্ত কুলুকুলু ধ্বনির মধ্যে
সেই পূর্ব কথা শুনিতাম ‘মহাদেবের জটা হইতে’।

‘একবার এই নদীতীরে আমার এক প্রিয়জনের পার্শ্ব অবশেষ চিত্রনলে
ভস্মীভূত হইতে দেখিলাম। আমার সেই আজন্ম পরিচিত, বাৎসল্যের বাসমন্দির
সহসা শূন্যে পরিণত হইল। সেই স্নেহের এক গভীর বিশাল প্রবাহ কোন্ অজ্ঞাত
ও অজ্ঞেয় দেশে বহিয়া চলিয়া গেল? যে যায় সে তো আর ফিরে না; তবে কি সে
অনন্ত কালের জন্ত লুপ্ত হয়? মৃত্যুতেই কি জীবনের পরিসমাপ্তি? যে যায় সে কোথা
যায়? আমার প্রিয়জন আজ কোথায়?’

তখন নদীর কলধ্বনির মধ্যে শুনিতে পাইলাম, ‘মহাদেবের পদতলে।’

চতুর্দিক অন্ধকার হইয়া আসিয়াছিল, কুলুকুলু শব্দের মধ্যে শুনিতে পাইলাম,
‘আমরা যথা হইতে আসি আবার তথায় ফিরিয়া যাই! দীর্ঘ প্রবাসের পর উৎসে
মিলিত হইতে যাইতেছি।’

জিজ্ঞাসা করিলাম, ‘কোথা হইতে আসিয়াছ নদী?’ নদী সেই পুরাতন স্বরে
উত্তর করিল, ‘মহাদেবের জটা হইতে।’

ভাবের ও ভাষার মনোহারিত্বে এই প্রবন্ধ তখন সকলের দৃষ্টি আকর্ষণ করিল।
ইহা কি একজন প্রথিতনামা বৈজ্ঞানিকের লেখনী-প্রসূত? আচার্য প্রফুল্লচন্দ্র রায়
রহস্য করিয়া জগদীশচন্দ্রকে বলেন, ‘আপনি নিশ্চয়ই আপনার ভগিনীর লেখা নিজের
বলিয়া চালাইয়াছেন।’ জগদীশচন্দ্রের ভগিনী শ্রীযুক্তা লাবণ্যপ্রভা দেবী সাহিত্য-
ক্ষেত্রে তখন বিশেষ স্পর্শপরিচিতি। যে সময় বিদ্যুৎ-তরঙ্গ সম্বন্ধীয় তাঁহার কয়েকটি
গবেষণা জগতে বিনা-তারে বাতী প্রেরণের সূচনা করিতেছিল ঠিক সেই সময়
জগদীশচন্দ্র বিশেষভাবে শিশুদিগের জন্ত কয়েকটি বৈজ্ঞানিক প্রবন্ধ রচনা করেন।

কি সরল ও প্রাঞ্জল ভাষায় শিশুদিগের বোধগম্য করিয়া এই সকল প্রবন্ধ লিখিত।
উদ্ভিদ ও জড়ের প্রভেদ বুঝাইতে একস্থানে লিখিতেছেন—

‘ঘন সবুজ পাতায় গাছটি ঢাকা, ছায়াতে তুমি বসিয়াছ। গাছের নীচে এক পাখী
একখানি শুষ্ক ডাল পড়িয়া আছে। এক সময় এই ডালে কত পাতা ছিল, এখন সব
শুকাইয়া গিয়াছে, আর ডালের গোড়ায় উই ধরিয়াছে। আর কিছুকাল পরে ইহার
চিহ্নও থাকিবে না। আচ্ছা বল ত—এই গাছ, আর এই মরা ডালে কি প্রভেদ?
গাছটি বাড়িতেছে, আর মরা ডালটি ক্ষয় হইয়া যাইতেছে; একটিতে জীবন আছে, আর
অন্যটিতে জীবন নাই। যাহা জীবিত, তাহা ক্রমশ বাড়িতে থাকে। জীবিতের আর
একটা লক্ষণ এই যে, তাহার গতি আছে অর্থাৎ নড়ে চড়ে। গাছের গতি হঠাৎ দেখা
যায় না। লতা কেমন করিয়া ঘুরিয়া ঘুরিয়া গাছকে জড়াইয়া ধরে, দেখিয়াছ?’

আর এক প্রবন্ধে লিখিয়াছেন—

‘গাছ যখন ফুলে ঢাকিয়া থাকে তখন কেমন দেখায়। মনে হয় গাছ যেন
হাসিতেছে। ফুলের ছায় সুন্দর জিনিস আর কি আছে? গাছ তো মাটি হইতে আহা
লয়, আর বাতাস হইতে অঙ্গার আহা
র করে। এই সামান্য জিনিস দিয়া কি করিয়া
এরূপ সুন্দর ফুল হইল? গল্পে শুনিয়াছি, স্পর্শমণি নামে এক প্রকার মণি আছে তাহা
ছোঁয়াইলে লোহা সোনা হইয়া যায়। আমার মনে হয়, মাতার স্নেহই সেই মণি। সন্তানের
উপর ভালবাসাটাই যেন ফুলে ফুটিয়াছে। ভালবাসার স্পর্শই মাটি এবং অঙ্গার ফুল
হইয়া গিয়াছে।’

বৈজ্ঞানিক তথ্য সরস করিয়া শিশুদিগের হৃদয়ে গ্রথিত করিতে বিজ্ঞান ও কবিত্বের
কি অপূর্ব সংমিশ্রণ!

এই সময় ‘অগ্নি-পরীক্ষা’ নামে জগদীশচন্দ্রের এক প্রবন্ধ প্রকাশিত হয়। দুর্ধব
বিরাট ইংরাজ-বাহিনীকে কিরূপে কয়েক শত গুরুত্বা সৈন্য বার বার বিপর্যস্ত করিয়াছিল
সেই বীরত্বের এক কাহিনী। একস্থানে লিখিতেছেন—

‘দুর্গের নাম মাত্র যে প্রাচীর ছিল তাহা আর রক্ষা পাইল না, গোলায় আঘাতে
প্রস্তরস্তূপ খসিয়া পড়িতে লাগিল। আক্রান্ত গোরক্ষ সৈন্যের ভাগ্যলক্ষ্মী এখন লুপ্ত
প্রায়। কিন্তু এই সময়ে সহসা এক অদ্ভুত দৃশ্য লক্ষিত হইল, ভগ্নস্থানে মুহূর্ত মধ্যে এক
প্রাচীর উথিত হইল। এই নূতন প্রাচীর সুকোমল নারী দেহে রচিত। গোরক্ষ রমণীগণ
স্বীয় দেহ দ্বারা প্রাচীরের ভগ্নস্থান পূর্ণ করিলেন। ইহার অম্লরূপ দৃশ্য পৃথিবীতে আর
কখনও দেখা যায় নাই। কার্ণেজের রমণীরা স্বীয় কেশপাশ ছিন্ন করিয়া ধ্বংস জ্যা রচনা
করিয়াছিলেন কিন্তু রক্ত মাংস গঠিত জীবন্ত শরীর দিয়া কৃত্রাপি দুর্গ প্রাচীর রক্ষিত
হয় নাই।’

এই সময়ে লিখিত প্রবন্ধগুলির উল্লেখ করিয়া ‘অব্যক্ত’ নামক তাঁহার যে পুস্তক পরে প্রকাশিত হয় তাহার কথারস্তে বলিয়াছেন—

‘মানুষ মাতৃকোড়ে যে ভাষা শিক্ষা করে সে ভাষাতেই সে আপনার সুখদুঃখ জ্ঞাপন করে। প্রায় ত্রিশ বৎসর পূর্বে আমার বৈজ্ঞানিক অত্মাত্ম কয়েকটি প্রবন্ধ মাতৃ-ভাষাতেই লিখিত হইয়াছিল। তাহার পর বিদ্যা-তরঙ্গ ও জীবন সম্বন্ধে অনুসন্ধান আরম্ভ করিয়াছিলাম এবং সেই উপলক্ষে বিবিধ মামলা মোকদ্দমায় জড়িত হইয়াছি। এ বিষয়ের আদালত বিদেশে, সেখানে বাদ প্রতিবাদ কেবল ইয়োরোপীয় ভাষাতেই গৃহীত হইয়া থাকে।

এদেশেও প্রতি কাউন্সিলের রায় না পাওয়া পর্যন্ত কোন মোকদ্দমায় চূড়ান্ত নিষ্পত্তি হয় না।

জাতীয় জীবনের পক্ষে অপমান আর কি হইতে পারে?’

ইহার পর বিদ্যা-তরঙ্গ সম্বন্ধে তাঁহার গবেষণার মূল কথা ‘অদৃশ্য আলোক’ নামক প্রবন্ধে এবং অত্মাত্ম কয়েকটি প্রবন্ধে প্রকাশিত হয়। তাহার পর কয়েক বৎসর নবাবিকৃত বৈজ্ঞানিক তথ্যসমূহ জগৎ সভায় প্রতিষ্ঠিত বঙ্গসাহিত্যের সেবায় আর বিশেষ অবসর পান নাই কিন্তু তিনি বঙ্গসাহিত্যের নিয়মিত পাঠক ছিলেন। ১৯০২ খ্রীষ্টাব্দে লণ্ডন হইতে রবীন্দ্রনাথকে লিখিয়াছেন, ‘তোমার নূতন লেখা পড়িবার জন্য ব্যস্ত আছি। বঙ্গদর্শন পাই না। মাঝে মাঝে তোমার গল্প পুনঃ পুনঃ পড়ি আর ২।১ খানা কবিতার পুস্তক আছে তাহা পড়ি। কিন্তু যেগুলি সঙ্গে নাই তাহা পড়িবার জন্য সর্বদা ইচ্ছা হয়।’ সেখান হইতে আর এক পত্রে লিখেন, ‘তোমার ‘চোখের বালি’ বৈশাখ পর্যন্ত দেখিয়াছি। বেশ লাগিয়াছে—সবই সুন্দর হইয়াছে।’ প্রবাসে সব সময় বাংলা সাহিত্য পাঠ করিবার জন্য উন্মুখ হইয়া থাকিতেন। ১৯০৮ খ্রীষ্টাব্দেও লণ্ডন হইতে লিখেন, ‘সব সময় প্রবাসী পাই না। তোমার লেখা যাহা বাহির হয় পাঠাইবে।’ আর এক পত্রে লিখিতেছেন, ‘অনেকগুলি ছোট গল্প লিখিয়া রাখিও। প্রতিদিন একটি ছুটি শুনাইতে হইবে। জীবনের সন্ধ্যাকালে স্বপ্নরাজ্য জাগিয়া উঠিবে। তাহাই অনেক সময় প্রকৃত, এ সব মিছা ছোট ঘটনাই অস্থায়ী।’

প্রবাসী, ভারতবর্ষ প্রভৃতি মাসিক পত্র তিনি নিয়মিত পাঠ করিতেন। ভারতবর্ষে ধারাবাহিক ভাবে প্রকাশিত ত্রিযুক্ত শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাসগুলি তিনি বরাবর পাঠ করিতেন এবং পড়িয়া মুগ্ধ হইতেন; এসম্বন্ধে তিনি শরৎচন্দ্রকেও একবার পত্র লিখেন।

১৯১১ খ্রীষ্টাব্দে ময়মনসিংহ শহরে বঙ্গীয় সাহিত্য সম্মিলনের চতুর্থ অধিবেশন হয়। এই অধিবেশনে আচার্য্য জগদীশচন্দ্রকে সভাপতির পদে বরণ করা হয়।

তাঁহার অভিভাষণ বঙ্গসাহিত্যে এক অপূর্ব সম্পদ। অভিভাষণের উপসংহারে তিনি বলেন—

‘বহুদিন পূর্বে দাক্ষিণাত্যে একবার গুহা মন্দির দেখিতে গিয়াছিলাম। সেখানে এক গুহার অর্ধ অন্ধকারে বিশ্বকর্মা মূর্তি অধিষ্ঠিত দেখিলাম। সেখানে বিবিধ কারুকর তাহাদের আপন আপন কাজ করিবার নানা যন্ত্র দেবমূর্তির পদতলে রাখিয়া পূজা করিতেছে।

গুহা মন্দিরে যে ছবিটি দেখিয়াছিলাম সভ্যস্থলে তাহাই আজ সম্ভবরূপে দেখিলাম। দেখিলাম, আমাদের দেশের বিশ্বকর্মা বাঙ্গালী চিত্তের মধ্যে সে কাজ করিতেছেন। তাঁহার সেই কাজের নানা উপকরণ। কোথাও বা তাহা কবি কল্পনা, কোথাও যুক্তি-বিচার, কোথাও তথ্যসংগ্রহ। আমরা সেই সমস্ত উপকরণ তাঁহারই সম্মুখে স্থাপিত করিয়া এখানে তাঁহার পূজা করিতে আসিয়াছি।

মানবশক্তির মধ্যে দৈবশক্তির আবির্ভাব, ইহা আমাদের দেশের চিরকালের সংস্কার। দৈবশক্তির বলেই জগতে সৃজন ও সংহার হইতেছে।

সৃজন করিবার শক্তিও আমাদের মধ্যে বিद्यমান।

সেই আমাদের সৃজন শক্তিরই একটা চেষ্টা বাঙ্গলা সাহিত্য-পরিষদে আজ সফল মূর্তি ধারণ করিয়াছে। এই পরিষদকে আমরা কেবলমাত্র একটি সভ্যস্থল বলিয়া গণ্য করিতে পারি না; ইহার ভিত্তি কলিকাতার কোন বিশেষ পথপার্শ্বে স্থাপিত হয় নাই এবং ইহার অট্টালিকা ইষ্টক দিয়া গ্রথিত নহে। অন্তর দৃষ্টিতে দেখিলে দেখিতে পাইব, সাহিত্য-পরিষদ সাধকদের সম্মুখে দেবমন্দির রূপে বিরাজমান। ইহার ভিত্তি সমস্ত বাঙ্গলা দেশের মর্মস্থলে স্থাপিত, এবং ইহার অট্টালিকা আমাদের জীবনস্তর দিয়া রচিত হইয়াছে। এই মন্দিরে প্রবেশ করিবার সময় আমাদের আশ্বিনের সর্বপ্রকার অশুচি আবরণ যেন আমরা বাহিরে পরিহার করিয়া আসি; এবং আমাদের হৃদয়-উজ্জানের পবিত্রতম ফুল ও ফলগুলিকে যেন পূজার উপহারস্বরূপে দেবচরণে নিবেদন করিতে পারি।’

মহারাজা কুমুদচন্দ্র সিংহ এই ময়মনসিংহ সাহিত্য সম্মিলনীর অভ্যর্থনা সমিতির সভাপতি ছিলেন। অধিবেশনের কিছু পূর্বে তিনি জগদীশচন্দ্রকে জানান যে, এই অধিবেশন উপলক্ষ্যে তাঁহার আবিষ্কার সম্বন্ধে তাঁহার বক্তৃতা শুনিবার জন্ত ময়মনসিংহবাসী এবং সম্মিলনীর সভ্যগণ অতিশয় উদগ্রীব হইয়া আছেন; বক্তৃতায় কতকগুলি পরীক্ষাও যেন দেখান হয়। জগদীশচন্দ্র সম্মত হইলেন এবং কতকগুলি বিশেষ যন্ত্র প্রস্তুত করাইয়া সঙ্গে লইয়া যাইবার আয়োজন করিতে লাগিলেন। ইহার কয়েকদিন পরে মহারাজার নিকট হইতে আর এক অনুরোধ আসে তাহা পালন করিতে জগদীশচন্দ্র সম্মত হইলেন না। মহারাজা জানাইলেন যে, যে-হলে তাঁহার বক্তৃতা হইবে তথায় যত লোক ধরে তাহার

দশগুণ লোক তাঁহার বক্তৃতা শুনিবার জন্য ব্যগ্র; সেই কারণে অভ্যর্থনা সমিতি জগদীশচন্দ্রের বক্তৃতা শুনিতে প্রবেশ মূল্য ধার্য করিতে ইচ্ছুক; এ কথাও জানান হইল যে, প্রবেশ মূল্য যদি একশত টাকা করিয়া ধরা হয় তাহা হইলেও হল ভরিয়া যাইবে। জগদীশচন্দ্র বলিয়া পাঠাইলেন যে, ময়মনসিংহ জমিদার-প্রধান স্থান, টাকা হয়ত অনেক উঠিতে পারে, কিন্তু শুধু বড়লোকের জন্য বক্তৃতা দিতে তিনি প্রস্তুত নহেন। তিনি এই প্রস্তাবও করিয়া পাঠাইলেন যে, প্রয়োজন হইলে তিনি একই বক্তৃতা দুইদিন দিতে প্রস্তুত কিন্তু কোন প্রবেশ মূল্য ধার্য করা যেন না হয়। সেই অনুসারে ব্যবস্থাও হইল; স্থির হইল বক্তৃতা একদিন ইংরাজীতে এবং আর একদিন বাঙলাতে হইবে।

জগদীশচন্দ্রের এই বাঙলা বক্তৃতা একটি স্মরণীয় ব্যাপার। ছরুহ বৈজ্ঞানিক তথা সহজ সরল ভাষায় বলিয়া যাইতে লাগিলেন, এফটিও পারিভাষিক শব্দ ব্যবহার করিলেন না, জটিলতার লেশমাত্রও নাই। বিজ্ঞান সম্বন্ধে কোন জ্ঞান নাই এইরূপ শ্রোতারও অন্তস্থলে গিয়া তাঁহার কথাগুলি পৌছিল।

ইহার চার বৎসর পরে তিনি বিক্রমপুর সম্মিলনীর সভাপতির আসন গ্রহণ করেন। অভিভাষণের উদ্বোধনে তিনি যে অগ্নিময়ী বাণী প্রদান করেন চিরদিন তাহা তাঁহার দেশবাসীর অন্তরে নিবদ্ধ থাকিয়া কর্মজীবনে অনুপ্রেরণা যোগাইবে। জগদীশ বলিতেছেন—

‘শতাধিক বৎসর পূর্বে আমাদের বংশের জননী প্রপিতামহী দেবী তরুণ যৌবনে বৈধব্য প্রাপ্ত হইয়া একমাত্র শিশু-সন্তান লইয়া ভ্রাতৃগৃহে আশ্রয় গ্রহণ করিয়াছিলেন। পুত্রের লালনপালন ও শিক্ষার ভার লইয়া প্রপিতামহী দেবী যখন নানা প্রতিকূল অবস্থার সহিত সংগ্রাম করিতেছিলেন, তখন একদিন তাঁহার শিশুপুত্র শিক্ষকের তাড়নায় অন্তঃপুরে আসিয়া মাতার অঞ্চল ধারণ করিয়াছিল। যিনি তাঁহার সমুদয় শক্তি একমাত্র পুত্রের উন্নতিকল্পে প্রতিদিন তিল তিল করিয়া ক্ষয় করিতেছিলেন সেই স্নেহময়ী মাতা মুহূর্তে তেজস্বিনী রূপ ধারণ করিয়া পুত্রের হস্তপদ বাধিয়া তাহাকে শিক্ষকের হস্তে অর্পণ করিলেন। ভাবিয়া দেখিলে আমাদের মাতৃভূমি আমার তেজস্বিনী বংশজননীর মত। সন্তানদিগকে বিক্রম ও পৌরুষে উদ্দীপ্ত হইতে দ্বারা দিয়া তিনি তাহাদের প্রতি আপনার গভীর বাৎসল্য প্রকাশ করিয়াছেন। তিনি তাঁহার পুত্রদিগকে অন্ধে রাখিয়া আলস্তে কাল হরণ করিতে দেন নাই। কিন্তু অগ্নিময় কর্মশালাে তাহাদিগকে নিষ্কপ করিয়া দিয়া দৃঢ়ত্বের বলিয়াছেন,—‘পৃথিবীর সংগ্রামময় কর্মক্ষেত্রে যখন বিক্রম ও পৌরুষ সংগ্রহ করিতে পারিবে তখনই আমার ক্রোড়ে ফিরিয়া আসিবে।’

ইহার ছ'এক বৎসর পরের কথা। সাহিত্য পরিষদে তখন দলাদলি খুব প্রবল হইয়া উঠিয়াছে। বার্ষিক অধিবেশন সমাগত। প্রত্যেক দলই নিজেদের মনোনীত সভাপতি নির্বাচনে তৎপর। সভার অধিবেশন আরম্ভ হইলে, কোন্ দল জয়যুক্ত হইবে তাহার স্থিরতা নাই। সভায় সভাপতির পদে আচার্য জগদীশচন্দ্র বসুর নাম প্রস্তাবিত হইল; মুহূর্ত্ত কালের জন্ত সকলে স্তব্ধ, তাহার পর উভয়দলের মিলিত উচ্ছ্বাসে সর্বসম্মতিক্রমে আচার্যদেব পরিষদের সভাপতি পদে নির্বাচিত হইলেন। পূর্বে তাঁহার অল্পমতি লওয়া হয় নাই। সভা অন্তে দুই দলই তাঁহার নিকট ছুটিল এই পদ গ্রহণ করিতে তিনি না অস্বীকার করেন। জগদীশচন্দ্র সভাপতির পদ গ্রহণ করিলেন এবং যে দুই বৎসর সভাপতি ছিলেন বৈজ্ঞানিক গবেষণার মধ্যেও পরিষদের উন্নতি তাঁহার বিশেষ চিন্তার বিষয় ছিল। পরিষদের তখনকার যে দলাদলি মোটামুটি দেখা গিয়াছিল তাহার একদিকে ছিলেন প্রবীণরা আর একদিকে ছিলেন নবীনরা। পরিষদের বার্ষিক অধিবেশনে এই প্রবীণ ও নবীনদের লক্ষ্য করিয়া আচার্যদেব যে অমূল্য উপদেশ প্রদান করেন চিরদিন তাহা এক মহান সত্য বলিয়া পরিগণিত হইবে।

আচার্যদেব বলেন,—‘প্রবীণ ও নবীনের মধ্যে একটা বৈষম্য আছে। প্রবীণ অতি সাবধানে চলিতে চাহেন, কিন্তু পৃথিবীর গতি অতি দ্রুত। যদিও বাধাক্য তাহার শরীরে জড়তা আনয়ন করে, মন তো তাহার অনেক উপরে, সে তো চিরনবীন। মন কেন সাহস হারাইবে? অত্ৰদিকে নবীন অভিজ্ঞতা অভাবে হয়তো অতি দ্রুত চলিতে চাহেন এবং বাধার কথা ভাবিয়া দেখেন না। বাহারা বহুকাল ধরিয়া কোন অল্পষ্ঠানকে স্থাপিত করিয়াছেন, তাঁহাদের সেই প্রয়াসের ইতিহাস ভুলিয়া যান। প্রবীণ ইহাতে অকৃতজ্ঞতার ছায়া দেখিতে পান। সে বাহা হউক, ধরিত্রী প্রবীণকেও চায়, নবীনকেও চায়; প্রবীণ ভবিষ্যতের অবশুস্তাবী পরিবর্তনে যেন উদ্বিগ্ন না হন, আর নবীনও যেন প্রবীণের এত দিনের নিষ্ঠা শ্রদ্ধার চক্ষে দেখেন।’

রস-রচনায়াও জগদীশচন্দ্র সিদ্ধহস্ত ছিলেন। তাঁহার একরূপ রচনা বেশি না থাকিলেও একটি বাহা প্রকাশিত হইয়াছে সাহিত্যে তাহা অমর হইয়া থাকিবে। ইহা একটি কেশটৈল সম্বন্ধীয় গল্প।

সিমলা হইতে তারে সংবাদ আসিল, আলিপুরের হাওয়া-অফিস সংবাদ দিল, লীম্বাই প্রচণ্ড ঝড় হইবে, একরূপ ঝড় বহু বৎসরের মধ্যে হয় নাই। কলিকাতার অধিবাসীরা রাত্রে নিদ্রা গেল না। পরদিন দেখা গেল আকাশ ঘোর মেঘাচ্ছন্ন—টিপ্ টিপ্ করিয়া বৃষ্টি দেখা গেল। কিন্তু বৈকাল ৪টার সময় হঠাৎ আকাশ পরিষ্কার হইয়া গেল, ঝড়ের চিহ্নমাত্র রহিল না।

জগদীশচন্দ্র লিখিতেছেন—‘তারপর সর্বপ্রধান ইংরেজী কাগজ লিখিলেন, এতদিনে বুঝা গেল যে বিজ্ঞান সর্বৈব মিথ্যা।’

অন্ত কাগজে লেখা হইল, যদি তাহাই হয় তো গরিব টেক্সদাতাদিগকে গীড়ন করিয়া হাওয়া-আফিসের দ্বায় অকর্মণ্য আফিস রাখিয়া লাভ কি?

তখন বিবিধ সংবাদপত্র তারম্বরে বলিয়া উঠিলেন—উঠাইয়া দাও।

গভর্নমেন্ট বিভাগে পড়িলেন। অল্পদিন পূর্বে হাওয়া-আফিসের জন্য লক্ষাধিক টাকার ব্যারোমিটার, থার্মিটার আনান হইয়াছে। সেগুলি এখন ভাঙা শিশি বোতলের মূল্যেও বিক্রয় হইবে না। আর হাওয়া-আফিসের বড় সাহেবকে কি কার্যে নিম্নোগ করা যাইতে পারে?

গভর্নমেন্ট নিরুপায় হইয়া কলিকাতা মেডিকেল কলেজে লিখিয়া পাঠাইলেন—‘আমরা ইচ্ছা করি, ভেষজ বিজ্ঞান এক নূতন অধ্যাপক নিযুক্ত হইবেন। তিনি বায়ুর চাপের সহিত মানুষের স্বাস্থ্য-সম্বন্ধ বিষয়ে বক্তৃতা করিবেন।’

মেডিকেল কলেজের অধ্যক্ষ লিখিয়া পাঠাইলেন—‘উত্তম কথা, বায়ুর চাপ কমিলে ধমনী স্ফীত হইয়া উঠে; তাহাতে রক্ত সঞ্চালন বৃদ্ধি হয়। তাহাতে সচরাচর আমাদের যে স্বাস্থ্য ভগ্ন হইতে পারে তাহার কোন সন্দেহ নাই। তবে কলিকাতাবাসীরা আপাতত বহুবিধ চাপের নিচে আছে :—

১ম বায়ু	প্রতিবর্গ ইঞ্চি ১৫ পাউণ্ড
২য় ম্যালেরিয়া	” ২০ ”
৩য় পেটেন্ট ঔষধ	” ৩০ ”
৪র্থ ইউনিভার্সিটি	” ৫০ ”
৫ম ইনকম ট্যাক্স	” ৮০ ”
৬ষ্ঠ মিউনিসিপ্যাল ট্যাক্স	” ১ টন

বায়ুর ২।১ ইঞ্চি চাপের ইতর বৃদ্ধি বোঝার উপর শাকের আটির স্বরূপ হইবে। সুতরাং কলিকাতায় এই নূতন অধ্যাপনা আরম্ভ করিলে বিশেষ যে উপকার হইবে এইরূপ বোধ হয় না।

তবে সিমলা পাহাড়ে বায়ুর চাপ ও অত্যাচ্চ চাপ অপেক্ষাকৃত কম। সেখানে উক্ত অধ্যাপক নিযুক্ত হইলে বিশেষ উপকার দর্শিতে পারে।’ ইত্যাদি

এইরূপ উচ্চাঙ্গের নির্মল হান্তরস ভিতরকার মানুষটির পরিচয় দিতেছে।

‘বৈজ্ঞানিক ও কবি, উভয়েরই অনুভূতি অনির্বচনীয়, একের সন্ধানে বাহির হইয়াছে। প্রভেদ এই কবি পথের কথা ভাবেন না, বৈজ্ঞানিক পথটাকে উপেক্ষা করেন না। কবিকে সর্বদা আত্মহারা হইতে হয়, আত্মসম্বরণ করা তাঁহার পক্ষে

অসাধ্য। বৈজ্ঞানিককে যে পথ অনুসরণ করিতে হয় তাহা একান্ত বন্ধুর এবং পর্য-
বেক্ষণের কঠোর পথে তাঁহাকে সর্বদা আগ্রাসন করিয়া চলিতে হয়।’

জগদীশচন্দ্রের এই উক্তি যদি ঠিক হয় তো দুই বিভিন্ন পথের যাত্রী
জগদীশচন্দ্র ও রবীন্দ্রনাথ কিরূপে আজীবন ঘনিষ্ঠ বন্ধুত্বে আবদ্ধ ছিলেন? সাধারণত
এক মতাবলম্বীর মধ্যেই তো স্থায়ী বন্ধুত্ব জন্মে। ইহার একমাত্র কারণ এই যে,
রবীন্দ্রনাথের লেখ্য বৈজ্ঞানিকের যুক্তির ধারা বহিয়া গিয়াছে তাই জগদীশচন্দ্র বার
বার রবীন্দ্রনাথকে বলিয়াছেন, “তুমি যদি কবি না হইতে তো শ্রেষ্ঠ বৈজ্ঞানিক হইতে
পারিতে।” আর জগদীশচন্দ্র বিজ্ঞানের কোন বিশিষ্ট কুর্তুর মধ্যে নিজেকে আবদ্ধ
না রাখিয়া বৈজ্ঞানিক গবেষণায় তাঁহার কল্পনা স্রোতকে অবাধে ছাড়িয়া দিয়াছিলেন।
তাই জগতে তিনি মহান বৈজ্ঞানিক সত্য প্রতিষ্ঠিত করিতে সমর্থ হইয়াছিলেন।
বৈজ্ঞানিকের এই দিকটা লক্ষ্য করিয়া রবীন্দ্রনাথ একদিন বলিয়াছিলেন—


“বন্ধু, যদিও বিজ্ঞান-রানীকেই তুমি তোমার স্নেহেরানী করিয়াছ তবু সাহিত্য-
সরস্বতী সে পদের দাবী করিতে পারিত—কেবল তোমার অনবধানেই সে অনাদৃত
হইয়া আছে।”

বাংলা আধুনিক উপন্যাসের এক ধারা

অধ্যাপক শ্রীশ্রীকুমার বন্দ্যোপাধ্যায়

অতি-আধুনিক উপন্যাসিকদের মধ্যে বুদ্ধদেব বসু ও অচিন্ত্যকুমার সেনগুপ্ত সর্ব-প্রথম উল্লেখযোগ্য। রচনার অজস্রতা ও অভিনব লিখনভঙ্গী—এই দুই দিক দিয়াই তাঁহারা খ্যাতি ও বৈশিষ্ট্য অর্জনের অধিকারী। পুরাতনের সীমা-রেখা ভাঙ্গিয়া চুরিয়া উপন্যাসকে নূতন আকার দেওয়া ও নূতন পথে পরিচালিত করার কৃতিত্ব ইহারা দাবী করিতে পারেন। পরিকল্পনা ও রচনা-ভঙ্গীর মৌলিকতা ইহাদিগকে পূর্ববর্তী উপন্যাসিকদের প্রভাব হইতে বিচ্ছিন্ন করিয়াছে। বঙ্কিমচন্দ্র হইতে শরৎচন্দ্র পর্যন্ত উপন্যাস-সাহিত্য-বিবর্তনের যে প্রধান ধারা প্রবাহিত হইয়াছে, ইহারা সেই স্রোতের সহিত না মিশিয়া শাখা-পথে পাড়ি জমাইয়াছেন। অবশ্য এই শাখা-পথে স্রোতোবেগ স্থায়ী হইবে অথবা মূলধারা হইতে বিচ্ছিন্ন হওয়ার জন্ত ইহার রসধারা অল্পদিনেই শীর্ণ ও শুষ্ক হইয়া পড়িবে, তাহা নিশ্চয় করিয়া বলা যায় না। তবে ইহা নিশ্চিত যে, ইহারা উপন্যাসের যে নূতন উদ্দেশ্য ও দৃষ্টিভঙ্গী প্রবর্তন করিতে চেষ্টা করিয়াছেন, তাহা উপন্যাস রচনা-প্রণালীর ক্লাস্তিকর এক যেয়েমি দূর করিয়া একপ্রকার উপভোগ্য বৈচিত্র্যের হেতু হইয়াছে ও ভবিষ্যৎ পরিণতির নূতন সম্ভাবনাও জাগাইয়া তুলিয়াছে।

ইহাদের উপন্যাসের প্রধান বিশেষত্ব এই যে, ইহারা খুব ব্যাপক ও গভীরভাবে গীতি-কাব্যধর্মী। অবশ্য উপন্যাসের মধ্যে গীতি-কাব্যের উন্মাদনা ও বঙ্কর মোটেই নূতন উপস্থিতি বলিয়া মনে করা যাইতে পারে না। বঙ্কিমের অনেক উপন্যাসই গীতি-কাব্যের লক্ষণাক্রান্ত। রবীন্দ্রনাথের কবি-প্রতিভা কেবল যে কবিতার অফুরন্ত নির্যাস উৎসারিত হইয়াছে তাহা নহে, গল্পের কারুকাঁচ্যখচিত পাত্রকেও ভরিয়া তুলিয়াছে; তিনি একছত্র কবিতা না লিখিলেও তাঁহার উপন্যাসের প্রকৃতি-বর্ণনা ও চিত্ত-বিশ্লেষণ তাঁহার কবিত্বশক্তির অসিং-বাদিত প্রমাণ স্বরূপ দাঁড় করান যাইত। শরৎচন্দ্র সাধারণত কবিত্ব-উচ্ছ্বাস বর্জন করিলেও অসতর্ক মুহূর্তে তাঁহার অন্তর্লীন কাব্য-বীণায় বঙ্কর দিয়া ফেলিয়াছেন। কিন্তু অচিন্ত্য-বুদ্ধদেবের কবিত্ব উপন্যাসের মধ্যে সর্বব্যাপী; তাঁহাদের দৃষ্টিভঙ্গী ও বিশ্লেষণ প্রণালী একান্তভাবে কাব্য-ধর্মী। তাঁহারা উপন্যাসে যে সমস্ত স্বাভাবিক-প্রতিঘাত ও মানসিক ক্রিয়া-প্রতিক্রিয়া বর্ণনা করেন তাহাতে মনস্তত্ত্ব বিশ্লেষণের পরিবর্তে কাব্যোচ্ছ্বাসেরই প্রাধান্য; বিশ্লেষণ যাহা কিছু আছে তাহাও কবিত্ব সূক্ষ্মায় রূপান্তরিত হইয়া, কবির উচ্ছ্বাসিত আবেগ ও গীতি-বঙ্করের আকারে আত্ম প্রকাশ করে। মনস্তত্ত্ব বিশ্লেষণ যেন



Dr. SARAT CHANDRA CHATTERJI

কাব্যের সোনালি কাপড়ের সীমান্তে একটু ছোট পাড়, কবিতার তরঙ্গিত উচ্ছ্বাসকে ধরিয়া রাখিবার জন্য একটু উচ্চ তটভূমি মাত্র।

জীবনের বিশেষ মুহূর্তগুলিকে দেখিবার ভঙ্গী, জীবন-সমালোচনার প্রণালী ইহাদের সম্পূর্ণ কাব্যানুপ্রেরিত। জীবনের উপরিভাগে দ্বন্দ্ব সংঘাত, চরিত্র-বৈশিষ্ট্যের তীক্ষ্ণ কোনও অতর্কিত পরিবর্তন ছাড়াইয়া ইহারা যে নিঃসঙ্গ গভীর শব্দহীন তলদেশে আত্মার নৈব্যক্তিক রহস্য অবগুষ্ঠিত থাকে সেখানে অবতরণ করিয়া সেই আত্মবিশ্বত আত্মার অবগুষ্ঠন মোচনে প্রয়াসী হইয়াছেন। সামাজিক প্রয়োজনের দ্বারা শতধা-খণ্ডিত, ব্যক্তিগত পরিচয়ের ছদ্মবেশাবৃত আত্মার নগ্ন, জ্যোতির্ময় নৈব্যক্তিক প্রকাশ ইহারা ভাষার স্বচ্ছ দর্পণে ধরিতে চাহেন। কোন বিশেষ মানসিক অবস্থা বা কোন বিশেষ ঋতু বা সময়ের নিগূঢ় সাক্ষেতিকতা ফুটাইয়া তোলাতে ইহাদের প্রবণতা ও কৃতিত্ব দেখা যায়। ইহাদের প্রকৃতি-বর্ণনা, এমন কি বেশভূষা বা গৃহসজ্জা বর্ণনার চারিধারে একটা সাক্ষেতিকতার অর্ধ ভাস্বর জ্যোতির্মণ্ডলের পরিবেষ্টনী অনুভব করা যায়। তাঁহাদের প্রায় প্রত্যেক উপন্যাস হইতেই এই বিশেষত্বের উদাহরণ উদ্ধৃত করা যাইতে পারে। বুদ্ধদেবের ‘যেদিন ফুটলো কমলের’, ‘বর্ষা’ অধ্যায়ে বর্ষার ও ‘দুখানি চিঠিতে’ রাত্রির অন্ধকারময় সজ্জার mystic উপলব্ধি; ‘একদা তুমি প্রিয়েতে’ চতুর্থ পরিচ্ছেদে পলাশের অন্তর্দ্বন্দ্ব বর্ণনার মধ্যে অন্ধকার ও স্তব্ধতার পটভূমিতে মানবাত্মার নগ্ন নিঃসহায়তার অনুভূতি—‘তার থেকে জেগে উঠেছে অন্তরের চিরন্তন নিঃসঙ্গতা, চিরন্তন বিরহ, যখন আমরা উন্মোচিত, উদ্ঘাটিত, উন্মথিত, চেতনার তীরে পড়ে—নগ্ন, আক্রমণীয়, নিঃসহায়’; ও ষষ্ঠ পরিচ্ছেদে মেঘ-সাগরের স্তব্ধ নিঃস্পন্দতায় রচিত ঐন্দ্রজালিক স্তব্ধতা, ও বনের সাক্ষ্য অন্ধকারে রুষ্টির মর্ম্মর শব্দের মধ্যে, নূতন প্রেমের উদ্ভব-কাহিনী; ‘অসুখ্যাম্পত্তা’র দার্জিলিঙের কুয়াসা-ঘেরা, পর্বত-প্রাচীর-প্রতিহত নির্জনতার মধ্যে, অন্ধকার মন্দিরগৃহে দেবতার মত, সরমার হৃদয়ে প্রথম প্রণয়ের ভূয়াবহ, রহস্যময় আবির্ভাব; ‘বাসর-ঘরে’ ‘কালপুরুষ’ অধ্যায়ে মধ্যরাত্রে নব-বিবাহিত দম্পতির অতীন্দ্রিয় অনুভবশীলতা—‘চেতনার শব্দ শ্বেত দীপ্তি থেকে সে মুক্তি পেয়েছে—দুজনের মধ্যে জন্ম নিলো বিশাল, রহস্যময় নদী, রাত্রে হৃদয়ে এই দ্বৈত নিঃসঙ্গতা; অচিন্ত্য-প্রাণের ‘আসমুদ্রে’ অসম পরিচ্ছেদে বনানীর বিলীমমান সজ্জা, ও কাজের লবুতার প্রতিবেদক ভাবে তাহার নিগূঢ় চেতনার অন্ধকার হইতে মুক্তি; ত্রয়োদশ পরিচ্ছেদে সজ্জার অন্ধকারে সৌম্যের অতৃপ্ত আত্মার নিজ সত্য, গভীর পরিচয় লাভের ব্যাকুল কামনায় অশান্ত আর্তনাদ; ষোড়শ পরিচ্ছেদে বনানীর জাগরণ—‘তার রশ্মি-বিন্দু প্রথর উন্মোচন, তার উন্মেষের সৌগন্ধ, তার জীবন্ময় আরণ্য বৈকল্য—এই সমস্তই তাহাদের উপন্যাসের, স্বর্ধ্যালোকিত সহজ পরিচয়ের পথ ছাড়াইয়া মানবাত্মার নিগূঢ় গোপন সজ্জার অতীন্দ্রিয় স্পর্শলাভে প্রচেষ্টা হিসাবে উল্লিখিত হইতে পারে।

মানব-মনের কোন বিশেষ ভাব বা প্রকৃতিবর্ণনার মধ্যেও এই সাক্ষেতিকতার তীব্র, তীক্ষ্ণ গীতিকাব্যোচিত অল্পভূতির পরিচয় মিলে। বুদ্ধদেবের ‘বাসর-ঘরে’ ব্যারাকপুরে কুন্তলা পরাশরের বিবাহিত জীবনের মুহূর্তগুলির—দিন, জ্যোৎস্না রাত্রি ও অন্ধকার রাত্রির—চমৎকার কবিত্বপূর্ণ ও অতীন্দ্রিয় আভাসে ভরপুর বর্ণনা, চাঁদের ডাইনি-প্রভাবের রহস্যময় শিহরণ ভাষার ইন্দ্রজালে ফুটাইয়া তোলার অপূর্ব চেষ্টা; তাহাদের অভিধান-ছবিবহু বিচ্ছেদরাত্রির আশ্রয় স্বরূপ উদ্ঘাটন—“শব্দহীন, স্পর্শহীন, প্রেতে-পাওয়া”; অচিন্ত্যকুমারের ‘বেদে’তে ‘বাতাসী’ পরিচ্ছেদে নদীতীরবর্তী বিস্তৃত প্রান্তরের অক্ষুট ইঙ্গিত-আভাসগুলির কবিত্বপূর্ণ, অর্থব্যঞ্জনাসম্বিত বর্ণনা; ‘আসমুদ্রে’ নব-বধূর প্রথম পরিচয়ের মধ্যে রহস্যময় সাক্ষেতিকতার সুর আবিষ্কার—“একটি শব্দের মধ্যে যেমন বিশাল সমুদ্রের নিঃশ্বাস শোনা যায়, তেমনি মেয়েটির মধ্যে নিমীলিত হ’য়ে আছে জীবনের বিচিত্রিত অপরিমেয়তা; নবীন প্রেমের বিহ্বল মাদকতা ও সহজ-স্মৃর্ত আধ্যাত্মিকতার ইঙ্গিত”—‘শিপ্রার হাত লেগে ছোট ছোট খুঁটিনাটি কাজগুলো পর্যন্ত গানের টুকরোর মত বেজে উঠেছে। কাজগুলির দাম একমাত্র তাদের চপল অনাবশ্যকতায়, শিপ্রার সশরীর আত্ম-বিকীরণে। কাজগুলিই তার আকাশের দিকে প্রসারিত জীবনের ছোট ছোট জানালা—তার ছুটি, তার উদ্ভৃতি’; কলিকাতার সন্ধ্যার ধূসর শ্রান্তি, কুহেলিকাচ্ছন্ন শীতপ্রভাতের সাক্ষেতিক অস্পষ্টতা; বৃষ্টিপ্লাবিত অপরাহ্নের অপরিচয়ের রহস্য, শিপ্রার রোগ-কঙ্কের মৃত্যু ব্যাঞ্জনা—“মৃত্যু দিয়ে মাখান, প্রতীক্ষায় নিমজ্জিত—সমস্ত বাড়ির উপর বিশাল একটা ছায়া যেন পাখা মেলে আছে, মৃত্যুর ছায়া, বনানীর প্রত্যঙ্গম আবির্ভাবের ছায়া”—এই সমস্ত দৃষ্টান্তই লেখকের ব্যাঞ্জনা-শক্তির উপর অসাধারণ অধিকার সূচিত করে।

ইহাদের উপন্যাসে যে মনস্তত্ত্ব বিশ্লেষণের অভাব আছে তাহা নহে, কিন্তু ইহার আলোচনা কবিত্বপূর্ণ মনোভাবের দ্বারাই নিয়ন্ত্রিত হইয়াছে। ‘বেদিন ফুটলো কমল’ে শ্রীলতা-পার্থপ্রতিমের সম্পর্কটী যেরূপে সহপাঠিত্ব, রুচি-সাম্য ও চরিত্র-গত বাধা-সঙ্কোচের ভিতর দিয়া প্রেমের পর্যায়ের পরিণতি লাভ করিয়াছে, তাহা মূলতঃ মনস্তত্ত্বমূলক সমস্যা; কিন্তু কতকটা পুস্তকটীর কাব্যময় প্রতিবেশের জন্ত ও কতকটা সাহিত্যের অস্বাভাবিক উষ্ণ আকাশ-বাতাসের ও উচুসুরে বাঁধা আদর্শলোকের মধ্যেই তাহাদের ভালবাসা আত্ম-অচেতন ভাবে বাড়িয়া উঠায় সমস্ত ব্যাপারটী যেন কাব্যেরই একটা অধ্যায় রূপে প্রতিভাত হইয়াছে। কাব্যালোচনার মধ্য দিয়াই তাহাদের মধ্যে একটা নৈর্ব্যক্তিক সম্বন্ধ গড়িয়া উঠিয়াছে—পার্থ শ্রীলতার উদ্দেশ্যে কবিতা লিখিয়াই তাহার মোহাবেশকে মুক্তি দিয়াছে। বিবাহ-সম্বন্ধ প্রত্যাখ্যানের পর পার্থের ভালবাসা প্রথম আত্ম-সচেতনভাবে জাগিয়া উঠিয়াছে—বাস্তবের এই রূঢ় অভিঘাতে সে শ্রীলতাকে সাহিত্য হইতে নারীদের

আবেষ্টনে স্থানান্তরিত করিয়া তাহাকে প্রথম প্রিয়াক্রূপে অনুভব করিয়াছে। নীরবতার মধ্যে তাহাদের প্রেম-নিবেদন ও পত্র-ব্যবহারের দ্বারা তাহাদের পরস্পর সম্পর্কের স্পষ্টীকরণ সম্পাদিত হইয়াছে। উপন্যাসের শেষে যে রেশ আমাদের অনুভূতিতে স্থায়ী হয় তাহা গীতি-কাব্যের।

‘একদা তুমি প্রিয়ে’ উপন্যাসেও বিশ্লেষণের কাব্যাত্মিক আরও সম্পূর্ণতা লাভ করিয়াছে। পলাশ ও রেবার মধ্যে অধুনা-অন্তর্হিত প্রেমের পূর্বস্মৃতি এক জটিল সমস্তার সৃষ্টি করিয়াছে। স্মৃতি প্রকৃত প্রস্তাবে মৃত্যুদূত হইলেও তীব্রতম জীবন-স্পন্দন, জীবনের নিবিড়তম অনুভূতির সহিত তাহার একটা অবিচ্ছিন্ন সম্পর্ক আছে—জীবন ও মৃত্যুর মধ্যে ইহা স্বর্ণনয় যোগ-সূত্র। রেবা এই স্বর্ণসূত্র ধরিয়া আবার তাহাদের প্রেমের নবযৌবন জাগাইতে চাহে; পলাশ কিন্তু জানে যে অতীতের স্মৃতি মৃত প্রেমের জীবন দান করিতে পারে না। তাহাদের পুনর্মিলন এক অদ্বিত সঙ্কোচ-জড়তার সৃষ্টি করিয়াছে। পলাশের মনে ‘পূর্বস্মৃতির প্রেত-পদধ্বনি’, ও নিঃসঙ্গতা, কর্তব্যবোধ বা করুণার মোহে মিথ্যা প্রেমের অভিনয় না করার দৃঢ়সঙ্কল্প; রেবার মনে, দিনের নিষ্ঠুর উন্মীলনে সনেহ-অনিশ্চয়ের কুহেলিকা কাটিয়া যাওয়ার একটা অশুভ, অস্পষ্ট আশঙ্কা ও মোহ-ভঙ্গের মধ্যেও সহানুভূতিলাভের একটা ব্যাকুল আকাঙ্ক্ষা,—এক নিদ্রাহীন, পূর্বস্মৃতির গুরুভারে অসহনীয় রাত্রে রেবার প্রতি পলাশের সেই নিষ্ঠুর, সর্বধ্বংসী আকর্ষণ, এক বহু দুর্বীর অন্ধশক্তির স্থায়ী সাস্থ্যনাহীন হাংকারে জাগিয়া উঠিয়াছে—অন্ধকারে বহুক্ষণব্যাপী তীব্র অন্তর্দ্বন্দ্বের পর সে এই প্রজ্বলিত কামনার শিখাকে নির্ধাপিত করিতে পারিয়াছে। শেষে পলাশ ও রেবা উভয়েই এই স্মৃতির অসহ্য ভার ঝাড়িয়া ফেলিতে ব্যগ্র হইয়াছে; উভয়েই বুঝিয়াছে যে, স্মৃতির আবর্জনা স্তূপ জীবনের নবীন, নিষ্ঠুর বিকাশের পক্ষে অন্তরায় মাত্র, অতীতের ভগ্নাবশেষ নবীন জীবন রচনার ভিত্তি হইতে পারে না। শেষ পর্যন্ত রেবা প্রণয়িনী হইতে বন্ধুতে অবতরণ করিয়া পূর্বস্মৃতির তীব্র, জ্বালাময় অস্তিত্ব হইতে উদ্ধারলাভ করিয়াছে, প্রেমের দ্বঃসহ উত্তাপের পরিবর্তে একটা নরম, শীতল, শিশির-সিক্ত অনুভূতি তাহার হৃদয়ক্ষেতে মিথ প্রবেশ করিয়াছে।

কিন্তু এদিকে জ্বালাময়ির ফাটলে ফুলের স্থায়, পূর্বস্মৃতিসমাকুল, বহির্জগত হইতে প্রতিহত মনের কোন নিভৃত অবকাশে নূতন প্রেম রক্তিম সৌন্দর্যে অকস্মাৎ ফুটিয়া উঠিয়াছে। প্রতিমা রেবার কিশোরী ছাত্রী, উচ্ছ্বসিত কোতুল ও কৈশোরের স্বতঃস্ফূর্ত লীলাময়তার চঞ্চল—রেবা ও পলাশের সম্বন্ধের মধুর রহস্তটার কস্তুরী গন্ধ আঘ্রাণ করিয়াছে, ও সেই রহস্তের পূর্ণপরিচয় লাভের জন্ত ব্যগ্র ও উন্মুখ হইয়াছে। এই নবোদ্ভিন্নপ্রেম কিশোরী, রেবার সহিত পলাশের সম্পর্ক-রহস্ত উন্মোচনের জন্ত

রুদ্ধানিঃখাসে প্রতীক্ষমানা—ক্রমশঃ রেবার উপগ্রহ হইতে স্বাধীন সত্ত্বায় পরিণতি লাভ করিয়াছে—‘সে যেন কল্পনার জ্যোতিষ্ক থেকে বেরিয়ে আস্তে চায়, তার চোখে যুদ্ধ-ঘোষণার দুঃসাহস। অবশেষে মেঘ-সাগরের নির্জন তীরে, বৃষ্টিধারা ও বনমন্ডলের মধ্যে পলাশ ও প্রতিমা নূতন প্রেমের জন্ম অনুভব করিল—শুরুপক্ষের প্রথম চাঁদ, মৃত্যুর গহ্বর থেকে উঠে আসা, তাদের এই নবজাত প্রেমের উপর জ্যোতির তিলক পরাইয়া দিল। তাহাদের এই প্রেমের নানারূপ সাক্ষেতিক পূর্ব-সূচনা আমাদের ইহারা আবির্ভাবের জন্ত প্রস্তুত করে—তীব্র গোলাপের গন্ধ, প্রতিমার তাড়ন-রক্ত অধর—ইহারা যেন প্রতিমার আরক্ত প্রেমের symbol বা রূপক ; রেবার মধ্যবর্তিতার ছদ্মবেশ সম্পূর্ণ পরিত্যাগ ও পলাশের জন্ত গোলাপফুলের উপহার এই প্রেমের স্পষ্ট প্রকাশ্যতায় আত্মপরিচয় ঘোষণা। কিন্তু পলাশের পূর্বস্বতিজঙ্কর, অতীত অভিজ্ঞতায় জীর্ণ হৃদয় এই তীব্রপ্রতিমায়, তরুণ আবির্ভাবকে সঁহ করিতে পারিল না—সে এই ‘হঠাৎ বল্‌সে ওঠা জীবনের ভয়ঙ্কর উজ্জল কোণ থেকে’ পলায়ন করিয়া আত্মরক্ষা করিয়াছে—যে গোলাপের উপহার সে স্বহস্তে গ্রহণ করিতে সাহস করে নাই, তাহারই সৌরভ তাহার স্মৃতিসমাকুল চিন্তাজগতকে নূতন গন্ধে ভারাক্রান্ত করিয়াছে।

‘বাসর-ঘরে’ মনস্তত্ত্বমূলক সমগ্রা অপেক্ষাকৃত অস্পষ্ট—এখানে কবিতারই অপ্রতিদ্বন্দ্বী প্রাধান্য। কুন্তলা ও পরাশরের পূর্বরাগের মধ্যে এই সমগ্রার কিছু কিছু ইঙ্গিত আছে, কিন্তু মোটের উপর উপন্যাসটী মনস্তত্ত্ব বিশ্লেষণের বিশেষ কোন সহায়তা না করিয়া নিছক কাব্যচর্চায় পর্যাবসিত হইয়াছে। তাহাদের প্রেম যেন তৃতীয় ব্যক্তির উপস্থিতিতে আরও নিবিড় হইয়া উঠিত, জন-সমাকীর্ণ আবেষ্টনেই তাহারা যেন ‘পরস্পরের সূর্য-উপস্থিতি’ সমস্ত সত্ত্বা দিয়ে অনুভব করিত। “তাদের কথা হ’তো থেমে থেমে, আশ্বিনের বৃষ্টির ছোট ছোট পশলার মত, ভরা হৃদয়ের অশ্রুট ছল-ছলানি, পাখির বরে’-পড়া ছোট পালক যেন হাওয়ায় অনেক্ষণ ভেসে বেড়ায়।” বিবাহে তাহাদের আপত্তি ছিল। সামাজিক অনুমোদনের প্রয়োজনীয়তায় তাহাদের প্রেমের অবমাননার জন্ত—ভালোবাসার উপর সমাজের নামসই ছিল তাহাদের সম্পূর্ণ অবাস্তিত। কিন্তু এই ব্যাপারে কুন্তলা সমাজ-সমর্থনকে দেখিত উদাসীনতার চক্ষে, পরাশর দেখিত প্রবল বিরুদ্ধতার চক্ষে ; সমাজের দাবীর বিরুদ্ধে অতি সতর্কতার জন্য পরাশরের উপর কুন্তলার ছিল অভিমান ; এই অভিমানই পরে প্রবল মতভেদের আকার ধারণ করিয়া তাহাদের পরবর্তী জীবনের সমস্ত সৌন্দর্য ও সুখমার উপর ক্ষণস্থায়ী সংঘর্ষের রূঢ় অভিঘাত আনিয়া দিয়াছে। তাহাদের প্রেমের আর একটা বিশেষত্ব এই যে, ইহা সাহিত্য-চর্চার সহযোগিতা চাহে না—‘সাহিত্যের বালুচরে যাঁহাতে প্রেমের অবসান না ঘটে’ সে বিষয়ে অন্ততঃ পরাশরের তীক্ষ্ণ সন্দেহপূর্ণ দৃষ্টি। আবার

ভালবাসার নামে ব্যক্তিস্বাতন্ত্র্যের সম্পূর্ণ বিসর্জন, ভালবাসার মোহ দিয়ে ব্যক্তিত্বের বিলোপ—ইহাও তাহাদের অনভিপ্রেত। এমন কি, এই প্রেম “পারস্পরিক বোধগম্যতার” দৃঢ় ভিত্তির উপরেও প্রতিষ্ঠিত হইবার দাবী রাখে না, যে প্রেম রহস্তের মায়া ছিন্ন করিয়া অতি-পরিচয়ের সাহায্যে নিজ স্থায়িত্ব রক্ষা করিতে চেষ্টা করে, তাহার মহিমা, তাহাদের মতে, প্রাত্যহিকতার ধূলিতে মলিন ও নিম্প্রভ হইয়া পড়ে। তার পর বাড়ী খোঁজার ব্যাপারে এই প্রেম “ধূসর মধ্যবিত্ততার” বিরুদ্ধে বিদ্রোহ করিয়াছে ও রঙ্গীন কল্পনার স্বপ্নজালে নিজ বিচিত্র আবরণ রচনা করিয়াছে। অথচ যে প্রেম বাড়ী খোঁজার ব্যাপারে কল্পনার লীলা ও সৌন্দর্য্যপ্রিয়তার চরম আদর্শে পৌঁছিয়াছে, তাহাই আবার গৃহসজ্জা ও উপকরণ বাহুল্যকে স্বাসরোধকারী পাষণ্ডতারের ন্যায় তীব্র বিতৃষ্ণায় বর্জন করিতে চাহিয়াছে। এই আসবাব কেনা লইয়াই পরাশর ও কুন্তলার প্রেমে বিচ্ছেদের ফাটল দেখা দিয়াছে।

এই প্রেমের বিশেষত্বের যে বিবরণ দেওয়া হইল, তাহা হইতে সহজেই অনুমান করা যাইতে পারে যে, মনস্তত্ত্ববিদের, আলোচনায় এই বিশেষত্বের তীক্ষ্ণ কোণগুলি স্ফুট হইয়া উঠিত, চরিত্রের বন্ধিম রেখা পূর্বভাসের অনুবর্তনে আপনাকে প্রথরতর করিত, সংঘর্ষের ক্ষুদ্র ক্ষুদ্র ঢেউগুলি স্বত্রাকারে গ্রথিত হইয়া বিশাল উন্মির তীব্র অবিচ্ছিন্নতা লাভ করিত। কিন্তু কবি-মনোবৃত্তির সংস্পর্শে আলোচনার ধারা সম্পূর্ণরূপে পরিবর্তিত হইয়াছে, প্রত্যাশিত পথে প্রবাহিত হয় নাই। কবিত্বের প্লাবন আসিয়া মনস্তত্ত্বঘটিত এই সমস্ত স্থূল ইঙ্গিতগুলিকে একেবারে নিশ্চিহ্নভাবে ভাসাইয়া লইয়া গিয়াছে; চরিত্রগত বৈশিষ্ট্য, ঘাত-প্রতিঘাতের সুস্পষ্টতা, প্রাত্যহিক জীবন-যাত্রার সুনির্দিষ্টতা সবই যেন কবিত্বের দিগন্ত-প্রসারী ঘন-শ্রামরেখায় বিলীন হইয়াছে। কুন্তলা-পরাশর এই প্রেমের বিহ্বল মাদকতায় তাহাদের ব্যক্তিস্বাতন্ত্র্য হারাইয়া ফেলিয়াছে— তাহারা যেন বসন্ত-পবন হিল্লোলে উড়ন্ত দুইটি রঙ্গীন প্রজাপতির মত ভার-মুক্ত ও লঘু গতি, মাধ্যাকর্ষণের প্রভাবাতীত। এ কবিত্বের আব-হাওয়ায় সৌন্দর্য্য বিকশিত হইতে পারে, কিন্তু ব্যক্তিত্ব শীর্ণ ও খর্ব হয় তাহা সুনিশ্চিত। পরাশর-কুন্তলা সনাতন ঐম্যিক-প্রেমিকা; আধুনিক যুগের রীতি-নীতি ও ভাষা তাহাদের আত্মার বহিরাবরণ মাত্র; কিন্তু আধুনিক যুগের উপযোগী তাহাদের অস্ত্র কোনও নূতন পরিচয় নাই। তাহাদের চরিত্রের যে বিশেষত্বটুকু, সংঘর্ষের যে শক্তি মাঝে মধ্যে মাথা তুলিয়াছে, তাহা যেন আবার প্রেমের সম্মোহন ইন্দ্রজালে অভিভূত হইয়া ঘুমাইয়া পড়িয়াছে।

অচিন্ত্যকুমারের ‘আসমুদ্র’ উপন্যাসেও কবিত্বের এই অতি-প্রাধান্তের কথা পূর্বেই উল্লিখিত হইয়াছে। সৌম্য ও বনানীর মধ্যে যে নিবিড় রহস্তময় সন্ধন গড়িয়া উঠিয়াছে, নগ্ন মানবাত্মার যে ব্যাকুল আর্তনাদ ধ্বনিত হইয়াছে মনস্তত্ত্বের মাপকাঠিতে

তাহার মূল্যনির্দেশ চলে না, ইহা গীতি-কাব্যেরই বিষয়। সৌম্যের সহিত বনানীর সহজ আলাপ, বা বনানীর গৃহস্থজীবনের ক্ষুদ্র ক্ষুদ্র ইঙ্গিতকে অতিক্রম করিয়া উদ্বেলিত মানবাত্মার সমুদ্র-কল্লোল বা স্তব্ধতার অন্তলম্পর্শ গহনতা তরঙ্গিত হইয়াছে। গৃহস্থালীর তুচ্ছ কর্তব্যের ফাঁকে ফাঁকে, সহজ ভদ্রতার আদান-প্রদানের মধ্যে মধ্যে মানুষের আত্মপরিচয়লাভ, পূর্ণ আত্মহুত্বের জন্য ব্যাকুল, অশান্ত ক্ষোভ গুঞ্জরিত হইয়াছে। বনানীর ব্যক্তিত্ব যেন সম্পূর্ণরূপে সাঙ্কেতিকতার দুর্গম অরণ্যানীতে অদৃশ্য হইয়াছে; সে সম্পূর্ণ পরিচয়হীন, ব্যক্তিত্বের বর্ণলেশহীন, আত্মার বিচ্ছুরিত স্বেত দীপ্তি মাত্র। মানবের চিত্ত-তলে অর্ধ-চেতন আত্মার কারা-গৃহ যে অন্ধকার, গহন বন আছে, সে যেন তাহারই প্রতীক ও প্রতিচ্ছবি। সৌম্যের চরিত্রে শিপ্রা ও বনানীর সাহচর্যে দুইটি দিক বিকশিত হইয়াছে—তাহার সাংসারিক ও অধ্যাত্ম-জীবন দুই দিকেরই পরিচয় মিলে। শিপ্রার সহিত সংঘর্ষে তাহার ব্যক্তিত্ব দৃঢ় ও পেশীবহুল হইয়াছে; আবার বনানীর সঙ্গ-সৌরভে সেই ব্যক্তিত্ব যেন স্বপ্নবিধুর ও উদ্ভ্রান্ত হইয়া আধ্যাত্মিক অহুত্বের তটহীন তরলতায় বিগলিত হইয়াছে। বনানীর অন্তর্দ্বানের পর তাহার চরম বিফলতার মুহূর্তে ঘরের দরজা খুলিয়া রাখার জন্য তুচ্ছ সাংসারিক ভাবনা তাহার ব্যক্তিত্বের এই দ্বৈততাই স্মৃতি করে। এক শিপ্রার মধ্যেই তীক্ষ্ণ বাস্তবতা মূর্তি পরিগ্রহ করিয়াছে। তাহার চরিত্রটাই মনস্তত্ত্ব বিশ্লেষণের মানদণ্ডে বিচারনীয়। শিপ্রার বহু-জীবনের অপরিস্রব সাঙ্কেতিকতা কেমন করিয়া ধীরে ধীরে গৃহীণীপথার স্নানিষ্ঠ কর্তব্য-রেখার মধ্যে সঙ্কচিত, সাংসারিকতার স্থূল আবেষ্টনে স্প্রতিষ্ঠিত হইয়া উঠিয়াছে—সে “এখন সমর্পণের সমতলতা থেকে অভিজ্ঞতার চূড়ায় উঠে এসেছে, তার সেই প্রথম, ক্ষণিক চিরন্তনতা থেকে নেমে এসেছে প্রত্যহের প্রয়োজনে; তাকে অতিক্রম করে নেই যেন আর সেই অশরীরি স্রব”—তার আটপৌরে শাড়ী কেমন করিয়া অভ্যাসের ধূলিমলিন হইয়া তাহাকে বেষ্টন করিয়া ধরিয়াছে, তাহার বর্ণনা মনস্তত্ত্বটিত পরিবর্তনের সামিল। তাহার এই গৃহীণীপথার তীক্ষ্ণ আত্ম-প্রচারই সৌম্যের সঙ্গে তাহার ব্যবধানের প্রথম স্তরের সৃষ্টি করিয়াছে। তারপর বনানীর আবির্ভাবে তাহার দাম্পত্য জীবনের সৌভাগ্য-গর্বে ঈর্ষ্যার বিদ্বৎ-ঝলক সঞ্চারিত হইয়াছে। এখন হইতে বনানীর প্রতি একটা তীব্র, অশোভন প্রতিদ্বন্দ্বিতার ভাব তাহার জীবনের প্রধান লক্ষ্য হইয়া দাঁড়াইয়াছে। তাহার সন্তানের জন্ম তাহাকে পরিবর্তনের আর এক স্তরে লইয়া গিয়াছে—অবশ্য এই পরিবর্তন ঠিক ব্যক্তিগত নয়, সমগ্র নারীজাতির পক্ষে সাধারণ। তাহার শিশুপুত্র তাহাকে স্বামীর প্রতি উদাসীন করিয়া তাহাদের দাম্পত্য জীবনের ব্যবধান বিস্তৃত করিয়াছে; আবার এই উদাসীন্যের প্রতি সৌম্যের স্বাভাবিক প্রতিক্রিয়া তাহার সন্ধিতাকে সর্বগ্রাসী করিয়া তুলিয়াছে। শেষ পর্যন্ত স্বামীর গতিবিধির উপর লক্ষ্য রাখিবার জন্য গুপ্তচর

লাগাইয়া সে সৌম্যকে অকুণ্ঠিত, নিঃস্বর্জ বিদ্রোহ ঘোষণায় উত্তেজিত করিয়াছে। একদিন মাত্র তার এই ঈর্ষ্যা-বিকল, সনেহ-ধূমাকুল চিত্তে উপলব্ধির আলোক জলিয়া উঠিয়াছে, অস্বাভাবিকতার একটা প্রবল ঢেউ আসিয়া তাহার ইতর মনোবৃত্তি, স্বার্থরক্ষার প্রবল প্রচেষ্টা ও ক্ষয়কারী ছশ্চিন্তাকে ভাসাইয়া লইয়া গিয়াছে। এই কাব্য-কুহেলিকার মধ্যে শিপ্রাই সুস্পষ্ট চরিত্রাঙ্কনের একমাত্র নিদর্শন; কবিতা-প্লাবনের মধ্যে একমাত্র সেই পরিচিত মৃত্তিকা-স্পর্শ।

সম্বয়

ত্রীজয়ন্তী ভট্টাচার্য্য

৪র্থ বার্ষিক শ্রেণী, দর্শন বিভাগ

আদিম যুগ হইতে মানুষের দর্শনের দৃষ্টি উন্মেষের প্রায় সঙ্গে সঙ্গেই প্রকৃতির সত্য স্বরূপ জানিবার অপরিহার্য্য স্পৃহা দেখা যায়। সভ্যতার ক্রমোন্নতির ভিতর এবং বিভিন্ন দার্শনিক তত্ত্বের মধ্যে একটা চিন্তাধারার নিয়মানুজ বিকাশ আমরা দেখিতে পাই। বাহ্য প্রকৃতির প্রকৃত রূপ—*nature of the external reality*—কি? এই প্রশ্নের নীমাংসা করিবার চেষ্টা প্রাগৈতিহাসিক যুগে Thales হইতে আরম্ভ করিয়া বর্তমান যুগের শ্রেষ্ঠ দার্শনিকগণের চিন্তার মধ্যে একটা উচ্চ স্থান অধিকার করিয়াছে। আদর্শবাদিগণ (idealists) বা অধ্যাত্মবাদিগণ (spiritualists) বলেন জীবাত্মা বা চেতনাই জগতের মূল সত্তা—বিভিন্ন বস্তু,—যাহা সচরাচর দেখা যায়, সমস্তই চেতনার অন্তর্ভুক্ত এবং এই চেতনারই বিভিন্ন অবস্থা (conscious states) মাত্র। প্রকৃতির সমস্ত সৌন্দর্য্য, সমস্ত ভাষা, সমস্ত ছন্দ প্রতিভাত হয় দ্রষ্টা বা শ্রোতার নিকট। বস্তুর স্বাধীন সত্তা কিছুই নাই—সচেতন মনের উপর তাহাদের অস্তিত্ব সম্পূর্ণ নির্ভর করে। Berkeley-এর মতে বস্তুর *esse est percipi*. সুতরাং আদর্শবাদিগণের সিদ্ধান্ত অনুসারে বিশ্ব-জগৎ বলিতে *extra-mental reality* বুঝায় না—সচেতন সত্তা ও চেতনার বিভিন্ন অবস্থা ব্যতীত জগৎ আর কিছুই নহে। Materialistগণ সমধিক যুক্তির সহিত দেখাইতে চেষ্টা করেন যে, চেতনা বস্তুর দৃশ্য স্তরের বিকাশ—“*Spirit was nothing but a finer matter*”। জীবতত্ত্ব বা Biology হইতে বহু দৃষ্টান্ত দেখাইয়া তাঁহারা প্রমাণ করিবার চেষ্টা করিয়াছেন যে, মনের বিভিন্ন অবস্থা এবং তৎকালীন কার্য্যসমূহ brain এর বিশেষ বিশেষ অবস্থার প্রকাশ। মন বা চেতনা বলিতে তাঁহারা কেবলমাত্র একটা বিশেষ *physiological transformation in the brain* ছাড়া আর কিছু স্বীকার করেন না। তাঁহাদের ভাষায় *Mind is the brain*—এক কথায় বলিতে গেলে materialistগণ চেতনাকে “যেন তেন প্রকারেণ” বস্তুজাত করিবার চেষ্টা করিয়াছেন। Huxley বলিয়াছেন “*We shall arrive at a mechanical equivalent of consciousness.*”

আশ্চর্যের বিষয় এই যে, প্রত্যেক যুক্তির মধ্যেই এমন কিছু না কিছু ত্রুটি থাকে যাহাতে কোনটিকে সঠিক তত্ত্ব বলিয়া গ্রহণ করা চলে না। খৃঃ পূঃ ৬০০ শতাব্দী হইতে আরম্ভ করিয়া বর্তমান সময়ের মধ্যে বহু দার্শনিক এই জটিল প্রশ্নের মীমাংসা করিবার চেষ্টা করিয়াছেন কিন্তু কেহই কোন চরম সিদ্ধান্তে উপনীত হইতে পারেন নাই। Prof. Schwegler বলিয়াছেন “The harmony between spirit and matter is always wanting.” Bertrand Russel বোধ হয় এই অকৃতকাঙ্ক্ষতা লক্ষ্য করিয়াই বলিয়াছেন “Philosophy is to be studied not for the sake of any definite answers to its questions—but rather for the sake of the questions themselves.” আদর্শবাদিগণ চেতনার প্রাধান্ত স্বীকার করিয়া প্রাকৃত বস্তুর স্বাধীন সত্তা লোপ করিয়াছেন; আবার materialistগণ চেতনাকে সম্পূর্ণরূপে বস্তুর অন্তর্ভুক্ত করিয়া তাহার বিশেষত্ব যথেষ্ট পরিমাণে ক্ষুণ্ণ করিয়াছেন। রবীন্দ্রনাথ তাঁহার “ঘরে বাইরে” উপন্যাসে একস্থানে বলিয়াছেন, “প্রাণটা কলের চেয়ে অস্পষ্ট, তাই ব’লে প্রাণটাকে কল ব’লে সোজা করে জানলেই যে প্রাণটাকে জানা হয় তা নয়। * * * আত্মাকে কলের মধ্যে চরম করে দেখাই যে আত্মাকে সত্য দেখা তা বলবো না।” বাস্তবিক বিষয়টা এই যে, চেতনা ও বস্তুকে প্রথম হইতেই পরস্পর বিরুদ্ধভাবাপন্ন মনে করিয়া বিচার করিতে আরম্ভ করিলে তাহাদের শুদ্ধ সত্তা বজায় রাখিয়া আমরা কোন দিনই এই দ্বৈত ভাবের উপযুক্ত সমস্বয় উপনীত হইতে পারিব না। একের জন্ত অন্যকে বিনাশ করিতেই হইবে।

বিখ্যাত জার্মান দার্শনিক Leibnitz-এর দর্শনে আমরা এই জাতীয় চিন্তার প্রাধান্ত দেখি। তাঁহার Doctrine of Monads-এর মধ্যে উপরি উক্ত দুইটা বিরুদ্ধ ভাবের সুন্দর সংমিশ্রণ হইয়াছে। বস্তু ও চেতনা, সচেতন ও অচেতন পদার্থের চিরন্তন বিরোধ একেবারে শাস্ত করিবার জন্ত তিনি এক অভিনব পন্থা অবলম্বন করেন। তিনি বলিলেন, চেতনা ও বস্তু বাহ্যতঃ বিভিন্ন হইলেও দুইয়েরই উৎপত্তি স্থান এক। বস্তু ও চেতনাকে আমরা যেরূপ ভাবে দেখি তাহা সত্য নয়। মূলতঃ বস্তু ও চেতনার মধ্যে কোন জাতিগত পার্থক্য নাই—কেননা দুইয়েরই উৎস এক এবং একই দ্রব্য অবস্থার বিভিন্ন স্তরে কখনও বস্তু কখনও বা চেতনা বলিয়া প্রতিভাত হয়। Materialistগণের মতে matter বা বস্তু হইতেই পৃথিবীর সমস্ত দ্রব্যেরই উৎপত্তি এবং আদর্শবাদিগণের মতে জগৎ চেতনা ও তাহার বিভিন্ন অবস্থা ছাড়া আর কিছুই নয়। পূর্বেই দেখান হইয়াছে যে, বস্তুতঃ এই দুইএর কোনটিকেই সম্পূর্ণ সত্য বলিয়া গ্রহণ করিলে আমরা কোন স্থির সিদ্ধান্তে উপনীত হইতে পারিব না—কেননা Bertrand Russel-এর কথায় “The propositions, that we are determined by objects or they are always determined by

ourselves and are nothing but our conscious states, are half-truths.” Leibnitz এই ক্রটি সম্পূর্ণরূপে বুঝিয়াছিলেন এবং তাঁহার monads-এর মধ্য দিয়া বস্তু ও চেতনার ভিতর একটা unity বা সমন্বয় স্থাপনের চেষ্টা করিয়াছেন।

Leibnitz বলিলেন, প্রাকৃত যত কিছু সমস্তই মূলে আছে এক বিরাট কার্য্যকরী শক্তি। দৃশ্য, অদৃশ্য, সচেতন, অচেতন—জাগতিক সমস্তই শক্তির বিকাশ সমগ্র জগৎ একই শক্তির বিভিন্ন ভাবের, বিভিন্ন অবস্থার অভিব্যক্তি মাত্র। এই আদিশক্তি (‘Original force’)—যাহার বিভিন্ন অবস্থার বিকাশ আমরা দেখিতেছি প্রাকৃত বস্তু এবং চেতনার মধ্যে, জড় এবং সচেতনের মধ্যে, ইষ্টক, কাষ্ঠ এবং প্রস্তরের মধ্যে—এই আদি শক্তিই তাঁহার monad. Leibnitz-এর আদি শক্তি সাধারণ পদার্থবিদ-গণের motion বা mechanical impact হইতে কিঞ্চিৎ বিভিন্ন। তাঁহার matter and motion-কে পরস্পর বিভিন্ন পর্যায়ভুক্ত মনে করেন। তাঁহাদের মতে জড় বস্তুর মধ্যে motion বা শক্তি সঞ্চারিত করা হয়। কিন্তু Leibnitz বস্তু এবং শক্তির মধ্যে জাতিগত পার্থক্য দেখেন নাই। তাঁহার monads ‘self-sufficient centres of psychic energy.’ Leibnitz-এর monad পদার্থবিদগণের dead বা inert matter নহে। তাঁহার monad প্রাণশক্তির আধার—প্রত্যেক monad-এর মধ্যে নিজ নিজ স্ফূরণ ও বিকাশ লাভ করিবার উপযুক্ত যথেষ্ট শক্তি পূঞ্জীভূত থাকে। জগতের প্রত্যেক বস্তু বা চেতনার বিভিন্ন অবস্থা এই জাতীয় বহু monad-এর সংমিশ্রণ। এখন প্রশ্ন হইতে পারে যে, বস্তু ও চেতনার মধ্যে, সচেতন ও জড়ের মধ্যে আমরা যে বৈষম্য দেখি তাহা কি সম্পূর্ণ ভিত্তিহীন? এইরূপ প্রশ্নের উত্তরে Leibnitz, monads-এর ভিতর জাতিগত পার্থক্য না মানিলেও তাঁহাদের অবস্থাভেদ (gradation) স্বীকার করিয়াছেন। তাঁহার মতে monads-এর মধ্যে ক্রমবিকাশের স্তর আছে। চেতনা ও সচেতন বস্তু সকল উচ্চস্তরের monads-এর দ্বারা গঠিত, আপাতদৃষ্টিতে যাহাকে জড়, মৃত বা অচেতন বস্তু বলিয়া মনে হয়—মূলত, Leibnitz-এর মতে তাহার মধ্যেও জীবনী-শক্তির ক্ষীণ প্রবাহ রহিয়াছে। উন্নত স্তরে আরোহণের উপযুক্ত সমস্ত শক্তি এবং সক্রিয় প্রেরণা এই জড় পদার্থের মধ্যেও রহিয়াছে। কিন্তু সেই শক্তি যথেষ্ট পরিমাণে পরিস্ফুট হয় নাই বলিয়া সাধারণ চক্ষুতে জড় পদার্থ বলিয়া লক্ষিত হয়। এক কথায় materialist-গণের matter বা বস্তু Leibnitz-এর নিম্নস্তরের monad—আদিশক্তির অত্যন্ত অপরিষ্কৃত অবস্থার বিকাশ—কিন্তু এ জাতীয় monad-এরও উদ্ভব শক্তি হইতে, প্রাণবস্তুর পরিচয় এর মধ্যেও আছে।

অনেকে বলেন, Leibnitz আদর্শবাদিগণের ত্রায় বস্তুকে চেতনার স্থূল অবস্থায় পরিণত করিয়া তাহার অস্তিত্ব লোপ করিয়াছেন। অধ্যাত্মবাদিগণের ত্রায় তিনিও স্বীকার করিয়াছেন আত্মাই জগতের মূল সত্ত্ব। Prof. Schewegler বলিয়াছেন, “..... The other again (Leibnitz and Berkeley) will say there are only spirits and the thoughts of spirits.” অবশ্য Leibnitz-কে খাঁটি আদর্শবাদিগণের দলভুক্ত করিয়া তাঁহার বিরুদ্ধে একথা বলা যায়। কিন্তু তাঁহাকে Berkeley-র ত্রায় গোঁড়া আদর্শবাদী বলা চলে কি না সে বিষয়ে মতবৈধ হইতে পারে। Berkeley বা Fichte-এর আদর্শবাদ,— তাঁহাদের যুক্তি এবং Leibnitz-এর যুক্তি সম্পূর্ণ বিভিন্ন। Berkeley-এর Ego or Percipient Being বা Fichte-র Self প্রভৃতির মত সত্ত্ব Leibnitz-এর কোন স্থানেই আমরা দেখিতে পাই না। সত্য বটে Leibnitz বস্তুকে পদার্থবিদ্যগণের চক্ষে দেখেন নাই—বস্তুর মধ্যেই তিনি শক্তির সম্মান পাইয়াছিলেন এবং সেইজগৎ বস্তুর বস্তুত্ব বা materiality অনেকাংশে খর্ব করিয়াছেন, কিন্তু তবুও Berkeley বা Fichte-এর সহিত তাঁহার কোন সাদৃশ্য দেখি না। তাঁহার বিরুদ্ধে এই কথা বলা হয় “His matter becomes immaterial in its nature” এবং ইহাই তাঁহাকে গোঁড়া আদর্শবাদিগণের দলভুক্ত করিবার একটি মূল স্ত্র। কিন্তু আমার মনে হয় এই জাতীয় উক্তি সম্পূর্ণ ভিত্তিহীন—কারণ Leibnitz-এর দর্শনের সব চেয়ে গোড়ার কথা শুধু এই যে, মূলতঃ matter and mind-এর মধ্যে জাতিগত স্বাতন্ত্র্য নাই। মাত্র একই শক্তির এক অবস্থায় আমরা বস্তু দেখি এবং সেই living force-এর আর এক পরিষ্কৃত অবস্থায় আমরা তাহাকে চেতনার আকারে দেখি। “In their nature” বা “In its nature”—এ বস্তু এবং চেতনা একই, তফাৎ মাত্র অবস্থায়—সুতরাং “immaterial in its nature”—এ কথা বলাই চলে না। আর এক কথা, পদার্থবিদ্যগণের মতে বস্তুর প্রধান গুণ (attribute) অভেদতা (impenetrability)। Leibnitz দেখাইলেন যে, এই impenetrability গুণই দৃঢ়ভাবে প্রমাণ করিতেছে যে বস্তুর ভিতর শক্তির প্রবাহ রহিয়াছে; কেননা ইহার অর্থ positive resistance ছাড়া আর কিছুই নহে। Berkeley বা Fichte-এর ত্রায় আদর্শবাদিগণ “essence of the world” বলিতে একমাত্র সচেতন সত্ত্বাই বুঝেন। কিন্তু Leibnitz-এর নিকট উচ্চস্তরের চেতনার জগতই সব নহে—তিনি এক বৃহত্তর জগতের সাদা পাইয়াছিলেন, যেখানে শক্তির অভিব্যক্তি তিনি দেখাইয়াছেন উদ্ভিদজগতের এমনকি ধাতুজগতের মধ্যেও—সুতরাং Berkeley বা Fichte-এর সহিত তাঁহাকে তুলনা

করা এবং তাঁহাদের দলভুক্ত করিবার চেষ্টা করা নিতান্তই অসঙ্গত। বরং Realist দিগের ভায় Leibnitz aggregate বা plurality মানিয়াছেন। কিন্তু এই plurality-র মধ্যে তিনি ছন্দোবদ্ধ গতির সন্ধান পাইয়াছিলেন। স্ব স্ব প্রধান হইয়াও Leibnitz-এর monads একটা বিরাট নিয়মের অন্তর্ভুক্ত। এক হইতে অপরে সম্পূর্ণ বিচ্ছিন্ন হইলেও পরস্পরের মধ্যে শৃঙ্খলা আছে—একের সামান্য পরিবর্তনে অপরেরও সেই জাতীয় পরিবর্তন হইবে। Leibnitz-এর দর্শনে আদর্শবাদ একমাত্র এইখানেই প্রকাশ পাইয়াছে। সমগ্র জগৎ চালিত হইতেছে একটা সূক্ষ্ম নিয়মের অন্তর্ভুক্ত হইয়া—এক একটা উদ্দেশ্য সাধনের প্রেরণায়। এই নিয়মের তিনি এক সৃষ্টিকর্তা মানিয়াছেন—বিশ্বনিয়ন্ত্রার পরিচয় পাই আমরা তাঁহার ‘Monad of monads’-এর মধ্যে। এই ‘Monad of monads’ বা ঈশ্বর আছেন সমস্ত সৃষ্টির মূলে; আবার এই Monad of monads-ই প্রত্যেক স্বতন্ত্র monad-এর চরম পরিণতি। Leibnitz-এর আদর্শবাদ যদি কিছু থাকে তবে ইহা ছাড়া আর কিছুই নহে। এই জাতীয় সূক্ষ্ম এবং উদার চিন্তা আমরা Berkeley or Fichte-এর মধ্যে কোথাও দেখিতে পাই না। প্রকৃত আদর্শবাদের ভায় উচ্চাঙ্গের ভাবে তাঁহারা যত কিছু সঙ্কীর্ণতা ও গোঁড়ামীতে পূর্ণ করিয়াছেন। Fichte প্রাকৃত জগতকে ‘Not-self’ বলিয়াছেন—সেই not-self-এর অস্তিত্বের জন্য সম্পূর্ণরূপে দায়ী করিয়াছেন একমাত্র self-কেই। সমস্ত জগৎ এই (individual বা personal) self-affirmation এবং সমস্ত জ্ঞানেরও ভিত্তি একমাত্র এই self-এর মধ্যেই। এই জাতীয় যুক্তি প্রদর্শনে Fichte অত্যন্ত সঙ্কীর্ণতার পরিচয় দিয়াছেন। Berkeley এবং Fichte উভয়েই মন বা conscious ego-র অস্তিত্ব মাত্র স্বীকার করিয়াছেন এবং বস্তু-জগতকে সম্পূর্ণ চেতনাজাত বা চেতনার অন্তর্ভুক্ত করিয়া মনের characteristics বা ধর্ম্য সম্বন্ধে অন্ধ হইয়াছিলেন। Mind বলিতে তাঁহারা যে কি বুঝেন একমাত্র তাঁহারাই জানেন—কিন্তু Joad বলিয়াছেন, “Mind is that which has the power of knowing things which are other than itself.”

আধুনিক বিজ্ঞান কোন দ্রব্যকেই মৃত বলিয়া স্বীকার করেন না। তাঁহারা বলেন, Energy প্রত্যেক প্রাকৃতিক বস্তুর মূলে আছে। Helium (a ceaseless supply of energy)-এর আবিষ্কারই প্রমাণ করিয়াছে যে, atom বা অণুর মধ্যেও পুঞ্জীভূত energy রহিয়াছে। এই জাতীয় কথা বহু পূর্বেই Leibnitz তাঁহার Monadology-র মধ্যে বলিয়াছেন, অবশ্য ভিন্ন ভাবে। পূর্বে atom-কে যে ভাবে বর্ণনা করা হইত তাহাতে বহু ক্রটি দেখা যায়। atom-এ বস্তুত্বের গন্ধ

থাকিলে তাহাকে আর indivisible বলা চলে না। কিন্তু এই ভয়ানক ভুলটি পূর্বের atomist-গণ কেহই লক্ষ্য করেন নাই। Dalton-এর atom বৈজ্ঞানিকের নিকট ইন্দ্রিয়গ্রাহ্য পদার্থ ছিল; এমন কি তাঁহারা বলিতেন, বিভিন্ন atom-এর বিভিন্ন weight থাকিবে। পূর্বে atom বলিতে পদার্থের ক্ষুদ্রাদপি ক্ষুদ্র এক ভগ্নাংশ বুঝা যাইত এবং শক্তি হইতে তাহা সম্পূর্ণ বিভিন্ন বলিয়া পরিগণিত হইত। কিন্তু অতি আধুনিক বৈজ্ঞানিকগণের মতে এই atom-ই বস্তুর শেষ অবস্থা নহে—কারণ বর্তমানে atom-কে ভেদ করিয়া দেখান হইয়াছে যে, ইহারও পূর্ববর্তী অবস্থা আছে। Electron এবং proton, atom-এর পূর্বাবস্থা বলিয়া স্থিরীকৃত হইয়াছে। কিন্তু এই electron or proton কি? জড় মৃত বস্তুর শেষ ভগ্নাংশ নহে, বস্তুই ইহাতে কিছুই নাই—ইহা বৈজ্ঞাতিক শক্তির দুইটি অবস্থা—energy-র বিভিন্ন রূপ ছাড়া আর কিছুই নহে। সপ্তদশ শতাব্দীতে Leibnitz force যে অর্থে ব্যবহার করিয়াছিলেন—Fountain of the mechanical world, energy বলিতেও বৈজ্ঞানিকেরা প্রায় তাহাই বুঝিয়া থাকেন। তিনি বলিয়াছিলেন, আপাত-দৃষ্টিতে যে বস্তুকে জড় বা মৃত বলিয়া মনে হয় শক্তির উৎস এবং প্রবাহ তাহার মধ্যেও অপরিষ্কৃতভাবে বিद्यমান—আধুনিক বৈজ্ঞানিকগণ ঐ অচল বস্তুর মধ্যে potential energy-র সন্ধান পাইয়াছেন। যথাযথ বিচার করিলে দেখা যাইবে, আধুনিক বিজ্ঞানের, বিশেষতঃ পদার্থ-বিজ্ঞানের, অধিকাংশ সিদ্ধান্তই Leibnitz-এর Monadology-র অন্তর্ভুক্ত। Darwin এবং Huxley-র ক্রমবিকাশবাদও আমরা gradation of monads-এর মধ্যে অতি সুন্দর ভাবেই দেখিতে পাই।

Leibnitz-এর দর্শনের সব চেয়ে বড় সার্থকতা তাহার বস্তু ও চেতনার মধ্যে সমস্বয় স্থাপনে এবং সেই সমস্বয় স্থাপনের অভিনবত্বে। বস্তু ও চেতনার মধ্যে মাত্র অবস্থার তারতম্য—দুইয়ের উৎপত্তি স্থান এক এবং সেই জন্ম জাতিগত বৈশিষ্ট্য নাই—এই সিদ্ধান্তে উপনীত হওয়া সম্ভবপর হইয়াছিল কেবল মাত্র শক্তিতে দুইয়ের উদ্ভব নির্দেশে, এবং আজ সমগ্র জগৎ স্বীকার করিতেছে যে, atom-এ শক্তির আরোপ করা হয় না—অর্থাৎ matter এবং energy বা motion দুইটি বিভিন্ন পদার্থ নহে; বিশ্বজগতের মূলে রহিয়াছে এক বিরাট কার্যকরী শক্তি। আধ্যাত্মিক অদ্বৈতবাদ অগ্রাহ্য করিলে, ‘Energy’ হইবে জগতের একমাত্র মূল সত্তা। মনুষ্য, পশু, উদ্ভিদ, ইষ্টক, কাষ্ঠ এবং প্রস্তরের প্রত্যেক কণায় কণায় এই আদি শক্তির অভিব্যক্তি, প্রত্যেক গতির মধ্যে রহিয়াছে এই শক্তির প্রেরণা। শক্তির রাজ্যে বস্তু ও চেতনা এক, কোন বিরুদ্ধ ভাব তাহাদের মধ্যে নাই—শক্তিই একমাত্র কারণ বা

Primal cause; এই জন্তই বোধ হয় ভারতবর্ষে শক্তিকে এত উচ্চ স্থান দেওয়া হইয়াছে। শক্তিকে দেবী বলা হইয়াছে—

যা দেবী সর্বভূতেষু শক্তিরূপেন সংস্থিতা

আমি এতদিনে আমাদের জাতীয় মহত্ব বুঝিতে পারিতেছি। স্বদেশীয় আশ্রয়, বিদেশীয় নিন্দকের কথায় চক্ষু আবরণ পড়িয়াছিল, এখন তাহা ছিন্ন হইয়াছে। আমাকে যদি শতবার জন্মগ্রহণ করিতে হইত তাহা হইলে প্রত্যেকবার হিন্দুস্থানে জন্মগ্রহণ করিতাম।

—আচার্য্য জগদীশচন্দ্র

অর্থসঙ্কট ও স্বর্ণমান

শ্রীবিমলচন্দ্র সিংহ

পঞ্চম বর্ষ, অর্থনীতি

আমাদের এই বিংশ শতাব্দীটি বহুদিক্ দিয়া উল্লেখযোগ্য। এই শতাব্দীতে যেমন মানবমনের ধারা, ইতিহাস, বিজ্ঞান এবং সভ্যতার রূপ যথেষ্ট পরিবর্তিত হইয়াছে, সেই সঙ্গে সারা জগতের অর্থনৈতিক রূপেরও পরিবর্তন হইয়াছে যথেষ্ট। এবং এই সঙ্গে এই কথাটাও ভাবিয়া দেখিবার যে, এই বিংশ শতাব্দীর প্রথমার্ধের মধ্যেই এমন দুইটা ঘটনা ঘটিয়া গিয়াছে, যাহার ফলে সমস্ত জগতের রূপ যথেষ্ট পরিবর্তিত হইয়া গিয়াছে—বড় বড় অর্থনৈতিক পরিবর্তন আসিয়া দেখা দিয়াছে। এই দুইটা ঘটনা হইতেছে গত মহাযুদ্ধ এবং গত বিশ্বব্যাপী অর্থসঙ্কট। আমরা এই প্রবন্ধে গত মহাযুদ্ধ ও গত অর্থসঙ্কটের ফলে অল্প কি কি পরিবর্তন হইয়াছে, তাহার আলোচনা করিতে চাহিতেছি না। কেবলমাত্র স্বর্ণমানের কি অবস্থা দাঁড়াইয়াছে তাহাই আমাদের আলোচ্য বিষয়। কিন্তু বর্তমান অর্থসঙ্কটের ফলে স্বর্ণমানের কি অবস্থা দাঁড়াইয়াছে তাহা আলোচনা করিবার পূর্বে মহাযুদ্ধের ফলে স্বর্ণমানের কি অবস্থা হয়, তাহাও কিছু জানা দরকার।

গত মহাযুদ্ধের পূর্বে স্বর্ণমানের মধ্যে কেন্দ্রীয় ব্যাঙ্ক বা অল্প কোন কর্তার কিছু হাত ছিল না, স্বর্ণমান আপনাআপনি পরিচালিত হইবার কথা। এবং তার এই স্বয়ং পরিচালিত হইবার ক্ষমতা থাকাতাই সাধারণতঃ লোকে তাহার শ্রেষ্ঠত্ব সম্বন্ধে সন্দেহান ছিল না। এইরূপে দেখা যায় যে, সে সময় স্বর্ণমানের প্রচলিত ব্যাখ্যা ছিল এই যে, স্বর্ণমানযুক্ত যে দেশে দামের হার চড়া থাকে, সে দেশে জিনিষ বিক্রয় করার সুবিধা হয় এবং বহুদেশ হইতে জিনিষ সে দেশে বিক্রয়ের জন্ত আসে। ইহার ফলে সেই পণ্যদ্রব্যের দাম হিসাবে কিছু সোনা বাহিরে যায় এবং ক্রমশঃ ক্রমশঃ দাম কমিয়া আসে। আবার যখন স্বর্ণমানে অবস্থিত কোন দেশের দামের হার কম থাকে, সে দেশ হইতে বহুদেশ সম্ভ্রান্ত জিনিষ কিনিয়া লইয়া যায় এবং ফলে প্রথম দেশটিতে কিছু সোনার আমদানি হইয়া দামের হার বৃদ্ধি পায়। এইরূপে সোনা আমদানি ও রপ্তানি হওয়ায় কোনো দেশেই দামের হার বেশি বাড়িতে বা কমিতে পায় না, এবং ফলে সারা জগৎময় অর্থনৈতিক শান্তি বিরাজ করে—টাকার দরের উঠা-নামার ধাঁধা থাকে না। অবশ্য ইহা যে অবিসম্বাদিত সত্য তাহা নহে—কিন্তু কয়েকটি বিশেষ অবস্থার ফলে মোটামুটি এই ব্যবস্থা অনুসারেই স্বর্ণমান পরিচালিত হইত।

কিন্তু গত মহাযুদ্ধের সময় সমস্ত উলটপালট হইয়া যায় এবং প্রায় শতাব্দিক বৎসর ধরিয়া স্বর্ণমান যে অপ্রতিহতপ্রভাবে রাজত্ব করিয়া আসিতেছিল, তাহার সে রাজত্বের অবসান হয়। যুদ্ধের সময় বহু টাকার দরকার হওয়াতে কোনো দেশই মোট মুদ্রার সঙ্গে রিজার্ভ হিসাবে আইনবিহিত স্বর্ণ রাখিতে পারে নাই—আইনসত্ত্ব রিজার্ভ অপেক্ষা বহুদেশেই অনেক কম সোনা ছিল—এবং ইহার ফলে যুদ্ধের সময় বহুদেশেই স্বর্ণমান বন্ধ হয়, যুদ্ধের পর আবার যখন শান্তি ফিরিয়া আসিল ও স্বর্ণমান পুনরায় প্রচলিত করার কথা উঠিল, তখন দেখা গেল যে, এই ধরনের স্বর্ণমান আর সম্ভবপর নয়। প্রথমতঃ দেখা গেল যে, পূর্বেরকার সব অবস্থা পরিবর্তিত হইয়া গিয়াছে। পূর্বে যে এই ধরনের স্বর্ণমানে জনসাধারণের বিশ্বাস ছিল তাহার মূলে ছিল বিভিন্ন দেশের স্বর্ণমান রক্ষণে সহযোগিতা; অর্থাৎ প্রচলিত মুদ্রার সঙ্গে স্বর্ণের যে সম্বন্ধ নির্দিষ্ট ছিল বিভিন্ন দেশসমূহের সব সময়ে সেই সম্বন্ধ রক্ষণে সচেষ্ট থাকা এবং দেশের ব্যবসা বাণিজ্যের কমিবৃদ্ধি বা দামের হারের চড়ানামার জন্য যতই অসুবিধা হউক না কেন সব সময়ে দেশের মুদ্রার পরিবর্তে আইন-নির্দিষ্ট পরিমাণ সোনা দিতে ইচ্ছুক থাকা এবং সেই পরিমাণ সোনার পরিবর্তে দেশের মুদ্রা দিতে ইচ্ছুক থাকা। কিন্তু যখন গত মহাযুদ্ধে বিভিন্ন দেশের অর্থনৈতিক অবস্থা সঙ্কটাপন্ন হইয়া উঠিল এবং কয়েকটি দেশ অপর কয়েকটি দেশের উপর যুদ্ধের বোঝা চাপাইয়া দিল, তখন বিভিন্ন দেশে এই স্বর্ণমান বজায়ে সহযোগিতা রাখা আর সম্ভব হইল না। কোনো দেশই তখন আর সোনা ছাড়িতে চাহিল না, বরং কেন্দ্রীয় ব্যাঙ্কের সুদের হার (bank-rate) কমাইয়া বাড়াইয়া সোনা বাঁচাইবার জন্য সচেষ্ট হইয়া উঠিল। ফলে পূর্বে যে স্বর্ণমান সম্ভব হইতে পারিত, যুদ্ধের পর সে স্বর্ণমান একেবারেই অসম্ভব হইয়া উঠিল। দ্বিতীয়তঃ দেখা গেল যে, অর্থনৈতিক জগতে এমন কতকগুলি নূতন জিনিষের আবির্ভাব হইয়াছে যাহার ফলে পূর্বেরকার স্বর্ণমান অসম্ভব। তাহার মধ্যে কেন্দ্রীয় ব্যাঙ্ক কর্তৃক সুদের হার কমাইয়া বাড়াইয়া স্বর্ণমান manage করা মহাযুদ্ধের পর প্রথম দেখা দিল। তাহা ছাড়াও প্রায় প্রত্যেক দেশেই সোনার মুদ্রার প্রচলন কমিয়া গিয়া সোনা কেবল ব্যাঙ্কে জমা রহিল এবং স্বর্ণমুদ্রামান (gold currency standard) এর পরিবর্তে gold bullion standard আরম্ভ হইল। সেইজন্য যখন মহাযুদ্ধের পর দেশে দেশে আবার স্বর্ণমান প্রচলিত হইল তখন পূর্বেরকার স্বর্ণমান আর দেখা গেল না, তাহার পরিবর্তে এক নূতন ধরনের স্বর্ণমান দেখা গেল।

*

*

*

এই গেল গোড়াকার কথা। এবং এই কথাগুলি বুঝিলে বর্তমান অর্থসঙ্কটের সময় স্বর্ণমানের অবস্থাও মোটামুটি বুঝিতে পারা যাইবে। এই কথাটা আমাদের

সর্বদাই মনে রাখা দরকার যে, ১৯২৬ সালে যে সময় ইংল্যান্ড আবার স্বর্ণমান গ্রহণ করিল এবং তাহার দেখাদেখি আরো অনেক দেশ স্বর্ণমান গ্রহণ করিল, সেই সময়টাই ঠিক স্বর্ণমানে ফিরিয়া যাওয়ার উপযুক্ত সময় ছিল না—অর্থাৎ তখনো যুদ্ধের চাঞ্চল্য প্রকৃতভাবে কাটে নাই। এমন কি Keynes প্রভৃতি পণ্ডিতগণের মতে সে সময় দেশের মুদ্রা অর্থাৎ ষ্টার্লিং ও সোনার মধ্যে যে সম্বন্ধ অর্থাৎ রেশিও ঠিক করা হইয়াছিল, দেশের প্রকৃত অবস্থা, তাহার real wage-rate, real income প্রভৃতি ভাল-রকম বুঝিতে না পারায়, সেই রেশিও নির্ণয় ঠিক হয় নাই, এবং ফলে স্বর্ণমান ধ্বংসের বীজ সেই সময়ই স্বর্ণমানের মধ্যে লুকানো রহিল। ইহার পর যখন ১৯২৮ সালের পর হইতে জগৎব্যাপী অর্থসঙ্কট আরম্ভ হইল, তখন এমন কতকগুলি জিনিষ দেখা দিল ও এমন কতকগুলি ঘটনা ঘটিল, যাহার ফলে স্বর্ণমান বজায় রাখা আর সম্ভব রহিল না। প্রথমতঃ বহুদেশের কেন্দ্রীয় ব্যাঙ্কগুলি আন্তর্জাতিক মুদ্রাবিনিময়ের হারের কমিবুদ্ধি অনুসারে নিজেদের স্বদের হার বাড়াইয়া কমাইয়া সোনা রক্ষা করিতে লাগিলেন—ফলে দামের হার ও ব্যাঙ্ক হইতে ধারের (credit-এর) পরিমাণ বাড়িতে কমিতে লাগিল বটে, কিন্তু শ্রমিক সঙ্ঘগুলির বাধার জন্ত শ্রমিকদের মজুরী কমান সম্ভব হইল না, এবং সেইজন্ত জিনিষপত্র তৈয়ার করার খরচা যে বিশেষ কিছু কমিয়া গেল তাহা নহে। একধারে দামের হার ও ব্যাঙ্ক হইতে ধারের পরিমাণ পরিবর্তিত হইলেও শ্রমিকদের মজুরী এবং জিনিষপত্র তৈয়ার করার খরচা না কমায় স্বর্ণমান ধ্বংসের প্রথম কারণের সূত্রপাত এইখানেই হইল। দ্বিতীয়তঃ যুদ্ধের পর বিজিত দেশসমূহ,—বিশেষ করিয়া জার্মানী হইতে বিজয়ীদেশদের স্বর্ণমুদ্রায় যুদ্ধের খরচা আদায়ের চেষ্টা এবং দেনদার দেশগুলি হইতে পাওনাদার দেশগুলির স্বর্ণমুদ্রায় ধার উত্তল করিয়া লইবার প্রচেষ্টা—এ দুইটীও স্বর্ণমান ধ্বংসের আর একটা কারণ। পূর্বে যেমন দেখা গিয়াছে—এখনও যদি পাওনাদার দেশগুলি তাহাদের পাওনা নগদ স্বর্ণমুদ্রায় দাবী না করিয়া আন্তর্জাতিক বাণিজ্যের মধ্য দিয়া বা অন্য কোন উপায়ে ধীরে ধীরে আদায় করিবার চেষ্টা করিত, তাহা হইলে হয়তো স্বর্ণমান বাঁচিয়া যাইলেও যাইতে পারিত। কিন্তু কার্যতঃ তাহা হয় নাই। ১৯৩১ সালে আমেরিকা যখন ইংলণ্ডের নিকট তাহাদের পাওনা দাবী করিয়া বসিল, তখন ইংলণ্ডের অবস্থা সঙ্গীন; তাহার দেনদার জার্মানী প্রভৃতি দেশ হইতে কোনো টাকা পাওয়া গেল না, এবং বাধ্য হইয়া ইংলণ্ডকে নিজের জমা তহবিল হইতে আমেরিকাকে সোনা দিতে হইল। ফলে তাহার সোনার তহবিল একেবারে খালি হইয়া যাওয়ার সম্ভাবনা আসিয়া পড়ে—এবং ইংলণ্ড আমেরিকা হইতে কিছু টাকা ধার করিয়াও পাওনা মিটাইতে পারিল না। ফলে ইংলণ্ডের অবস্থা এমন কাহিল হইয়া উঠিল যে, স্বর্ণমান ত্যাগ করা ছাড়া কোনো উপায় রহিল না।

তৃতীয়তঃ গত মহাযুদ্ধের পর আরো একটা জিনিস এই স্বর্ণমান ধ্বংসের বিশেষ সহায়তা করিয়াছিল—সেটা হইতেছে বিভিন্ন দেশে বিরাট পরিমাণে অল্প মেয়াদী মূলধনের (short term capital) আবির্ভাব। ১৯৩০ সালে এই মূলধনের মোট পরিমাণ ছিল ১০ বিলিয়ন ডলার। এবং এই বিরাট মূলধন কোনো নিয়ম মানিত না—হঠাৎ এক দেশ হইতে আর এক দেশে যাইতে আরম্ভ করিল। তাই যখন ১৯৩০।৩১ সালে ইংলণ্ডের অবস্থা কাহিল—এবং ফ্রান্স ও আমেরিকার দাবী মিটাইতে গিয়া তাহার স্বর্ণ-তহবিল একেবারে শূন্য হইবার উপক্রম হইয়াছে, তখন আবার এই দুইটা দেশ এবং অত্যন্ত দেশও তাহার short term capital দাবী করিয়া বসিল। ১৯৩১ সালের ১৫ই সেপ্টেম্বর তারিখে যখন ইংলণ্ডে সংবাদ পৌছিল যে, একটা ছোট নৌবাহিনী বিদ্রোহ আরম্ভ হইয়াছে, তখন অবস্থা আরও গুরুতর হইয়া উঠিল এবং তিন দিনের মধ্যে বিভিন্ন দেশ ইংলণ্ড হইতে ৩৩ মিলিয়ন পাউণ্ড ষ্টার্লিং পরিমাণ সোনা তুলিয়া লইল। ইহার ফলে ২১শে তারিখ ইংলণ্ড স্বর্ণমান পরিত্যাগ করিল এবং অক্টোবর মাসের মধ্যেই এক দক্ষিণ আফ্রিকা ছাড়া সমস্ত ব্রিটিশ সাম্রাজ্য—কানাডা, অষ্ট্রেলিয়া, পর্তুগাল, ইজিপ্ট, ফিনল্যান্ড, ল্যাটভিয়া, বলিভিয়া প্রভৃতি বহুদেশ স্বর্ণমান ত্যাগ করিল। ডিসেম্বর মাসে জাপান স্বর্ণমান ত্যাগ করিল এবং আরো কয়েক মাসের মধ্যে গ্রীস, শ্রাম ও পেরু ইহাদের পদাঙ্ক অনুসরণ করিল—এবং ফলে সারা জগতে স্বর্ণমানের এক অভূতপূর্ব পতন হইল। বড় দেশের মধ্যে বাকী রহিল কেবল ফ্রান্স ও আমেরিকার যুক্তরাষ্ট্র।

* * *

এই সঙ্গে ভারতবর্ষের কথাটা বলি। ১৯৩১ সালে যখন ইংলণ্ড স্বর্ণমান ত্যাগ করে তখন ভারতবর্ষে যে মুদ্রানান প্রচলিত ছিল তাহাকে স্বর্ণবিনিময়মান (gold-exchange standard) বলা যাইতে পারে। অর্থাৎ ভারতবর্ষে প্রচলিত মুদ্রা টাকার সঙ্গে সাক্ষাৎ সম্বন্ধে সোনার কোনো সম্পর্ক ছিল না; কিন্তু টাকাকে ইচ্ছামত পাউণ্ড ষ্টার্লিংএ এবং পাউণ্ড ষ্টার্লিংকে ইচ্ছামত সোনাতে পরিবর্তিত করার অধিকার থাকায় ভারতবর্ষ একপ্রকার স্বর্ণমানে অবস্থিত ছিল। যখন ১৯৩১ সালে ইংলণ্ড স্বর্ণমান ত্যাগ করিল, তখন ভারতবর্ষের অবস্থা কাহিল। সে সময় আমাদের সোনা ও ষ্টার্লিং জড়াইয়া মোট ৫৭৮ কোটির রিজার্ভ আছে কিন্তু দেনা তাহার অনেক বেশী। সে সময় মোট নোটের পরিমাণ ১৪৮ কোটির টাকা, ট্রেজারী বিলের পরিমাণ ৮০.৭৪ কোটির টাকা এবং অত্যন্ত অল্প মেয়াদী দেনা (short term debt) ২০ কোটির টাকা। সেই-জন্ত ২৪শে সেপ্টেম্বর তারিখে ৭নং অর্ডিন্যান্সে ঠিক করিয়া দেওয়া হইল যে, সাধারণতঃ ব্যাংকদের ব্যবসা বাণিজ্যের দরকার ছাড়া অন্য কোনো দরকারে সোনা দেওয়া হইবে না।

ভারতবর্ষে এইখানেই স্বর্ণমান (যদি তাহাকে স্বর্ণমান বলা চলে, কারণ আমরা সোনার মুখ কখনই দেখি নাই, কিন্তু Keynes প্রভৃতি বড় বড় পণ্ডিতের সাস্ত্রনাবাক্য শুনিয়া আসিতেছি) শেষ হইয়া গেল। কিন্তু আমাদের কথা এইখানে ফুরাইল না। ১৯৩১ সালে স্বর্ণমান রদ হইবার পর ভারতবর্ষ হইতে বিশেষ করিয়া প্রচুর পরিমাণে সোনা রপ্তানি হইতে আরম্ভ হইল। ভারতবর্ষের ইতিহাসে এত বৃহৎ পরিমাণে স্বর্ণ-রপ্তানি এক অভিনব ব্যাপার, কারণ এ পর্যন্ত এত বৃহৎ পরিমাণে স্বর্ণ রপ্তানি হওয়ার দূরের কথা, মাত্র দু'একবার ছাড়া প্রত্যেক বৎসরই সোনা আমদানি হইয়াছে। কেহ কেহ বলিয়াছেন যে, অর্থসঙ্কটের ফলে বাহার ঘরে যেটুকু সোনা ছিল তাহা বিক্রয় করিয়া তাহাদের অগাধ দাবী মিটাইয়াছিল। এ কথার মধ্যে কিছু সত্য নিহিত থাকিলেও কথাটি সম্পূর্ণ সত্য নয়। কারণ অর্থসঙ্কটের জন্ত জনসাধারণ তাহাদের সঞ্চিত সোনা বিক্রয় করিলেও সেই সোনা রপ্তানি হওয়ার কারণ কি? ইহার কারণ দেশব্যাপী অর্থসঙ্কট নয়। সে সময় ইংলণ্ডে সোনার দাম চড়া ছিল এবং এ দেশে তার অপেক্ষা দাম কম থাকায়, এ দেশের বণিকরা ওদেশে সোনা পাঠাইয়া বেচিয়া যথেষ্ট লাভ করিতেছিল। এইরূপে দেখা যায় যে, ১৯৩২ সালের জানুয়ারী মাসে লণ্ডনে খাঁটি এক আউন্স সোনার দাম ছিল ৬-২-৯ পেনি অর্থাৎ ১-৬ রেশিয়োতে ৩০।০। কিন্তু সেইক্ষেত্রে ঐ সময় বোম্বাইয়ে এক আউন্স খাঁটি সোনার দাম ছিল ২৯।০ অর্থাৎ লণ্ডনের দামের চেয়ে ৮০ আনা কম। এই বার আনায় সোনা রপ্তানি করিবার থরচ বাদ দিয়াও লাভ পোষাইতে লাগিল এবং ইহারই ফলে প্রচুর পরিমাণে স্বর্ণ রপ্তানি সুরু হইল। কিন্তু অল্প সময় হইলে এই বিপুল পরিমাণ স্বর্ণ সারা জগতের দামের হার চড়াইয়া দিত—এ সময় তাহা হইল না, কারণ বিভিন্ন দেশগুলি সোনা পাওয়া মাত্র ব্যাঙ্কের হার কমাইয়া বাড়াইয়া ও আরো অগাধ উপায়ে দামের কমতি বাড়তি হইতে না দেওয়ার সোনা দেশেই রহিয়া গেল, বাহিরে গেল না।

* * *

১৯৩১ সালের পর জগতে অনেক পরিবর্তন ঘটিয়া গিয়াছে—কিন্তু স্বর্ণমানের পুনরাগমনের আশা দূর হইতে দূরান্তরে সরিয়া গিয়াছে। এ সম্বন্ধে বিশেষভাবে লক্ষ্য করিবার বিষয় এই যে, অর্থনীতি শাস্ত্রের প্রবচন অনুসারে কোনো বিশেষ ধরণের স্বর্ণমান এখনও শ্রেষ্ঠ মুদ্রামান হইলেও তাহার পুনরাগমনের আশা ঘটনাচক্রে ক্রমশঃই পিছাইয়া যাইতেছে। এমন কি মাত্র কয়েকদিন আগে ১৬।১০।৩৭ তারিখে Economist পত্রিকা মত প্রকাশ করিয়াছেন যে, এখনও স্বর্ণমানের পক্ষে যথেষ্ট

যুক্তি রহিয়াছে।* কিন্তু তাহা হইলেও চারিধারের ঘটনাস্রোত স্বর্ণমানের বিরুদ্ধেই রহিয়াছে বলিয়া মনে হয়। আমরা স্বর্ণমানের ভবিষ্যৎ আলোচনা করিবার আগে এই ঘটনাচক্রের বর্ণনা করিব।

১৯৩১ সালের পর কিছুদিন বেশ চুপচাপ কাটিয়া যায়; তখন ফ্রান্সের তহবিলে ২৯৯৯ মিলিয়ন ডলার সোনা, আমেরিকার তহবিলে ৩০২০ মিলিয়ন ডলার পরিমাণ সোনা কিন্তু ইংলণ্ডের তহবিলে মাত্র ৫৮৮ মিলিয়ন ডলার পরিমাণ সোনা ছিল। কিন্তু এই দুইটা পাণ্ডনাদার দেশও শেষরক্ষা করিতে পারে নাই এবং শেষ পর্যন্ত এ দুইটা দেশকেও স্বর্ণমান ত্যাগ করিতে হইয়াছে। প্রথমতঃ আমেরিকার যুক্তরাষ্ট্রের কথা দেখিলে দেখা যায় যে, ১৯৩৩ সালে এখানে স্বর্ণমান রদ হইয়াছে। কিন্তু ইংলণ্ডের স্থায় এখানে কোন আন্তর্জাতিক গোলমাল ছিল না, আন্তর্জাতিক গোলমালের জন্মই এখানে স্বর্ণমান রদ হয়। অধ্যাপক গ্রেগরী দেখাইয়াছেন যে, এখানে বহুদিন হইতেই ভিতরে ভিতরে গোলমাল চলিতেছিল এবং সোনা কমিতেছিল—বাস্তবিকপক্ষে ইংলণ্ড হইতে সোনা দাবী করার কারণ ইহাই। তাহার উপর চাষীরা তাহাদের সাধ্যের অতীত ঋণ গ্রহণ করায় এবং ব্যাঙ্কগুলি যে সব জিনিষ বাঁধা লইয়া শিল্পে টাকা ধার দিয়াছিল, অর্থসঙ্কটের ফলে সে বাঁধা জিনিষের দাম বহুপরিমাণে পড়িয়া যাওয়ার যুক্তরাষ্ট্রের কৃষি ও ব্যাঙ্কের ভিতরের অবস্থা বড় খারাপ হইয়া উঠিয়াছিল। ইহার ফলে ১৯৩৩ সালে যুক্তরাষ্ট্রে ব্যাঙ্ক-সঙ্কট উপস্থিত হয় এবং বহু ব্যাঙ্কই ফেল মারে। সে সময় যুক্তরাষ্ট্রের স্বর্ণমান রদ করিয়া ডলারের মূল্য হ্রাস করিয়া চাষী ও ব্যাঙ্কদিগকে দেনার দায় হইতে উদ্ধার করা ছাড়া কোন গতান্তর ছিল না। এই উদ্দেশ্যে ১৯৩৩ সালের এপ্রিল মাসে কয়েকটি আইন পাস হয় এবং তাহাতে প্রেসিডেন্ট রুসভেল্টকে ডলারের মূল্য হ্রাস করিবার ক্ষমতা দেওয়ার সঙ্গে সঙ্গে স্বর্ণমান রদ করা হয়।†

ইহার পর যুক্তরাষ্ট্র এখন পর্যন্ত স্বর্ণমানে ফিরিয়া আসে নাই এবং নিকট ভবিষ্যতে যে আসিবার আশা আছে তাহাও নহে। কিন্তু এ সঙ্গেও যুক্তরাষ্ট্র যে প্রচুর স্বর্ণের মালিক এবং খাতাপত্রে অন্ততঃ বিশ্বের পাণ্ডনাদার, সে বিষয়ে সন্দেহ নাই—এবং সেইজন্য ভবিষ্যতে জগতে স্বর্ণমান প্রচলিত হইবে কি না হইবে তাহা প্রধানতঃ যুক্তরাষ্ট্রের উপর নির্ভর করিবে। বিশেষতঃ মহাযুদ্ধের পর অর্থনৈতিক জগতে লণ্ডনের পূর্বগৌরব কমিয়া গিয়া নিউ ইয়র্কের অভ্যুদয়ের জন্ম এই নির্ভরতা আরো বাড়িয়া গিয়াছে। সেই-

* Vide Economist 16.10.37. Banking Supplement, p. 4. 'Our future Monetary Policy.'

† ১৯৩২ সালের মার্চ মাসের হিসাব, Cole এর Guide through World Chaos, ২৪১ পৃষ্ঠা দ্রষ্টব্য।

জন্ম ১৯৩৩ সালে স্বর্ণমান রদ হওয়ার পর যুক্তরাষ্ট্র স্বর্ণ সঞ্চকে কি করিয়াছে তাহা ঠিক বর্তমান প্রবন্ধের বিষয় না হইলেও অনুধাবনযোগ্য। ইহার পরেই ১৯৩৪ সালের জানুয়ারী মাসে যে আইন পাশ হয় তাহাতে ডলার ও স্বর্ণের মধ্যে যে নিকট যোগ রহিয়াছে তাহা বলা হয় এবং প্রেসিডেন্ট রুসভে-ন্ট তাঁহার ৩১শে জানুয়ারী তারিখের বিজ্ঞপ্তিতে ঠিক করিয়া দেন যে, ৩৫ ডলার এক (ট্রয়) আউন্স খাঁটি সোনার সমান হইবে; পূর্বে ২০.৬৭ ডলার এক আউন্স খাঁটি সোনার সমান ছিল। আমেরিকায় এই সোনার দাম বৃদ্ধি পাওয়ায় বহু সোনা সেখানে গিয়া জড় হইল এবং ১৯৩৪ সালের শেষে দেখা গেল যে, যুক্তরাষ্ট্রের তহবিলে প্রায় ৪,২৩৮ মিলিয়ন ডলার পরিমিত স্বর্ণ আসিয়া হাজির হইয়াছে, এবং ১৯৩৫ সালে ইহা ১০০০০ মিলিয়ন ডলারেরও অধিক হইয়া দাঁড়াইল। অবশ্য ইহার মধ্যে যে আমেরিকার উৎপন্ন স্বর্ণ ছিল না তাহা নহে; তবে ইহাও অস্বীকার করা যায় না যে, সে সময় যুক্তরাষ্ট্রে বহুপরিমাণ সোনা আমদানি হইয়াছিল। এবং ১৯৩৬ সাল পর্য্যন্ত (এমন কি এখনও) এই আমদানির কমতি হয় নাই। পরিশেষে জনসাধারণ এই অবাধ আমদানির জন্য ভীত হইয়া পড়িল, এবং চারিধারে নানারকম গোলমাল দেখা দিল। এই সময় একটা ঘটনা ঘটে যাহা অর্থনৈতিক জগতে গত মহাযুদ্ধ বা গত অর্থসঙ্কটের আরম্ভের মতই স্মরণীয় ব্যাপার। সেটা হইতেছে ফ্রান্স-ইংলণ্ড-আমেরিকা-যুক্তরাষ্ট্রের সম্মিলিত মুদ্রা-চুক্তি।

* * *

এই মুদ্রা-চুক্তির কথা ফ্রান্সের দিক হইতে বলাই সঙ্গত কারণ ইহার সৃষ্টি ফ্রান্সে। পূর্বেই বলিয়াছি যে, ১৯৩১ সালে ইংলণ্ডে স্বর্ণমান পরিত্যাগ করার সঙ্গে সঙ্গে যুক্তরাষ্ট্র ও ফ্রান্সের তহবিলে প্রচুর পরিমাণে সোনা জমা হয়। কিন্তু এই সোনা জমা হইলেও ফ্রান্সের অর্থনৈতিক অবস্থা ভিতরে ভিতরে ভাল ছিল না। বাস্তবিকপক্ষে ফরাসী সরকার কোনো কালেই দীর্ঘস্থায়ী না হওয়ায় সরকারের তহবিলের অবস্থা কোনো কালেই বিশেষ সুবিধা-জনক নহে, সরকারের বাজেট মিলাতো ইদানীং প্রায় দুঃসাধ্য ব্যাপার হইয়া উঠিয়াছিল। তাহার উপর দেশে নানাবিধ দল হওয়ায় এবং বিভিন্ন দলের বিভিন্ন অর্থনৈতিক মত থাকায় সরকারের অর্থনীতিরও স্থিরতা ছিল না। সরকার বজায় করিতে গিয়া একবার এ দলকে ঠাণ্ডা করিতে হইত, আবার আর এক দলের মতে মত দিতে হইত—এইরূপে সরকার একটা অর্থনৈতিক গুণ্ডগোলের সৃষ্টি করিতেছিলেন। তাহার উপর ১৯৩৫ সাল হইতে সাম্যবাদী দল খুব প্রবল হইয়া উঠায় দেশে আরো গোলমালের সৃষ্টি হইল। অবশেষে দেখা গেল যে, একধারে ফ্রান্স হইতে স্বর্ণ ও মূলধন বাহিরে চলিয়া যাইতেছে, সরকারের তহবিলে টাকা নাই। ও ধারে দাম, বিশেষতঃ রুটির দাম, বাড়িতেছে। খরচা বেশি হওয়ায় ধনিক সম্প্রদায় শ্রমিকদের মজুরী কমাইয়া দিতে চাহিতেছেন, কিন্তু সাম্য-

বাদের জন্ত তাহা সম্ভব হইয়া উঠিতেছে না উপরন্তু ধর্ম্মযত্নের আশঙ্কা প্রবল। যখন এই অর্থনৈতিক সঙ্কট আসিয়া উপস্থিত হইল, তখন সরকার চিন্তিত হইয়া পড়িলেন,—সবচেয়ে চিন্তার কারণ হইল স্বর্ণ ও মূলধন বাহিরে যাওয়া। ফলে ফরাসী সরকারের মাত্র দুইটা উপায় হাতে রহিল—(১) স্বর্ণমান রদ করিয়া মূলধন ও স্বর্ণ আটকানো, (২) ফ্রান্সের মূল্য কমাইয়া দিয়া মূলধন ও স্বর্ণ আটকানো। ইহার মধ্যে ফরাসী সরকার শেষোক্ত পন্থাই অবলম্বন করিলেন এবং ১৯৩৬ সালের ২৬শে সেপ্টেম্বর তারিখে ফ্রান্সের মূল্য কমাইয়া দেওয়া হইল। পূর্বে ৭৫ ফ্রাঙ্ক এক পাউণ্ড ষ্টার্লিংএর সমান ছিল, এখন তাহা প্রায় ১০৫ ফ্রাঙ্কে নামিয়া দাঁড়াইল; পূর্বে এক ফ্রাঙ্কে ৬৫.৫ মিলিগ্রাম সোনা থাকিত, বর্তমানে রহিল ৪৯ হইতে ৪৩ মিলিগ্রাম।

মুদ্রার এইরূপ মূল্য কমানো অর্থনৈতিক জগতে বিরল নহে; কিন্তু ইহার গুরুত্ব এত বেশি, কারণ এই যে ফ্রান্সের মূল্য হ্রাস, ইহা কেবল একমাত্র ফরাসী সরকারের ব্যাপার নহে, ইহার সঙ্গে সহযোগিতা করিয়াছিল ইংলণ্ড ও আমেরিকার যুক্তরাষ্ট্র—এবং এই সম্মিলিতভাবে মুদ্রামূল্যহ্রাস অর্থনৈতিক জগতে এক অভিনব ব্যাপার। সেইজন্ত যেদিন ফরাসী সরকার তাঁহাদের মূল্যহ্রাস প্রস্তাব করিলেন, ইংরাজ ও যুক্তরাষ্ট্রের সরকার সেইদিনই প্রস্তাব করিলেন যে, সেই মুদ্রাকে নূতন হারে রাখিতে তাঁহারা সহযোগিতা করিবেন। এই সঙ্গে সঙ্গে বহুদেশই এই চুক্তিতে যোগদান করিল। ২৭শে তারিখে সুইজারল্যান্ড তাহার ডলারের মূল্য প্রায় শতকরা ৩০ ভাগ কমাইয়া দিলেন; হল্যান্ডের গিল্ডারের মূল্যও শতকরা ১৫ হইতে ২০ ভাগ কমাইয়া দেওয়া হইল। গ্রীসেও অনুরূপ ব্যবস্থা হইল; পূর্বে এক পাউণ্ড ষ্টার্লিংএর পরিবর্তে ৫৩১.২ ড্রাকমা পাওয়া যাইত, এখন নূতন হারে ৫৪৬.৫০ ড্রাকমা পাওয়া যাইতে লাগিল। লাটভিয়া ফ্রান্সের সহিত ল্যাট (Lat) যুক্ত করিলেন, পূর্বে এক পাউণ্ড ষ্টার্লিংএর পরিবর্তে মাত্র ১৫.৫০ ল্যাট পাওয়া যাইত, এখন পাওয়া যাইতে লাগিল ২৫.২২ ল্যাট। তুর্কীতেও একই ব্যাপার—পূর্বে হার ছিল ১ পাউণ্ড ষ্টার্লিং=৬.৩৪ তুর্কী পাউণ্ড, এখন হইল ৬.৩৫ হইতে ৬.৩৮ তুর্কী পাউণ্ড। এই অক্টোবর তারিখে ইটালী লিরার মূল্য প্রায় শতকরা ৪১ ভাগ কমাইয়া দিলেন, এবং চেকোস্লোভাকিয়াতে ক্রোউনের মূল্য শতকরা ১১ হইতে ১৬ ভাগ কমিল (১৯০৫ সালে আর একবার শতকরা ১৬ ভাগ মূল্য হ্রাস হইয়াছিল)। এইরূপে সারা জগৎময় সমস্ত বড় বড় দেশসমূহ সম্মিলিতভাবে নিজের নিজের মুদ্রার মূল্য হ্রাস করিল।

সে সময় অনেকেরই আশা জাগিয়াছিল যে, এই মুদ্রাচুক্তির ফলে কেবল যে ফরাসী দেশের উন্নতি হইবে তাহা নহে, সারা জগতে মুদ্রানীতির এক নূতন অধ্যায় আরম্ভ হইবে—এবং এই মুদ্রানীতির মধ্যে স্বর্ণমানের গুরুত্ব থাকিবে যথেষ্ট। কারণ

এই মুদ্রাচুক্তির ফলে স্বর্ণমানের কয়েকটি নূতন দিক্ দেখা গেল—যেমন (১) এর পর হইতে যে যে দেশে বাটার হার ঠিক রাখিবার জন্ত কিছু সঞ্চয় রাখা হইয়াছিল (Exchange Equalisation Account) সেই সব দেশের মধ্যে সোনা সহজেই বাতায়ত করিতে পারিবে—তাহার জন্ত আন্তর্জাতিক মুদ্রাবিনিময়ের হারে কোন গণ্ডগোল হইবে না ; (২) আরো দেখা গেল যে, পূর্বের ছায় দেশের মুদ্রার সঙ্গে সোনার পরিমাণ আইন করিয়া নির্দিষ্ট করিয়া দিবার কোনো প্রয়োজন রহিল না ; (৩) তাহা ছাড়া এর পর হইতে দেশের সোনা আমদানি বা রপ্তানির কোন আঘাত কেন্দ্রীয় ব্যাঙ্কের উপর আসিয়া পড়িবে না, বাট্টা হারের সঞ্চয় থাকায় সেইখানেই সে আঘাত সামলাইয়া যাইবে। এইরূপে পূর্বের স্বর্ণমানের যে যে বড় বড় দোষ ছিল তাহার কতকগুলি এইভাবে দূর হওয়ায় বহুলোকে আশা করিয়াছিল যে, অর্থনীতির একটা নূতন দিক্ দেখা যাইবে।

কিন্তু ভাগ্যের অমোঘ বিধানে এ আশাও সফল হয় নাই। প্রথমতঃ ফরাসী দেশের যেরূপ উন্নতি আশা করা গিয়াছিল, সেরূপ উন্নতি হয় নাই। নানারকম রাজনৈতিক ও অর্থনৈতিক কারণ থাকায় ফরাসী দেশে মূলধন আমদানি উপযুক্ত মাত্রায় হয় নাই, বরং নভেম্বর মাসের শেষের দিকে কিছু মূলধন বাহিরে গিয়াছিল ; ডিসেম্বর মাসের মাঝামাঝি ফরাসী সরকার আবার ধার করিতে বাধ্য হইলেন ; ফেব্রুয়ারী মাসে আবার ধার লওয়া হইল, মার্চ মাসে অবস্থা খারাপ হওয়ায় আরো কিছু কিছু সংস্কার করা হইল। ইহার ফলে মাত্র কয়েকদিনের জন্ত কিছু অবস্থা ভাল হইলেও অবস্থা ক্রমশঃ খারাপই হইয়া চলিল এবং অবশেষে ফ্রাঙ্ক ১ পাউণ্ড ষ্টার্লিং = ১০৫ ফ্রাঙ্ক, এই হার হইতে নামিয়া মে মাসে ১১০।১১ ফ্রাঙ্কে আসিল ; জুলাই মাসে সরকার আরো নামাইয়া ফ্রাঙ্ককে ১ পাউণ্ড ষ্টার্লিং = ১২৭ ফ্রাঙ্কে আনিলেন এবং পরিশেষে সেপ্টেম্বর মাসের মাঝামাঝি উহা প্রায় ১৪০ ফ্রাঙ্কে আসিয়া দাঁড়াইল। এইরূপে ফরাসী দেশেরও যে বিশেষ উপকার হইল তাহা নহে। অবশ্য ব্রুম সরকারের পর দেশের যে উন্নতি হয় নাই তাহা অস্বীকার করা যায় না, কিন্তু ইহা যেরূপ আশা-ভরসা জাগাইয়াছিল, সে আশা ভরসা কিছুই সফল হয় নাই। এবং সেই সঙ্গে স্বর্ণমানের আশাও পিছাইয়া গিয়াছে।

*

*

*

এই অর্থনৈতিক সঙ্কটের ফলে, অর্থনৈতিক জগতে, এবং বিশেষ করিয়া মুদ্রা-নীতিতে এত পরিবর্তন হইয়াছে এবং এত নূতন জিনিষ দেখা দিয়াছে যে, সব কথা এক প্রবন্ধে বলা সম্ভব নয়। আমরা বর্তমান প্রবন্ধে এই কয় বৎসরে স্বর্ণমানের কি কি হইয়াছে ইহারই বর্ণনা করিয়াছি—কিন্তু ইহার শাস্ত্রবচনে কি কি নূতন বাণী পাওয়া

গিয়াছে তাহার কোনো আলোচনা করি নাই—ঘটনাবলীর দিকে দৃষ্টিপাত করা হইয়াছে, কিন্তু theory-র খবর লওয়া হয় নাই। আবার এই স্বর্ণমান ছাড়াও এই অর্থনৈতিক সঙ্কটের সময় রৌপ্যমান ও নোটমান (paper currency standard) ও দ্বিমাত্তমান (bimetallism) প্রভৃতি বিভিন্ন মুদ্রামান, অর্থপ্রাচুর্য (cheap money), বাট্টাহারের সঞ্চয়ের (Exchange Equalisation Fund) সাহায্যে আর্থিক মুদ্রা বিনিময়ের বিভিন্ন বন্দোবস্ত করা (international exchange management)—প্রভৃতি বহু জিনিস দেখা দিয়াছে, বাহার গুরুত্ব ভবিষ্যৎ মুদ্রানীতিতে খুব বেশি হইবে বলিয়াই মনে হয়। বারান্তরে এইগুলি আলোচনা করার ইচ্ছা রহিল।

Editors and General Secretaries

PRESIDENCY COLLEGE MAGAZINE

Editors :

- 1914-15. PRAMATHA NATH BANERJEE, B. A.
- 1915-16. MOHIT KUMAR SEN GUPTA, B. A.
- 1916-17. MOHIT KUMAR SEN GUPTA, B. A.
- 1917-18. SAROJ KUMAR DAS, B. A.
- 1918-19. AMIYA KUMAR SEN, B. A.
- 1919-20. MAHMOOD HASSAN, B. A.
- 1920-21. PHIROZE E. DUSTOOR, B. A.
- 1921-22. SYAMA PRASAD MOOKERJEE, B. A.
- 1921-22. BRAJAKANTA GUHA, B. A.
- 1922-23. UMA PRASAD MOOKERJEE.
- 1923-24. SUBODH CHANDRA SEN GUPTA.
- 1924-25. SUBODH CHANDRA SEN GUPTA, B. A.
- 1925-26. ASIT KRISHNA MUKHERJEE, B. A.
- 1926-27. HUMAYUN Z. A. KABIR, B. A.
- 1927-28. HIRENDRA NATH MUKHERJEE, B. A.
- 1928-29. SUNIT KUMAR INDRA, B. A.
- 1929-30. TARAKNATH SEN, B. A.
- 1930-31. BHABATOSH DATTA, B. A.
- 1931-32. AJIT NATH ROY, B. A.
- 1932-33. SACHINDRA KUMAR MAJUMDAR, B. A.
- 1933-34. NIKHILNATH CHAKRAVARTY, B. A.
- 1934-35. ARDHENDU BAKSI, B. A.
- 1935-36. KALIDAS LAHIRI, B. A.
- 1936-37. ASOK MITRA, B. A.
- 1937-38. BIMAL CHANDRA SINHA, B. A.

General Secretaries :

- 1914-15. JOGESH CHANDRA CHAKRAVARTI, B. A.
- 1915-16. PRAFULLA KUMAR SIRCAR, B. A.
- 1916-17. PRAFULLA KUMAR SIRCAR, B. A.
- 1917-18. RAMA PRASAD MUKHOPADHYAY, B. A.
- 1918-19. MAHMOOD HASSAN, B. A.
- 1919-20. PARAN CHANDRA GANGOOLI, B. A.
- 1920-21. SYAMA PRASAD MOOKERJEE.
- 1921-22. BIMAL KUMAR BHATTACHARYYA.
- 1921-22. UMA PRASAD MOOKERJEE.
- 1922-23. AKSHAY KUMAR SIRCAR.
- 1923-24. BIMALA PRASAD MUKHERJEE.
- 1924-25. BIJOY LAL LAHIRI.
- 1926-27. LOKES CHANDRA GUHA ROY.
- 1927-28. SUNIT KUMAR INDRA.
- 1928-29. SYED MAHBUB MURSHED.
- 1929-30. AJIT NATH ROY.
- 1930-31. AJIT NATH ROY.
- 1931-32. NIRMAL KUMAR BHATTACHARJEE.
- 1932-33. NIRMAL KUMAR BHATTACHARJEE.
- 1933-34. GIRINDRA NATH CHAKRAVARTI.
- 1934-35. SUDHIR KUMAR GHOSH.
- 1935-36. PROVAT KUMAR SIRCAR.
- 1936-37. ARUN KUMAR CHANDRA.
- 1937-38. RAM CHANDRA MUKHERJEE.

DR. P. K. RAY MEMORIAL

AN APPEAL

At a meeting held in connection with the Founders' Day of Presidency College on the 27th January, 1937, it was decided to take steps for the perpetuation of the memory of the late Dr. Prasannakumar Ray, in the College. Accordingly a representative committee was set up with Professor Krishna Chandra Bhattacharyya as President, Rai S. K. Raha Bahadur, Professor Khagendra Nath Mitter and Mr. Pannalal Bose as Vice-Presidents, Mr. Atul Chandra Gupta and Dr. Mahendra Nath Sircar as Joint Secretaries, and 16 other distinguished ex-students of the late Professor as members.

To old students of Presidency College, Dr. P. K. Ray's is a name to conjure with. His fame as a philosopher, his greatness as a teacher, the services he rendered to the College as its first Indian Principal—all these give him a unique place in the history of the College. It is a pity that a man like him should have no memorial as yet in the institution that he served so well. A move, however, has been made at long last to repair the omission; and we have no doubt that all ex-students of Dr. P. K. Ray, to whose generosity this appeal is now being made, will be glad to avail themselves of the opportunity to give some tangible token of their regard for their old teacher.

All contributions, however small, will be thankfully received by Professor Debendra Nath Sen, Treasurer, Dr. P. K. Ray Memorial Committee, Presidency College, Calcutta.





বঙ্কিমচন্দ্রের সাহিত্যতত্ত্ব *

অধ্যাপক শ্রীসুবোধচন্দ্র সেনগুপ্ত, এম্-এ, পি-আর-এস, পি-এইচ্-ডি

(১)

‘বঙ্গদর্শন’ পত্রিকায় বঙ্কিমচন্দ্র বাঙ্গালার নব্য লেখকদিগকে কতকগুলি উপদেশ দিয়াছিলেন। তাহার মধ্যে তিনি বলিয়াছিলেন, “যদি মনে এমন বুঝিতে পারেন যে লিখিয়া দেশের বা মনুষ্যজাতির কিছু মঙ্গল সাধন করিতে পারেন, অথবা সৌন্দর্য্যসৃষ্টি করিতে পারেন, তবে অবশ্য লিখিবেন।” এই উপদেশের মধ্যে তাঁহার নিজের রচনার মূল সূত্র নিহিত রহিয়াছে। এই দুইটি উদ্দেশ্যই তাঁহার রচনার প্রেরণা জোগাইয়াছে। কখনও একটি প্রবল হইয়াছে, কখনও অপরটি প্রাধান্য পাইয়াছে, আবার কখনও উভয়ের মধ্যে সম্পূর্ণ সমন্বয় সাধিত হইয়াছে। ‘দুর্গেশনন্দিনী’তে চিত্তশুদ্ধির কথা আছে আবার ‘সীতারাম’ও সৌন্দর্য্যবিশিষ্ট। তবে একটু অনুধাবন করিলে দেখা যাইবে যে বঙ্কিমের প্রথম জীবনের রচনায় সৌন্দর্য্যসৃষ্টির আকাঙ্ক্ষাই মুখ্য এবং বুদ্ধি ও অভিজ্ঞতার পরিণতির সঙ্গে সঙ্গে লোকশিক্ষার প্রবৃত্তি সৌন্দর্য্যবোধকে ছাপাইয়া উঠিতে চেষ্টা করিতেছে। তাঁহার রচনার গভীর ও বিস্তৃত সমালোচনা করিতে হইলে দেখিতে হইবে সৌন্দর্য্য ও লোকশিক্ষা বলিতে তিনি কি বুঝিয়াছেন।

প্রথম সৌন্দর্য্যের কথাই ধরা যাক্। তিনি সৌন্দর্য্যের সংজ্ঞা দিতে চাহেন নাই। কিন্তু নানা জায়গায় তাঁহার মত স্পষ্ট হইয়া উঠিয়াছে। তিনি মনে করেন যে মানুষের মন একটি একক সামগ্রী, কিন্তু বুঝিবার সুবিধার জন্য তাহার বৃত্তিগুলিকে নানাভাগে ভাগ করা যাইতে পারে—যথা জ্ঞানার্জ্জনী, চিত্তরঞ্জিনী বৃত্তি। জ্ঞানার্জ্জনী বৃত্তির সাহায্যে আমরা জ্ঞানলাভ করি আর চিত্তরঞ্জিনী বৃত্তির দ্বারা আমরা সৌন্দর্য্য উপলব্ধি করি। সৌন্দর্য্য অনুভবের বস্তু—অনুমানের নহে; সূত্রাং জ্ঞানার্জ্জনী বৃত্তির অনধিগম্য। মনুষ্যহৃদয়ের কোমল গভীর উন্নত অশ্রুত ভাবধারাকে প্রকাশ করা, অব্যক্তকে ব্যক্ত করা—চিত্তরঞ্জিনী বৃত্তির কার্য্য। যাহা আদর্শ, যাহা আকাজিক তাহার প্রকাশই সৌন্দর্য্যসৃষ্টি। “সকল বিষয়েই প্রকৃত অবস্থার অপেক্ষা উৎকৃষ্ট অবস্থা আমরা কামনা করি” সেই উৎকৃষ্টের আদর্শস্থল আমাদের হৃদয়ে অশ্রুত রকমে থাকে, সেই আদর্শ ও কামনা কবির সামগ্রী।”

* আমরা জানিলে জানাইতেছি যে, শ্রদ্ধেয় ডাঃ সেনগুপ্তের ‘বঙ্কিমচন্দ্র’ নামক বই গীত্রই বাহির হইবে। বর্তমান প্রবন্ধ তাহারই এক অংশ—সম্পাদক।

মানবহৃদয়ের অক্ষুট ভাবধারা যদি চিত্তপ্রসাদের একমাত্র সামগ্রী হয় তাহা হইলে সৌন্দর্যের পরিধি খুব সঙ্কীর্ণ হইয়া পড়ে। আর যে সৌন্দর্য শুধু অপরিচুষ্ট আকাঙ্ক্ষাকেই আশ্রয় করিয়াছে তাহা অহিফেনসেবীর কল্পনার মত অলীক হইয়া পড়িবে। তাই বঙ্কিমচন্দ্র মনে করেন যে অন্তঃপ্রকৃতির আকাঙ্ক্ষাকে বহিঃপ্রকৃতির রূপের সঙ্গে মিলিত করিলে যে সৌন্দর্যের সৃষ্টি হইবে তাহাই প্রকৃত সৌন্দর্য—তাহার মধ্যে বিস্তৃতি ও সজীবতার অভাব হইবে না। অন্তঃপ্রকৃতি ও বহিঃপ্রকৃতি—একে অপরের রস জোগাইবে। “অন্তঃপ্রকৃতি ও বহিঃপ্রকৃতির মধ্যে ষথার্থ সম্বন্ধ এই যে উভয়ে উভয়ের প্রতিবিম্ব নিপতিত হয়……………যদি শুধু অন্তঃপ্রকৃতির উপর জোর দেওয়া হয় তাহা হইলে ইন্দ্রিয়পরতা দোষ ঘটে—উদাহরণ জয়দেব। আর যদি বহিঃপ্রকৃতিকে অতিমাত্রায় প্রধান করা হয় তাহা হইলে আধ্যাত্মিকতা দোষ জন্মে—যেমন Wordsworth। কিন্তু অন্তঃপ্রকৃতির আদর্শ ও বহিঃপ্রকৃতির রূপকে একত্রিত করিলে যে সৌন্দর্যের সৃষ্টি হইবে তাহা যত বিশাল ও সরসই হউক না কেন তাহার সঙ্গে মানব-জীবনের সম্পর্ক খুব প্রত্যক্ষ নহে। সুতরাং সৌন্দর্যকে সার্বভৌম করিতে হইলে বাহ্য ব্যক্ত, বাহ্য প্রত্যক্ষ, মানুষের দৈনন্দিন জীবনের সেই সুখঃখণ্ডলিকে একেবারে বাদ দিলে চলিবে না। “বাহ্য প্রকৃত, বাহ্য প্রত্যক্ষ, বাহ্য প্রাপ্ত” শুধু তাহাকেই যে সৌন্দর্য-বোধ আশ্রয় করিয়াছে তাহা অপেক্ষাকৃত নিকৃষ্ট হইতে পারে। কিন্তু তাহাও সৌন্দর্যের সীমানার মধ্যে পড়ে। এমন কি অতিপ্রকৃতির সৃষ্টি করিলেও, “বাহ্য প্রকৃত তাহা যে সকল নিয়মের অধীন, কবির সৃষ্ট অতিপ্রকৃতও সেই সকল নিয়মের অধীন হওয়া উচিত।” বাহ্য স্বভাবালুকায়ী অথচ স্বভাবাতিরিক্ত তাহাই সৃষ্টি।*

সৌন্দর্যের তিনটি উপাদান বঙ্কিমচন্দ্র নির্দেশ করিয়াছেন,—প্রত্যক্ষ ঘটনা, অপ্রত্যক্ষ অনুভূতি ও বহিঃপ্রকৃতির রূপ। ইহাদের মধ্যে সামঞ্জস্য করিব কি প্রকারে? বঙ্কিমচন্দ্র মনে করিতেন যে বিশ্বব্রহ্মাণ্ড জড়পিণ্ডের সমষ্টিমাত্র নহে—ইহার অন্তরালে একটা অনির্বচনীয় শক্তি রহিয়াছে। তাহাকে তিনি বিশ্বব্যাপী চৈতন্য আখ্যা দিয়াছেন। এই শক্তির ফল হইতেছে অনির্বচনীয় শৃঙ্খলা। এই শৃঙ্খলার অনুভূতিই কবির

* এইজন্য বঙ্কিমচন্দ্রের রচনায় অতিপ্রাকৃতের স্থান খুব সীমাবদ্ধ। ‘চন্দ্রশেখর’ ও ‘রজনীতে’ যে সকল অলৌকিক ব্যাপার আছে তাহার ব্যাখ্যা দিতে বাইয়া তিনি Psychic force ও অসাধারণ চিকিৎসা নৈপুণ্যের অবতারণা করিয়াছেন এবং ‘রজনী’র চন্দ্রদান প্রভৃতি সম্পূর্ণ বিশ্বাসযোগ্য হইবে না বলিয়া ঐ কাহিনী বলিবার ভার নিজের উপর রাখেন নাই। কুন্দনন্দিনীর মাতার আবির্ভাব অলৌকিক ব্যাপার। কিন্তু মনে রাখিতে হইবে যে কাহিনী বর্ণিত প্রত্যেক চরিত্র সম্পূর্ণ স্বাধীন; কুন্দনন্দিনীর মাতা ভবিষ্যতের চিত্র আঁকিয়াছেন, কিন্তু তিনি নিজে উপস্থিত হইয়া ঘটনার হৃদযোজনা করেন নাই।

সৌন্দর্য্যবোধ। এই অনির্বচনীয় শৃঙ্খলার মূল কোথায়? এই শৃঙ্খলার ফল কি সেই সম্পর্কে বঙ্কিমচন্দ্রের মত কোন এক জায়গায় স্থির হইয়া থাকে নাই। বয়স ও অভিজ্ঞতার সঙ্গে সঙ্গে এই সম্পর্কে তাঁহার মতের পরিবর্তন হইয়াছে। তিনি শেষ জীবনে এই শৃঙ্খলার সঙ্গে ঈশ্বরের মঙ্গলময় বিধানের সম্পর্ক দেখিয়াছেন এবং ইহাকেই নিজের ধর্ম্মতত্ত্ব বলিয়া প্রচার করিয়াছেন। শেষজীবনে তিনি বলিয়াছেন, এই শৃঙ্খলার ফল হইতেছে সুখ। কিন্তু প্রথম জীবনে তাঁহার বিশ্বাস স্পষ্ট ও দৃঢ় হয় নাই। সে যাহা হউক, বিশ্বব্রহ্মাণ্ডের মধ্যে ঐক্যের সন্ধান ও অনুভূতি তাহার সমগ্র কাব্যের প্রাণ; কিন্তু ইহার মূল ও ফল সম্পর্কে তাঁহার মতের পরিবর্তন হইয়াছে এবং সেই পরিবর্তনের সঙ্গে সঙ্গে তাঁহার সৃষ্টিরও রূপ বদলাইয়াছে।

(২)

বঙ্কিমচন্দ্র জগতের মধ্যে ঐক্য দেখিবার চেষ্টা করিয়াছেন; বহিঃপ্রকৃতি ও অন্তঃপ্রকৃতির মধ্যে সামঞ্জস্য করিয়াছে এমন এক শক্তিকে তিনি আবিষ্কার করিতে চেষ্টা করিয়াছেন। এইজন্য তাঁহার উপন্যাসে সবচেয়ে বড় কথা হইল নিয়তির সঙ্গে মানব-জীবনের সংযোগ। মানবজীবন সম্পর্কে যাহারা গভীরভাবে চিন্তা করিয়াছেন তাঁহারা ই অনুভব করিয়াছেন যে মানবমনের এমন শক্তি আছে যাহা প্রবল, হ্রস্বতীক্রমণীয়, অনেক সময় বুদ্ধির দ্বারা অনধিগম্য। আবার বাহিরে যে জড়জগৎ আছে তাহাকে কেহ বলিয়াছেন চৈতন্যময়, কেহ বলিয়াছেন অচেতন, কিন্তু তাহাও যে একটা বিরাট শক্তি এবং মানুষের সঙ্গে সম্পর্কবিশিষ্ট ইহা অস্বীকার করিবার উপায় নাই। ইহা অনুমান করা যাইতে পারে যে এমন একটা শক্তি আছে যাহা বাহিরের জগৎ ও মনোজগৎকে নিয়ন্ত্রিত করিতেছে এবং তাহাদের মধ্যে সামঞ্জস্য বা বিরোধিতার সৃষ্টি করিতেছে। এই শক্তিকে নিয়তি আখ্যা দেওয়া হইয়াছে। যে সমস্ত সাহিত্যিকগণ এই শক্তির ক্রিয়ার রূপ দিতে চেষ্টা করিয়াছেন তন্মধ্যে গ্রীক কবিগণ, শেক্সপীয়র, টমাস্ হার্ডি ও বঙ্কিমচন্দ্রের নাম উল্লেখযোগ্য। বঙ্কিমচন্দ্র টমাস্ হার্ডির পূর্বের জন্মিয়াছেন এবং ইহার বয়সের দিক্ দিয়া সমসাময়িক হইলেও বঙ্কিমচন্দ্র কখনও টমাস্ হার্ডির রচনা পড়েন নাই। গ্রীক সাহিত্য ও সভ্যতার কথা তিনি কখনও কখনও উল্লেখ করিয়াছেন, কিন্তু গ্রীক সাহিত্যের দ্বারা তিনি প্রত্যক্ষভাবে প্রভাবান্বিত হইয়াছিলেন এমন কোন প্রমাণ নাই। শেক্সপীয়রের প্রভাব তিনি নিজেই স্বীকার করিয়াছেন, বিশেষ করিয়া তাঁহার প্রথম বয়সের রচনায়। এই প্রভাবের আলোচনা স্থানান্তরে করা হইবে। এইখানে শুধু একটি কথা বলা প্রয়োজন। শেক্সপীয়র মানববুদ্ধির অতীত অথচ মানবজীবনের নিয়ামক অদৃশ্য শক্তির অনুসন্ধান করিয়াছেন তাঁহার বহু নাটকে এবং তাঁহার এই চেষ্টার সঙ্গে

বঙ্কিমচন্দ্রের চেষ্টার তুলনামূলক সমালোচনা করিলে উভয়ের শিল্পচাতুর্য্য আমরা স্পষ্ট করিয়া বুঝিতে পারিব। শেক্সপীয়র না পড়িলেও বঙ্কিমচন্দ্র নিয়তির অনুধাবন করিতেন এবং উভয়ের অনুসন্ধানের মধ্যে সাদৃশ্য অপেক্ষা বিরোধিতাই বেশী। তবু বঙ্কিমচন্দ্রের আর্টের আলোচনার সময় শেক্সপীয়রের দৃষ্টান্ত স্মরণ রাখিতে হইবে।

সেক্সপীয়রে দেখি হ্যামলেট্ ম্যাক্বেথ প্রভৃতি চরিত্র অলৌকিকের প্রভাব প্রত্যক্ষভাবে অনুভব করিতেছে। যাহারা এই প্রভাব প্রত্যক্ষভাবে অনুভব করিতেছেন না তাহারাও ইহার দ্বারা নিয়ন্ত্রিত হইতেছে বলিয়া মনে হয়। কোন শক্তির প্রভাবে ডেস্‌ডিমোনা ঠিক সেই সময়েই রুমালখানা হারাইল যখন এই হারান সব চেয়ে বেশী অমঙ্গলকর হইবে? কে লীয়রকে তাঁহার বড় দুই কন্যা সম্পর্কে সম্পূর্ণ অন্ধ করিল? পাপের পথে প্রবেশ করিবার সময় জারজ এডমণ্ড প্রকৃতিকে দেবী বলিয়া বরণ করিয়াছে এবং তাহার মৃত্যুর প্রাক্কালে সে সেই শক্তিকেই শিরোধার্য্য করিয়া বলিয়াছে যে চক্রের ঘূর্ণন পরিপূর্ণ হইল মাত্র। প্রকৃতি কি চৈতন্যময়? সেক্সপীয়রের এই সকল নাটক পাঠ করিলে দেখা যায় যে মানুষ বুদ্ধি দিয়া এই অলৌকিক শক্তিকে বুঝিতে ও নিয়ন্ত্রিত করিতে চাহিতেছে। কিন্তু তাহার সেই চেষ্টা সফল হইতে পারিতেছে না। শেষ পর্য্যন্ত মনে হইতেছে যে দেবদেবীর কাছে আমরা কীটপতঙ্গের মত; তাঁহারা শুধু কৌতুকের জন্তই আমাদের মারিয়া ফেলিতেছেন। টেম্পেষ্ট নাটকে দেখি মানবের অভিধান সার্থক হইয়াছে; সে নিয়তিকে নিয়ন্ত্রিত করিয়াছে। কিন্তু ‘টেম্পেষ্টে’ও মানবের চরম পরাজয়ের কাহিনী। মানব জগৎ বশ করিয়াছে ম্যাজিকের দ্বারা, বুদ্ধির দ্বারা জয় করে নাই। তাই বোধ হয় প্রেম্পেরো নিজে তাঁহার বিজয়ে উল্লসিত হন নাই; তাঁহার যাত্নমন্ত্র তিনি জলে নিক্ষেপ করিয়া গিয়াছেন। ‘টেম্পেষ্টে’ নাটকে যাহারা বিজয় গৌরবের প্রশাস্ত দীপ্তি দেখিতে পান তাঁহারা সেক্সপীয়রের অর্থ ঠিক বুঝিতে পারিয়াছেন বলিয়া মনে হয় না।

বঙ্কিমচন্দ্রের উপন্যাস আলোচনা করিলে ঠিক বিপরীত পরিণতির পরিচয় পাওয়া যাইবে। বঙ্কিমচন্দ্রের প্রথম তিনখানি উপন্যাস ‘দুর্গেশনন্দিনী’, ‘কপালকুণ্ডলা’ ও ‘মৃণালিনী’। এই তিনখানি উপন্যাসেই দেখিতে পাই নিয়তির চক্র আপনার মনে, আপনার বেগে ঘুরিতেছে, মানুষ তাহাতে পিষ্ট হইতেছে। মানুষ তাহার জ্ঞানের দ্বারা ভবিষ্যতের আভাস পাইতে পারে, কিন্তু সে শুধু আভাস মাত্র, সম্পূর্ণ পরিচয় নহে। বুঝিতে সে বাহাই পারুক না কেন, নিয়তির চক্রকে সে কখনও প্রতিরোধ করিতে তো পারিবেই না তাহাকে এড়াইতেও পারিবে না। বরং এড়াইতে বাইয়া সে চক্রের গতিকে সাহায্যই করিবে। ট্রয়ের ইতিহাসে বা ঈডিপাসের কাহিনীতে দেখি যে প্যারিস ও ঈডিপাসের সম্বন্ধে যে দৈব ভবিষ্যদ্বাণী করা হইয়াছিল, তাহাদের পিতা

মাতারা সেই ভবিষ্যদ্বাণীকে নিষ্ফল করিবার জন্ত বিশেষ চেষ্টা করিয়াছিলেন, কিন্তু তাঁহাদের সেই চেষ্টায় কিছুই ফল হয় নাই, নিয়তির গতি একটুও প্রতিহত নাই। অদৃষ্টের কঠোর পরিহাস। বঙ্কিমচন্দ্রের দুর্গেশনন্দিনীতে দেখি অভিরামস্বামী গণনা করিয়া দেখিলেন যে মোগল-সেনাপতি হইতে তিলোত্তমার বিপদের সম্ভাবনা এবং যাহাতে সেই সম্ভাবনা কখনও কার্য্যে পরিণত হইতে না পারে তজ্জন্ত বীরেন্দ্র সিংহ মোগলের সঙ্গে সন্ধি করিলেন, কিন্তু তাহাতে বিপদ দূর হইল না। তিলোত্তমার বিপদ আসিল পাঠানের নিকট হইতে এবং দেখা লেল পাঠান সৈন্যদলের মধ্যে একজনকে সবাই কোড়াক করিয়া মোগল-সেনাপতি বলিয়া ডাকিত। অদৃষ্টের লীলার এই চিত্রকে খুব উঁচু দরের বলা যায় না। কারণ যে পাঠানকে মোগল-সেনাপতি বলিয়া ডাকা হইত সে সত্য সত্যই মোগল নহে এবং গড়মান্দারণ বিজয়ে তাহার অংশ খুব গোণ। বীরেন্দ্র সিংহ ও অভিরাম স্বামীর নিষ্ফলতায় নিয়তির অলঙ্ঘনীয় গতি ও কঠোর পরিহাসের চিত্র পাওয়া যায় না। ইহা অদৃষ্টের একটু লঘু কোতুক।

‘মৃণালিনী’তেও এই অপেক্ষাকৃত অপকৃষ্ট সৃষ্টির পরিচয় রহিয়াছে। মাধবাচার্য্য গণনা করিয়া দেখিয়াছিলেন যে পশ্চিম দেশীয় বণিক আসিয়া পূর্বদেশে মুসলমান রাজত্বের উচ্ছেদ সাধন করিবে। এমন সময় মথুরায় হেমচন্দ্র বণিক পরিচয়ে বাস করিয়াছিল। তাহা হইতে মাধবাচার্য্য মনে করিলেন যে হেমচন্দ্রই মুসলমানকে মগধ ও গৌড়-রাজ্য হইতে বিতাড়িত করিবে। যে বণিক মুসলমান রাজত্বের ধ্বংস সাধন করিয়াছিল সে বাণিজ্যের ছলনায় প্রণয়িণীর অভিসারে যায় নাই, সে সত্য সত্যই বাণিজ্য করিয়াছিল এবং বাধ্য হইয়া রাজদণ্ড গ্রহণ করিয়াছিল। মাধবাচার্য্য মিথ্যা আশার দ্বারা প্রলুব্ধ হইয়া এক বিরাট অভিযানে প্রবৃত্ত হইয়াছিলেন যাহার জন্ত তাঁহার সহায় ও সম্বল ছিলনা কিছুই। এই কাহিনীতে দেখি যে মানুষের জ্ঞান অসম্পূর্ণ, স্মৃতির তাহার চেষ্টা হয় ভ্রান্ত। বঙ্কিমচন্দ্রের এই দুইখানি রচনা অতিশয় অপরিণত। স্মৃতির মানুষের জ্ঞানভাব তাহার প্রবৃত্তির উচ্ছলতা ও দৈবশক্তির অনিবার্য্য গতির মধ্যে কোন নিবিড় সংযোগ নাই। যে ঐক্যানুভূতি এই জাতীয় রচনার প্রধান উপাদান এইখানে তাহারই অভাব। মনে হয় মানবের কাহিনী তাহার পথে চলিয়াছে, অদৃষ্টের গতির সঙ্গে তাহার যে মিল আছে তাহা আকস্মিক; নিয়তি মানব জীবনকে নিয়ন্ত্রিত করে নাই, মাঝে মাঝে একটু কোতুক করিয়াছে মাত্র।

‘কপালকুণ্ডলা’র বহিঃপ্রকৃতির সঙ্গে অন্তঃপ্রকৃতির ঐক্যের অপরূপ চিত্র আছে। কিন্তু কপালকুণ্ডলার জীবনে দৈবশক্তির ছায়া স্পষ্ট হইয়া পড়ে নাই। সত্য বটে নবকুমারের সঙ্গে বাহির হইয়া আসিবার সময় কপালকুণ্ডলা দেবীর পদে যে বিশ্বপত্র দিয়াছিলেন তাহা পড়িয়া গিয়াছিল এবং কপালকুণ্ডলার বিচলিত জীবন

স্বপ্নের হয় নাই। কিন্তু তাহা দৈবের দ্বারা নিয়ন্ত্রিত হইয়াছে এমন কোন প্রমাণ নাই। অবশ্য কপালকুণ্ডলা নিজে এই সামান্য ঘটনাকে বড় করিয়া দেখিয়াছেন এবং শ্রামাস্ত্রন্দরীকে বলিয়াছেন যে তাঁহার দেওয়া বিশ্বপত্র যে পড়িয়া গিয়াছিল ইহাই দেবীর অগ্রসম্মতার ও তাঁহার নিজ ভবিষ্যৎ অমঙ্গলের পরিচায়ক। ইহা কপালকুণ্ডলার সংস্কার, গ্রন্থকারের মত নহে। কপালকুণ্ডলাকে নিয়ন্ত্রিত করিয়াছে বাহিরের প্রকৃতি, সর্বব্যাপী অথচ সর্বাতীত নিয়তি নহে।

কিন্তু ‘কপালকুণ্ডলা’র আর একটি চরিত্র আছে যিনি দৈবের প্রভাব অতভাবে অনুভব করিয়াছেন। মতিবিরি জাহাঙ্গীর বাদশাহকে ছাড়িয়া গরীবের গৃহিণী হইতে চাহিলে ওষমন অবাক হইয়া গিয়াছিল। তখন মতিবিরি নিজেই এই রহস্যের সমাধান করিলেন এই বলিয়া, “আকাশে চন্দ্রসূর্য্য থাকিতে জল অধোগামী কেন?.....লগাট লিখন।” এইখানে আমরা একটি নূতন ভাবের সন্ধান পাইলাম। বিধিলিপি শুধু বাহিরের শক্তি নহে, তাহার আসন রহিয়াছে আমাদের অন্তরে। আমাদের অনেক প্রবৃত্তি অতিশয় দুর্দমনীয়; আমরা ইচ্ছা করিলেও তাহাদিগকে শাস্ত করিতে পারি না। যদিও ইহার আমাদের হৃদয়স্থিত প্রবৃত্তি, তবু ইহাদের গতিবেগ প্রাবল্য দেখিয়া মনে হয় কোন বাহিরের বিরাট শক্তি ইহাদিগকে প্রেরণা দিয়াছে। মতিবিরি সেই শক্তিকেই স্বীকার করিয়াছেন। এই বিষয়ে ‘মৃণালিনী’ বর্ণিত মনোরমার চিত্র আরও স্পষ্ট। জ্যোতিষী গণনা করিয়া বলিয়াছিল যে কন্যা অমৃত্যুতা হইবে, এইজন্য কেশব কন্যাকে বিবাহ দিয়া সেই রাত্রিতেই অস্ত্র লইয়া গিয়াছিল এবং তাহাকে বিধবা বলিয়া পরিচয় দিয়াছিল। কিন্তু নিয়তির কৌশল এমনি অদ্ভুত যে পশুপতি ও মনোরমা পরিচিত হইল এবং নিজেদের অতীত ইতিহাস না জানিয়াও পরস্পরের প্রতি গভীর প্রণয়ে আকৃষ্ট হইল। মানুষের প্রবৃত্তির দ্বারা দৈবের জাল বোনা হইয়াছে। যখন মনোরমা জানিত না যে সে বিধবা নহে এবং তাহার প্রণয়ে কোন পাপ নাই, তখন হেমচন্দ্র বিধবার ব্রহ্মচর্য্য ও স্ত্রীলোকের সতীত্ব সম্পর্কে তাহাকে উপদেশ দিতেছিলেন, তাহার উত্তরে সে বলিয়াছিল, “ভাই, এই গঙ্গাতীরে গিয়া দাঁড়াও; গঙ্গাকে ডাকিয়া কহ, গঙ্গে, তুমি পর্কতে ফিরিয়া যাও।”

‘মৃণালিনী’ বঙ্কিমচন্দ্রের অপরিণত রচনা কিন্তু মনোরমা পরমার্চর্য্য সৃষ্টি, এবং যদিও মনোরমার কাহিনী বর্ণনায় অপরিণতির চিহ্ন আছে তবু এই কথা স্বীকার করিতেই হইবে যে নিয়তির অলঙ্ঘ্য বিধানের সঙ্গে সম্পৃক্ত মানবহৃদয়ের অপ্রতিরোধ্য প্রবৃত্তির যে চিত্র এখানে পাওয়া যায় তাহা অনন্তসাধারণ। ইহার তুলনা শেক্সপীয়রে নাই, কারণ শেক্সপীয়রের দৃষ্টি গিয়াছে বিশেষ করিয়া মানবের প্রবৃত্তির উপর। টমাস হার্ডির সঙ্গেও ইহার তুলনা করা যায় না, কারণ টমাস হার্ডি মানবহৃদয়ের আকাঙ্ক্ষা ও

বিশ্বচেতন্ত্বের মধ্যে বিরোধিতাই দেখিতে পাইয়াছেন, সামঞ্জস্যের সন্ধান পান নাই। এক গ্রীক নাটকের কথা আমাদের মনে আসে, কারণ সেইখানেও দেখি দৈবশক্তির আসন রহিয়াছে মানবমনে এবং মানবমনের দুর্লভ্য প্রবৃত্তিই নিয়তির মত দুর্ব্বার হইয়া উঠিয়াছে। বাস্তবিক পক্ষে আমরা যখন কোন প্রবল লালসা, আশা বা আশঙ্কার দ্বারা তাড়িত হই, তখন এইরূপ প্রতীতি হয় যে বাহির হইতে কোন শক্তি যেন আসিয়া আমাদের আচ্ছন্ন করিয়াছে, কিছুতেই তাহার হাত হইতে নিস্তার নাই। যৌন-প্রবৃত্তির প্রবল শক্তির কথা উল্লেখ করা বাহুল্য মাত্র। অত্যাশ্রয় প্রবল প্রবৃত্তির মধ্যেও এই দুই শক্তির সামঞ্জস্য অনুভব করা যায়। জনতার মধ্যে ত্রাসের সঞ্চার হয়; ত্রাসের আসন রহিয়াছে সম্মিলিত নরনারীর মনে, কিন্তু বোধহয় বাহির হইতে কে যেন তাহাদিগকে ঠেলিয়া লইয়া যািতেছে। একিলিস, ট্রিডিপাস, অরেস্টিসের পরিবার,—ইহাদের কাহিনীতে নিয়তি ও মানবপ্রবৃত্তির অতি বিস্ময়কর ঐক্য রহিয়াছে। কিন্তু বঙ্কিমের দৃষ্টি গ্রীক নাট্যকারের দৃষ্টির অনুরূপ হইলেও তাহার স্বাতন্ত্র্য হারায় নাই। ট্রিডিপাস, অ্যাজমেনন প্রভৃতি নায়কগণ নিয়তির দ্বারা নিয়ন্ত্রিত কিন্তু ভবিষ্যৎ সম্পর্কে তাঁহাদের ধারণা স্পষ্ট নহে। তাই তাঁহারা নিজেদের প্রবৃত্তি দমন করিতে পারেন নাই,* খানিকটা অজ্ঞাতসারেই তাঁহারা নিয়তির কাছে ধরা দিয়াছে। শুধু একিলিস জানিতেন যে তাঁহার মৃত্যু অনিবার্য, কিন্তু মৃত্যু কেমন করিয়া আসিবে এবং তাহার কোন রিপু ইহাকে পথ দেখাইয়া আনিবে, সেই সম্পর্কে তাঁহার সুরক্ষিত ধারণা নাই।

বঙ্কিমচন্দ্র অত্যাশ্রয়ী অবলম্বন করিয়াছেন। তাঁহার উপন্যাসে মানবের জ্ঞান খুবই স্পষ্ট; স্মৃতিও তাহার পদাঙ্কলন অধিকতর শোকাবহ। ইহাতে নিয়তির অনতিক্রমীয়তা অতিশয় তীব্র হইয়া ফুটিয়া উঠিয়াছে। মানুষ সম্পূর্ণ জ্ঞান লাভ করিলেও নিয়তির হাত হইতে তাহার নিষ্কৃতি নাই। এই দিক্ দিয়া বিচার করিলে বঙ্কিম-প্রতিভার পরিপূর্ণ বিকাশ মনোরমার কাহিনীতে নহে, কুন্দনন্দিনীর কাহিনীতে। কালানুক্রমিক বিচারেও দেখা যায় যে ‘বিষবৃক্ষ’ রচিত হইয়াছিল ‘মৃণালিনী’র অব্যবহিত পরেই। উপন্যাসের প্রারম্ভেই দেখি যে, কুন্দনন্দিনী স্বপ্নে তাহার মায়ের নিকট হইতে নির্দেশ পাইল যে দুইটি লোকের নিকট হইতে সে যেন দূরে থাকে। এই আকাশবাণীর সার্থকতাই সমস্ত উপন্যাসে বর্ণিত হইয়াছে। কুন্দ সমস্তই জানিত, তাহার দুর্ভাগ্য কেমন করিয়া তাহাকে ঘিরিয়া ফেলিতেছিল ইহাও সে দেখিতে পাইতেছিল। কিন্তু সে পরিত্রাণ পায় নাই। সমস্ত জানিয়াও যে সে নিজেকে উদ্ধার করিতে পারে

* লক্ষ্য করিতে হইবে যে ক্যাস্ট্রাও। সকল কথা জানিলেও কেহ তাহার কথা বিশ্বাস করে না। ইহা গ্রীক নাটকের বৈশিষ্ট্য।

নাই তাহার প্রধান কারণ তাহার হৃদমনীয় প্রণয়; সে বুঝিয়াছে যে নগেন্দ্রনাথকে পাওয়া যত অসম্ভবই হউক না কেন এবং ইহাতে স্বর্ধ্যমুখীর প্রতি যত অবিচারই হউক না কেন, নগেন্দ্রনাথকে ছাড়িয়া যাইতে সে কিছুতেই পারিবে না। নগেন্দ্রনাথেরও সেই একই অবস্থা। তিনি স্বপ্নে কোন আদেশ পান নাই। কিন্তু তাঁহার পক্ষে ঐরূপ প্রত্যাশার কোন প্রয়োজনও ছিল না। তিনি পরিপক্ববুদ্ধি; কুন্দনন্দিনীর প্রতি আসক্তির ফল কি তাহা তিনি বেশ জানেন কিন্তু জানিয়াও নিস্তার নাই। নিয়তির চক্র অনিবার্য্য বেগে চলিয়া যাইবেই, কেহ তাহাকে রোধ করিতে পারিবে না। নগেন্দ্রনাথ স্রোতে গা ঢালিয়া দেন নাই; নিজেকে সংযত করিতে তিনি যথেষ্ট চেষ্টা করিয়াছেন কিন্তু কোন ফল হয় নাই। তাঁহার প্রবৃত্তি তো শুধু অন্তরস্থ প্রবৃত্তিমান নহে; ইহা দৈবশক্তির বাহন। সংযমেচ্ছার জন্ম বুদ্ধিতে; কিন্তু নিয়তির গতি ফিরাইবার চেষ্টা বাতুলতা। মনোরমা ইহাকে তুলনা করিয়াছে মত্ত হস্তীর সঙ্গে:—“ভগীরথ গঙ্গা আনিয়াছিলেন; এক দান্তিক মত্ত হস্তী তাহার বেগ সংবরণ করিতে গিয়া ভাসিয়া গিয়াছিল। ইহার অর্থ কি? গঙ্গা প্রেমপ্রবাহস্বরূপ.....যে মৃত্যুকে জয় করিতে পারে, সেও প্রণয়কে মস্তকে ধারণ করিতে পারে..... দান্তিক হস্তী দন্তের অবতারস্বরূপ, সে প্রণয়বেগে ভাসিয়া যায়।”

‘বিষবৃক্ষ’ বঙ্কিমচন্দ্রের প্রথম যুগের শেষ উপন্যাস। ‘চন্দ্রশেখর’, ‘রজনী’, ‘কৃষ্ণকান্তের উইল’, ‘রাজসিংহ’—এই চারিখানি উপন্যাস দ্বিতীয় যুগের। ‘ইন্দিরা’, ‘যুগলাঙ্গরীয়’ ও ‘রাধারাণী’—ইহারাও এই যুগেই রচিত হইয়াছিল। এই যুগে বঙ্কিমচন্দ্র মানবের শক্তিতে ক্রমশঃ আস্থাবান হইয়াছেন এবং নিয়তির অলঙ্ঘন্য সম্পর্কে তাঁহার বিশ্বাস যেন শ্লথ হইয়া উঠিয়াছে। ‘ইন্দিরা’, ‘রাধারাণী’, ‘রজনী’ ও ‘কৃষ্ণকান্তের উইল’—এ নিয়তির পরিচয় পাওয়া যায় না। বরং শেষোক্ত গ্রন্থে ভ্রমর নিজেই ভবিষ্যতের ঘটনার স্পষ্ট ইঙ্গিত দিয়াছেন। ‘তুমি আবার আসিবে, আবার ভ্রমর বলিয়া ডাকিবে—আমি সেই আশায় প্রাণ রাখিব’—ইহা খণ্ডিতা নারিকার অভিশাপ নয়, সতীনারীর দিব্যদৃষ্টি। স্বর্ধ্যমুখী ভ্রমরের মত অভিমানিনী নহে, কিন্তু তাঁহার এই দিব্যদৃষ্টি নাই। ‘যুগলাঙ্গরীয়’কে জনৈক বিদগ্ধ সমালোচক ফলিত জ্যোতিষ’ আখ্যা দিয়াছেন। এই আখ্যা অসম্পূর্ণ। ‘হর্গেশনন্দিনী’ হইতে ‘সীতারাম’ পর্য্যন্ত বঙ্কিমচন্দ্র যে কয়খানি উপন্যাসে জ্যোতির্গণনার কথা লিখিয়াছেন, প্রত্যেকখানিতেই দেখা যায় যে সেই গণনা সফল হইয়াছে। ‘যুগলাঙ্গরীয়’ গল্পের বৈশিষ্ট্য এই যে, যে বিপদের সম্ভাবনা ছিল জ্যোতিষী ও প্রণয়িযুগলের শুভানুধ্যায়ীরা কৌশল করিয়া তাহা এড়াইয়া গিয়াছেন। যাহা ট্রাজেডি হইতে পারিত তাহা রোমান্সে পরিবর্তিত হইয়াছে। দ্বিতীয় যুগের উপন্যাসের ইহাই বৈশিষ্ট্য।

এই যুগের রচনার মধ্যে ‘চন্দ্রশেখর’ ও ‘রাজসিংহ’ উপন্যাসের বিস্তৃত আলোচনা আবশ্যক। এই দুইখানিতে জ্যোতিষ গণনা ও নয়তির অনিবার্যতার চিত্র আছে। কিন্তু এই চিত্রে এই যুগের রচনার বৈশিষ্ট্যও মুদ্রিত রহিয়াছে। প্রথমত দেখিতে পাই মূল কাহিনীতে নয়তির পদক্ষেপ শোনা যায় না; প্রতাপ-শৈবলিনী-চন্দ্রশেখরের কাহিনী বিশেষভাবে তাহাদেরই কাহিনী। রাজসিংহ নিজের শৌর্ধ্যের বলেই যুদ্ধ করিয়াছেন, তিনি দৈবশক্তির বাহন নহেন। দৈবশক্তির দ্বারা নিয়ন্ত্রিত হইয়াছে মবারক ও দলনী, যাহারা উপন্যাসে অপেক্ষাকৃত অপ্রধান। তাহাদের কাহিনীও পশুপতি-মনোরমা বা নগেন্দ্র-কুন্দহনন্দিণীর কাহিনী হইতে বিভিন্ন। দলনী যে যুদ্ধ সময়ে বিষ খাইয়া মরিল ইহার কারণ নবাবের অজ্ঞতা ও ব্যস্ততা। নিয়তি নবাব বা দলনীর কোন দুর্ব্বার প্রবৃত্তিকে আশ্রয় করে নাই, অবস্থা বিপর্যয়ের সুরক্ষা গ্রহণ করিয়াছে। নবাব চেষ্টা করিলে এই দুর্ব্বাগ্যের প্রতিরোধ করিতে পারিতেন না এমন নহে; তিনি অস্ত্র কাজে ব্যস্ত ছিলেন এবং বিশ্বাসঘাতককে সম্পূর্ণ চিনিতে পারে নাই। মবারক-দরিয়া-জেবুউন্নিসার কাহিনীও এইরূপ। মবারক দুর্দ্দমনীয় প্রবৃত্তিকে সংযত করিয়াছিল। সে দরিয়াকে পরিত্যাগ করিতে চাহে নাই এবং যে অবস্থায় সে বাদশাহ্-জাদীকে বিবাহ করিল তাহা তাহার আয়ত্তের অতীত; তাহার মৃত্যুও আসিল একান্ত অতর্কিতভাবে।

‘চন্দ্রশেখর’ উপন্যাসে আর একটি বিষয় লক্ষ্য করিতে হইবে—শৈবলিনীর প্রায়শ্চিত্ত। শৈবলিনী প্রতাপকে যেরূপ ভালবাসিত, সেইরূপ ভালবাসার তুলনা বিরল। কিন্তু ইহার সঙ্গে নয়তির কোন সম্বন্ধ নাই এবং যে শৈবলিনী প্রতাপকে পাইবার সুদূর সম্ভাবনায় ফণ্ডের সঙ্গে গৃহত্যাগ করিয়াছিল সে-ই প্রতাপকে ছাড়িয়া চন্দ্রশেখরকে ভালবাসিতে শিখিল। মানুষের ক্ষমতায় বঙ্কিমচন্দ্রের এই বিশ্বাস নবলব্ধ। লবঙ্গলতার সন্ন্যাসী যোগবলে শটীন্দ্রকে রজনীতে আসক্ত করিয়াছিলেন এবং চিকিৎসা বিদ্যার সাহায্যে অন্ধকে চক্ষুদান করিয়াছিলেন। সন্ন্যাসীর সেই যোগবলও মানুষের বিত্তা, কেহ বলিবেন ইহা মেসমেরেজি। রামানন্দ স্বামীর শক্তি সূপ্ত প্রণয়কে জাগ্রত করে নাই অসংযত প্রবৃত্তিকে সংযত করিয়াছে, বিরূপতাকে অনুরাগে রূপান্তরিত করিয়াছে, উন্মাদপ্রসূকে সুস্থ করিয়াছে। কিন্তু এই শক্তি কি অলৌকিক যোগবল psychic force? ইহাও দেখি যে শৈবলিনীকে প্রায়শ্চিত্তের যে বিধি দেওয়া হইয়াছিল তাহার মধ্যে অতি-প্রকৃত কিছুই নাই;—তাহা আত্মসংযমের সহজ, সরল পথ। বঙ্কিমচন্দ্র নিজেই এইখানে বলিতেছেন, “মহুঘোর ইন্দ্রিয়ের পথ রোধ কর—ইন্দ্রিয় বিলুপ্ত কর—মনকে বাঁধ—বাঁধিয়া একটি পথ ছাড়িয়া দেও—মনের শক্তি অপহৃত কর—মন কি করিবে? সেই একপথে যাইবে—তাহাতে স্থির হইবে—তাহাতে মজিবে।”

বঙ্কিমচন্দ্রের দৃষ্টির এই পরিবর্তনের কারণ কি? নিয়তির সঙ্গে মানব-প্রবৃত্তির ঐক্য বঙ্কিমচন্দ্র দেখিতে পাইয়াছিলেন কল্পনার সাহায্যে। ইহার পর তিনি বুদ্ধি দিয়া এক ধর্ম-তত্ত্বের সন্ধান পাইলেন যাহাতে বিচারহীন বিবেচনাহীন নিয়তির নিষ্ঠুরতা পরিত্যক্ত হইল। তাঁহার ভগবন্তুক্তি দৃঢ় হইল। তিনি জ্ঞান, নিকাম কর্ম ও ভক্তির মধ্যে সামঞ্জস্য দেখিতে পাইলেন। অভিরাম স্বামী ও মাধবাচার্য্যের জ্ঞান ও শক্তি অসম্পূর্ণ; কিন্তু রামানন্দ স্বামীর ক্ষমতার অবধি নাই; তিনি মানুষের মনের গতিও ফিরাইতে পারেন। বঙ্কিমচন্দ্র শুধু যে ভক্তিবাদী তাহাই নহে; তাঁহার মনে নিরীশ্বর কোমৎ দর্শনও গভীর রেখাপাত করিয়াছিল। তাই রামানন্দ স্বামী সম্যাসী হইয়াও ভগবানের মহিমা কীর্তন করেন না, নিজে জ্যোতিষ গণনা পর্য্যন্ত করেন না, পরলোক সম্বন্ধে অজ্ঞতা মুক্তকণ্ঠে স্বীকার করিয়াছেন। বঙ্কিমচন্দ্র হিন্দুধর্মের নিকাম কর্ম ও ভক্তিতত্ত্ব এবং নিরীশ্বর কোমৎ দর্শনের দ্বারা প্রভাবান্বিত হইয়াছিলেন। তাই তাঁহার সৃষ্ট সম্যাসী কর্ম্মী, কর্ম্মী নিকাম।

বঙ্কিমচন্দ্রের তৃতীয় যুগের উপন্যাস তিনখানি ‘আনন্দমঠ’ ‘দেবী চৌধুরাণী’ ও ‘সীতারাম’ ইহাদের মধ্যে তাহার ধর্মতত্ত্বের বৈশিষ্ট্য স্ফুটিত হইয়াছে। ‘আনন্দমঠ’ স্বদেশীর প্রবর্তক; সন্তান সম্প্রদায় কোন বিশেষ লোকের স্মৃতি হৃৎকের প্রতি দৃষ্টি দেয় নাই; তাহারা দেশের সন্তান। এই গ্রন্থের উপক্রমণিকায় দেখি যে মনস্বামনা সিদ্ধির জন্ত প্রয়োজন—ভক্তি। উপসংহারে চিকিৎসক বলিতেছেন মুক্তি পাওয়া যায়—জ্ঞানে। জ্ঞান ও ভক্তির তাৎপর্য্য লইয়া তর্ক উঠিতে পারে এবং বঙ্কিমচন্দ্র ইহাদের সামঞ্জস্য করিতে পারিয়াছেন কিনা তাহাও বিচারসাপেক্ষ, কিন্তু একটি বিষয়ে কোন সন্দেহের অবকাশ নাই। বঙ্কিমচন্দ্রের কল্পনা বিচারহীন নিয়তিকে ছাড়িয়া দিয়া মানুষের শক্তিকে আশ্রয় করিয়াছে। এইবার মানুষ নিজেই তাহার ভাগ্যনিয়ন্তা হইবে।

‘দেবী চৌধুরাণী’তে মানুষের শক্তিতে বিশ্বাস আরও দৃঢ়তর হইয়াছে এবং ঈশ্বরে ভক্তির সঙ্গে এই বিশ্বাসের সমন্বয় করা হইয়াছে। প্রফুল্ল বান্দালী ঘরের বো অথচ সে সাক্ষাৎ দেবী। বঙ্কিমচন্দ্র কৃষ্ণকে মানুষ বলিয়া চিত্রিত করিয়াছেন আবার মানবীকে দেবীর আসনে উন্নীত করিয়াছেন। প্রফুল্লর শক্তির সীমা নাই। সে রাজত্ব করিয়াছে আবার গৃহিণী হইয়া সকলের মনোরঞ্জন করিয়াছে। সর্ব্বাপেক্ষা বিশ্বাসের বিষয় জড়প্রকৃতি পর্য্যন্ত তাহার উদ্ধারের জন্ত বড়বস্ত্র করিয়াছে। কোমৎ জড়প্রকৃতির অস্তিত্ব ও উপযোগিতা স্বীকার করিতেন, কারণ এই বিরুদ্ধ শক্তির উপস্থিতির জন্তই মানব সমাজবদ্ধ হয় এবং পরের উপকারের জন্ত স্বার্থ বিসর্জন দেয়। কিন্তু তিনি কখনও মনে করিতেন না যে জড়প্রকৃতি কোন বিশেষ সময়ে কোন

বিশেষ লোকের উপকারের জন্ত নিজেকে নিয়োজিত করে। বঙ্কিমচন্দ্রও পূর্বে এইরূপ ধারণা পোষণ করিতেন না। ‘কপালকুণ্ডলায়’ [ও মৃণালিনীতে] দেখিতে পাই যে প্রকৃতির বিশালতা, উন্মুক্ততা ও ভয়ঙ্কর সৌন্দর্যের সংস্পর্শে আসিয়া মানুষের চরিত্র পরিবর্তিত হইয়া যায়; প্রকৃতি তাহার ছাপ মানুষের মনে মুদ্রিত করিয়া ফেলে। তবু সেই প্রকৃতি অনুভূতিহীন, চৈতন্যহীন। ‘চন্দ্রশেখর’ উপন্যাসে দেখিতে পাই বঙ্কিমচন্দ্র প্রকৃতির ঔদাসীন্তের কথা বিশেষ করিয়া বলিতেছেন। কিন্তু “দেবী চৌধুরাণীতে প্রকৃতির তাণ্ডবনৃত্যও মানুষের প্রয়োজনানুসারে নিয়ন্ত্রিত হইয়াছে। দেবীরাণী যে রক্ষা পাইল তাহার কারণ ঠিক সঙ্কট মুহূর্ত্তে ঝড় উঠিল এবং সিপাহীদের চেষ্টা ব্যর্থ করিয়া দিল। ইহা নিয়তির কঠিন নিয়ম নহে, ঈশ্বরের মঙ্গলময় বিধান।” “সময়ে মেঘোদয় ঈশ্বরের অনুগ্রহ, অবশিষ্ট ভক্তের নিজ দক্ষতা।”

“সীতারাম” বঙ্কিমচন্দ্রের শেষ উপন্যাস। এইখানে নিকাম তত্ত্বের ব্যাখ্যা দেওয়া হইয়াছে জয়ন্তী ও শ্রীর বাক্য ও কর্মে এবং উচ্ছ্বাস প্রবৃত্তি কেমন করিয়া মানুষকে পশুতে পরিবর্তিত করে তাহারও চিত্র আঁকা হইয়াছে ‘সীতারামের’ অধঃপতনে। এই দিক্ দিয়া দেখিতে গেলে ‘সীতারাম’ তৃতীয় যুগের রচনার বৈশিষ্ট্য রক্ষা করিয়াছে। কিন্তু ইহার মধ্যে প্রথমযুগের রচনার লক্ষণও আছে। জ্যোতির্গণনার সাফল্য এবং মানুষের বুঝবার ভুল অতি বিশদভাবে অঙ্কিত হইয়াছে। যাহাতে উপন্যাসে বর্ণিত চরিত্র সম্পূর্ণরূপে বিশ্বাসযোগ্য হইতে পারে এইজন্ত বঙ্কিমচন্দ্র জ্যোতিষ শাস্ত্রের ব্যাখ্যা দিয়াছেন এবং পাঁদটীকায় মূল সংস্কৃত বচন উদ্ধৃত করিয়াছেন। শ্রীর সম্পর্কে দৈবজ্ঞ ভবিষ্যদ্বাণী করিয়াছিল যে সে প্রিয়প্রাণহন্ত্রী হইবে। স্বামীই শ্রীর একমাত্র ‘প্রিয়’ এই মনে করিয়া শ্রী স্বামীর নিকট হইতে দূরে থাকিতে চেষ্টা করিল। কিন্তু জ্যোতিষ গণনা ব্যর্থ হইবার নহে; যে প্রিয়ের প্রাণহত্যার কারণ সে হইল সে প্রিয় তাহার স্বামী নহে, ভ্রাতা। জ্যোতিষগণনা অশ্রান্ত, ভ্রান্তি শুধু মানুষের বিচারে। অভিরাম স্বামী মোগল সেনাপতি সম্পর্কে এবং মাধবাচার্য্য পশ্চিমদেশীয় বণিক সম্পর্কে যে ভুল করিয়াছিলেন এ ভুল তাহারই অনুরূপ, বঙ্কিমচন্দ্রের শেষ রচনা ও প্রথম রচনার মধ্যে সাদৃশ্য রহিয়াছে। যে নিয়তি ক্রমশঃ অস্পষ্ট হইয়া আসিতেছিল তাহা পুনরায় প্রোজ্জ্বল হইয়া উঠিয়াছে।

হেমচন্দ্রের শতবার্ষিকী

অধ্যাপক শ্রীশিবপ্রসাদ ভট্টাচার্য্য, এম, এ

কবিবর হেমচন্দ্রের শততম জন্মতিথি অষ্ট ৬ই বৈশাখ অতীত হইয়া গেল। আজ প্রায় দুই মাস পরে আধুনিক বঙ্গসাহিত্যের ও বাঙ্গালা জাতির ভাগ্যবিধাতা বিরাট পুরুষ যুগাবতার বঙ্কিমচন্দ্রের শতবার্ষিকী আসিতেছে। সেই উপলক্ষে দেশব্যাপী উৎসবের উত্তোগপর্কের অনুষ্ঠান আরম্ভ হইয়া গিয়াছে। সেদিন দেশপূজ্য শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত মহাশয় বৈদিক ঋষির ভাষায় বঙ্কিমচন্দ্র সম্বন্ধে যে বিশেষণ সঙ্কলন করিয়াছেন, তাহা তাঁহার সমসাময়িক এবং সহকর্মী কবিবরের স্মৃতি-অনুষ্ঠানের বিষয়ে আমাদের আয়োজনের জড়তা ও ওঁদাসীত্বের কারণ নির্দেশরূপে প্রযুক্ত হইতে পারে। রুচি ও রীতির পরিবর্তনে এবং কাব্যসাহিত্যের স্বতঃস্ফূর্তি আবর্তনের ফলে আজ বাঙ্গালার তরুণ পাঠক-পাঠিকা হেমচন্দ্রের প্রাপ্য সম্মানের পরিমাণ করিতে অক্ষম ও বীতশ্রুহ। এখন তিনি back-number। যে কাব্যের গুণখ্যাপনে সমসাময়িক সমালোচকাগ্রণী বঙ্কিমচন্দ্র ও ৮কালীপ্রসন্ন ঘোষ মহাশয় ও উত্তর যুগে সাহিত্যসম্রাট কবীন্দ্র-রবীন্দ্রনাথ ও সুধী-শিরোমণি শ্রীযুক্ত ব্রজেন্দ্রনাথ শীল মহাশয় অকাতরে অসঙ্কোচে আত্মনিয়োগ করিয়াছিলেন,—সেই ‘বৃত্তসংহার’ মহাকাব্যের রচয়িতা ‘বারের উজ্জল রবি বঙ্গদর্শনের কবি’ কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম প্রবেশিকা পরীক্ষার্থী ও প্রথম যুগের বি, এ, পরীক্ষায় কৃতী ছাত্রগণের অগ্রতম হিন্দু (প্রেসিডেন্সী) কলেজের বরণ্য ছাত্র বাঙ্গালার সাহিত্য-জীবনে কতখানি স্থান অধিকার করিয়াছিলেন ও কিরূপ প্রভাব বিস্তার করিয়াছিলেন তাহা সময়ের ব্যবধানে আমরা ভুলিতে বসিয়াছি বলিলে অত্যাুক্তি হয় না—কিন্তু ইহা অবিসংবাদিত সত্য যে যখন পাশ্চাত্য শিক্ষার প্রথম পর্বের ও বাঙ্গালার ‘আধুনিক’ কাব্য সাহিত্যের ও স্বাভ্যাত্যবোধের ইতিহাস অপক্ষপাতে আলোচিত হইবার সময় আসিবে তখন সমালোচক কবিবর হেমচন্দ্রের নিকট বাঙ্গালীর ঋণের কথা উল্লেখে কৃতজ্ঞতা ও আত্মপ্রসাদ অনুভব করিবেনঃ ।

(১) ‘রথীনাং দ্বাং রথীতমং জেতারমপয়াজিতম্ ।’ বাঙ্গালীর চিত্তবিকাশের শ্রেষ্ঠ সহায় বঙ্কিমচন্দ্র সম্বন্ধে ইহা হইতে অধিকতর সার্থক বর্ণনা হইতে পারে না ।

(২) প্রাচীন রচনারীতির শেষ নিদর্শন কবি ঈশ্বরচন্দ্র গুপ্ত স্বয়ং একাধিক কবিতা এই ভঙ্গীতে রচনা করেন। তাঁহার দ্বারা সম্পাদিত ‘সংবাদ প্রভাকর’ ও সমসাময়িক অন্ত সাময়িক পত্রে তৎকালীন পৃষ্ঠ-

কবির ‘বৃত্তসংহার’ কাব্য আকার ও প্রকারের গুরুত্বে, ছন্দ ও ভাষার পারিপাট্যে, ‘উথলে মধুপের’ অপূর্ব সমন্বয়ে, এক কথায় চিন্তাশীলতায়, মনোজ্ঞতায় ও অনুষ্ঠান-গান্ধীর্ঘ্যে তাঁহার বিরাট্ কীর্ত্তিমৌল্য সন্দেহ নাই কিন্তু তাঁহার ক্ষুদ্র খণ্ড কবিতাবলী (যাহা তাঁহার পূর্বে প্রধানতঃ ইংরেজী সাহিত্য হইতে বাঙ্গালা সাহিত্যে আমদানী হইলেও তাঁহারই প্রচেষ্টায় ও অতুলনীয় কৃতিত্বের অনুরোধে বাঙ্গালা সাহিত্যের একটা স্থায়ী সম্পৎ বলিয়া বিবেচিত হইবার যোগ্য হইয়াছে) তাঁহার কীর্ত্তি অবিনশ্বর রাখিবে। আজ মাসিকপত্রের পৃষ্ঠায় ও ক্ষুদ্র কবিতা গ্রন্থের প্রকাশকের অনুগ্রহে এই শ্রেণীর রচনায় যে কুলপ্লাবিনী বস্ত্রার উপদ্রব উপস্থিত হইয়াছে, তাহার প্রথম অবতরণ ১০৭৫ বৎসর পূর্বেও কেহ কল্পনা করিতে পারেন নাই। বাঙ্গালায় মধ্যযুগে ‘মঙ্গল কাব্যের’ ও ভক্তিরসসম্পৃক্ত ললিত কোমলকান্ত পদাবলীর রচনারই কেবল প্রচলন ছিল। এই বিদেশী আদর্শের আকারগত অনুসরণে বাঙ্গালী কবি বিদেশের পাঠকের ও বহির্জগতের সাহিত্যগোষ্ঠীতে কি পরিমাণে আদর আপ্যায়ন পাইয়াছেন তাহা রবীন্দ্রনাথের কবিতাবলীর আলোচনা এবং তাঁহার ‘গীতাঞ্জলি’ কাব্যের Nobel Prize প্রাপ্তিদ্বারা স্মৃতি হইয়াছে। পাশ্চাত্য আদর্শের অনুসরণে এই যে নূতনতর খণ্ড কবিতার সৃষ্টি হইল তাহা রস-রচনাকার ও কবিতাকারগণের বিক্ষিপ্ত শুধু শব্দের বাঁধুনি ও শ্লেষবহুল; সময়ে

পোষকগণের এই ইংরাজ কবিগণের রীতির অনুসরণের কৃতিত্বে পুরস্কার ঘোষণার কথা পাই। এই প্রসঙ্গে ১২৬৫ সালের ১লা জ্যৈষ্ঠের প্রভাকর হইতে কয়েক পংক্তি উদ্ধৃত করা হইল :—‘বাবু যদুনাথ ঘোষ Goldsmith-এর Hermit-এর অনুবাদ পাঠ করেন। তিনি ঐ রচনায় বাবু উমেশচন্দ্র দত্ত ২৫ পুরস্কার প্রাপ্ত হন। ইনিই বঙ্কিমচন্দ্রের সহিত যিনি প্রথম বি এ পরীক্ষায় উত্তীর্ণ হইলেন, সেই যদুনাথ বাবু রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় (‘পদ্মিনী’, ‘ধর্ম্মদেবী’ প্রভৃতি কাব্যের রচয়িতা প্রসিদ্ধ কবি) Goldsmith ও Hermit উভয়ের Parnell-এর অনুবাদ পাঠ করতঃ সভাস্থ সমস্ত লোকের চিত্ত রঞ্জন করেন। সেই দুইটি অনুবাদ সর্বতোভাবেই উত্তম হইয়াছে। তিনি প্রথমোক্ত বিষয়ের অনুবাদে বাবু জয়নারায়ণ সর্বসাধিকারী কর্তৃক ১০ এবং শেষোক্ত বিষয়ের অনুবাদে অজ্ঞাত বিষয়ে বাবু উমেশচন্দ্র দত্ত কর্তৃক ৩৫ পারিতোষিক পাইলেন। আফজল হোসেন নামক কৃষ্ণনগর মিসেনরী স্কুলের জনৈক ছাত্র Parnell-এর Hermit-এর অনুবাদে উমেশ বাবুর দত্ত ১০ প্রাপ্ত হন। ইংরাজ কবিদিগের রীতনুসারে ঋতু-বর্ণনা করাতে বাবু শ্যামাচরণ মুখোপাধ্যায় উক্ত দত্ত বাবুর দত্ত ২৫ পারিতোষিক পান।……এই বৎসরের যে ছাত্রগণ পারিতোষিক প্রাপ্ত হইলেন তাহাদের মধ্যে শ্রীযুক্ত কালীকৃষ্ণ শর্মা (ভট্টাচার্য্য)—যিনি মেট্রোপলিটন ইন্সটিটিউশনের (বিদ্যাসাগর কলেজের) দীর্ঘকাল সংস্কৃতের অধ্যাপকপদে নিযুক্ত ছিলেন। এই বিষয়ে ঋতু-বর্ণনা ছিল তাহাদের মধ্যে স্বনাম প্রসিদ্ধ শ্রীকবি ও আলঙ্কারিক শ্রীযুক্ত প্রেমচাঁদ তর্কবাগীশ ও শ্রীযুক্ত কালীকৃষ্ণ ঠাকুর প্রভু মহাশয়ের নাম পাই। কবির হেমচন্দ্রের প্রথম কাব্য চিন্তাতরঙ্গিনী ১৮৩১ খৃঃ অব্দে প্রকাশিত হয়। এই প্রসঙ্গে উক্ত বিবরণ ১৮৫৮ খৃঃ অব্দের কথা।

সময়ে সুরুচিবর্জিত ও কদর্যা রচনায় আপনা হইতেই তিরোভাব ঘটিল। রঙ্গলাল, বিহারীলাল, সুরেন্দ্রনাথ এবং প্রধানতঃ হেমচন্দ্র ও নবীনচন্দ্রের আবেগময়ী ভাবধারা তখনকার যুগের রুচি পরিবর্তনে সহায় হইয়া ইংরেজী শিক্ষিত স্ত্রীযুগের মনস্তত্ত্ব সম্পাদনে সমর্থ হইয়া যে রচনারীতির সার্থকতা সম্পাদন করিল তাহা এখন বাঙ্গালার নিজস্ব বস্তুতে পরিণত হইয়াছে। হেমচন্দ্রের প্রকৃতিতে ভাবপ্রবণতা, অনুভূতি বা উপলব্ধির তীব্রতা এবং তাঁহার ভাষার কোমলতা ও প্রাঞ্জলতা তাঁহাকে এই শ্রেণীর কবিতাকারের মধ্যে এক উচ্চ আসন দান করিয়াছে যাহা তাঁহার কনিষ্ঠ সহোদর 'যোগেশ' কাব্যের রচয়িতা ঈশানচন্দ্রেও লক্ষ্য করা যায়। 'হৃতাশের আক্ষেপ', 'দূর কাননের কোনে পাখী এক ডাকিছে', 'কুহস্বর', 'পদ্মের মুগাল' প্রভৃতি কবিতায় যে সরলতা ও সরসতার মিলন ঘটিয়াছে তাহা প্রকৃতই অনবদ্য।

এই প্রভাবের চমৎকার নিদর্শন তাঁহার পশ্চিমের কবিগণের কবিতায় অনুবাদ বা ভাবানুবাদ। এই দিক্ দিয়া তিনি যে রচনাকৌশল, ভাবগ্রাহিতার ও প্রকাশভঙ্গীর পরিচয় দিয়াছেন, তাহা বর্তমান বাঙ্গালার অল্প কয়েকজনের রচনাতেই মিলে। তাঁহার 'জীবনসঙ্গীত', 'চাতক পক্ষীর প্রতি', 'নববর্ষ' অনুবাদে মৌলিক রচনার স্বচ্ছতা ও নবীনতা (freshness) আছে। তাঁহার প্রথম কাব্য 'চিন্তা-তরঙ্গিনী', 'Lycidas', বা 'In Memoriam'-এর গাভীর্য্য, চিন্তাশীলতা না থাকিলেও ঐরূপ কাব্যেরই অনুপ্রেরণায় রচিত। সমালোচকগণ তাঁহার 'ইন্ডের সুধাপানে' ইংরেজী কবি Dryden-এর Alexander's Feast-এর প্রতিধ্বনি পাইয়া থাকেন^৩। কবি Dante-এর Divina Commedia কাব্যের আভাস প্রকাশ করিয়া তাঁহার 'ছায়াময়ী'তে অনুবাদ রচনায় তিনি যে প্রণালীর অনুসরণ করিয়াছেন তাহা তাঁহার নিম্নোক্ত পঙ্ক্তি হইতে স্পষ্টভাবে বুঝা যায়—

তোমারি চরণ করিয়া স্রবণ চলেছি তোমারি পথে,
তোমারি ভাবেতে বুঝিব তোমারে ধরি এই মনোরথে।

কবির কাব্যে জগতের শ্রেষ্ঠ চিন্তার প্রতিচ্ছবি বাঁহারা চাহেন, তাঁহারা হেমচন্দ্রের এই বিভাগীয় কৃতিত্বের মর্যাদা না করিয়া পারিবেন না।

আর এক দিকে কবি হেমচন্দ্র ব্যঙ্গ-বিদ্রোপাত্মক কবিতার ভিতর দিয়া তাঁহার যুগের ঘটনা ও প্রধান ব্যক্তিবর্গের যে চিত্র দিয়াছেন তাহা প্রকৃতই প্রশংসনীয়। কবিগণের diary-তে বা 'জীবনস্মৃতি'তে এইরূপ চিত্র পাইয়া থাকি। হেমচন্দ্র

(৩) যেমন বিহারীলালের 'সাধের আসনে' উপাখ্যান ও অবস্থা সংস্থানের বীজবরূপ Cowper-এর Task কাব্যের মূল নির্দারণ করা হয়।

কবিতাতে নিপুণ শিল্পীর মত এ কাজ করিয়াছেন। রঙ্গ, ব্যঙ্গ, নিপুণ পর্য্যবেক্ষণের শক্তি লইয়া তিনি ‘হতোম প্যাঁচার গান’ বা ‘কলির সহর কলিকাতা’*, ‘বাজীমাং’, ‘নাকে খৎ’, ‘নেভার নেভার’, ‘সাবাস হজুক আজব সহরে’ প্রভৃতি কবিতায় যে সমাজ চিত্র আছে তাহা অল্পসঙ্কীর্ণ পাঠকের পক্ষে কম প্রয়োজনীয় নহে। সাহিত্যক্ষেত্রে বা দেশের সেবায় সুপ্রসিদ্ধ মাইকেল মধুসূদন, ডাঃ রাজেন্দ্রলাল মিত্র, পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর*, মনোমী বঙ্কিমচন্দ্রের* চিত্র এই প্রসঙ্গে উল্লেখযোগ্য। ইংরেজী শব্দের স্থানে স্থানে সন্নিবেশে যে ব্যঙ্গ ও বিক্রপাত্মক কাব্য রচনা তাহার প্রবর্তকরূপে হেমচন্দ্র খ্যাত।

কবিতার ভিতর দিয়া স্বাভাৱ্যনিষ্ঠা ও দেশাত্মবোধ যাহারা সমুদীপিত করিয়া-
ছিলেন, কবি হেমচন্দ্র তাঁহাদের মধ্যে শ্রেষ্ঠ বলিলে অত্যুক্তি হয় না। একজন ইংরেজ
সিভিলিয়ান তাঁহাকে ‘a Bengali national poet’ বলিয়া নির্দেশ করিয়াছেন।
তাঁহার ‘বীরবাহু’ কাব্য এবং ‘ভারত সঙ্গীত’, ‘ভারত বিলাপ’, ‘রাখী বন্ধন’ বা ‘ভারত
জননী জাগিস’ প্রভৃতি কবিতা ভারতের অনবত্ত গৌরব গাথা*। এইগুলিতে শুধু উদ্গাদনা

(৪) এই কবিতাটি ‘হিতবাদী’ বা ‘বহুমতী’ সম্পাদিত কবির গ্রন্থাবলীতে নাই। হেমচন্দ্র
শতবার্ষিকী সমিতির একটি প্রধান কর্তব্য হইবে তাঁহার অপ্রকাশিত কবিতাবলী ও প্রবন্ধাবলী (ইংরাজী
ও বাঙ্গালা) টীকা টিপ্সনীর সহিত প্রকাশ। ‘বাজীমাং’ প্রভৃতি কবিতায় যে তৎকালিক ব্যক্তিবর্গের
প্রয়োজনীয় চিত্র ও কলাকৌশল আছে তাহার যথার্থ তত্ত্ব প্রকাশ করিতে অনেক পণ্ডিতকে গলদ্বর্গ
হইতে হইয়াছে।

(৫) হতোমপ্যাঁচার গানের তৃতীয় খণ্ড—

“প্রতিজ্ঞায় পরশুরাম দাতাকর্ণ দানে।

স্বাতন্ত্র্যে শে’কুল কাঁটা পারিজাত ভ্রাণে ॥

ইংরেজীর যিহে ভাজা সংস্কৃতির ডিস।

টোলস্কুলী অধ্যাপক ছয়েরই ফিনিস ॥

(৬) বঙ্কিমচন্দ্রের পরলোক গমনে ‘কেন কাঁদ’ নামক কবিতায় ‘কোথা আছ তুমি কোথা সে
তোমার জ্ঞানপরিষদ যত।’

(৭) রঙ্গলালের ‘স্বাধীনতাহীনতায় কে বাঁচিতে চায়’ হইতে হেমচন্দ্রের ‘পারিস শাসিতে
হাসিতে হাসিতে, মুমেরু অবধি কুমেরু হইতে, বিজয়ী পতাকা ধরায় তুলিতে, বারেক জাগিয়া
করিলে পণ!.....সেই আধ্যাত্ত্ব এখনও বিস্তৃত, সেই বিদ্যাচল এখনও উন্নত, সে জাহ্নবীবাসী
এখনও ধাবিত, কেন সে মহত্ত্ব হবে না উজ্জল?’ প্রভৃতি পংক্তির ভিতর দিয়া রবীন্দ্রনাথের ‘মুখ তুলে
সবে চাহ হে’ অথবা বিজেন্দ্রলালের ‘আবার তোরা মানুষ হ!’ ভারতের জাতীয় চরিত্রের উৎকর্ষ সাধনের
দিগ্‌নির্দেশ।

বা চাঞ্চল্য নাই, আছে চিন্তা ও কর্মপ্রবৃত্তির উৎসাহময়ী উদ্দীপনা, যাহা হইতেছে সকল স্বজাতি-প্ৰীতির মূল উৎস। বাঙ্গালী কবি অঘোষা, কোশল, কলিঙ্গ, পাঞ্চাল, মগধ, কণোজ, যমুনা, কাবেরী, নর্মদাপুলিন, দ্রাবিড়তৈলঙ্গ, দাক্ষিণাত্য বন'-কে একতাস্বত্রে একবন্ধনে আবদ্ধ করিয়া যে স্বপ্ন রচিয়াছিলেন তাহা পরবর্তী কালের রাষ্ট্রনৈতিকের কামনার বস্তু হইয়াছে। এই অথও ভারতের স্বপ্ন, এই দেশমাতৃকার পদে আত্মনিবেদন বন্ধিমচন্দ্র ও বন্ধিমমণ্ডলের জ্যোতিষ্কচক্রে সাহচর্যে পূর্ণ হইয়া এক বিরাট গোমুখী ধারায় পরিণত হইয়াছে। কাব্যে ইহার প্রাণপ্রতিষ্ঠা করেন, রঙ্গলাল, হেমচন্দ্র, নবীনচন্দ্র; উপন্যাসে ইহার আদর্শ খ্যাপন করিলেন বন্ধিমচন্দ্র, রমেশচন্দ্র; নাটকে গিরিশচন্দ্র, ক্ষীরোদপ্রসাদ ও দ্বিজেন্দ্রলাল; প্রবন্ধে ভূদেব, রামেন্দ্রসুন্দর, অক্ষয়কুমার; ধর্মতত্ত্বে দেবেন্দ্রনাথ, কেশবচন্দ্র, স্বামী বিবেকানন্দ এবং ইহার সর্বতমুখী সফলতার জন্ত কবি রবীন্দ্রনাথ কাব্যে, কাহিনীতে, প্রবন্ধে, নিবন্ধে প্রচার করিয়াছেন ও করিতেছেন। হেমচন্দ্রের চিন্তাধারার বৈশিষ্ট্য এই যে তাহা প্রাচীনের সহিত সম্বন্ধ ছিন্ন করিতে চাহিত না। ভূদেবের প্রবন্ধে যাহার ভিত্তিস্থাপনা; চন্দ্রনাথের ব্যাখ্যায় ও তত্ত্ব প্রচারে যাহার মর্ম্মকথা, হেমচন্দ্রের কাব্যে তাহারই সন্ধান পাই—যাহা বন্ধিমচন্দ্রের শতধাবিচ্ছুরিত প্রতিভালোকে দিকে দিকে নূতন আদর্শের স্বপ্ন দেখিয়াছে।

এই 'প্রাচীনপন্থি'তাই হেমচন্দ্রের পৌরাণিক কবিতাগুলিতে শ্রদ্ধা ও সাধনার সুর সংযোগ করিতে পারিয়াছে। তাঁহার 'গঙ্গার উৎপত্তি' ও 'কাশীমাহাত্ম্য' নামক কবিতাবলীর মধ্যে এই ভক্তির অবিমিশ্র ধারা সহজেই মনশ্চকুতে ধরা দেয়। কবির ভাবসোদর বন্ধিমচন্দ্রের সহকর্ম্মী ভূদেবের শিষ্য বাঙ্গালা সরকারের লাইব্রেরিয়ান জ্ঞানিশিরোমণি চন্দ্রনাথ কবির 'দশমহাবিত্তা' কাব্যের প্রশংসায় শতমুখ ছিলেন। তাঁহার মতে বর্তমান বাঙ্গালায় এমন কাব্য আর রচিত হয় নাই। এই মত সর্ববাদি-সম্মত না হইতে পারে কিন্তু কবি হেমচন্দ্রের প্রাচীন পদ্ধতির প্রতি প্ৰীতি ও নূতন ছন্দের বিস্তারের জন্ত কৌতূহলের উদ্দীপনা করিয়াছে। এই সকল কবিতায় ও কাব্যে মধ্য-যুগের মঙ্গল কাব্য রচয়িতা বাঙ্গালা কবির উপাখ্যান বর্ণনা, তাঁহাদের কল্পিত ছন্দগুলির ব্যবহারে আস্থা স্থচিত হইয়াছে।

কবি হেমচন্দ্র কবিতা বা কাব্যরচনার জন্ত প্রেসিডেন্সি কলেজেও তাঁহার গল্প রচনাও বঙ্গ সাহিত্যে একটা বিশিষ্ট স্থান অধিকার করিয়াছে। বন্ধিমচন্দ্র কর্তৃক সম্পাদিত প্রথম বর্ষের 'বঙ্গদর্শনে' (জ্যৈষ্ঠ, ১২৭৯) তাঁহার লিখিত 'মনুষ্যজাতির মহত্ত্ব কিসে

(৮) এইখানেই তাঁহার প্রতিদ্বন্দ্বী কবি নবীনচন্দ্রের সহিত তাঁহার প্রভেদ। অনুসন্ধিৎসু পাঠক ৩১০১খর বাবুর 'উনবিংশ শতাব্দীর মহাভারত' পাঠ করিলে উপকৃত হইবেন।

হয়' প্রবন্ধে তাঁহার ধর্ম ও সমাজ বিষয়ে মতের সারতত্ত্ব উদ্ঘাটিত দেখি।^৯ উচ্ছ্বাস ও আবেগের আতিশয্যে উদ্দীপিত কবিপ্রকৃতিও জীবনের দৈনন্দিন অল্পধানে বাস্তবতাকে মানিয়া চলিতেন। তিনি আদর্শবাদী স্বপ্নরাজ্যবিহারী সর্বসংহারক উৎকট কল্পনার দাস ছিলেন না। আমরা স্বতঃ তাঁহার উদ্দেশে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করি।

তাঁহার রূপক কাব্য (allegory) 'আশাকানন' সকল রূপক কাব্যের অল্পবিস্তর যে অবাস্তবতা আছে তাহা হইতে নিমুক্ত না হইলেও পরে বঙ্কিমচন্দ্র প্রচারিত কণ্ঠসম্মাস বা নিষ্কাম কন্ঠের মাহাত্ম্য ও সংসারশ্রমের গরিমার ঘোষণা লক্ষণীয় বস্তু।^{১০} জীবনে নৈরাশ্র-শোকতাপের জ্বাল মাল্লুষকে কেমন করিয়া ব্যথিত করে তাহা কবির অজ্ঞাত ছিল না। নানা বিভাগে কবির আশ্রয় সাফল্য কিন্তু এই বাধাবিপত্তিকে অপসারিত করিয়া আপনায় গান গাহিবার শক্তির নিদান দিয়াছে। তাঁহার সম্বন্ধে ইহা স্পষ্টই বলা যায়, যেটুকু তিনি তাঁহার রচনার ভিতর দিয়াছেন, তাহার অধিক শক্তি তাঁহার ছিল কিন্তু সম্পূর্ণ প্রকাশ যাহা সমভাবে অব্যাহতরূপে আমরা তাঁহার বিচ্ছিন্ন রচনাবলীর মধ্যে পাই না। 'আশাকাননে' কবি লিখিয়াছেন—

‘নাহি সে স্বর্ণ রজতের পুঁজি অদৃষ্টে আমার ঠাই।
বিহনে সাহায্য জননী তোমার কাননে কেমনে যাই!
কত চিত্র মাতঃ দেখি চিত্তপটে বাসনা অক্ষরে আঁকি;
বাণী অভাবে না পারি আঁকিতে অন্তরে লুকাইয়া রাখি।

(‘আশাকানন’-অষ্টম কল্পনা)

কবির শেষ জীবনের আধি ব্যাধি তাঁহাকে কতখানি অভিভূত করিয়াছিল তাহা তাঁহার শেষ রচনা ‘চিন্তাবিকাশের’ বিজ্ঞাপন পড়িলে বুঝিতে পারা যায়। তথাপি আত্মকল্পনা ও প্রকৃতির শোভা সন্দর্শনে তাঁহার মনে যে ভাবের উদয় হইয়াছিল ও হৃদয়ে যে বলের সঞ্চার হইয়াছিল তাহার পরিচয় আমরা তাঁহার বিজ্ঞাপনে উদ্ধৃত উপদেশ বাণী হইতে লক্ষ্য করি। তিনি কবি Cowper-এর এই বাণী উদ্ধৃত

(৯) এই প্রবন্ধও ‘গ্রন্থাবলীতে’ মুদ্রিত হয় নাই। তাঁহার সতীর্থ কেশবচন্দ্র সেন মহাশয়ের সহিত বুক্তিতর্কের অবতারণায় লিখিত তাঁহার এক ইংরেজী পুস্তিকাও এই প্রসঙ্গে উল্লেখযোগ্য।

(১০) ধর্ম্মালায়ে ভাবে পাবে কণ্ঠকল।

পাবে মোক্ষপদ হয়।

মর্ত্ত্যে ইন্দ্রালয় করিতে পারিলে

‘স্বর্ণপুরী কেবা চায়? (—‘আশাকানন’-তৃতীয় কল্পনা)

করিয়াছেন—‘Renounce all strength but strength divine and Peace shall be ever mine’^{১১}।

আজ আমরা নূতন যুগের চিন্তায় দিশাহারা—আমাদের জীবন সমস্তভাবে বিফল, আমাদের সাহিত্য নূতনতর কল্পনায়, নূতনতর প্রশ্নের সমাধানে এত ব্যগ্র ও আত্মপ্রতারণায় বিভোর যে আমরা তাহাদের সত্তা, প্রয়োজনীয়তা ও কল্যাণময়ত্বের হানির দিকে দৃষ্টিনিষ্ক্ষেপ করিতে পারি না। পুরুষোচিত বলে বলী, দোষে ক্রটিতে বাঙ্গালীর বৈশিষ্ট্যের প্রতীক, আত্ম-মর্যাদায় আত্মস্থ এই কবির জীবন ও বাণী ‘কার্পণ্যদোষাপহত স্বভাব’ আত্ম-বিসর্জনে নিঃসঙ্কোচ, নটপ্রকৃতি আমাদের ব্যাটি ও সমষ্টির জীবনে আশা ও আকাঙ্ক্ষার উদ্দীপন করিয়া নিজের সার্থকতা নিঃসন্দেহ-ভাবে প্রতিষ্ঠিত করিতেছে।

(১১) কবির ৬কাশীধামের অবস্থানের কালে গৌতমাবতার বর্ণিত মহামহোপাধ্যায় রাখালদাস ঝায়রত্ন মহাশয়ের সহিত তাঁহার সাময়িক আলাপে আত্মদান্বন্দ্য কথ্য প্রবন্ধ লেখক কবির মৃত্যুর প্রায় পাঁচ বৎসর পরে পূজনীয় ঝায়রত্ন মহাশয়ের নিকট যাহা শুনিয়াছিলেন তাহাতে উপরি উদ্ধৃত বাণীটির উপর তাঁহার আস্থার বিষয়ই মনে আসে। ঝায়রত্ন মহাশয়েরও শোক তাপের সীমা ছিল না—তাঁহার প্রিয় কনিষ্ঠ পুত্র হরকুমার শাস্ত্রী মহাশয়ের মৃত্যুতে তিনি হৃদয়ের আকুল আর্তি এইভাবে নিবেদন করিয়াছিলেন—‘লবং হরকুমারস্ত রত্নং ত্রিশিবসেবয়া। হাত্তামি ন তথা দাত্তং তত্ত্ব সন্তাপহারিণঃ ॥ তুই সমান ভাবে ব্যথিত ও ঈশ্বরের মঙ্গলময় বিধানে আত্মস্থান ব্যক্তির মিলন এইরূপেই হইয়া থাকে।

আজকালকার কবিতা

১

গ্যালিলীয় যখন প্রচার ক'রেছিলেন পৃথিবীটা স্বর্গ থেকে সোনার শেকল দিয়ে ঝোলানো নয় মানুষের সংস্কারে লেগেছিল বাধা। নতুন সত্য সে যুগের মানুষ ত' সহ্য করতে পারে নি, পরন্তু নতুন মতবাদের জন্তে তাঁকে কারাবরণ পর্যন্ত করতে হয়েছিল। পৃথিবীর নিয়মই এই : সংস্কারের সঙ্গে প্রগতির দ্বন্দ্ব সনাতন।

গল্প-কবিতা আমাদের দেশে কিছুদিন হ'ল এসেছে। এখন সে আর অতিথি নয়, সে চায় বাংলা-সাহিত্যে তাঁর আসন দৃঢ়ভাবে প্রতিষ্ঠা করতে। তা'র এই জোর জবরদস্তিটা অনেকেই স্তনজরে দেখতে ইচ্ছুক ন'ন অনেকেই তা'কে আজ করতে চান অপাণ্ডন্তর! তবু' বুঝি বাংলা দেশে শিক্ষিত সমাজে সে আজ আদর পেয়েছে, অনেকের মনেই দূর হয়েছে তা'র সম্বন্ধে অহেতুক বিদ্বেষ।

যুগের প্রভাব কাব্যে ও সাহিত্যে পড়বেই, মন্তব্যটার ঐতিহাসিক সত্য আছে। আমরা যে যুগে বেঁচে আছি সে যুগে ওঠা আর বসায়, জুতোর ফিতে লাগানো আর চুল ত্রাস্ করায়, জীবন ও মৃত্যুতে বিজ্ঞানের দিকে ফিরিয়েছি মুখ। যে যুগে প্রতিটি সত্য, প্রতিটি তুচ্ছ তথ্যও বিজ্ঞানের ওপর প্রতিষ্ঠিত সে যুগের সাহিত্যে ও শিল্পেও যে বিজ্ঞানের প্রভাব স্পষ্ট হয়ে পড়বে তা'তে আর সন্দেহ কি? আধুনিক মানুষ যা' দেখবে, বিজ্ঞানের কষ্টিপাথরে ঘসে তাই-ই সে প্রকাশ করবে : সকাল ছ'টা তেইশ মিনিটে যখন সূর্য উঠবে, খবরটা বৈজ্ঞানিকে ও ডাক্তারে যেমন সহজভাবে নেবে, আজকালকার কবিও গ্রহণ করবে তা'কে সেই একইভাবে — যদি কেউ জোর করে' বলে সাতটা ঘোড়ার রথে করে' আলোর দেবতা এলেন দিগন্তে, বোধ করি যে মেয়ে এখনও খেলাঘর নিয়ে মেতে থাকে, পুতুলের জামা-কাপড় পরানো ক্ষণকালের জন্তে বন্ধ রেখে সে-ও হাসবে একটু করুণার হাসি!

“এই বৈজ্ঞানিক যুগের কাব্য-ব্যবস্থায় যে ব্যঙ্গসংক্ষেপ চ'লেছে তা'র মধ্যে প্রধান ছাঁট পড়ল প্রসাধনে। ছন্দে বন্দে ভাষায় অতিরিক্ত বাছাবাছি চুকে যাবার পথে।” আজকালকার সাহিত্যে, বিশেষতঃ কবিতায়, সব-কিছুর বিরুদ্ধে বিদ্রোহ প্রকাশ করাটা যেন হয়ে উঠেছে একটা প্রথা; এবং বিদ্রোহটা বিশেষ করে' অতীত যুগের প্রভাব ও নেশা কাটাবার জন্তেই। রোমন্টিসিসম্‌এর ব্যঙ্গময় সাস্তানায়,

কল্পনার অলস মন্থরতায় আজকালকার কবি ও শিল্পী বৈজ্ঞানিকদের মতই সন্তুষ্ট নয় : এমন তীক্ষ্ণ বিজ্ঞপ এমন তীব্র সত্য আমরা দেখি যা'তে ঊনবিংশ শতাব্দীর মায়ার আবরণ আজ ফিকে হ'য়ে এসেছে। আজকালকার কাব্যের যে বিষয় নিজের স্থানিষ্ঠিত আত্মতা নিয়েই তা' দীপ্ত।

এতদিন হ'য়ে এসেছে শুধু দেবতা ও স্বর্গকে নিয়ে কাব্য, পৃথিবীর যা' চিত্র হয় তা' স্বর্গের নয় নরকের : হয় দেবতা নয় দানব। কিন্তু মাঝখান থেকে মানুষের সৃষ্টিতে মানুষই বাদ পড়ে গিয়েছে, পৃথিবীর ভেতর পৃথিবীর চিত্রই ছল্ল'ভ। তাই আজকালকার কবি ও শিল্পীর কাছে কাব্যে ও শিল্পে মানুষ ও পৃথিবীর স্থানই প্রায় সবটা : মানুষকে দেখেন তাঁরা মানুষ বলেই—দোষ ও গুণের মিশ্রণেই সে মানুষ ; পৃথিবীকে দেখেন পৃথিবী বলেই—সৌন্দর্য্য ও কদর্য্যতার মিশ্রণেই সে পৃথিবী। হয়তো মানুষকে মানুষ বলে' আঁকবার জন্তে, পৃথিবীকে পৃথিবী বলে'—তাঁরা বাস্তবকে নিয়ে মেতেছেন একটু বেশিভাবেই। কিন্তু অনেক বছরের পর প্রতিক্রিয়াটা একটু তীব্র তো হ'বেই—তবে যতদিন যা'বে তত সহজ হ'য়ে আসবে তাঁদের দৃষ্টিভঙ্গি এবং ভবিষ্যতে এমন দিন আসবে নিশ্চয়ই যখন এতোটা তীব্র বাস্তবতা, তীক্ষ্ণ বিজ্ঞপ ও কদর্য্যতার অবতারণার প্রয়োজন হবে না। যখন প্রয়োজন হবে না বলতে :

The worlds revolve like ancient women

Gathering fuel in vacant lot.

কিংবা :

... the evening is spread out against the sky

Like a patient etherised upon a table

কিংবা সকালের ছবি আঁকতে গিয়ে শুধু বলা :

They are rattling breakfast plates in basement kitchens.

কিংবা :

মান হয়ে এলো রুম্মালে

ইভনিং-ইন্ প্যারিসের গন্ধ—

হে সহর হে ধূসর সহর

কালিঘাট ব্রিজের উপরে কখনো কি শুন্তে পাও

লম্পটের পদধ্বনি

এই তো গেল আজকালকার কবিতার অন্তরের রূপ। এবার এর বাইরের রূপ নিয়ে আলোচনা বোধ করি প্রয়োজন।

সবচেয়ে আশ্চর্য্য লাগে তখন, যখন বিলিতি সাহিত্যে গল্প-কবিতাকে অসংশয়ে মেনে নেওয়া সম্ভব বাংলা সাহিত্যে এর মূল্য সম্বন্ধে অনেককেই সন্দেহান হ'তে

দেখি! এটা যে রুগ্ন ও পঙ্কু মানসিক শক্তির প্রমাণ তাতে সন্দেহ নেই। বোধ করি যে পুরুষ বাংলা সাহিত্যে গল্প-কবিতায় আস্থাবান ন'ন নিজের প্রতিও আস্থা তাঁর কম! তা' নইলে এক ভাষায় যেটা চলবে অল্প ভাষায়—মোটোও যা কোন অংশে দরিদ্র নয়—সেটা চলবে না এই রকম ভীষণ মতবাদের কোন অর্থই হয় না।

তবে গদ্য-কবিতা আমাদের দেশে এসেছে নতুন : বিভিন্ন কবির হাতে বিভিন্নভাবে তা' বেজে উঠছে। গল্প ছন্দের আঙ্গিকের নির্ণয় এখনো অস্পষ্ট।

এর বিরুদ্ধে সর্বপ্রথম ও সর্বপ্রধান যে আপত্তি তা' হচ্ছে এই : এতোদিনে কবিতা লেখা সহজ হ'ল। কথাটা যে সত্যি নয় রবীন্দ্রনাথের রচনার খানিকটা উদ্ধৃত দেখালে বোঝা যাবে : “গল্পছন্দের রাজত্বে আপাতদৃষ্টিতে যে স্বাধীনতা আছে যথার্থভাবে তা'র মর্যাদা রক্ষা করা কঠিন।...বাণীর নিপুণ-নিয়ন্ত্রিত ঝঙ্কারে যে মোহ সৃষ্টি করে তার সহায়তা স্বীকার করেও পাঠকের মনে কাব্যরস সঞ্চার করতে বিশেষ কলাবৈভবের প্রয়োজন লাগে।” স্বাভাবিক বুদ্ধি থেকেই তো এটা বোঝা যায়। ছন্দোবদ্ধ কবিতার ভেতর যদি কোন মহৎ ভাব না-ও থাকে তা' হলেও শুধু ছন্দের টুং-টাং পাঠককে ভোঁলাতে পারে। কিন্তু যেখানে নেই ছন্দের বিলাস সেখানে পাঠককে কি মুগ্ধ করা আরও বেশি শক্ত হ'য়ে পড়ে না? গল্প-কবিতা লিখতে এ কারণে আরও যে কতটা দক্ষতার প্রয়োজন আশ্চর্য্য এই যখন আমাদের দেশের অনেক বুদ্ধিমান পুরুষই হাজারবার বলা সত্ত্বেও তা' বোঝেন না। আজকালকার যুগে অবশ্য এমন অনেকেই লিখছেন যাদের লেখা গল্পও হয় না, কাব্যও হয় না। কিন্তু সেটা গল্প-কবিতার অপরাধ নয় : সব যুগেই ও রকম লেখকের অভাব নেই। এমন অনেক লেখকের নাম তো মুখে মুখেই বলা যেতে পারে যাদের রচনায় মিল ও ছন্দ থাকা সত্ত্বেও খারাপ : কারণ এই নয় যে পুরাতন বা ছন্দোবদ্ধ বলে' সেগুলি নিন্দনীয়, কারণ এই যে তা' খারাপ বলেই খারাপ তা কবিতা নয়।

গল্প-কবিতার সার্থকতা সম্বন্ধেও অনেকেই সন্দেহান। কিন্তু সে সন্দেহেরও মীমাংসা পাওয়া যায়। “পদ্যে ছন্দের ও মিলের খাতিরে অকারণ কথা, বাড়তি শব্দ, অর্থহীন বিশেষণ প্রভৃতি বসাতে হয় কখনো কখনো মহৎ কবিকেও। যা' বলতে চাইনে তা' বলা হ'য়ে যায়; আসল যেটা বলতে চাইলুম সেটা হয়তো দূরে পড়ে' রইলো। স্তব্রের কবিতাকে একটা স্তরে নিয়ে যাওয়া যাক যেখানে ও-সব বাহ্যিক অনায়াসে ছেঁটে ফেলতে পারবো; ঠিক যেটুকু বলতে চাই সেটুকু বলবো; যা' বলতে চাইনে তা'কে মোটে জায়গাই দেবো না।” সীতাকে যখন বিবাহমণ্ডপে দেখি তখন আমাদের ভালো লাগে এবং যখন বঙ্কলপরিহিতা জনকতনয়াকে দেখি দণ্ডকবনের ভেতর তখনও তো কৈ মোটেই আমাদের খারাপ লাগে না! এই

হু' অবস্থার সৌন্দর্য্য বিভিন্ন ; কিন্তু কোনটি বেশি সুন্দর তা' বলা চলে না। কবিতা সম্বন্ধেও খাটে এই কথা কারণ যে কবিতা মহৎ তা' নিজের দীপ্তিতেই সুন্দর—ধার করা নয় তা'র সৌন্দর্য্য ছন্দের কাছে, নির্ভর করে' না সে তা'র বাহ্যিক আবরণ ও অভরণের ওপর।

আজকালকার বাংলা যে বহুকাল আচরিত একটা প্রথা থেকে মোড় ঘুরিয়েছে সে বিষয়ে সন্দেহ নেই। নদী কখনও একই দিকে একইভাবে বয় না : গতি তা'র পরিবর্তিত হবেই, স্রোতও হ'বে কখনও দ্রুত ঝঙ্কারে উচ্ছ্বসিত, কখনও বা স্থির, মন্থর—কবিতাও তাই। মাটি যেখানে ঢালু স্রোতে তা'র চলার গান, উপলস্কুল পথে অজস্র ফেনার হাসি—প্রতি দেশের আকাশের বা বনের বা জাহাজের ছায়া তা'তে পড়বেই। আজকালকার কবিতার পথ সহরের মধ্যে দিয়ে, যেখানে বনানীর মিশ্র ছায়া বা আকাশের অবাধ মুক্তি নেই, যেখানে বেঁচে থাকার জন্তে সারা পিন রাত মাহুষ ঘোরে, যেখানে আছে “কলেরা ও কলের বাঁশী।”

এই আধুনিক কবিতাকে নানাভাবে যাচাই করার সময় এসেছে আজ। আমাদের দেখতে হ'বে তা'র বিষয়বস্তুর, বলা-ভঙ্গির, ভাষার, টেকনিকের কি নূতনত্ব—এবং সব শেষে দেখতে হবে সমস্ত কিছু মিলিয়ে একটি অখণ্ড রসাতলুভূতির সহায়তা হয়েছে কিনা, এবং সেই রসেরও নূতনত্ব কি? এখানে সমস্ত বিষয়ে আলোচনা সম্ভব নয়, কেবলমাত্র শেষের দু'টির আলোচনা করব।

আধুনিক বাংলা কবিতায় তিনটি রূপ স্পষ্ট চোখে পড়ে। একটিতে মিল নেই, কিন্তু বিশিষ্ট এক ধরণের ছন্দ আছে—নিয়মিত মিল ও ছন্দের মোহ সম্পূর্ণই তা'তে বর্তমান। সে কবিতা দ্রুত-ধাবমান ছন্দের পথে আমাদের নিয়ে যায়, আছে অনেক কথা ও অনেক বলার চাঞ্চল্য ; সে কবিতা বহু হরিণীর মত বনানীর শুকন পাতার মর্ম্মর শোনা যায় তা'র পায়ের চাপে। প্রথমেই উদাহরণস্বরূপ এই কবিতাটি ধরা যাক :

কক্সা, তোমার স্বপ্ন দেখি,
কক্সা, তোমার স্বপ্ন দেখি ;
রাত্রির মত তোমার চুল,
হৃদয়ে তোমার স্বপ্ন দেখি।
মৃত্যুর মতো তোমার চুল
আমার হৃদয়ে জড়িয়ে গেছে ;
বিদ্যুৎভরা চোখের আভা
আমার দৃষ্টি রেখেছে ছেয়ে।
এলোমেলো কালো তোমার চুল
হৃৎকথের মত বুকের 'পরে

আমার বুক, মুখের 'পরে

তরঙ্গ সম তোমার চুল।

(বুদ্ধদেব বহু : কঙ্কাবতী, ৬৮ পৃঃ)

কবি যেন থামতেই পারছেন না এখানে, দ্রুত থেকে দ্রুততর ওঠানামা করছে যে ছন্দের বুক তা' আমরা স্পষ্ট যেন দেখতে পাই। এর কোন লাইনে থামার উপায় নেই, রুদ্ধশ্বাসে ছুটতে হ'বে পাঠককেও যতক্ষণ না কবিতার শেষ লাইনে এসে পৌছানো যায় এবং সেখানে থামলেও হঠাৎ ত্রেক্কা মোটরের মত সহ করতে হবে একটা ঝাঁকুনি। কবিতার বিষয়বস্তু হচ্ছে প্রেমের স্বপ্ন—কবির সত্তার নিগূঢ়তম স্থানেও কবি প্রেমদীপ্ত প্রেম ছড়িয়ে গেছে স্তরে স্তরে ; এবং এই প্রেমকে প্রকাশ করার জন্যে কত বিচিত্র রূপক ও উপমা কবি ব্যবহার করেছেন ! তাঁর প্রেমদীপ্ত চুলের সঙ্গে তুলনা ক'রেছেন তিনি কখনও রাত্রির, কখনো মৃত্যুর, কখনও দুঃখের, তরঙ্গের সঙ্গেও কখনও বা ! গত শতাব্দীর রূপক আর উপমার ভেতর ছিল মধুর ও কোমল রসের প্রাধান্য, এখানে কিন্তু তা আমরা দেখি না। এ কবিতার ভাষা চলতি হ'লেও সাধুভাষার আশ্রয়।

গতি আছে অথচ ছন্দ বা মিল নেই সে হ'চ্ছে দ্বিতীয় ধরনের কবিতা। স্থানান্তরে সমস্ত কবিতাটি উদ্ধৃত করতে না পারায় নীচে যে আংশিক উদ্ধৃতি দেখালুম তা' থেকেই দ্বিতীয় ধরনের কবিতার উদাহরণ পাওয়া যাবে।

তামাসাটা রেখে মনে,

ইলেকট্রনের মরীচিকার এই তামাসা।

মেঘের রঙিন পাড় বুনেছে পড়ন্ত রোদ ;

আর মাটির তরঙ্গ গিয়ে মিশেছে নীল দিগন্তে ;

ভালো লাগল বুঝি,

ভালো লাগল আকাশের তারা আর ঘাসের ফুল

আর তা'র চোখের সেই দীর্ঘ পল্লব

যন মেঘের মত যা' রহস্য-ছায়া ফেলে

অতল তা'র চোখের ব্রহ্মাণ্ড।

বিধাতা ভাবেন শুধু ইলেকট্রনের গণিতে।

ছায়াপথ ছাড়িয়ে

অসীম আকাশ জুড়ে

নীহারিকা-পুঞ্জ তাঁর অঙ্কের খেলা।

কিস্ত কেনই বা মনে রাখবো ?
আকাশে থাকুক জটিল দেশ-কাল জড়ানো জ্যামিতি,
সৃষ্টিময় অনন্ত অন্ধের কাটাকাটি ;

আমার থাক
সমস্ত অন্ধের এ পিঠে
মিথ্যা মরীচিকার এই ব্যঙ্গ,
নেশার রক্তে টলমল
এই মুহূর্ত বৃষ্টি,

জন্ম, মৃত্যু, প্রেম,
আনন্দ, বেদনা আর নিষ্ফল এই
আত্মার আকৃতি।
জানি, এ-পিঠে নেই কোনো মানে।
তবু কি হবে তলিয়ে দেখে,
এই তামাসা !

(প্রেমেন্দ্র দ্বিৱ : 'তামাসা' : 'কবিতা'-পত্রিকা,
১ম বর্ষ, ১ম সংখ্যা)

এ কবিতার ভাষা, গতি এমন কি লাইনের দীর্ঘ-হ্রস্বতা এবং সাজানোর কায়দা পর্য্যন্ত রবীন্দ্রনাথের গল্প-কবিতার মতই। মিছক গল্পে এটা লেখা, কিন্তু তা সত্ত্বেও পাঠককে তা' শেষ লাইন পর্য্যন্ত টেনে নিয়ে যাবে একটা অদৃশ্য ছন্দের মোহে। এর ভাষা মাঝে মাঝে সাধারণ ও কথ্য ভাষার সামিল কিন্তু মাঝে মাঝে তা' হ'য়ে উঠেছে গম্ভীর ও ভারী। কিন্তু সবচেয়ে ভালো লাগে এর নতুন উপমা ও বিষয়বস্তু। পৃথিবী সম্বন্ধে রবীন্দ্রনাথ লিখেছেন, "আমার পৃথিবী তুমি বহু বরষের", লিখেছেন, "মরিতে চাহি না আমি সুন্দর ভুবনে।" কিন্তু এখানে দেখি আমাদের দৈনন্দিন পৃথিবীর চিত্র : "পথের খোদলে খোদলে গ্যাসের আলো আছে জমে," আছে, "বেড়ায় ঘেরা বিদেশী গাছ", আছে, "জন্ম, মৃত্যু, প্রেম, আনন্দ, বেদনা", আছে "মিথ্যা মরীচিকার এই ব্যঙ্গ।" কিন্তু তা' সত্ত্বেও কবি ভালোবাসেন পৃথিবীকে, "ইলেকট্রনের মরীচিকার" কথা মনে রাখতে চান না তিনি।

তৃতীয় ধরণের কবিতা হচ্ছে এই রকম :—

মহানগরীতে এলো বিবর্ণ দিন, তারপর আলকাংরার মতো রাত্রি

* * * *

আর কতো লাল সাড়ি আর নরম বুক, আর টেরিকাটা মশণ মাহুঘ :
আর হাওয়ায় কতো গোন্ডফ্লেকের গন্ধ,
হে মহানগরী !
দশটা-পাঁচটার দীর্ঘশ্বাস গিয়েছে থেমে,
সন্ধ্যা নামুলো :
মাঝে মাঝে সবুজ গাছের নরম অপক্লপ শব্দ,
দিগন্তে জ্বলন্ত চাঁদ,.....

কাল সকালে কখন সূর্য উঠবে !

কলেরা আর কলের বাশি.....

বহা আর দুর্ভিক্ষ

শৃঙ্খল বিধে অমৃতস্য পুত্রা :—

(সময় সেন : 'নাগরিক')

এই সমস্ত ধরণের কবিতায় আছে সহরের উচ্ছৃঙ্খল তোলপাড়ের প্রতিধ্বনি ; আছে বিতৃষ্ণা আর তিক্ততা আর বিক্রপ ; আছে উন্মত্ততা আর হতাশা আর ক্লান্তি । বাংলাভাষার কবিতায় সামাজিক, অর্থ-নৈতিক ও স্থূল-মধ্যবিত্ততার বিরুদ্ধে এ বিদ্রোহ স্পষ্ট ও তীব্র । কিন্তু 'এ'-গত ঠিক গল্প কি প্রবন্ধের গতই নয় ।' এই সমস্ত কবিতার ভেতর প্রথম লক্ষ্য করার জিনিস এর আঁটসাঁট ভাবথানা ; কোথাও নেই তারল্য কি শৈথিল্য, ক্রিয়াপদগুলিকে এমন ভাবে সাজানো হ'য়েছে প্রতিটি লাইনকেই তা' যেন শক্ত খুঁটি দিয়ে জোর করে' তুলে ধ'রেছে । এতে স্বাচ্ছন্দ্য আছে কিন্তু উচ্ছ্বাস নেই, এতে স্বল্প কথা আছে কিন্তু আড়ষ্টতা নেই । তা' ছাড়া যে সমস্ত উপমা ব্যবহার করা হয়েছে তা' যেমনই অভিনব তেমনই স্পষ্ট ও উজ্জ্বল । যেমন "আলকাংরার মতো রাত্রি ।"

আজকালকার কবিতায় মরচে পড়া ভাষা ও উপমার স্থান একেবারেই নেই— যেমন চাঁদের মত মুখ, বা কদম্বের মত শিউরে ওঠে । আকাশকে তাঁরা আকাশই বলেন 'নভ' বলেন না এবং সমুদ্রকে বলেন সমুদ্র, 'সিন্ধু' নয় । আমরা যে ভাষার কথা বলে' থাকি বেশির ভাগ আজকালকার গত কবিতার বাহন হচ্ছে সেই ভাষা ।

আর একটা জিনিস আধুনিক অনেক কবিদের রচনায় চোখে পড়ে, সেটা হচ্ছে ইণ্টেলেক্চুয়ালিস্‌মের দিক । কবিতায় তাঁরা শুধু ধ্বনি ও বর্ণ ও ছন্দ দিয়ে নিজেদের ভাব প্রকাশ করেন না, এমন ভাবে লেখেন যা' বুঝতে রীতিমত মগজের দরকার, যে সমস্ত লাইন আমাদের বুদ্ধিকে রীতিমত বাঁকুনি দেয়—যেমন, "মধ্যবিত্ত আত্মার বিকৃত বিলাস", "সমুদ্র-মদির উর্বরীর স্বপ্ন", ইত্যাদি ।

আমাদের দেশে আজকাল যে ছ'একজন নতুন কবিকে আমরা দেখি তাঁদের মধ্যে প্রতিক্রিয়াটা যেন কিছু বেশি । এই প্রতিক্রিয়ার ফলে তাঁরা হয়তো বিষয়বস্তুর কথা ভুলে' যান এবং প্রকাশভঙ্গি নিয়ে এমন ব্যস্ত হয়ে ওঠেন যাতে কবিতার রসভঙ্গ অনিবার্য । কিন্তু তা' বলে' ঐ শৈথিল্য ধরণের কবিতার সার্থকতা সম্বন্ধে সন্দেহান হচ্ছি না, বরঞ্চ এ কথাই গভীরভাবে মনে হয় যে ঐ ধরণের কবিতার ভবিষ্যৎ বিরাট এবং স্বায়ত্ত্বও অনিবার্য । কিন্তু শুধু প্রকাশভঙ্গির চেয়ে বিষয়বস্তুর ওপর লক্ষ্য দেওয়ার প্রয়োজনই বেশি বলে' মনে করি ।

শ্রীকামাক্ষীপ্রসাদ চট্টোপাধ্যায়

পঞ্চম বর্ষ সাহিত্য

আজকালকার কবিতার বিষয় আলোচনা কোরতে বসে প্রথম প্রশ্ন হচ্ছে এটা বিজ্ঞানের যুগ স্তরাং কাব্যে ও সাহিত্যে তার প্রভাব পড়বে কিনা। এর উত্তর দেওয়া বোধহয় খুব কঠিন নয়। নিঃসন্দেহে বলা চলে : পড়বে, ইয়া নিশ্চয়ই পড়বে। প্রত্যেক যুগে প্রতি দেশে সাহিত্যের উপর স্থান ও কালের প্রভাব পড়েছে। সামান্য সময়ের ব্যবধানেও এ পার্থক্য লক্ষণীয়। মাইকেলের পর বিহারীলাল, তারপর রবীন্দ্রনাথ এবং রবীবাবুর পর নজরুল, এদের সকলেই তাদের সময়ের বৈশিষ্ট্য কিছু না কিছু প্রভাবান্বিত। এর কারণ এই নয় যে এরা প্রত্যেকে তাদের সময়ের, বিজ্ঞানের, বিচারের বিষয় সজাগ হোয়ে তারই নিজস্ব তে তাদের রচনার পরিমাণ নিয়ে তবে তাকে প্রকাশ কোরেছিলেন, অর্থাৎ ‘বিজ্ঞানের কণ্ঠিপাথরে ঘসেই’ কবিতা লিখেছেন, বরং তাদের খুসী মতই তারা লিখে গেছেন এবং তাদের উপর তাদের সময় ও বিজ্ঞান যতটুকু প্রভাব বিস্তার কোরতে পেরেছিল কাব্যেও ঠিক ততটুকু ছাপই রোয়ে গেছে। সোজা কথায় বোলাতে কি কোন রচনাই কালের প্রয়োজনে নয় রচয়িতার আপন দরকারে অর্থাৎ সময় ও যুগধর্ম সাহিত্যের একটা মস্ত বড় অঙ্গ বিশেষ হোলও তার সৃষ্টির মূল মানুষকে কেন্দ্র কোরে, তার খুসীকে নিয়ে, তার আনন্দের উপর নির্ভর কোরে, অর্থাৎ বিজ্ঞান হোচ্ছে গৌণ, মানুষ ও তার মোহ-ই হোচ্ছে মুখ্য। তারপর সাহিত্য করে নূতন সৃষ্টি (invention) কিন্তু বিজ্ঞানের সে ক্ষমতা নেই, সে পারে সত্য আবিষ্কার কোরতে (discovery) যা আমরা আপাততঃ দেখতে না পেলেও প্রচ্ছন্নভাবে ঘুরে বেড়াচ্ছে আমাদেরই চারিদিকে। তাই “আধুনিক মানুষ যা দেখবে বিজ্ঞানের কণ্ঠিপাথরে ঘসে তাই-ই প্রকাশ কোরবে” এ কথায় দান্তিকতা, অহঙ্কার, সে যত বড়ই হোক না কেন, একে খাঁটী সত্য বলে মেনে নেওয়া চলে না অসম্বুদ্ধি চিন্তে কেননা বিজ্ঞানের জন্ম কাব্য ও সাহিত্য তা ওদের সঙ্গে মাত্র বর্ণপরিচয়ও হোয়েছে ষাদের, তারাও স্বীকার কোরবে না। এটা বিজ্ঞানের যুগ বলে সাহিত্যেও যদি বেপরোয়া বিজ্ঞানের স্তর রচনা কোরে হিটলার মুসোলিনী স্টেলিনের মত তার ডিক্টেটরী শাসন মেনে চলতে হয় প্রাণের ভয়ে, তা হোলে একদিন দেখা যাবে যে, সাহিত্যের ও শিল্পের আপন সত্তাও জার্মান-ইটালী-রাশিয়ার লোকের মত কোন সময় লোপ পেয়ে তলিয়ে গেছে ডিক্টেটারদের মধ্যে অর্থাৎ সেদিন সাহিত্য আর সাহিত্য

থাকবে না সে বিজ্ঞানই হোয়ে পড়বে যদি তাকে সব সময়ে বিজ্ঞানের হুকুম তামিল কোরে চলতে হয়।

এই রুজ পাউডার-লিপস্টিক ইভনিং ইন্ প্যারিসের বৈজ্ঞানিক যুগে যখন প্রসাধনের সুবর্ণ সুযোগ উপস্থিত এবং সকলেই তার সদ্যবহার কোরছে অকুণ্ঠিতভাবে, গর্ভভরে, (ব্যয় সংক্ষেপের কথা তাদের মনে আছে কিনা জানিনে) ঠিক সেই সময়ই আদেশ হোল, অডিনেন্স জারী হোল, কবিতা সুন্দরীর উপর যে ‘তার ছন্দে বন্দে ভাষায় অতিরিক্ত বাছাবাছির’ প্রসাধন (?) বন্ধ কোরে নগ্নতার সোঁদা সোঁদা গন্ধ বয়ে এনে বিজ্ঞান স্বামীর মনোরঞ্জন কোরতে হবে। কিন্তু গোড়ায় গলদ। ‘ছন্দে বন্ধে ভাষায় অতিরিক্ত বাছাবাছী’ কাব্যের প্রসাধন নয় শরীরের একটা বিশিষ্ট অঙ্গ বা অংশ যাকে, কেটে ছেটে বাদ দিতে হলে যে ক্ষত প্রকাশ পাবে তা সেপটিক হোয়ে শেষে হয়ত ব্যাচারীর মৃত্যুতেও পর্য্যবসিত হোতে পারে। প্রসাধন কৃত্রিম, বাথরুমে কয়েক মিনিটের চেষ্টায় তার সমস্ত চিহ্ন লোপ কোরে দেওয়া যায়, কিন্তু কাব্যে ছন্দ মূলীভূত, প্রকৃতিগত (naturalised) “পৃথিবী ঠিক চব্বিশ ঘণ্টার ঘূর্ণিলয়ে তিনশো পয়ষটি মাত্রার ছন্দে সূর্য্যকে প্রদক্ষিণ করে। সেও যেমন কৃত্রিম নয়, ভাবাবেগ তেমনি ছন্দকে আশ্রয় কোরে আপন গতিকে প্রকাশ কোরবার যে চেষ্টা করে সেও তেমনি কৃত্রিম নয়।” সুতরাং এই ব্যয় সংক্ষেপের বৈজ্ঞানিক যুগে, ছাটা কাপড় ছাটা চুলের খটখটে আধুনিকতার কালে সময় সংক্ষেপের জন্তে খেতে বসে না হয় পিড়িটাই বাদ দেওয়া যেতে পারে, ভাতটা বা তরকারীটা নয় কেননা তাহোলে খাওয়াই হয় না আর যদি খেতে না পারা যায় ব্যয় ও সময় কম কোরতে যেয়ে তা হোলে ওটাকে একেবারেই নির্বাসন দেওয়া ভাল। পেটে খিদে নিয়ে বুখা খাওয়ার ভান করার কোন অর্থই হয় না।

আজকালকার গদ্য কবিতার ওকালতি যারা শুরু কোরেছেন, তাঁরা ভাবালুতার বিরুদ্ধে একেবারে খড়্গাহস্ত। কোন রকম মোহই এঁদের ধাতে সহ্য হয় না। যে পুলক, যে আনন্দানুভূতি হোতেই সকল সৃষ্টি, যে কল্পনার স্বপ্নবিলাসই সাহিত্যকে সুষমামণ্ডিত কোরেছে, তাকেই এরা বাদ দিতে চান, কেননা বাস্তব জগতে এর নাকি দেখা মেলে না। আর ‘এরা বাস্তবকে নিয়ে মেতেছেন একটু বেশি ভাবেই।’ আপত্তি নেই বাস্তবকে (শুধু) সাহিত্যের বিষয়বস্তু নির্বাচন করার এবং এ থেকেও যে কত সুন্দর সাহিত্য সৃষ্টি করা চলে তার প্রমাণ আমাদের দেশেও শরৎচন্দ্র কিছু কিছু দিয়েছেন। কিন্তু সমস্তই নির্ভর করে লেখকের ব্যবহার রীতির উপর (treatment), শিল্প সৃষ্টির সব চেয়ে বড় কথা হোচ্ছে কেমন করে বলা হয়, কি বলা হয় তা যতটা নয়। সেইজন্তেই দেখা যায় হালকা কথা লিখে একজনে যে সাহিত্য সৃষ্টি কোরতে

পারে, আর একজনে তার চেয়ে শতগুণ মহৎভাব নিয়েও লোকের দৃষ্টি আকর্ষণ কোরতে পারে না। তাই ‘প্রকাশভঙ্গির চেয়ে বিষয়বস্তুর উপর লক্ষ্য দেওয়ার প্রয়োজনই বেশি’ এ কথা সত্যি নয়। ‘উর্ধ্বশীর’ ইতিহাস কি আমরা জানতাম না? ‘তপোভঙ্গের’ ‘মদন ভঙ্গের পরের’ ঘটনা কি আমাদের অবিদিত ছিল? বড় দিদির প্রেম, বিধেখরীর স্নেহ, সেকি একেবারেই নূতন? কিন্তু তবু কেন এগুলো কাব্যে ও সাহিত্যে পড়তে পড়তে আমরা আত্মহারা হোয়ে পড়ি। তাই আজকালকার লেখকসম্প্রদায় বাস্তবকে তাঁদের বিষয়বস্তু নির্বাচন করেছেন বলে তাঁদের সঙ্গে মতভেদ নয় বরং তাকে তাঁরা যেভাবে প্রকাশ ক’রছেন সেই প্রকাশভঙ্গিই আপত্তিকর। কল্পনাকে বাদ দিয়ে কাব্যকে শুষ্ক কাষ্ঠ তৈরী কোরে বিজ্ঞানের মুখরক্ষার মূলে সত্য বোধ হয় কিছুই নেই, “এমন তীক্ষ্ণ বিক্রপ, এমন তীব্র সত্য আমরা দেখি যাতে উনবিংশ শতাব্দীর মান্নার আবরণ আজ ফিকে হোয়ে এসেছে” বলে যে অভিযোগ আনা হোয়েছে তার উত্তরে শুধু এইটুকু বলা চলে যে মোহকে বাদ দিয়ে সৃষ্টি একেবারেই অসম্ভব ও অসম্পূর্ণ। জুখ বা বেদনা হোতে সাহিত্যের সৃষ্টি নয়, আনন্দের আহ্বানে তার মূর্ত-প্রকাশ। রবীন্দ্রনাথের কথায় বলি, “আধুনিকতার যদি কোন তত্ত্ব থাকে, যদি সেই তত্ত্বকে নৈব্যক্তিক আখ্যা দেওয়া যায়, তবে বলতেই হবে বিশ্বের প্রতি এই উদ্ধত অবিশ্বাস ও কুৎসার দৃষ্টি এ আকস্মিক বিপ্লবজনিত একটা ব্যক্তিগত চিন্তাবিকার। এও একটা মোহ, এর মধ্যেও শান্ত নিরাশ্রু চিন্তে বাস্তবকে সহজ কোরে গ্রহণ কোরবার গভীরতা নেই।” আর এইজন্তেই আজ এত জনের এত রকম ওকালতি সত্ত্বেও আমাদের দেশে গল্প কবিতা বা এই বিদ্রোহ সাহিত্য আমাদের কিছুই দিতে পারেনি বরং একটা অহেতুক কোন্দলের সৃষ্টি কোরেছে, একটা গৃহবিবাদ পাকিয়ে তুলেছে।

যাক গল্প কবিতার এই অন্তর মহলের ইন্সপেকসন বাদ দিয়ে এবার বহির্বাটীর বিচার হোক। আধুনিক গল্প কবিদের তরফ থেকে কামাক্ষীবাবু রবীন্দ্রনাথের সুপারিস পত্র তুলে দিয়ে দেখিয়েছেন যে, কাব্যে গল্পের আমদানি করায় ‘আপাতঃ দৃষ্টিতে যে স্বাধীনতা আছে যথার্থভাবে’ তাতে কবিদের কোন লাভই (advantage) হয় নি বরং ‘ছন্দের বিলাসকে’ (!) বাদ দিয়ে কাব্য সৃষ্টিতে অধিকতর নিপুণতার প্রয়োজন। এদের ধারণা শুধু ছন্দের টুংটাং-এ পাঠককে মুগ্ধ করা যায়। কিন্তু অবাক হোয়ে যাই যখন এ কথা শুনি কাব্যরসিকের মুখে (পাঠকেরও)। শুধু ছন্দের রুমঝুমি দিয়ে যে কাব্য হয় না এ কথা আজকের দিনেও ‘শিক্ষিত সমাজকে’ চোখে আঙ্গুল দিয়ে দেখিয়ে দেবার প্রয়োজন আছে জানতাম না। কবিতাকে যদি ডিসেকসন রুমে নিয়ে গিয়ে নির্মম হস্তে ছুরি চালিয়ে তাকে পোষ্টমর্টম করা হয় তাহোলে এক নজরেই যে দুটা জিনিস নজরে আসবে সে হোচ্ছে দুটো ভাগঃ একটা ভাব, আর অন্যটা হোচ্ছে

প্রকাশ। এবং কবিতায় এই প্রকাশের সবচেয়ে বড় জিনিস হচ্ছে ছন্দ। মহৎভাবে যেমন কবিতাকে সুষ্টু ও সুন্দর কোরে তোলে, তেমনই সুষজ্জ্বল ছন্দও কবিতাকে সুসংযত, সুসংহত, সুখপাঠ্য, ভাব প্রকাশক দোলায় রূপান্তরিত করে। ছন্দের প্রয়োজন শুধু কানে মিষ্টি আওয়াজ শোনার নয়, তার আসল প্রয়োজন হচ্ছে কবিতার উদ্দেশ্য, তার ভাব, তার বক্তব্য প্রকাশে সাহায্য করা, তার অন্তর্নিহিত সৌন্দর্যকে সহজে ধরিয়ে দেওয়া। ছন্দবদ্ধ কবিতায়,—হ্যাঁ, শুধু সত্যিকার কবিতার কথাই আমি বলছি—আছে ভাব ও ছন্দের অপূর্ব সুন্দর সংমিশ্রণ। কোনটাকে বাদ দিয়েই কোনটার চলে না কিন্তু গল্প কবিতায় আছে শুধু ভাব (তাও অবশ্য এদের কথা মত বলছি) ছন্দের বালাইকে এরা দূর কোরে দিয়েছেন কেননা কোন রকমের বাধা ও বন্ধন না-মানাই এদের ধর্ম। তাই তাদের সৃষ্টির শরীরের পুষ্টিসাধনে রোয়ে গেছে অপূর্ণতা, ভয়ানক রকম একটা দুর্বলতা। সম্পূর্ণ এদের কোনমতেই বলা চলে না। ছন্দবদ্ধ কবিতার কবি যখন double function মেনে চলেন এরা তখন ‘সহজিয়া সাধন’ মন্ত্র নিয়ে একটা আঁকড়ে ধরে থাকতেই চাইছেন। সেইজন্মেই সন্দেহ!

আর একটা কথা উঠেছে যে, যা বলতে চাই নে, যা অনাবশ্যক ছন্দে তাকে বলতে হয় বলেই গল্প কবিতার আবির্ভাব এবং সেইখানেই তার সার্থকতা। ছন্দের জন্ত হ’ল এক সময় লেখককে হয়ত একটু কষ্ট স্বীকার কোরতে হয় তা আশিক সত্য কিন্তু এর জন্ত যে-লেখকের তার বক্তব্যই বাদ পড়ে যায় তাকে আর যাই হোক কলম ধরতে না দেওয়াই উচিত কেননা সংসারে দুঃখ আছে বলেই যে আত্মহত্যা কোরতে যায় তার কাছ থেকে কিছু পাওয়ার আশা করা বৃথা। এই তো গেল লেখকের কথা; কবিতার বিষয় বলতে গেলে লেখকের মনে যে ভাবটা জাগে প্রথমে সম্পূর্ণ একক ভাবে, অলঙ্কারহীন রূপে, তাকে প্রকাশ কোরবার বেলায়ও ঠিক সেই নিরাভরণ নগ্ন গাত্রে অল্প আর সব কিছুর সঙ্গেই সংশ্রবহীন রূপ লিখতে হবে এ কথার মূল্য বিশেষ কিছুই নেই। বাড়ীতে রঙচঙে না কোরে শুধু ইটপাথর দিয়ে একটা ‘খোপ’ তৈরী কোরলে তার মধ্যে থাকবার মত স্থান হয়, সেইটুকুই প্রয়োজন, কিন্তু থাকা তাতে যায় না কারণ সে কবর হোয়ে পড়ে সমস্ত দিকে ফাঁকের অভাবে এবং নিশ্বাস আপনাই বন্ধ হোয়ে আসতে চায়। আর তার সমস্তই যদি সোনা দিয়ে বাঁধিয়ে পরিস্কার পরিচ্ছন্ন কোরে রাখা হয়, কোনখানে আর কিছুর চিহ্ন না-রেখে, তাহোলে তাকে অবনীন্দ্রনাথের ছবি বলে এক্সিবিসনে পাঠান চলতে পারে, কিন্তু মাল্লবের সে কোন কাজেই লাগবে না বোধহয়, সেই মাল্লবের ‘যারা দোষ ও গুণের সংমিশ্রণেই গঠিত।’ গল্প কবিতার বেলায়ও এই কথাটা খাটে আশ্চর্য্য রকম। যা বলতে চাই শুধু সেই কটা কথাকেই যদি stripped of all other things রূপে, সমস্ত বহ্বাভ্যুত্থর,

প্রসাধন, উপমা, অলঙ্কার বাদ দিয়ে উলঙ্গ কোরে ফেলা হয়, তাহোলে দেখা যাবে রবীন্দ্রনাথ ‘মদন ভঞ্জন পর’ না লিখে তার ভাবার্থ (substance অথবা gist) লিখে রেখেছেন বাংলার কাব্যরসিকদের জন্তে।

গল্পে রূপসৃষ্টি করা চলে, পড়েও যায়। গল্পে আছে রস অল্পভূতি বুদ্ধি ওজস, পড়েও ঠিক তাই। বিবাহমণ্ডপের সীতার মধ্যে আছে শ্রী, দণ্ডকবনের জনকহিতার মধ্যেও তার প্রকাশ। বসন্তের নব-পত্রশোভিত বৃক্ষে আছে প্রাণ, শীতের ছাড়া বেল গাছেও তার স্পন্দন পাওয়া যায়। তবু তাদের মধ্যে রোয়ে গেছে আকাশ পাতাল তফাৎ, সুস্পষ্ট পার্থক্য; আর এ ডিফারেন্সিয়া হোচ্ছে ওদের আলঙ্কারিক বিশেষণ, প্রসাধনের কৃতিত্ব, স্নসহার চাকচিক্য। বাড়তি হোলেও তা superfluous নয়, তার একটা বিশেষ প্রয়োজন আছে। পড়ের সঙ্গে গল্পের তফাৎও এইখানে। বিবাহ-মণ্ডপ আর দণ্ডকবনে দু’ জায়গাতেই আছে সীতা, অন্তর্য তাদের এক, সৃষ্টির সৌন্দর্য্যও অভিন্ন; শুধু এক স্থানে সে অলঙ্কারমণ্ডিত, চোখ ঝলসান তার মাজ, আর এক স্থানে তার সৌন্দর্য্য নগ্ন, সে সৌন্দর্য্য বনচারিণী তাপসীর। এই দুই রূপেই আমরা মুগ্ধ হই। ছটাই মূলতঃ এক,—বিভিন্ন নয় তাদের সত্তা—শুধু বাইরের প্রকাশভঙ্গিতে আছে একটা নূতনত্ব। গল্প আর পড়ও ঠিক তাই। সেইজন্তে যাকেই দেখি না কেন আনন্দের ব্যতিক্রম হয় না।

কবিতার সবচেয়ে বড় মাপকাঠি বোধহয় বুদ্ধি ও অল্পভূতি, জ্ঞান ও আবেগ, intellect ও emotion-এর কণ্ঠিপাথর। শুধু আবেগে যেমন কাব্য হয় না কেবলমাত্র বুদ্ধির ঠোকাঠুকিতেও তথৈব চ। শ্রেষ্ঠ কবিতার পক্ষে দুইই অনিবার্য। কিন্তু আজকালকার কবিতা পড়ে যখন ঘর্ম্মাক্ত ও বিভ্রান্ত হোয়ে বলি : এর মানে কি? উত্তর আসে : বুঝতে পারবে না, highly intellectual! কিন্তু জিজ্ঞাসা করি শুধু কি intellect নিয়েই কবিতা? আনন্দ দেওয়ার কি কোন প্রয়োজনই নেই? আর আজকালকার এ কবিতা তাতে কতটুকু সফলকাম হোয়েছে? “এমনভাবে লেখেন যা বুঝতে রীতিমত মগজের দরকার।” বুদ্ধি খাটাতে, চিন্তা কোরতে, আমাদের আপত্তি নেই; কিন্তু কবিতা পড়তে বসে যদি তার সাথে কুস্তির কসরৎ সুরু কোরতে হয় অর্থ আবিষ্কারের জন্তে, তাহোলে সেই গণ্ডারের চামড়ায়ুক্ত intellectual প্রকাশকে দাঁত দিয়ে ছিঁড়তে যেয়ে ডেক্টিষ্টের কাছে দৌড়ুতে যাতে না হয় তার জন্তে ওকে স্পর্শ না করাই ভাল; কেননা কবিতাপাঠ হোচ্ছে টিফিন, ব্রেকফাস্ট বা ডীনার নয়। কেবলমাত্র বুদ্ধির কচকচানি, intellect-এর ঠোকাঠুকি যেখানে সে হোচ্ছে গল্পের রাজ্য। সেখানে এটা থাকলেই হোল, ওজস বা intensity খুব গভীরভাবে অল্পভব করা না গেলেও বিশেষ দুঃখ নেই, কিন্তু পড়ে তা চলবে না কেননা গল্প শুধু গড়বার

জন্তেই, শোনার প্রয়োজন তার নেই ; কিন্তু এখন পণ্ড শোনার প্রয়োজন যতখানি পড়ার দিকটাও ঠিক ততখানি প্রয়োজনীয়। জোর কোরে চালাতে গেলে সে হোয়ে পড়বে গতই তার অস্তিত্ব বিসর্জন দিয়ে, আর আমাদের আজকালকার কবিতায় তাই-ই হচ্ছে। রবীন্দ্রনাথের লেখায় ইণ্টেলেক্টের অভাব নেই, কিন্তু তার জন্ত কবিতা বুঝতে কষ্ট হয় না ; তার সৌন্দর্য্যও নষ্ট হয় নি ; ইণ্টেলেক্টের জন্ত সেখানে হাতড়ে বেড়াতে হয় না, আপনি এসেই সে ধরা দেয়। কিন্তু আজকালকার যে কবিতাকে নিয়ে আমরা মেতেছি সেখানে অন্ধকারে খুঁজে বেড়াতে হয় তাকে অন্ধের মতন ; তাই বেশির ভাগ সময়েই ব্যাঙ ধরতে সাপ বেরিয়ে আসে। এই জন্তেই কিছুদিন আগে লেখা আমার একটা প্রবন্ধে লিখেছিলাম যে গল্প কবিতার বৈশিষ্ট্য হচ্ছে তারা রহস্তে ঢাকা, অস্পষ্টতার আভাসে পরিপূর্ণ, দুর্বোধ্যতায় পর্য্যবসিত। এর অন্তর্নিহিত ভাবটা বোঝবার জন্তে—যদি সত্যিই ওর তেমনি কিছু থাকে, আর বেশির ভাগ সময়েই পণ্ডশ্রম বলেই ছুঁখ—রীতিমত কসরৎ কোরতে হয়। সত্যি কথা বোলতে কি vagueness ও সহজ জিনিসকে জটিল কোরে তোলাই যেন গল্প কবিতার আসল উদ্দেশ্য, শ্রেষ্ঠ ধর্ম্ম ও সার্থকতা। কামাক্ষীবাবুও গল্প কবিতার এই সহজ-বোধ্যতার অভাব স্বীকার কোরেছেন গুণ ভেবে।

পুরাকালে গ্রীকদের সাহিত্য গড়ে উঠেছিল দেবদেবী খুনোখুনী লুঠপাট নিয়ে, ভারতের রামায়ণ মহাভারতে আছে সেই যুদ্ধ, সৈনিকের অস্ত্রে অস্ত্রে ঠোকাঠুকি, রাজরাজড়ার কথা। এর কারণ এই নয় যে তারা নিজেদের ভুলে গিয়েছিল, বাস্তবকে তারা স্বীকার কোরত না বরং তখনকার দিনে এটাই ছিল reality, তাদের চিন্তার তাদের মনের, এগুলো ছিল তাদের মনের মাঝে ওতপ্রোতভাবে মিশে। তারপর মানুষের ধ্যান ধারণা চিন্তার স্ফূর্তির ফলে সাহিত্যও সেই সঙ্গে তালে তালে পা ফেলে চলেছে এবং শেষে নেমে এসেছে তার বর্তমান ষ্টেজে। তাই অবাক হোয়ে যাই যখন একেই এরা বলেন অভিনবত্ব, অদৃষ্টপূর্ব্ব, অভাবিত নূতনত্ব, কাব্যের রাজ্যের নূতন জয়। বুঝতে পারি না কোথায় হোল এ, কি অভিনব বিষয়ের অবতারণা হোল সেখানে, কোন নূতন মাটির ভোগদখলের অধিকার জন্মাল আমাদের ? এরা বলছেন কবিতা আজ মোড় ফিরিয়েছে শহরের দিকে। স্বীকার কোরলাম না হয় তা ; কিন্তু কথা হচ্ছে এ নিয়ে এত লাফালাফির কি আছে ? যে মানুষ ও তার আনন্দকে কেন্দ্র কোরে কবিতার সৃষ্টি, আজ environment-এর জন্ত তারই প্রয়োজনে, ইচ্ছায় ও অনুভূতির স্ফূর্তিতে যদি তার রচিত কাব্য প্রভাবান্বিত হয় তাতে আশ্চর্য্যের কি আছে ? এতো কোন নূতন কিছু নয়। কিন্তু ভুল হচ্ছে এইখানেই যে কবিতা শহরের মধ্যে মোড় ঘুরিয়েছে বলেই তার স্বকিয়ত্ব, তার

সত্বাকে বিসর্জন দিতে হবে। একদিন মানুষের চারদিকে নিয়তই বাজত রণদামামা, মাথা কাটাকাটির উৎসবে মত্ত ছিল পৃথিবী; কাব্যেও সাহিত্যেও তার উল্লেখ আছে, প্রকাশ আছে, কিন্তু কই কবিতাকে ত' তার জন্তে খুনোখুনি কোরতে হয় নি। তখনও তার মাথা দীর স্থির শান্ত মুগ্ধ মধুর ও আনন্দময় রোয়ে গেছে, আর আজকে 'কলেরা ও কলের বাঁশী' এসে কি তাকে রাঁচী পাঠাবার বন্দোবস্ত কোরতে পারে? প্রতিবাদীর পুত্রের মৃত্যু আমাদের হৃদয় আঘাত দেয়, শোকে মুহূর্তন হোয়ে পড়ি, চোখ ফিরিয়ে নেই সেই করুণ দৃশ্য থেকে; কিন্তু চরণের মৃত্যুর জায়গাটা পড়ি বারবার, কিছুতেই যেন তৃপ্তি হোতে চায় না: চমৎকার, চমৎকার! জয়সিংহ আর ওসমানের যুদ্ধে শোণিত ছুটল সন্ সন্ কোরে, অস্ত্রে অস্ত্রে ঝরেছিগ বিদ্যুৎতাগ্নি, দুজনেরই বুক কাঁপছিল দ্রুতদ্রুত, আর আমরা তা পড়তে পড়তে চেয়ারে গদির উপর লাফাতে শুরু করি পরম পুলকে, ভীষণ তৃপ্তিতে আনন্দের আতিশয্যে। তেমনি আজ মেরিনের সন্ সন্, ভৌ ভৌ, লেবারের খটাখটি লাঠালাঠি, ষ্ট্রাইকের বাড়াবাড়ি, লোহালকড়ের ঠোকাঠুকি, কলেরা আর ম্যালেরিয়ার যে মহামারী কাব্যে ও সাহিত্যে তার প্রকাশ হবে সুশৃঙ্খল সুসংঘত সংগঠনকারীর ভাষায় ও ছন্দে। তারপরের কথা বাস্তব কোনটা? রামের কাছে যা বাস্তব রহিমের তা অবাস্তব, মহাবুবের কাছে তা হয়ত আরও দূরের জিনিস। স্তররং এদের প্রত্যেকের সৃষ্টি সাহিত্যও হবে বিভিন্ন রকমের। তাই reality কি সাহিত্যে আজও তার সন্ধান মেলেনি। নিকলসন লিখেছেন ম্যাথু আর্নল্ডের কবিতার সংজ্ঞা ব্যাখ্যা কোরতে যেয়ে: "The reality of a thing, however great or insignificant is something that can never be reached, just as none can ever hope to meet the horizon." তাই হোমার থেকে সেক্সপীয়ার, তার থেকে শেলী কিটস; বান্সীকি, ব্যাস থেকে কালিদাস, রবীন্দ্রনাথে নেমে আসতে যদি কবিতাকে তার মূলত্ব বিসর্জন দিতে না হোয়ে থাকে তবে আজও তা হবে না আর কোনকালেই এ সম্ভব নয়, যদি না কবিতাকে একেবারে বিসর্জন দেওয়া হয়। সেই শান্তি, সেই স্নিগ্ধতা, সেই আনন্দ, সে রোয়ে যাবে চিরকালের জন্তে অজর অমর অক্ষয়।

তাই বক্তব্য শেষ করার আগে রবীন্দ্রনাথের কথাতেই বলি এই আধুনিকদের ঐরা সাহিত্যে সহজিয়া সাধন গ্রহণ কোরেছেন, তার প্রধান কারণ এটাই সহজ। অথচ হুঁসাহসিক বলে এতে বাহবাও পাওয়া যায়, তরুণের পক্ষে সেটা কম প্রলোভনের কথা নয়। ঐরা বলতে চায় আমরা কিছু মানিনে,—এটা তরুণের ধর্ম...কিন্তু যেখানে না মানাই হোচ্ছে সহজ পন্থা সেখানে সেই অশক্তের সস্তা অহঙ্কার তরুণের পক্ষে সবচেয়ে অযোগ্য।

আবুল হোসেন

প্রথম বর্ষ সাহিত্য

‘বিতর্কিকা’র তৃতীয় পর্ব রচনা করবার ভার হঠাৎ আমার উপর এসে পড়েছে। এ ভার নেবার মত কোন ষোগ্যতা বা অধিকার না থাকলেও, আমি যে নিতে সাহস করেছি, তা’ শুধু আমার আগে যারা লিখেছেন তাঁদেরই রচনার অনুপ্রেরণায়। তাঁদের লেখা পড়ে আমার মনে যে সামান্য ছু’ একটা কথা জেগেছে, সেগুলো খুলে বলবার দ্রব্ধ লোভ সামলাতে পারি নি’।

সচরাচর থাকে বলা হয় “অতি আধুনিক কবিতা” (ভেতরকার প্লেস্ট্রু লক্ষ্য করবার বিষয়!) তাকেই কেন্দ্র করে আমাদের শিক্ষিত সমাজে বেশ একটা মতভেদের চাঞ্চল্য দেখা দিয়েছে। এমন কি, এই সমাজের একটা অংশ, আধুনিক কবিদের আর তাঁদের সমধর্মীদের অনেকটা একঘরে করে-ই রেখেছেন। এ ধরণের মনোবৃত্তি অবশ্য খুবই অশোভন। সে যা’ হোক সঙ্গতি এই মতবিরোধের অর্থ এবং তাৎপর্য নিয়েই আমাদের ভাবতে হবে। বেশ বোঝা যাচ্ছে, “অতি-আধুনিক” খ্যাতি লাভ করা সত্ত্বেও, এ-ধরণের কবিতার মূল্য বা পরিণতির বিষয়ে আজকালকার ছাত্র-সমাজও একমত নন। অবশ্য, এটা কিছু আশ্চর্যের কথা নয়; কেন না, মতভেদ হওয়াটা বলিষ্ঠ মনেরই লক্ষণ এবং ছাত্রসমাজ যে মানসিক পঙ্গুতাকে প্রশ্রয় দিচ্ছেন না, এটা আনন্দের সংবাদও বটে।

আজকালকার কবিতার কথা লিখতে যেয়ে, প্রধানত ছাঁট দিক থেকে তাকে লক্ষ্য করতে হবে। প্রথম, দেখতে হবে—এই আধুনিক কবিদের বার্তা কি, কি তাঁদের দর্শন, কি তাঁদের জীবনের বিশ্লেষণ? তা’ ছাড়া দেখতে হবে, এই বাণী প্রকাশ করতে তাঁরা যে সব বিশিষ্ট প্রকাশ ভঙ্গীর সাহায্য নিয়েছেন, তাদের কোনও সার্থকতা আছে কিনা। শ্রীযুত কামাক্ষীপ্রসাদ এবং আবুল হোসেন ছ’জনেই বিষয়টাকে হৃদিক থেকেই বিচার করে দেখেছেন।

“অতি-আধুনিক” চিন্তাধারা আগের যুগের কবিদের থেকে বেশ একটু বিচ্ছিন্ন সন্দেহ নেই। প্রথম বিভেদের বিষয় হচ্ছে যে, প্রাচীন কবি প্রায়ই আশা-বাদী, আধুনিক কবি অধিকাংশই নিরাশা বাদী—সেইজন্তে প্রাচীন কবি, কোন অনুভূতির বিষয় লিখতে গিয়ে তাকে নিয়ে যেতেন এমন একটা রাজ্যে, যেখানে তার সৌন্দর্যের দিকটাই পড়তো চোখে এবং তাও বেশ একটু বড় (magnified) হয়ে। আধুনিক কাব্য-দর্শনের মূলমন্ত্র অস্ত। আজকের কবি, তার প্রত্যেকটা অনুভূতি ও প্রত্যেকটা প্রবৃত্তিকে গুঁড়িয়ে দেখেন—এবং তার সৌন্দর্য এবং অসৌন্দর্য ছুই-ই ভাল করে চেনেন। তিনি জানেন

মানুষের দৈনন্দিন জীবনের প্রতিটি তুচ্ছ ঘটনা এবং মানুষের মনের প্রত্যেকটি অবস্থার আড়ালে, এমন সত্য লুকিয়ে আছে—যাকে অথগুভাবে বুঝতে হলে, তার প্রত্যেকটি অংশকে খুঁটিয়ে দেখা ছাড়া উপায় নেই। তাই জন্তে আগেকার কবি ছিলেন ভাব-বিলাসী, কল্পনা-প্রবণ, এবং অসম্পূর্ণ। আজকের কবি, যুক্তিশীল, বিশ্লেষণ নিপুণ এবং সেইজন্তে, অনেকটা সম্পূর্ণ।

চিন্তাধারার এই পার্থক্যে বিজ্ঞানের প্রভাব কত বড়ো তা' কামাক্ষীবাবু বেশ ভালো করে দেখিয়ে দিয়েছেন। শ্রীযুত আবুল হোসেন মেনে নিয়েছেন, একথা কিন্তু তিনি বলছেন—“বিজ্ঞানের প্রভাবটা কাব্যের উপর পড়বে অতি গোপনে—কবি হবেন না তার দিকে সজাগ; তাঁর মুখ্য উদ্দেশ্য হবে মানুষকে কেন্দ্র করে, তার খুসীকে নিয়ে তার আনন্দের উপর নির্ভর করে সৃষ্টি করে যাওয়া।”

সন্দেহ নেই, বিজ্ঞানের বা যুগ-ধর্মের যে প্রভাব, তা' প্রত্যক্ষভাবে আসে না। তা' হলে মানুষের জীবন নিয়ে কাব্য লেখা হত না—হ'ত টেলিস্কোপ আর মাইক্রোস্কোপ নিয়ে। বিজ্ঞানের প্রভাবটা আসে পরোক্ষভাবে—কবি বা শিল্পীর মনের গোপন লোকে তার প্রভাব। আজকের কবি, তাঁর বিজ্ঞান পরিস্কৃত মন নিয়ে মানুষের জীবনের রহস্যকে, জীবনের প্রত্যেকটি অল্পভূতিকে অথগু ভাবে দেখতে চাইছেন এবং শুধু দেখতে নয়, পরীক্ষা করতেও চাইছেন। আধুনিক কবির মন কল্পনা-ধর্মী নয়, বরং মনন-ধর্মী—বিশ্লেষণ-ধর্মী (এ কথার মানে এই নয় যে তাঁর কাব্যে কল্পনার স্থান নেই—কিন্তু সে স্থানটা গোপন); তাই প্রাচীন কবি তাঁর অল্পভূতির চারিদিকে একটা কোমল-মধুর পরিবেষ্টনীর সৃষ্টি করে' যে ইন্দ্রজাল সৃষ্টি করতেন, আধুনিক তাকে “অসংযত কল্পনা-বিলাস” বলে গাল দিচ্ছেন। শ্রীযুত আবুল হোসেন বলছেন—সাহিত্য করে নূতন সৃষ্টি কিন্তু বিজ্ঞান পারে শুধু সত্য আবিষ্কার করতে। আজকের কবি তাঁর বিজ্ঞানশুদ্ধ মন নিয়ে—আবিষ্কারের আনন্দে ব্যস্ত এবং সে আবিষ্কারের ক্ষেত্র মানুষের অব্যক্ত ও গূঢ় অবচেতনার রাজ্যে। প্রাচীন কবি সৃষ্টি করতেন সত্য, কিন্তু সে সৃষ্টির মূলে যে বাস্তব-ভিত্তি ছিল, তার তুলনায় কল্পনার ইমারৎ-টা হয়ে যেত বেশী বড়ো। সেইজন্তেই সে-সৃষ্টিকে আধুনিক বলছেন—মোহ।

আর একটা জিনিস : প্রাচীন যুগের কবি তাঁর রঙীন—অসম্পূর্ণ—সৃষ্টি নিয়ে জীবনের দুঃখের তীব্রতাকে উপেক্ষা করবার ভাণ করতেন; আধুনিকের বিদ্রোহ এর বিরুদ্ধে। কামাক্ষীবাবু যাকে বলেছেন “ব্যঙ্গময় সাস্ত্রনা”—তারও মূলগত কারণ এই যে প্রাচীন যুগের কবির বাস্তবের মুখোমুখি দাঁড়িয়ে তাকেই খুঁটিয়ে দেখবার মত মনোবৃত্তির অভাব ছিল। এই খুঁটিয়ে দেখার মনোবৃত্তি বিজ্ঞানের পক্ষে সব চেয়ে বড়ো কথা। এবং এই দিক দিয়েই বিজ্ঞান অতি-আধুনিক কবিতার উপর তার ছায়া ফেলেছে।

শুধু বাস্তবকে dissect করে কোন কাব্য হতে পারে না—এই হচ্ছে আধুনিকদের বিরুদ্ধে শ্রীযুত আবুল হোসেন এবং অতীতের সর্বপ্রধান অভিযোগ। আধুনিক মনোবৃত্তি সত্যকে শুধু সত্য বলেই গ্রহণ করে আনন্দ পায়—সত্যকে তারা সুন্দর করে দেখতে চায় না। (কি আনন্দ সে বৈজ্ঞানিকের যে মানুষের দেহকে টুকরো টুকরো করে পরীক্ষা করে ?) সত্যকে তারা মোহন কর্তে চায় না—বরং সত্য তার “আত্মগত দীপ্তি” নিয়েই থাকবে উজ্জ্বল। মানুষকে তারা এক অথও মানবীয় সত্তা রূপে দেখে এবং তার চেতনা ও সৃষ্টির রাজ্যে যে সব আনন্দ, দুঃখ ও অত্যাশ্রয় মনোভাব লুকিয়ে আছে, তাদেরকে খুলে দেখবার এবং খুলে ধরবার যে আনন্দ, সেই হচ্ছে বৈজ্ঞানিক কবির চরম ও পরম প্রাপ্য। “কল্পনার অলস আড়ষ্টতা”—সে আজকের কর্মী মানুষের জন্তে নয়। কাব্যের দিকে বর্তমান যুগের মানুষের যে বিরাগ, তার কারণ, গত যুগের অবাস্তব আবহাওয়ার অস্বাচ্ছন্দ্যের দরুণ—কাজেই কাব্যকে-ই সরাতে হবে তার আসন, যেখানে মানুষের মনের সাথে থাকবে তার নিবিড়তরো যোগসূত্র।

আপত্তি উঠেছে :—মানুষের জীবন বিচিত্র নয়, তার ভেতর না আছে প্রশান্তি, না আছে গভীরতার অবকাশ। “স্বাভাবিক জীবনে যে প্রাচুর্যের অভাব, তাকে ভাবগত সমৃদ্ধি দিয়ে পূর্ণ করে নিতে হবে”। আধুনিক জানেন, বাস্তব জীবনের ক্ষেত্র সীমাবদ্ধ। কিন্তু অতি আধুনিকের যা’ বার্তা তা অনেকটা এই রকম—“সন্দেহ নেই, বাস্তব-জীবন অগভীর আর সুস্বাদু; কিন্তু যা আপাতদৃষ্টিতে বাস্তব, তারও পেছনে আছে একটা অতি-বিস্তৃত রাজ্য যার খোঁজ করার ভেতর আছে একটা তৃপ্তি এবং এই রাজ্যটাকে নিয়েই আমাদের কারবার”। সন্দেহ নেই, আধুনিক কাব্যেও কল্পনার অবকাশ আছে, কিন্তু সে কল্পনার প্রয়োজন explore সন্ধান করবার জন্তে কোনও অবাস্তব পরিবেষ্টনীর সৃষ্টি করার জন্তে নয়। এবং সন্ধান explore করবার জন্তে আর একটা জিনিস দরকার যার নাম বুদ্ধি বা মননশীলতা।

মোটকথা এই প্রাচীন কবির আনন্দ ছিল বাস্তবকে সামনে রেখে কল্পনার সাহায্যে তাঁর উপর এমনি করে রঙ বুলাতে অথবা তার চারধারে এমন একটা বিষয় ও মোহের পরিবেষ্টনী সৃষ্টি করতে, যাতে কবির অনুভূতির প্রবলতা সন্দেহে কারও মনে কোন সন্দেহ না থাকে এবং এ-ধরণের প্রকাশ-ভঙ্গির উপযুক্ত বিষয়-বস্তু—সৌন্দর্য। সুন্দরকে অপরূপ করে তুলতে তিনি জানতেন—কিন্তু সুন্দর ও কুৎসিত মিলে একটা অথওতার সৃষ্টি করে তারই ভেতর থেকে তিনি রস আহরণ কর্তে পারতেন না। আধুনিকের দর্শন অত রকম—সে বাস্তবকে কোনও দিকে কোন আসক্তি না নিয়ে আঁকড়ে ধরবে এবং তার ভেতরটাকে বুদ্ধি আর কল্পনার দীপ্তি নিয়ে চাইবে বিশ্লেষণ করতে : বাস্তব অনুভূতিকে নানারকম ভাবে পরীক্ষা করে সে তার মূল্য নির্ধারণ করতে উৎসুক হবে।

যা' কিছু আড়ালে বা অন্তরালে রয়ে গেছে, তাকেই নিয়ে অতি-আধুনিকের কারবার। রোমান্টিক চিন্তাধারা বিশ্লেষণাত্মক চিন্তাধারাকে আজ স্থান ছেড়ে দিচ্ছে।

জীবন সম্বন্ধে এই অতন্ত্র কৌতূহল, অবশ্যই আজকালকার বহু কবিকেই অতি-বাস্তব করে তুলেছে এবং তার ফলে হয়ত' বা জীবনের যে সব দিকে মানুষের বিশ্লেষণের আকাঙ্ক্ষা যেত না (যাওয়া উচিত কি-না তা ভিন্ন তর্কের বিষয়) সে সব দিকেও সে এগিয়ে যাচ্ছে। মানুষের অর্থও সত্তার ধারণা তার কাছে উন্মুক্ত করেছে একটা গোপনতার রাজ্য। এ কাজে ভয় আছে সত্য কিন্তু আনন্দের অবকাশও তো কম নয়। এবং সেই আনন্দের উপরই অতি-আধুনিক কবিতার কাঠামো দাঁড় করান হয়েছে।

কবি সৃষ্টি করেন আনন্দ বশে, কিন্তু আনন্দের সংজ্ঞা তো সব যুগে এক নয়। কিংবা পাঠক যাতে খুসী হয়ে উঠবে—তাও সব যুগে এক নয়। এ দিক থেকে দেখতে গেলে পরিপূর্ণ বাস্তবকে খুঁটিয়ে দেখবার যে আগ্রহ সেটা আজকালকার বৈজ্ঞানিক কবি-মানুষের পক্ষে অত্যন্ত স্বাভাবিক বলেই আমার মনে হয়। সত্যি করে বলতে গেলে “বিশ্বের প্রতি অবিশ্বাস”-টা উদ্ধৃত নয়, কুৎসাপূর্ণও নয়—তা' পৃথিবী আর মানুষকে সোজা করে দেখতে যাওয়ার ফলে যে সত্য বেরিয়ে পড়েছে, তারই একটি রূপ মাত্র। (এ-ও রূপ, বি-রূপ নয়)। যা' রইল গোপনে এবং গুচ্ছ হয়ে, তা' কুৎসিত বলে তাকে দেখব না—যা' সুন্দর তা' যতই তুচ্ছ হোক তাকে ফেনিয়ে ফাঁপিয়ে বড় করে তোলার ভেতর যে আত্মপ্রবঞ্চনার ভাবটুকু আছে—অতি-আধুনিকের অভিযোগ তাই নিয়ে। পাঠকদের দিক থেকেও কথাটা সমান সত্য। প্রাচীন যুগের কাব্য-পাঠক তার সরল বুদ্ধি এবং পৃথিবীর গতিপ্রকৃতি (processes) সম্বন্ধে অত্যন্ত সাধারণ জ্ঞান নিয়ে যে ভাব-বিলাসে আনন্দ পেত, আজকের পাঠক তার বৈজ্ঞানিক, যুক্তিমার্গী মন নিয়ে—তার মনের rich complexity এবং বাইরের জগৎ সম্বন্ধে অসামান্য কৌতূহল নিয়ে—সেই ভাব-বিলাসের সাথে তার প্রাণের সংযোগ খুঁজে পাচ্ছে না। তাই যে-কবি জীবনের গভীর এবং সম্পূর্ণ অর্থের সম্মুখীন হতে কুণ্ঠিত হন নি—তাকে শুধু সেইজন্মেই সে ধন্যবাদ দিয়েছে। বাস্তবকে হয়তো আজও সে “নিরাসক্ত চিত্তে” গ্রহণ করতে পারছে না সব ক্ষেত্রে—হয়ত' আধুনিক কাব্য-দর্শনের ভেতর প্রতিক্রিয়ার ছ'একটি বীজ আছে, তবু সে নিজে থেকে নিজে ভুলাতে চাইছে না। সত্যি কথা এই—আধুনিক কবিতা “শ্রীহীন”—রবীন্দ্রনাথের একটি অপরিণত চিন্তাধারার পরিণতি ও বিবর্তন মাত্র। এবং এই বিবর্তন যে যুগোপযোগী, স্বাভাবিক এবং অকৃত্রিম সে বিষয়ে কোনও সন্দেহ থাকতে পারে না।

প্রথমেই বলে রাখা ভাল, “অতি-আধুনিক” চিন্তাধারার সঙ্গে গদ্য-কবিতার কোনও অঙ্গাঙ্গী-সম্বন্ধ আছে বলে, আমি বিশ্বাস করি নে এবং এ কথার সপক্ষে অধুনাস্থ

‘প্রগতি’, ‘কল্লোল’ প্রভৃতিতে ছাপানো কবিতার নজিরই যথেষ্ট হবে বলে মনে করি। এখানে গল্প-কবিতার আলোচনা-প্রসঙ্গে, একে একটা স্বতন্ত্র বিষয় (entity) বলেই ধরে নিচ্ছি।

গল্প-কবিতার সূত্রপাত রবীন্দ্রনাথেরই—অর্থাৎ বিগত ও আধুনিক যুগের মাঝখানে যিনি খুব বড়ো হয়েই দাঁড়িয়ে আছেন। এই ‘অর্থাৎ’-এর তাৎপর্ঘ্য এই যে রবীন্দ্র-যুগের পর অল্প একটা বিশেষ কবিদের যুগ আজও আসেনি এবং শীগ্গির আসবেও না। অথচ, রবীন্দ্রনাথে এমন অনেক চিন্তা-ধারার পরিচয় পাওয়া গেছে যা’ তাঁর ভেতর পরিণতি পায় নি’—এখনও পরিণতির অপেক্ষা করছে। স্মরণ্য আধুনিক কবিদের যুগটাকে একটা নতুন যুগ বলে ধরা না গেলেও, একটা পরিপূরক (complementary) যুগ বলে স্বীকার কর্তেই হবে।

সে যাই হোক, গল্প-কবিতাকে নিয়েই এখনকার কথা। রবীন্দ্রনাথের পর অনেক গদ্য-কবি বাংলা দেশে দেখা দিয়েছেন এবং তাঁদের লেখার ভেতর না আছে গল্প না আছে কাব্য। কিন্তু, তাতে করে (একটা বিশিষ্ট ভঙ্গি হিসাবে) গদ্য-কবিতার কোন সার্থকতা-ই নেই—এমন কথা বলা যেতে পারে কি?

গদ্য-কবিতা ছন্দের বাঁধনকে তুলে দিতে চেয়েছে। তাই আজ প্রশ্ন উঠেছে, কাব্যের সাথে ছন্দের সম্বন্ধ কি? এ কথা স্বীকার কর্তে কাউকে বাঁধে না যে কাব্যের প্রাণের সাথে কাব্যের রূপের কোনও আত্মিক যোগাযোগ নয়; অর্থাৎ কাব্য ও ছন্দের সম্বন্ধ মূলগত (organic) নয়, অনেকটা আকৃত্রিম (arbitrary) এবং রবীন্দ্রনাথের “সন্ধ্যা ও প্রভাতের” একটা অংশ, এই বিষয়টার অতিপুরোনো ক্লাসিক্যাল দৃষ্টান্তস্থল হয়ে উঠেছে; তবু স্বীকার কর্তে বাধা নেই যে ছন্দ কাব্যকে এমন একটা মাধুর্য দেয়—যা’ কোনও ভাষা দিতে পারে না। “ছন্দই কাব্যের সহজ রূপ” কিন্তু এ কথাটার—আমার মতে—এই অর্থ নয় যে গদ্য-কবিতা বলে কোন কিছু থাকা উচিত নয়। আগেই বলেছি, কাব্যের সাথে ছন্দের সম্বন্ধ কিছু আবশ্যিক নয়—তাই ছন্দকে বাদ দিয়েও কবিতা (যদি তার মানে হয়, “বাস্তবের” অর্থও ও পূর্ণ বিশ্লেষণ, এমন কি একটা মোহময় পরিবেষ্টনীর ভেতর রেখে বাস্তব অল্পভূতিকে আবেগময় প্রকাশ দেওয়া পর্য্যন্ত) লেখা যেতে পারে; এবং এ ধরনে লিখবার পক্ষে যে সব যুক্তির অবতারণা কামাঙ্ক্ষীবাবু করেছেন, আধুনিক চিন্তাধারার সাথে তার বেশ সঙ্গতি আছে সন্দেহ নেই। কাব্য লিখতে গিয়ে ছন্দের খাতিরে, অতি-আধুনিককেও এমন অনেক শব্দ অনেক সময় ব্যবহার করতে হয়, যাতে করে তাঁর মূল চিন্তাধারার গতি ব্যাহত হয় এবং তাঁর অনিচ্ছা সত্ত্বেও একটা মোহময় আবেষ্টনীর সৃষ্টি হয়ে পড়ে।

কিন্তু অভিযোগ এসেছে আর এক দিক থেকে। এঁরা স্বীকার করেন গদ্যকে কাব্যরসে অভিষিক্ত করা যায়—কিন্তু সেইজন্তে শুধু শুধু একটা সঙ্গ সাজাবার জন্তে,

গদ্যকে ছত্রে ছত্রে বিভাগ করার কি দরকার? রবীন্দ্রনাথ তাঁর অনেক গদ্য-রচনার ভেতর এমন একটা ইন্টেনসিটি নিয়ে লিখেছেন, যাতে তাঁর গদ্য-রচনা কবিতার মতোই মধুর এবং ভাব-সমৃদ্ধ হয়ে উঠেছে; কিন্তু তাই জন্তে “পুনশ্চ”-তে সেগুলোকে ধাপে ধাপে সাজানোর কি দরকার ছিল?

এই শ্রেণীর সমালোচকরা একটা বিষয়কে উপেক্ষা করেন—তা’ হচ্ছে কবিতার গতি বা ভাব-গত বিরামের বিষয়। দুঃখের কথা, সন্দেহ নেই যে, অনেক কবিও এ দিকে সম্পূর্ণ মনোযোগ দেন নি। গদ্য-কবিতা গদ্য ঠিকই, কিন্তু তাকে কবিতার মতো চরণ ভাগ করে সাজানোর কোন নির্দিষ্ট রীতি অথবা কোন গুচ্ছ উদ্দেশ্য না থাকলে এ রকম করে সাজানোর কোনো অর্থই হতে পারে না। কিন্তু এই পদ বা ছত্র-বিভাগের সার্থকতা কোথায় তা’ দেখবার জন্য একটা উদ্ধৃতি দিতে হ’ল :—

গরাদের ওপারেতে বাঘ

হাই তুলে দেয় গড়াগড়ি

কী দুর্বল ভাঙ্গিমাটি তার—

জুতোর ফিতেটা গেছে খুলে

নীচু হয়ে সমতলে ঝাধে

(প্রেমেন্দ্র মিত্র)

এই কবিতাটিতে তৃতীয় চরণের শেষে চিন্তাধারার যে বৈকল্য বা বৈষম্য, তা’ পংক্তি ভেদের দ্বারা একটা বিশেষ ব্যঞ্জনা লাভ করেছে।

প্রেমেন্দ্র মিত্রের-ই আর একটা কবিতা—যা’ কামান্ধীবাবু তুলে দিয়েছেন—তাতেও ছত্র-ভেদের সার্থকতা আছে—

তামাসাটা রেখে মনে

ইলেকট্রনের সরাচিকার এই তামাসা—ইত্যাদি—

এখানেও ছত্র-ভেদের ভেতর দিয়ে কবির মনোগত ভাবের একটা প্রতিমূর্ত্তি পাওয়া যাচ্ছে। রবীন্দ্রনাথের গদ্য-কবিতাগুলিতেও, এই রকম ভাব-ভেদের সাথে পংক্তি-ভেদের সম্পর্ক আছে—কিংবা ভাবের বিরামের ভেতর অন্ত পংক্তিতে সরে যাওয়ার একটা চলিত রীতি আছে।

কিন্তু কামান্ধীবাবু যাকে বলেছেন, তৃতীয় শ্রেণীর গদ্য-কবিতা—তার পংক্তি বিভাস-রীতির ভেতর আমি অনেক সময়ই কোনও অর্থ খুঁজে পাই নি—এ-কথা অকপটেই স্বীকার করি। অবশ্য কোন কোন সময় যে বিষয়গুলোর উপর কবি জোর দিচ্ছেন, তারই প্রত্যেকটাকে নিয়ে তিনি ভিন্ন ভিন্ন পংক্তি রচনা করছেন—এই রকম কোন একটা নিয়ম মানতে দেখা যায়। কিন্তু অধিকাংশ সময়ই কোন সঙ্গত কারণ খুঁজে পাই না—এবং পংক্তি বিভাগ সত্যিই কৃত্রিম এবং অর্থহীন হয়ে পড়ে।

এই অসঙ্গতির দিকে আধুনিক কবিদের দৃষ্টি আকর্ষণ করছি বলে আমি খাঁটি গদ্য-কবিতার বিরোধী নই। এদের ভেতর এমন একটি গতি ও স্বয়ং প্রকাশের ভাব আছে যা' বর্তমান চিন্তাধারার সাথে মিল খায়। আজকালকার কবিতার ভেতরের যে দর্শন তা' হচ্ছে—উচ্ছ্বাস বাহুল্যের বর্জন; বাস্তবকে তলিয়ে দেখা, কিন্তু তাকে ফেনিয়ে তোলা নয়। এই দর্শনের সাথে গদ্য-কবিতা “rounded ease” বা স্বয়ংপূর্ণ স্বাচ্ছন্দ্যের ভঙ্গির একটি বিশেষ সামঞ্জস্য আছে—সন্দেহ নেই। অবশ্য, ছন্দের আসন থাকবে অটল; কেননা তার একটা নিজস্ব মোহ বা অনির্বচনীয়তা আছে—ভাবের প্রকাশকে সে একটা পূর্ণতার ছাপ দিয়ে দেয়—তা' সে কবিতা যত্নগোপাল চট্টোপাধ্যায়ই লিখুন আর জীবনানন্দ দাশ-ই লিখুন। কিন্তু গদ্য-কবিতার “সম্ভাবনা”-ও উপেক্ষণীয় নয়; বরং বর্তমান যুগের আসরে গদ্য-কবিতা বেশ উঁচু আসন নিতে পারবে—এ ধারণা করাই সঙ্গত।

শ্রীধীরেশচন্দ্র ভট্টাচার্য

তৃতীয় বর্ষ সাহিত্য

‘আধুনিক বাংলা উপন্যাসের একধারা’

আলোচনা

যারা বাংলা সাহিত্যক্ষেত্রে চলা ফেরা করে থাকেন তাঁদের মুখে শোনা যায় যে এ দেশে কোন বই সমালোচনার জন্ত সাময়িক পত্রে পাঠাবার সময় সঙ্গে সঙ্গে সমালোচনার ভারটাও গ্রন্থকারকেই নিতে হয়। তা না হলে অন্তত কি প্রতিকূল কোন রকম সমালোচনা প্রকাশিত হবার সম্ভাবনা কিছু ক্ষীণ। পাশ্চাত্য দেশেও পুস্তকের মলাটের উপর গ্রন্থের কিছু পরিচয় দেবার ভার প্রকাশকই নিয়ে থাকেন। সেটা গ্রন্থকারের নিজের লেখা কি না তা জানবার কোন উপায় নেই। তাতে বেশ চোখা চোখা বিশেষণ, বেশ মনে-ধরা উপমার প্রাচুর্য্য সহজেই চোখে পড়ে। ফলে এই জাতীয় পুস্তক-পরিচয় একটা বিশিষ্ট রকমের সাহিত্য না হলেও লেখা গড়ে উঠেছে। তাতে যা প্রশংসা বর্ণন হয় তা সবই যদি সত্যি হোত তাহলে ধরা যেতে পারত যে সাহিত্যক্ষেত্রে কোহিম্বুর-এর অভাব নেই। সহজেই মনে হোত যে দক্ষিণ আফ্রিকার হীরক খনি ফেল পড়ে গেছে আর তার জায়গায় কৃত্রিম উপায়ে রাশি রাশি রত্ন প্রস্তুত হচ্ছে।

আমাদের দেশেও পুস্তক সমালোচনা পড়লে সহজেই মনে হয় দেশে তো বাংলার মোপান্ত! থেকে বাংলার হাঅলী পর্য্যন্ত কিছুরই অনটন নাই। আর তাতে প্রাচীন অলঙ্কার শাস্ত্রকার থেকে আরম্ভ করে পেটার পর্য্যন্ত সমস্ত কাব্য রসিকদের বাণী মন্বন করে নতুন পাত্রে সুধা পরিবেশনের ভার নেওয়া হয়। শুধু সুইডেনের একাডেমী জঁজ করে সাহিত্যের নোবেল পুরস্কার একবারের বেশি এ দেশে পাঠাতে রাজি হ’ল না।

এতে কারু কিছুই বলবার থাকতে পারে না। কেউ যদি কোন গ্রন্থে অতি-মানবিকতার পরিচয় পেয়ে থাকেন তাহলে তিনি অন্যদলের লোককে অরসিক বলে নিজের ভাগ্যকে দোষ দিতে পারেন যে এদের কাছেও রস-নিবেদন করতে হচ্ছে। সে রাস্তা সংস্কৃত কবি পুরাকাল থেকেই খুলে রেখে দিয়েছেন। সুতরাং কবি, ঔপন্যাসিক, প্রবন্ধকার সকলেই নিরঙ্কুশ হয়ে কোমর বেঁধে লেগে যেতে পারেন সাহিত্যসৃষ্টির কাজে।

কিন্তু মুকিল হয় আমাদের মত অতি সাধারণ মানুষদের যারা সাহিত্য বোঝে বলে স্পর্ধা করতে পারে না, অথচ বই পড়ে ভাল লাগল কিনা তা খানিকটে বোঝে এবং ভাল লাগলে তার কারণটা অস্পষ্টভাবে বুঝতেও পারে। কিন্তু তারা যদি অলঙ্কার শাস্ত্রের কাব্যের লক্ষণ বর্ণনা কিংবা রস-সাহিত্যের শ্রেণীবিভাগের কাজে হাত দেয়, তাহলে এমন সব ভুল করবে যাতে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষকশ্রেণী শিহরিয়া উঠবেন। তবে তারা যখন দলে ভারী তখন তারাই বা ছ’ কথা বলতে ছাড়বে কেন? সেই দলের একজন হিসেবে এই কয়েক ছত্রের অবতারণা করা গেল।

এই পত্রিকার গত সংখ্যায় ডাক্তার শ্রীযুক্ত শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় মহাশয় আধুনিক বাংলা সাহিত্যের গুণ বিচার করেছেন। তাতে বিশেষ করে ছ’টি লেখকের

উপস্থানের বিস্তৃত সমালোচনা করেছেন। তাঁদের নাম অচিন্ত্যকুমার সেনগুপ্ত ও বুদ্ধদেব বসু। ইহাদের সমগ্র গ্রন্থাবলী পড়বার সুযোগ আমার হয় নি। তবে ঐ প্রবন্ধে এঁদের যে সকল উপস্থানের উল্লেখ আছে তার মধ্যে “বেদে” ও “যেদিন ফুটল কমল” এই দুখানির সঙ্গে আমার পরিচয় আছে। এই দুখানি পুস্তকের মধ্যে যে এত রস লুকানো আছে তা পড়বার সময় মনে হয় নি। সম্ভবতঃ আমার অদৃষ্টে নারিকেলের ছিবড়েই জুটেছে, ভেতরের শাঁসটার দেখা পাই নি। বোধহয় মুক্কা এত গভীর জলে লুকানো আছে যে ওস্তাদ ডুবুরী ছাড়া আর কার হাতে সেটা পড়তে পারে না। প্রথমটির সম্বন্ধে নীতির কথা তোলা অনাবশ্যক কারণ সেটা এ যুগে অর্থহীন। কিন্তু এ উপস্থানে বীভৎস রস ছাড়া অল্প কোন রস আছে তা আমার মনে হয় নি। কোন খ্যাতনামা ফরাসী সমালোচক একখানা প্রসিদ্ধ বই সম্বন্ধে বলেছিলেন, ‘It is a great book about a little woman.’ ভাষাটা একটু বদলে বলা যেতে পারে, যেমন এর চরিত্রগুলি তুচ্ছ, তেমনি তাদের কার্যকলাপ ও পরিচয় অর্থহীন। কিন্তু শ্রীকুমার বাবু তাতে অনেক কবিত্বের সন্ধান পেয়েছেন। আমি পাই নি সেটাই আমার বক্তব্য। “কি যেন একটা কি” লিখে কবিত্ব শক্তির পরিচয় দেবার মত কালিদাস আমাদের দেশে অনেক জন্ম নিয়েছেন।

দ্বিতীয়টি সম্বন্ধে বলবার বেশি কিছু নাই। শুধু বলা যেতে পারে যে, যে ছাত্র-ছাত্রীর মনস্তত্ত্ব বিশ্লেষণ করা হয়েছে, তাতে দৃশ পৃষ্ঠার বই লেখবার দরকার ছিল না। গল্পাংশ তো না থাকিবারই সামিল। পৃষ্ঠা দশেকের সংক্ষিপ্ত আকারে কোন মাসিক পত্রে প্রকাশিত হলে ছোট-গল্প হিসেবে চলে যেত। মাঝে মাঝে সাময়িক পত্রে পোষ্ট গ্রাজুয়েট ডিপার্টমেন্ট ও কোন কোন কলেজের ছাত্র-ছাত্রীদের ভিতর অতল্প দেবতার লীলার গল্প পড়া যায়। তার মধ্যে যদি কিছু সত্যের আভাস থাকে তাহলে কর্তৃপক্ষদের কিছু হুশিয়ার কারণ আছে। তা ভিন্ন ইংরাজীতে calf-love বলে একটা কথা আছে সেটা এই জাতীয় বাংলা উপস্থাসিকদের মনে করিয়ে দিলে ধুঁঠতা হয় না। তা নিয়ে এত মনস্তত্ত্ব বিশ্লেষণ অনেকখানি খাপছাড়া মনে হয়।

এদেশে গল্প লেখকদের কত বাধা বিপত্তির ভিতরে লিখতে হয় তা যারা ভুক্তভোগী নন তাদের পক্ষে বোঝা শক্ত। সেকেলে লেখক তো ভাঙ্গা শিবমন্দিরে অন্ধকার রাত্রে ক্ষীণ প্রদীপের আলোকে অবগুণ্ঠনের ভিতর দিয়ে পাত্র-পাত্রীদের শুভদৃষ্টি করিয়ে নিশ্চিন্ত মনে বিনিয়ে বিনিয়ে romance লিখে গেছেন। কিন্তু আজকালকার দিনে তো শুধু ক্ষণিকের চোখে দেখা ভালবাসা অচল। তাহলে নতুন মনস্তত্ত্ব ফ্রেয়েডের মতামত ইত্যাদি দিয়ে পাঠককে চমৎকৃত করবারই সুযোগ কোথায়? গুটিকয়েক কলেজের মেয়ে ভিন্ন অল্প কোন মেয়ের নাগাল পাওয়াও শক্ত। পোড়া দেশে বা সামাজিক ব্যবস্থা তাতে কোন নিঃসম্পর্কীয় মেয়ের দেখা পাওয়াও দুর্লভ। সুতরাং বেচারাদের হ্রদবস্থার সহানুভূতি হবারই কথা।

পরিশেষে বক্তব্য এই যে বাংলা সাহিত্যকুঞ্জবনে কাব্যালোচনার উপযুক্ত ফুল যদি নাই ফুটে থাকে, তাহলে কাঁটা ফুলকে পদ্ম শ্রেণীতে জোর করে বসিয়ে দেওয়া নিরর্থক।

অরসিক

প্রেসিডেন্সী কলেজ ম্যাগাজিনের গত সংখ্যায় অতি-আধুনিক উপন্যাস-সাহিত্য সম্বন্ধে আমার যে প্রবন্ধ বেরিয়েছিল তার সম্বন্ধে এই প্রতিবাদজাতীয় রচনাটি সম্পাদক আমার নিকট পাঠিয়ে আমার কৃতজ্ঞতাভাজন হয়েছেন। আমি এই প্রতিবাদটি পড়ে আনন্দিতই হয়েছি। কেননা আধুনিক উপন্যাস সম্বন্ধে মতভেদ যে কেবলমাত্র স্বাভাবিক তা নয়, বোধ হয় অপরিহার্যও। সুতরাং এ বিষয়ে যত আলোচনা বা সংযত রকমের বাদপ্রতিবাদ হয়, ততই এর স্থান নির্ণয়ের সুবিধা হবে।

এই লেখাটি পড়ে সর্বপ্রথম যে কথাটা মনে হয় সেটা হচ্ছে যে আমার প্রবন্ধের উল্লেখ এর একটা গোণ উদ্দেশ্য মাত্র—প্রায় অবাস্তব বললেও চলে। লেখকের আধুনিক সাহিত্য সম্বন্ধে কতগুলি তীক্ষ্ণ ও চোখা-চোখা কথা বলবার ছিল—আমার প্রবন্ধ তার একটা উপলক্ষ মাত্র। আমার বিরুদ্ধে তাঁর অভিযোগ এই যে আমি আধুনিক ঔপন্যাসিকদের কোন কোন লেখার অতি প্রশংসা করেছি। তিনি যার মধ্যে রস বা সৌন্দর্য্য খুঁজে পান নি, আমি নাকি সেখানে সেগুলি খুব প্রচুর পরিমাণে অবিকার করেছি। অর্থাৎ হয় আমি অতিরিক্ত মাত্রায় ভাববিবর্ধন না হয় তিনি কাব্যসৌন্দর্য্য বিষয়ে অন্ধ। এর নীমাংসা মোটেই সহজ নয়। অন্ধ বা বিজ্ঞান-শাস্ত্রে যেমন কতগুলি সর্ব-স্বীকৃত মূলতত্ত্ব আছে, যার দ্বারা সত্যাসত্যনির্ণয় যান্ত্রিক অদ্রাস্ততার সঙ্গে করা যেতে পারে, সাহিত্যবিচারে সেরূপ কোন অদ্রাস্ত মানদণ্ড নাই। সুতরাং এই বিষয়ের তর্কে কেউ কাউকে স্বমতে আনতে পারবেন এর সম্ভাবনা খুব কম। “অরসিক” মহাশয় খুব চতুরতার সহিত আমার সমালোচনার কোন বিশেষ আতিশয্য বা ভ্রম দেখাবার কষ্ট স্বীকার করেন নি; কাছাকাছি না এসে দূর হতে শরনিষ্ক্রেপ করাটাই যে আত্মরক্ষার শ্রেষ্ঠ উপায় এই রণনীতি তিনি বেশ ভাল করেই বোঝেন। তাঁর প্রবন্ধ পড়ে আমার মনে হল যে তিনি আমার সমালোচনা ভাল করে পড়েনই নি। আধুনিক উপন্যাস সম্বন্ধে আমি কতগুলি সাধারণ উক্তি করেছিলাম, সেটা ম্যাগাজিনের এক পূর্বতম সংখ্যায় ছাপা হয়েছে। সেখানে আমি এই উপন্যাসের ক্রটিবিচ্যুতি, অবাস্তবতা (যাকে তিনি calf-love আখ্যায় অভিহিত করেছেন) ও নৈতিক অবাস্তবতা সম্বন্ধে যথেষ্ট আলোচনা করেছিলাম। তিনি বর্তমান প্রবন্ধের সঙ্গে সেটা পড়লে বোধ হয় বুঝতে পারতেন যে আমি দোষের দিকটার প্রতি একবারে অন্ধ নই। যেখানে প্রতিনিধিহিসাবে দু'একটা ঔপন্যাসিকের বিস্তৃত আলোচনা করেছি সেখানে ক্রটির দিকটার পুনরুল্লেখ না করে তাদের মধ্যে যেটুকু উৎকর্ষ বা উজ্জল সম্ভাবনা আছে তার দিকেই জোর দিয়েছি। অরসিক মহাশয় যখন স্বীকারই করেছেন যে তিনি আধুনিক উপন্যাসের দুই-একখান ছাড়া পড়েন নি, তখন মনে হয় তিনি বোধ হয় সেই রকমের উচ্চ প্রতিষ্ঠা বা পদমর্যাদাসম্পন্ন লোক ধারা না পড়েও সমালোচনা করতে পারেন। এরূপ ক্ষেত্রে তিনি যে আমার পূর্ব অধ্যায় পড়েন নি তাতে আমার অনুযোগ করার কি থাকতে পারে।

“অরসিক” মহাশয় আমার প্রবন্ধের উপর যে চোক-বুলানো রকম দৃষ্টিক্ষেপ করেছেন, তার মধ্যে তথ্যগত দুই একটা ভুল আছে। প্রথমতঃ আমি “বেদের” উচ্ছ্বসিত প্রশংসাপূর্ণ সমালোচনা একবারেই করিনি। এর সমগ্র আলোচনাই আমার প্রবন্ধে নাই। এর মধ্যে বীভৎস ও কুৎসিত রসের প্রাচুর্য্য সম্বন্ধে তাঁর সঙ্গে আমার বিশেষ মতানৈক্য নাই। আমি মাত্র তার যে একটা অধ্যায়ে কবিত্ব-ব্যঞ্জনাপূর্ণ প্রকৃতি-বর্ণনা আছে তারই একটু

সপ্রশংস উল্লেখ করেছি মাত্র। “অরসিক” মহাশয়ের বোধ হয় স্মরণ থাকতে পারে যে “বেদে” উপন্যাসের উপর যিনি সর্বপ্রথম প্রশস্তি-বাক্য উচ্চারণ করেছিলেন, তিনি কবি-গুরু রবীন্দ্রনাথ। সেও আজ অনেকদিনের ব্যাপার। তখন তিনি মৌনব্রত অবলম্বন করেছিলেন কেন তার কারণটা যদি অনুমান করা যায় তবে সেটা কি তাঁর প্রশংসা-সূচক হবে? রবীন্দ্রনাথের খ্যাতি কি তাঁর উপর সম্মোহন প্রভাব বিস্তার করে তাঁর কণ্ঠ রোধ করেছিল? একজন সামান্য নগণ্য লেখকের বিরুদ্ধে তাঁর সেই রুদ্ধ কণ্ঠস্বর এতদিনে ক্ষুণ্ণি পেয়েছে—এর মধ্যে আর যে গুণ থাকে না কেন বোধ হয় সাহসিকতার প্রাচুর্য নাই।

দ্বিতীয়তঃ বুদ্ধদেব বহুর ‘যেদিন ফুটলো কমল’ উপন্যাসটির সম্বন্ধে আমার আলোচনা তাঁর মনঃপূত হয় নাই। এর মধ্যে যে প্রণয়-লীলার ব্যাপারটা বর্ণিত হয়েছে, তাকে তিনি calf-love সংজ্ঞায় অভিহিত করেছেন ও বিতামন্দিরে ছাত্র-ছাত্রীর মধ্যে প্রণয় সম্ভাবনায় শিহরে উঠেছেন। আমি তাঁকে একটা কথা নিবেদন করতে চাই। সমস্ত প্রেমের মধ্যে একটা মন্ত বিহবলতা, একটা পরিমিতিহীন আতিশয্য আছে, যেটা অপগতমোহ প্রৌঢ়ের নিকট হাস্যকর অসঙ্গতি বলেই ঠেকে। রবীন্দ্রনাথের ‘শেষের কবিতায়’ লাভণ্য-অমিতের প্রেমে কি এই আতিশয্য, কল্পনার এই অসংযত আবেগ, এই বন্ধন-সংযমহীন পক্ষবিস্তার নাই? “Meredith-এর ‘Richard Fevirel’ উপন্যাসে যে Ferdinand ও Miranda অধ্যায়ে কিশোর কিশোরীর প্রেম বর্ণিত হয়েছে, সেটা তাঁকে পাঠ করতে অনুৰোধ করি ও জিজ্ঞাসা করি তার মধ্যে তিনি calf-love এর কিছু গন্ধ আবিষ্কার করতে পারেন কি না? অবশ্য কাব্যহিসাবে বুদ্ধদেবের প্রেম-বর্ণনাকে আমি এত উচ্চ স্থান দিই না; আমি উদাহরণ-গুণো দিচ্ছি কেবল এই কথাটা প্রমাণ করার জন্তে যে প্রেমে উচ্ছ্বাস-আতিশয্য অবশ্যস্বাভাবী ও তাকে calf-love বলে উড়িয়ে দিতে গেলে তার রসোপলব্ধি একটু ছুরাহ হয়ে পড়বে।

তার পরে বিতামন্দিরে প্রেমের উদ্ভবের কথা। লেখক মন্দিরে প্রেমের উদ্ভব সম্বন্ধে অনেকটা মন প্রস্তুত করে নিয়েছেন—বেচারিা বন্ধিম প্রাচীনত্বের খাতিরে একটু সবিজপ কটাক্ষ লাভ করেই অব্যাহতি পেয়েছেন। বোধ হয় যে দিন হতে মন্দির দ্বার হরিজনদের জন্ত উন্মুক্ত হয়েছে সেই দিন থেকে এক শ্রেণীর লোক অন্ততঃ গণতান্ত্রিক কারণে প্রণয়দেবতার জন্তও সে দ্বার উন্মুক্ত করেছেন। বিতামন্দির সম্বন্ধে গণতান্ত্রিকতার প্রসার এখনও তেমন হয় নি, কাজেই অভিভাবক ও শিক্ষকশ্রেণীর লোক এ সম্বন্ধে এদের আপত্তি বজায় রেখেছেন। শীঘ্রই এটাও তাঁদের গা সওয়া হয়ে যাবে আশা করা যায়। কিন্তু মেলা-মেশা যদি প্রণয়-সঞ্চারের একটা অপরিহার্য পূর্ব কারণ হয়, তবে বিতামন্দিরে মেলা-মেশা থেকে প্রেম জন্মাবে না এরূপ অনুশাসন কি University Regulation এর মধ্য দিয়ে প্রচার করা হবে? হয়ত এটা নীতির দিক থেকে অবাঞ্ছনীয় বলে গণ্য হ’তে পারে—কিন্তু তাই বলে বাস্তবতার ক্ষেত্র থেকে কি একে লোপ করা যেতে পারে? আমাদের দেশে যে অল্প কয়েক বৎসর সহ-শিক্ষার প্রবর্তন হয়েছে তার মধ্যেই এরূপ অনেকগুলো ঘটনা সত্যসত্যই ঘটেছে। স্মরণ্য ঔপন্যাসিক এমন ক্ষেত্র ত্যাগ করবেন কেন তা বোঝা শক্ত। আমি এর নৈতিকতা সমর্থন করি না, কিন্তু এর বাস্তবতা কেমন করে অস্বীকার করা যায়? সহপাঠীদের মধ্য দিয়া প্রণয়-সঞ্চার উচিত কি না, সে সম্বন্ধে সন্দেহ প্রকাশ চলতে পারে। এর ফল যদি নীতির দিক দিয়ে বিগর্হিত, তবে অরসিক

মহাশয় এটা বন্ধ করার জন্ত আইন-প্রণয়নের ব্যবস্থা করতে পারেন। কিন্তু এই আইন-প্রণয়নকে যেন সাহিত্যসমালোচনা বলে ভুল করবেন না। বিশ্ববিদ্যালয়ের ক্লাস-গুলির বহির্দেখে “এখানে অতনু দেবতা ও তন্ত্র বাহন ঔপন্যাসিকের প্রবেশ নিষেধ—অনুমত্যানুসারে” এই লেবেল এঁটে পরীক্ষা করে দেখতে পারেন।

লেখক মহাশয় বেশ সহানুভূতির সঙ্গে বাঙ্গালী সমাজে ঔপন্যাসিকের বাধা-বিপত্তির কথা উপলব্ধি করেছেন। সকল রকম মন্দির থেকে প্রেমের নির্বাসন ব্যবস্থা করে কেবল অন্তর মন্দিরে তাকে একটু স্থান দেওয়া হয়েছে। কিন্তু এই অন্তরের বহিঃ প্রকাশের উপায় নির্দেশ করতে তিনি একান্তই নারাজ। সামাজিক ব্যবস্থায় সহজ মেলা-মেশার মধ্যে প্রেম-চর্চার অবসরের অভাব, সম্বল কেবল মাত্র কয়েকটি শিক্ষার্থিনী মেয়ে। এরূপ ক্ষেত্রে উপন্যাস উপজীব্য বিষয়ের অভাবে শীঘ্রই যে লুপ্তপ্রায় অবস্থা প্রাপ্ত হবে, এই সম্ভাবনা তাঁকে তাঁর বিক্রপের মাঝেও যেন একটু নৈরাশ্য-ক্লিষ্ট করেছে বলে মনে হয়। তিনি এর প্রতিকারের কোন পথ দেখান নাই—কেননা ‘যে রাঁধে সে চুল বাঁধে না’, অর্থাৎ যিনি বিক্রপ ও নিন্দা করেই সমুদ্র, গঠনমূলক চিন্তা তাঁর কাছে প্রত্যাশা করা যায় না। তবে আমার মনে হয় তাঁর এতটা নিরাশ হবার কারণ নাই। সমস্ত সমাজ-ব্যবস্থার কড়া বিধি-নিষেধের মধ্যেও প্রেম ক্রমশঃ আপন পথ প্রশস্ততর করছে ও সমাজও তাকে স্থান ছেড়ে দিতে বাধ্য হচ্ছে। স্বাধীন প্রেমের জন্ত সমাজ ও পরিবার তাগ আধুনিক যুগে ত প্রায় সাধারণই হয়েছে, পঁচিশ বৎসর আগেও একবারে বিরল ছিল কি? সুতরাং উপন্যাসের অগ্রগতি বন্ধ হবে না মনে হয়।

আমি এটা তাঁকে দোষ দেবার জন্ত বলছি না—বলছি শুধু এই প্রথার স্বাভাবিকত্ব ও সর্বজনীনতা প্রমাণ করার জন্তে। “অরসিক” মহাশয় সমালোচনাব্যাপদেশে “প্রাচীন অলঙ্কার-শাস্ত্র থেকে পেটার পর্য্যন্ত (আরও আধুনিক নার্মও করা চলত) কাব্য-রসিকদের বাণী মছন করে” নজীর দেখানর প্রথার বিরুদ্ধে একটু জুর দৃষ্টি নিক্ষেপ করেছেন। এই অভিযোগ বোধ হয় আমাকে উপলক্ষ করে সমস্ত সমালোচনা-সাহিত্যের বিরুদ্ধে প্রযুক্ত বলেই মনে হয়, কেননা আমার নিজের ও-অভ্যাসটা বেশী নাই। কিন্তু বড়ই আশ্চর্যের বিষয় তিনি নিজেই একজন খ্যাতনামা ফরাসী সমালোচকের একটা উক্তির দোহাই পেড়েছেন। অর্থাৎ নজীর অন্তে দেখালেই হাত্তাস্পদ হন, কিন্তু তাঁর নিজের বেলা স্বতন্ত্র ব্যবস্থা। যে সরষে দিয়ে ভূত ছাড়ানোর আয়োজন চলছে, তার মধ্যেই ভূত কি করে জানি না আত্ম-গোপন করেছে—স্বয়ং রোজাই ভূতাবিষ্ট হয়েছেন। যাই হোক এই নজীর উদ্ধারের দ্বারা লেখক যে নিজের মোকদ্দমাটা হেরে বসে আছেন এটা বোধহয় তিনি বুঝতে পারেন নি। ফরাসী সমালোচকের উক্তিটা “It is a great book about a little woman”। যতদূর মনে হচ্ছে, Madame Bovary সম্বন্ধে লেখা। তিনি যদি এটা আমাদের অতি-নিম্নিত আধুনিক বাঙ্গালী ঔপন্যাসিকদের সম্বন্ধে প্রয়োগ করেন, তবে তিনি তাদের সাহিত্য-জগতে এমন একটা উচ্চস্থান দিলেন যেটা আমি কল্পনা করতেও পারি নাই। Madame Bovary-র বিষয়টা নীতি-হিসাবে অত্যন্ত নিম্ননীয় ও অরুচিকর; কিন্তু ইহা আর্টের দিক দিয়ে বাস্তবতা-প্রধান উপন্যাসের শীর্ষস্থানীয়। ফরাসী সমালোচকের উক্তিতে এটাও প্রমাণ হয় যে, উপন্যাসের উৎকর্ষ বিষয়ের নৈতিক নির্দোষিতার উপর নির্ভর করে না। এই সত্যটা

স্বীকার করলে আধুনিক উপন্যাসের বিরুদ্ধে তাঁর যে অভিযোগ তার অধিকাংশই ধুলিসাং হয়ে যায় ও বর্তমান প্রতিবাদেরও কোন মূল্য থাকে না। আমি এদের একটু আঁধাটু যা প্রশংসা করেছি, লেখক মহাশয় তা অনেক দূর অতিক্রম করে গেছেন। সত্য সত্যি এ সংসারে শত্রু-মিত্র চেনা মুশ্কিল। “অরসিক” মহাশয় আধুনিক উপন্যাসিকদের যে উপকার করলেন তাতে তিনি চিরদিন তাদের কৃতজ্ঞতাজনন হয়ে থাকবেন। তিনি যদি দয়া করে তাঁর ছদ্মবেশ ত্যাগ করে প্রবন্ধের নীচে নাম সই করে দেন, তবে আমি নিশ্চয় বলতে পারি তরুণ উপন্যাসিকেরা এই অংশটি মহামূল্য রক্ষা-কবচের মত চিরদিন গলায় পরে থাকবে। রবীন্দ্রনাথের সার্টিফিকেটের পরেই এর মূল্য নির্ধারণ হবে।

‘অরসিক’ মহাশয় কেবল বাঙ্গালা সাহিত্যের নয়, সমস্ত বিশ্ব-সাহিত্যের একটা ঘোর মসীময় চিত্র এঁকেছেন। বিশ্ব-সাহিত্যের সর্বত্রই তিনি একটা প্রকাণ্ড জয়াচুরি অভিনয় দেখেছেন। এখানে নিল্জ্জ আত্ম-প্রচার, বিজ্ঞাপনের ঢকা-নিদাদ, মেকীর উপর রং চড়ান ছাড়া নাকি আর কিছুই তিনি লক্ষ্য করতে পারেন নি। হয়ত এই নৈরাশ্রপূর্ণ মতবাদের মধ্যে কিছু সত্য আছে। কিন্তু আসল সত্য নির্ভর করে খুব স্বল্প ও স্থায়ীপারায়ণ পরিমিত-বোধের উপর, আলো-ছায়ার যথাযথ সম্মিলে। সেই আসল সত্য ফুটাবার মত সাধনা বা অন্তর্দৃষ্টিলাভ কতকগুলি শ্রেয়পূর্ণ বক্তোক্তি করার চেয়ে দুঃকর। কাজেই লেখক সেই দুঃগম পথ দিয়ে যাবার চেষ্টা মাত্র করেন নি। এই নিল্জ্জ, অশোভন অভিনয়ের মধ্যে হয়ত প্রকৃত সাহিত্য স্রষ্টি হচ্ছে; এই বিজ্ঞাপনের বাগাড়ম্বরের অন্তরালে কান পেতে শুনলে হয়ত বাগদেবীর বীণার একটু আধটু ক্ষীণ স্বরের শোনা যেতে পারে। লেখকের যদি বিশ্ব-সাহিত্য সম্বন্ধে সত্য সত্যি এই ধারণা তবে তাঁর লেখনী-ধারণের চেয়ে আরও কিছু দুঃসাহসিক ও tragic করা উচিত। আশা করা যেতে পারে যে এটা তাঁর স্থায়ী মত নয়, একটা ক্ষণস্থায়ী বিরক্তির অভিব্যক্তি মাত্র। পাংলা মেহেরালির মত বিশ্বসংসারের সব বুটা ছায় এইরূপ মতবাদ প্রচারের মধ্যে শাস্তি, স্মৃতি বা বিজ্ঞতা কিছুই পরিচয় মিলে না।

প্রবন্ধ দীর্ঘ করে কোন লাভ নাই। এবার আমার বক্তব্যের একটা সংক্ষিপ্ত সার-সঙ্কলন করে শেষ করবো।

(১) আধুনিক উপন্যাস সম্বন্ধে আমার যে মত সেটা নির্জলা স্ততি নয়। আমার উপক্রমণিকার সঙ্গে গত সংখ্যার প্রবন্ধ পড়ে দেখলে ‘অরসিক’ মহাশয় হয়ত কিছু সাধনা পেতে পারেন। তবে তাঁর মত আমার স্নেহে অধিকার নাই বলে বিষয়টা তাঁর আদর্শ-মাফিক মুখরোচক করতে পারি নাই। আধুনিক উপন্যাসে যে গ্লট নাই সেটাও আমি পূর্বেই দেখিয়েছি। কিন্তু এটা কেবল বাঙ্গালা উপন্যাসের একচেটিয়া দোষ নয়, সব দেশের উপন্যাসেই গ্লট বা দক্ষ ঘটনাবিন্যাসকে যথাসম্ভব বর্জন করার চেষ্টা চলেছে। এর উদ্দেশ্য বোধহয় উপন্যাসের মধ্যে জীবনের খণ্ডিত আকস্মিকতাকে প্রতিফলিত করা, জীবনের ছন্দের আরও হুবহু অনুবর্তন। ইংরেজী উপন্যাস-সাহিত্যে Hardy-র পরই এই প্রবণতা খুব প্রবলভাবে দেখা দিয়েছে। Aldous Huxley-র বা H. G. Wells-এর উপন্যাসাবলীর মধ্যেই এর পরিচয় মিলবে। বিশেষ করে Huxley-র Point Counter point উপন্যাসটি বা Galsworthy-র Forsyte Saga-র (A Modern Comedy) শেষাংশ পড়ে দেখতে লেখক মহাশয়কে

অনুরোধ করি—এদের মধ্যে যেন জীবনের বিশৃঙ্খল প্রাচুর্য ছড়ান রয়েছে। এ পরিবর্তন বোধ হয় খারাপের দিকেই নিম্নগামী; কিন্তু সব দেশের উপন্যাসেই যেন একযোগে এই নূতন ধারার প্রবর্তন হয়েছে। আমাদের দেশে হয়ত এর উৎকর্ষের চেয়ে অব-নতিটারই বেশী অনুকরণ হয়েছে। কিন্তু তা হলেও এদের প্রণালীটা যে বিশ্ব-সাহিত্যের আংশিক সমর্থন পেয়েছে সে কথাটা অস্বীকার করলে এদের প্রতি অবিচার করা হবে।

(২) দ্বিতীয়তঃ বিষয়-নির্বাচন সম্বন্ধে বাঙ্গালা উপন্যাসের যে যৌন আকর্ষণ বা নিষিদ্ধ প্রেমের আলোচনার দিকে একটা অতিরিক্ত ঝোঁক আছে সেটাও দুঃখের সঙ্গে স্বীকার করতে হয়। “দুঃখের সঙ্গে” এইজন্তো বলছি যে এ ছাড়াও অন্ত বিষয় আছে, যেগুলি অবশ্য উপেক্ষিত হচ্ছে ও এই আলোচনাও মনস্তত্ত্ব বিশ্লেষণের দিক দিয়া সব সময় গভীর ও ক্রটিহীন হয় না। কিন্তু এ ব্যাপারেও আমাদের তরুণ ঔপন্যাসিকেরা বিশ্ব-সাহিত্যের অঙ্গুলি-সঙ্কেত অনুসরণ করছেন। জগতের রুচির এমন একটা পরিবর্তন এসেছে, যাতে আর পূর্বকার উদার, বিশুদ্ধ, সার্বজনীন বিষয়ের মধ্যে লেখকেরা আর সৌন্দর্য্য খুঁজবার চেষ্টা করছেন না। এখন অপ্রত্যাশিত স্থানে, বিস্ময়কর আবেগনের মধ্যে রস অনুসন্ধানের পালা চলেছে। এই পরিবর্তনের কারণ অনুসন্ধান করবার সময় বর্তমান প্রবন্ধে নাই। আমাদের ভাল লাগুক আর না লাগুক, ঔপন্যাসিকেরা এই কণ্টকময় পথেরই যাত্রী হয়েছেন। এই নিষিদ্ধ, রুচি-বিগর্হিত বিষয় থেকেই তাঁরা শ্রেষ্ঠ সাহিত্য সৃষ্টি করছেন—মহত্বের উপাদান আবিষ্কার করছেন। Flaubert-এর Madame Bovary (যার দৃষ্টান্ত উদ্ধার করে লেখক অজ্ঞাতসারে আধুনিক উপন্যাসকে বাঁচিয়েছেন), Zola-র Drink, Tolstoy-র Anna Karenina, Ibsen, Strindberg প্রভৃতির নাট্যকাব্যলী সবই এই বিরূত রুচির সাক্ষ্য দিচ্ছে। এই নিষিদ্ধ বিষয় বাঙ্গালা সাহিত্যে আমদানী করলেন প্রথম রবীন্দ্রনাথ: তার পর শরৎচন্দ্র একে একটা স্থায়ী গোঁরব দিলেন। রবীন্দ্রনাথের ‘চোখের বালি’, ‘ঘরে বাইরে’, ‘চতুর্দশ’, ‘নষ্ট নীড়’—এ সবগুলিতে যে প্রেমের কথা আলোচিত হয়েছে তা বিষয়হিসাবে আধুনিক ঔপন্যাসিকদের প্রণয়-কাহিনী হতে অধিকতর বিশুদ্ধির দাবী করতে পারে কি? ‘নষ্ট-নীড়ে’ দেবর ভ্রাতৃবধূর মধ্যে প্রণয় সঞ্চার কি শিক্ষায়তনে নিঃসম্পর্কীয় ছাত্র-ছাত্রীর মধ্যে প্রেমোত্তেজের চেয়ে বেশী নিষিদ্ধ বা রুচি-বিগর্হিত নয়? ‘চোখের বালিতে’ রবীন্দ্রনাথ বিষবার অর্টবধ প্রণয়কাজ্জ্বা ও তার নিবৃত্তি দেখিয়েছেন। কবিত্বের যে একটা ঘুম-পাড়ানী শক্তি আছে তার প্রভাবে বিনোদিনীর মত্ত বাসনা আদর্শ লোকে শান্তি পেয়েছে। কিন্তু কেউ যদি বলে যে বাসনাটাই চিরন্তন সত্য ও তাহার নিবৃত্তি একটা কণ্ঠব্যস্তত্ব ব্যতিক্রম মাত্র, তা’হলে তার মুখ বন্ধ করা সহজ হবে না। আমি একথা বলছি না যে রবীন্দ্রনাথের মত শক্তি বা নিপুণতার পরিচয় অতি-আধুনিকেরা দিতে পেরেছেন—আমি শুধু এই কথাই বলছি যে বিষয়ের দিক থেকে বিচার করতে গেলে রবীন্দ্রনাথও নিন্দার হাত এড়ান না। প্রায় অর্দ্ধশতাব্দী পূর্বে এই বিষ-বৃক্ষ আমাদের সাহিত্যাসনে রোপিত হয়েছে—এখন তার শিকড় মাটির মধ্যে বহুদূর পর্যন্ত নেমে গিয়ে দৃঢ় প্রতিষ্ঠিত হয়েছে। ‘অরসিক মহাশয়’ হঠাৎ এতদিনে কুস্তকর্ণের মত জেগে উঠে রাম-বাহিনী ধ্বংস করার কাজে ব্রতী হলেন কেন? রবীন্দ্রনাথের বিরুদ্ধেই তাঁর প্রথম ঢিল ছোঁড়া উচিত ছিল—তবে যদি তাঁর নোবেল-মুকুটোজ্জ্বল মূর্তি দেখে তিনি ভয় পেয়ে অথাত তরুণদের বিরুদ্ধেই

অস্ত্র নিক্ষেপ করেন, সে স্বতন্ত্র কথা। বিপদের মুখে ঝাঁপিয়ে পড়তে তাঁকে কেউ বাধ্য করতে পারে না—যে দিকে বিপদ কম সেই দিকে সৈন্ত-চালনা করাই সেনাপত্য-কৌশলের আধুনিকতম রীতি।

(৩) কাঁটাগাছকে পদ্মফুলের গোরব দেওয়া আমাদের ইচ্ছা ও ক্ষমতা উভয়েরই অতীত। আমাদের প্রশংসার জোরে কোন অনুপযুক্ত ব্যক্তি যে সাহিত্যের উচ্চ সিংহাসনে স্থানলাভ করবেন এ দুশ্চিন্তা তিনি মন থেকে মুছে ফেলতে পারেন। অতিপ্রশংসা ও অতিনিন্দা দুটোই সাহিত্য-সমালোচনার পক্ষে দোষ—তবে দ্বিতীয়টা আরও অমার্জ্জনীয় অপরাধ। Lamb Elizbeth-এর যুগে গোণ নাট্যকারদেরও অতিপ্রশংসা করেছিলেন—পরবর্তী যুগ তাঁর আতিশয্য ছেঁটে ফেলে তাঁর আসল অন্তর্দৃষ্টি ও খাঁটি সহানুভূতিটুকুর মর্যাদা রেখেছে। কিন্তু যারা Wordsworth, Shelley, Keats, Rossetti, Swinburn প্রভৃতি কবির মর্ম্ম বুঝতে না পেরে তাদের প্রতি শ্লেষোক্তি করেছিলেন, পরবর্তী কাল তাঁদের ক্ষমা করেনি। এই সাবধানতা সমস্ত নূতন লেখক সম্বন্ধেও একটু আধটু প্রযোজ্য! আমাদের দুর্ভাগ্যবশতঃ আজকাল সমস্ত জগৎ জুড়েই কাঁটাগাছের আবাদ চলছে এবং সেই কাঁটাবনে ছই একটা কলঙ্কের ফুলও ফুটেছে। হয়ত এই সমস্ত ফুলের মধ্যে যুথিকার গুত্র অম্লান সৌন্দর্য্য স্নিগ্ধ সৌরভ নাই—কিন্তু তা বলে কি এগুলো একেবারে বর্জ্জনীয়? পদ্মের আর একটা প্রতিশব্দ যে পঙ্কজ এটা ভুললে বোধ হয় চলবে না।

শ্রীশ্রীকুমার বন্দ্যোপাধ্যায়